জ্ঞানিনাং পরমবাঞ্ছিতাৎ সাযুজ্যাদপি শ্রৈষ্ঠ্যমাহ যাদবেন্দ্র পুরীপাদানাং পদ্যেন নন্দনন্দনেতি । কৈশোরেতি কৈশোরোপাসকস্য বচনং তস্য যত্তদবস্থাকৃত লীলায়ামপি জ্ঞেয়ম্। তত্র নিমগ্নানামিতি তস্যা অমৃতসমুদ্রতয়া রূপকেণ নিমগ্নানামিত্যস্যাপি বাচকতা বাচ্যা তেন তদাস্বাদকতয়া পরম সুখিতানাং নির্ব্বাণ লবণাম্ভসা নির্ব্বাণং সাযুজ্যমুক্তিঃ সৈব লবণাম্ভঃ লবণ সমুদ্রজলং তেন কিং ন কিঞ্চিৎ প্রয়োজনং তস্যাল্পত্বাৎ বিরসত্বাদাচমনেপি নিষিদ্ধত্বাচ্চেতি ভাবঃ অমৃত সমুদ্রতয়া রূপণংদুষ্পারত্বাৎ দুর্জ্ঞেয়ত্বাচ্চেতি জ্ঞেয়ং ।। ৪২ ।।

শ্রীধরস্বামিনাংপদ্যেন তদেব নির্দ্ধারয়তিত্বদিতি ।পাথোধিঃ সমুদ্রঃ চতুর্ব্বর্গং ধর্ম্মার্থ

প্রতিপাদন করিতেছেন-অহো! কি আশ্চর্য্য আপনারা আর কলির দোষে দিনেদিনে অভিভূত হইবেন না, যদি দিনে দিনে চন্দন ও চন্দ্র অপেক্ষা অধিক সুশীতল শ্রীযশোদানন্দনের যশোগান করেন । কারণ শ্রীকৃষ্ণ কথামৃত বৃষ্টি কলিতাপ বিনষ্ট করেন । ৪১ ।

জ্ঞানিগণের পরমবাঞ্ছিত নির্ব্বাণপদ হইতে শ্রীকৃষ্ণ কথামৃত শ্রেষ্ঠ তাহা শ্রীযাদবেন্দ্র পুরীপাদের পদ্যে প্রমাণিত করিতেছেন - ওহে ! আমরা শ্রীনন্দনন্দনের কৈশোর লীলামৃত স্বরূপ মহাসমুদ্রে ডুবিয়া গিয়াছি সুতরাং নির্ব্বাণ বা মুক্তি রূপ সামান্য লবণপূর্ণ জলে আমাদের প্রয়োজন কি ? ৪২ ।.

কুর্ব্বন্তি কৃতিনঃ কেচিচ্চতুর্বর্গং তৃণোপমম্ ।। ৪৩ ।। অনুষ্টুভ্ ।

কস্যচিৎ

তত্রৈব গঙ্গা যমুনা চ তত্র গোদাবরী তত্র সরস্বতী চ ।
সর্ব্বাণি তীর্থানি বসন্তি তত্র যত্রাচ্যুতোদারকথাপ্রসঙ্গঃ ।। ৪৪ ।। ইন্দ্রবজ্রা

শ্রীশঙ্করস্য

যা ভুক্তিলক্ষ্মীর্ভুবি কামুকানাং যা মুক্তিলক্ষ্মীর্হৃদি যোগভাজাম্ ।
যানন্দলক্ষ্মী রসিকেন্দ্রমৌলেঃ সা কাপি লীলাবতু মাধবস্য ।। ৪৫ ।।

ইন্দ্রবজ্রা

কামমোক্ষরূপং তৃণোপমং তৃণবদনাদরণীয়ম্ ।। ৪৩ ।।

ভগবৎ কথাস্থানে সর্ব্বেষাং তীর্থানাং সমাগমো ভবতি রাজাগমনে তৎ পরিকরাণামাগমনবদিতি । যদ্বা আত্ম পবিত্রার্থং তেষামবস্থানং ভবতীতি কস্যচিৎ পদ্যেন নির্দ্দিশতি তত্রৈবেতি । অচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য উদারা মনোহরা যা কথা তস্যাঃ প্রসঙ্গঃ কীর্ত্তনাদিঃ ।। ৪৪ ।।

তস্যা বিষয়িভেদেন ফলদাতৃত্বং শ্রীশঙ্করস্য পদ্যেন লিখতি যেতি । মাধবস্য সা কাপি ঐশ্বর্য্যময়ী মাধুর্য্যময়ী বা লীলা অবতু রক্ষতু যুষ্মানিতি শেষঃ । যা কামুকানাং বিষয়কামিনাং ভুবি ভুক্তিলক্ষ্মীর্ভোগসম্পত্তিঃ যোগভাজাং যোগিনাং

শ্রীপাদ শ্রীধরস্বামির পদ্যে তাহা দৃঢ় করিতেছেন - হে শ্রীকৃষ্ণ ! আপনার কথামৃত রূপ মহাপারাবারে মহা আনন্দ সহকারে, বিচরণশীল ভক্তি সৌভাগ্যে ভাগ্যবান মানবগণ ধর্ম-অর্থ-কাম-মোক্ষরূপ পুরুষার্থ চতুষ্টয়কে তৃণের সমান অবজ্ঞা করেন । ৪৩ ।

শ্রীকৃষ্ণকথা যে স্থানে কীর্ত্তন হয় তথায় তীর্থ সকল আগমন করেন তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন -যেস্থানে আত্মদানেও ক্ষয়রহিত শ্রীকৃষ্ণের পরম মনোহর কথাপ্রসঙ্গ কীর্ত্তন হয়, সেই স্থানেই গঙ্গা, যমুনা, গোদাবরী সরস্বতী ও অন্যান্য নানা তীর্থ সকল সেই স্থানেই নিবাস করেন । ৪৪ ।

শ্রীকৃষ্ণ কথা অধিকারী ভেদে প্রকাশিত হয়েন তাহা শ্রীশঙ্করের পদ্যে প্রতিপাদন করিতেছেন - শ্রীমাধবের যে ঐশ্বর্য্য বা মাধুর্য্যময়ী লীলাকথা, সেই লীলাকথাই পৃথিবীমধ্যে বিষয়াসক্ত কামিমানবগণের ভোগরূপ সম্পত্তি , যাহা বিষয়রস পরিত্যাগি যোগিগণের হৃদয়ে মুক্তিরূপা লক্ষ্মীরূপে অনুভূত হন,

"অথ কৃষ্ণধ্যানম্"

শারদাকারস্য

ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্ ।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোগোপসঙ্ঘাবৃতং
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে ।। ৪৬ ।।

শার্দূলবিক্রীড়িতম্

হৃদি মুক্তিসম্পত্তিঃ। রসিকেন্দ্রমৌলের্ভক্তিরসশেখরস্যানন্দলক্ষ্মীঃ প্রমোদ সম্পত্তিঃ প্রেমময়ী স্যাৎ তদাধিক্যহেতুতয়া তদভেদোক্তিরায়ুর্ঘৃতমিতিবৎ ।। ৪৫ ।।

অথ যস্য মহিমাদি নির্দ্ধারিতং তস্য কিং রূপমিত্যপেক্ষায়াং ধ্যানং নির্দ্দিশতি অথ ধ্যানমিতি। তত্র শ্রীশারদাকারস্য পদ্যেনাহ ফুল্লেন্দীতি। অহং গোবিন্দং ভজে ইত্যন্বয়ঃ। তং কথম্ভূতং ফুল্লেন্দীবরেত্যাদি তত্র ফুল্লেতি শোভা বৈশিষ্ট্যার্থং ইন্দুশ্চন্দ্র স্তদ্বদাহ্লাদকং বদনং যস্যেতি তম্ । বর্হা ময়ূরপিচ্ছং তন্নির্ম্মিতো যোঽবতংসঃ শিরোভূষণং স প্রিয়ো যস্য তম্ । শ্রীবৎসো দক্ষিণস্তনোপরি দক্ষিণাবর্ত্ত শুক্ল লোমাবলিঃ সোঽঙ্কঃ চিহ্নং যস্য তং উদারো রম্যো যঃ কৌস্তুভোমণিস্তং ধারয়তীতি কৌস্তুভস্য স্বাভাবিক রম্যত্বেঽপ্যুদারত্বমিতি বিশেষণং শ্রীকৃষ্ণস্য ব্রজে পূর্ণতমত্ববৎ তস্যাপি তত্র মাধুর্য্যাধিক্যং জ্ঞেয়ম্ ।পীতাম্বরত্বং শোভা বৈশিষ্ট্যার্থং অতএব সুন্দরম্। পরিকর বৈশিষ্ট্যেন রূপ বৈশিষ্ট্যমাহ গোপীনাং ভাববতীনাং নয়নে এব উৎপলে

এবং যে লীলাকথা ভক্তিরসরসিক ভক্ত শিরোমণিগণের সেবানন্দ লক্ষ্মী স্বরূপা, সেই শ্রীকৃষ্ণের কোন এক অনীর্ব্বচণীয় লীলা তোমাদিগকে রক্ষা করুন । ৪৫ ।

শ্রীকৃষ্ণের ধ্যান

যাঁহার এই প্রকার মহিমা কীর্ত্তন করা হইল তাঁহার রূপাদি কি প্রকার ? এই অপেক্ষায় শ্রীশারদা তিলক নিবন্ধকারেরপদ্যে শ্রীকৃষ্ণের ধ্যান বলিতেছেন-যাঁহার প্রফুল্লিত নীল কমলের সমান অঙ্গকান্তি, শারদ পূর্ণিমার চন্দ্রের ন্যায় মনোরম বদন সুষমা, ময়ূর চন্দ্রিকা নির্ম্মিত ভূষণে অতিশয় প্রীতি, বক্ষ স্থলে দক্ষিণাবর্ত্ত শ্বেত রোমাবলী রূপ শ্রীবৎস চিহ্ন যুক্ত, পরম মনোহর কৌস্তুভমণি শোভিত বক্ষস্থল, পীতাম্বরপরিধানে অতিশয় সুন্দর, ব্রজগোপী বৃন্দের মনোরম নয়ন কমল দ্বারা পূজিত তনু , গো এবং গোপগণ কর্ত্তৃক পরিবেষ্টিত, সুমধুর মুরলীর কল বাদনে

কস্যচিৎ

অংসালম্বিতবামকুণ্ডলধরং মন্দোন্নতভ্রূলতং
কিঞ্চিৎকুঞ্চিতকোমলাধরপুটং সাচিপ্রসারেক্ষণম্ ।

জলজপুষ্পে তাভ্যামর্চ্চিতা পূজিতা তনুর্যস্য তং তয়োরুৎপলতয়া রূপকেণ স্নিগ্ধত্বং কোমলত্বঞ্চ ব্যঞ্জিতং এতৈনৈতৎ জ্ঞাপিতং দত্তবস্তুনি সত্বাভাবাদন্যত্র দানাসামর্থ্যং কেবলং তৎপ্রীত্যর্থং নির্ম্মাল্যধারণবৎ ধারণমেব । ননু তয়োশ্চঞ্চল স্বভাবাৎ ধারণে পুনঃ পূর্ব্বোক্ত পূজনং স্যাদেব তত্তু বিরুদ্ধং দত্ত বস্তুনা পূজানিষেধাৎ সত্যং রত্নাদি নির্ম্মিতপুষ্পৈঃ পুনঃ পূজা বিধানমস্তি তদিব ন দোষাবহমিতি জ্ঞেয়ম্। পুনঃ কথম্ভূতং গবাং গোপানাঞ্চ সংঘৈঃ সমূহৈ র্বৃতমাবৃতং বেষ্টিতমিতি যাবৎ । এতত্ত্বসাধারণমাবরণং পুনঃ কথম্ভূতং কলং মধুরাস্ফুটং যদ্বেণুবাদনং তেন পরমুৎকৃষ্টং অস্ফুটত্বন্ত ইদং কিমমৃতধারা প্রবাহ উত কিন্নরী গীতমিত্যাদিনা দুর্লক্ষ্যম্ । পুনঃ কথম্ভূতং দিব্যানি মনোজ্ঞা অঙ্গভূষা যস্য তং তাদৃগঙ্গেষু চিন্ময়ত্বেন শোভা কারিত্বাৎ দিব্যত্বমিতি জ্ঞেয়ম্ ।। ৪৬ ।।

উপাসকানাং ভাবভেদেন ধ্যানভেদং কস্যচিৎ পদ্যেন লিখতি অংসেতি । জগন্মোহনং শ্রীকৃষ্ণং ধ্যায়েদিত্যন্বয়ঃ । তং কথম্ভূতং অংসালম্বিতেত্যাদি। অংসে স্কন্ধে আলম্বিতং যদ্বামকুণ্ডলং মনোহরকুণ্ডলালঙ্কারঃ তং ধরতীতি । বামঃ সুন্দরে কৃষ্ণবর্ণকেইতিশব্দরত্নাকরঃ । মন্দোন্নতে ঈষদুন্নতে ভ্রূরূপে লতেযস্য তং ভ্রুবোর্লতাত্বেন রূপণং গোপীনাং ভাবদৃষ্টি বায়ুস্পর্শেন নর্ত্তনব্যঞ্জনার্থং যদ্বা তাসাং চঞ্চল চিত্তস্য বন্ধনার্থমিতি চিত্তস্য চাঞ্চল্যে হেতুরয়ং কিং সর্ব্বত্যাগ পূর্ব্বকং শ্রীকৃষ্ণসেবা কর্ত্তব্যা কিম্বা লৌকিকধর্ম্মলজ্জাদি রক্ষাকর্ত্তব্যেতি । কিঞ্চিৎ কুঞ্চিতে মুদ্রিতে কোমলাধরপুটে যস্য তং তত্ত্বন্ত বেণুবাদনার্থমিতি জ্ঞেয়ম্। সাচি বক্রে প্রসারৌ বিস্তৃতে ঈক্ষণে যস্য তং সাচি চাব্যয়ং বক্রে ইতি শব্দরত্নাকরঃ, তত্ত্বন্ত বামদিগস্থ

পরমাসক্ত, সেই দিব্য অঙ্গ বিবিধ ভূষণ বিভূষিত শ্রীগোবিন্দদেবকে আমি ভজনা (ধ্যান) করি । ৪৬।

শ্রীগোবিন্দদেবের ধ্যান বর্ণন করতঃ কোন অজ্ঞাত নামা কবির বাক্যে ত্রিলোক মোহন শ্রীকৃষ্ণের ধ্যান বলিতেছেন- যিনি স্কন্ধদেশ পর্য্যন্ত বিলম্বিত মনোহর মকর-কুণ্ডল ধারণ করিয়াছেন, অথবা মুরলী ধ্বনি করিবার সময় বাম কর্ণের কুণ্ডল বাম স্কন্ধ স্পর্শ করিতেছে, ঈষৎ সমুন্নত বক্র ভ্রূ-লতা শোভিত, বেণ

আলোলাঙ্গুলিপল্লবৈর্মুরলিকামাপূরয়ন্তং মুদা
মূলে কল্পতরোস্ত্রিভঙ্গললিতং ধ্যায়েজ্জগন্মোহনম্ ।। ৪৭ ।।

শার্দুলবিক্রীড়িতম্

শ্রীনারদস্য

ব্যত্যস্তপাদকমলং ললিতত্রিভঙ্গী
সৌভাগ্যমংসবিরলীকৃতকেশপাশম্ ।

প্রেয়সীনাং দর্শনার্থমিতি ধ্যেয়ম্ । আলোলা ঈষচ্চঞ্চলা যে অঙ্গুলি পল্লবাস্তৈর্মুদা হর্ষেণ মুরলিকাং বেণুমাপূরয়ন্তং বাদয়ন্তং অঙ্গুলীনাং চালনং বিনা বেণুবাদনাসিদ্ধে স্তেষাং করণত্বং তেষাং পল্লবত্বেন রূপণং শোভার্থং রক্তিমত্বজ্ঞাপনার্থঞ্চ তস্মাদয়মর্থঃ । মুখং শ্যামবর্ণং মুরলিকা স্বর্ণপত্র বেষ্টিতা অঙ্গুলয়ো রক্তবর্ণাস্তেষাং পরস্পর সংসর্গাৎ শোভা বৈশিষ্ট্যং ব্যজ্যতে যথা নীলাব্জং স্বর্ণকর্ণিকা রক্তকেশরৈশ্চ শোভতে তদ্বৎ। বিশেষণানাং তত্তদ্রূপত্বে কারণমাহ কল্পতরোর্মূলে মূলদেশে ত্রিভঙ্গ বপুষং ত্রয়ো ভঙ্গা গ্রীবা কটিচরণেষু যত্র তাদৃশং বপুঃ শরীরং যস্য তম্ । তাদৃশত্বন্তু সর্ব্বেষাং মনোহরণার্থমিতি জ্ঞেয়ম্ ।। ৪৭ ।।

পুনস্তদেব শ্রীনারদস্য পদ্যেন লিখতি ব্যত্যস্তেতি । কৃপাবিশেষং তাৎপর্য্যাৎ শ্রীকৃষ্ণং উপৈমি শরণং গচ্ছামীত্যন্বয়ঃ । কথম্ভূতং ব্যত্যস্তে ব্যতিক্রমেণ ন্যস্তে পাদকমলে যস্য তং অতএব ললিতেতি ত্রয়াণাং গ্রীবাকটিচরণগতানাং ভঙ্গানাং সমাহার স্ত্রিভঙ্গী ললিতা রম্যা চাসৌ ত্রিভঙ্গীচেতি তয়া সৌভাগ্যং সুভগত্বং যস্য তম্। অংসে অর্থাৎ বামস্কন্ধেবিরলীকৃতো মুক্তবন্ধন তয়া লোলিতঃ কেশানাংপাশঃ সমূহো যস্য তম্ । পিঞ্ছা ময়ূরপুচ্ছং তেন কৃতঃ অবতংসঃ শিরোভূষণং যস্য তম্ ।

বাদন নিমিত্ত সুকোমল অধর পুট সামান্য কুঞ্চিত, বক্র ও বিস্তীর্ণ লোচন, অতি চঞ্চল অঙ্গলি পল্লব দ্বারা আকর্ষণ করতঃ মুখমারুতেপূর্ণ করিতেছেন, যিনি আনন্দ সহকারে কল্পতরুমূলে ললিতত্রিভঙ্গ হইয়া শ্রীরাধাদি ব্রজগোপীর মন মোহিত করিতেছেন, সেই জগৎ মোহন শ্রীমদনমোহন দেবকে ধ্যান করি । ৪৭ ।

পুনঃ শ্রীদেবর্ষিপাদ নারদজীর আরাধ্যদেবের ধ্যান লিখিতেছেন- যাঁহার শ্রীচরণ কমল বিপর্য্যয় ক্রমে অর্থাৎ বাম চরণের উপরে দক্ষিণ চরণ বিন্যস্ত আছে, সুতরাং যিনি মনোরম ললিত-ত্রিভঙ্গী, অর্থাৎ গ্রীবা-কটি-চরণ এই অঙ্গত্রয় বক্রতা যুক্ত,স্কন্ধদেশে কেশ সমূহ বন্ধন মুক্ত ভাবে শোভিত, মস্তকে ময়ূরপুচ্ছের শিরোভূষণ

পিঞ্ছাবতংসমুররীকৃতবংশনাল-

মব্যাজমোহনমুপৈমি কৃপাবিশেষম্ ।। ৪৮ ।। বসন্ততিলকম্

পুরুষোত্তমদেবস্য

অধরে বিনিহিতবংশং চম্পককুসুমেন কল্পিতোত্তংসম্ ।

বিনতং দধানমংসং বামং নমামি সততং জিতকংসম্ ।। ৪৯ ।। আর্য্যাগীতি।

অথ ভক্তবাৎসল্যম্

দাক্ষিণাত্যস্য

অতন্দ্রিতচমূপতিপ্রহিতহস্তমস্বীকৃত-

প্রণীতমণিপাদুকং কিমিতি বিস্মৃতান্তঃপুরম্ ।

উররীকৃতঃ স্বীকৃতো বংশস্য নালোদণ্ডোঽর্থাদ্বেণুর্যেন তম্ । অতএব অব্যাজমোহনং ছলরাহিত্যেন জগতাং মোহকং মুগ্ধতাজনকং তৎ সাধকং বিশেষণমাহ কৃপাবিশেষমিতি কৃপায়াঃ করুণায়া বিশেষো ভেদঃ কৃপাময়মূর্ত্তিমিত্যর্থঃ । যদ্বা কৃপায়া অবিশেষো নাশাভাবো যস্মাৎ কৃপাসাগরমিত্যর্থঃ । বিশেষস্তিলকে ভিদি নাশে চেতি শব্দরত্নাকরঃ ।। ৪৮ ।।

তামেব পুনঃ শ্রীপুরুষোত্তমবেস্য পদ্যেন লিখতি অধর ইতি । জিতকংসং শ্রীকৃষ্ণং সততং নমামীত্যন্বয়ঃ । কথম্ভূতং অধরে ওষ্ঠেবিনিহিতঃ বিশেষেণ নিহিতো যথা যোগ্যতয়া ধৃতো বংশো বেণুর্যেন তম্ । চম্পক পুষ্পেণ কল্পিত উত্তংসঃ শিরোভূষণং যস্য তম্। অংসং স্কন্ধং বিনতং বিশেষেণ নতং বক্রীকৃতং দধানং এতেন ত্রিভঙ্গতা ব্যজ্যত ইতি জ্ঞেয়ম্ ।। ৪৯ ।।

অথ ভক্তানাং ধ্যেয়ত্বে তদ্বাৎসল্যমেব হেতুরিতি ভক্তবাৎসল্যং লিখতি অত্রচদাক্ষিণাত্যস্য পদ্যেন নির্দ্দিশতি অতন্দ্রিতের্তি । করিপ্রবর বৃংহিতেসতি ভগবত স্ত্বরায়ৈ নম ইত্যন্বয়ঃ । করিপ্রবরো গজেন্দ্রস্তেন বৃংহিতেশব্দে বৃংহিতং করিগর্জিতে

যিনি বংশনাল অর্থাৎ মুরলীকেঅঙ্গীকার করিয়াছেন, আমি সেই অকপটকৃপাবিশেষ কারী গোপীমোহনমূর্ত্তি শ্রীগোপীনাথদেবকে ভজনা করি । ৪৮ ।

শ্রীপুরুষোত্তমদেব শ্রীকৃষ্ণকে যে ভাবে ধ্যান করেন তাহা লিখিতেছেন- যাঁহার অধরে বংশী সমর্পিত , সুবর্ণচম্পক কুসুম দ্বারা বিরচিত শিরোভূষণ এবং মুরলী বাদন হেতু বাম স্কন্ধ বক্র ভাব ধারণ করিয়াছে আমি সেই কংসবিজয়ী শ্রীকৃষ্ণকে সর্ব্বদাই নমস্কার করি । ৪৯ ।

অবাহনপরিষ্ক্রিয়ং পতগরাজমারোহতঃ
করিপ্রবরবৃংহিতে ভগবতস্ত্বরায়ৈ নমঃ ।। ৫০ ।। পৃথ্বী ।

"দ্রৌপদীত্রাণে তদ্বাক্যম্"

শ্রীমদ্ব্যাসপাদানাম্

তমসি রবিরিবোদ্যন্মজ্জতামপ্লবানাং
প্লব ইব তৃষিতানাং স্বাদুবর্ষীব মেঘঃ ।

ইতি কোষাৎ । অত্র তাৎপর্য্যাৎ স্তবে কৃতে সতীত্যর্থঃ, ভগবতঃ কথম্ভূতস্য পতগরাজমারোহতঃ পতগরাজং গরুড়ং তং কথম্ভূতং নবিদ্যতে বাহনস্য পরিষ্ক্রিয়া আসন ভূষণাদির্যত্র তং বাহনযোগ্যাসনাদিরহিতমিত্যর্থঃ । ত্বরা কথম্ভূতা অত্রাহ অতন্দ্রিতো নিদ্রালস্যাদিরহিতো যশ্চমূপতিঃ সেনাপতিস্তমুদ্দিশ্য প্রহিত আকর্ষণার্থং নিক্ষিপ্তো হস্তোযত্র তদ্‌যথাস্যাৎ শীঘ্রমাগচ্ছাগচ্ছেতি বোধনার্থ ইত্যর্থঃ । অস্বীকৃতে নাঙ্গীকৃতে ভৃত্যেন প্রণীতে সমীপং প্রাপিতে অপি মণিপাদুকে যত্র তদযথাস্যাৎ কিমিতি হঠাৎ কো মাং কাতরেণাকারয়তি তত্রৈব শীঘ্রং গচ্ছামীতি তত্রৈব মনোভিনিবেশাৎ বিস্মৃতং অন্তঃপুরং যত্র তদ্‌যথাস্যাৎ এবং বিশেষেণ ত্রয়েতিব্যগ্রতা সূচিতা ।। ৫০ ।।

মহাকাতরেণ তদা শ্রীকৃষ্ণমাজুহাব তদৈবাগতং শ্রীকৃষ্ণমালোক্য প্রেম গদ্‌গদ কণ্ঠেন যদাহ তৎ শ্রীব্যাসপাদানাং পদ্যেন নির্দ্দিশতি তমসীতি । অত্রোদ্যন্নিতি পদং দীপিকালঙ্কারেণ সর্ব্বত্র দৃষ্টান্তেষু সম্বধ্যন্তে তদায়মর্থঃ । শৌরিঃ শ্রীকৃষ্ণো নোঽস্মাকং

শ্রীকৃষ্ণের ভক্ত বাৎসল্য

ভক্তগণ শ্রীভগবানকে যে ধ্যান করেন, শ্রীভগবানের ভক্ত বাৎসল্যই তাহার একমাত্র কারণ, তাহা দক্ষিণদেশনিবাসী কোন ভক্তের পদ্যে নির্দেশ করিতেছেন- ত্রিকূটপর্ব্বতের পাদদেশস্থ সরোবরে মহাগ্রাহ কর্ত্তৃক গজরাজ আক্রান্ত হইয়া জীবন রক্ষার জন্য শ্রীভগবানকে স্তব করেন, তাহা শ্রবণ করার পর শ্রীভগবান আলস্যরহিত সেনাপতি কর্ত্তৃকপ্রসারিত কর এবং মণিময় পাদুকা প্রদান করিলেও তাহা স্বীকার না করিয়া হঠাৎ কে আমাকে কাতর স্বরে আহ্বান করিতেছে, আমি সত্বর তথায় গমন করিব" এই বলিয়া অন্তঃপুর বিস্মৃত হইয়া, গরুড়পৃষ্ঠেআসন না থাকিলেও তাহার পৃষ্ঠে আরোহনের জন্য শ্রীভগবানের যে ত্বরা (শীঘ্রতা) সেই ত্বরাকে আমি নমস্কার করি । ৫০ ।

নিধিরিব নিধনানাং তীব্রদুঃখাময়ানাং
ভিষগিব কুশলং নো দাতুমায়াতি শৌরিঃ ।। ৫১ ।। মালিনী।

"অথ তদ্ভক্তানাং মাহাত্ম্যম্"

শ্রীবৈষ্ণবস্য

প্রহ্লাদ নারদ পরাশর পুণ্ডরীক

দ্বৈতবনে দুর্ব্বাসসঃ শাপভয়েন মূর্চ্ছিতেষু পাণ্ডবেষু সৎসু অতিভীতা দ্রৌপদী কুশলং ভাবি ব্রহ্মশাপ ত্রাণরূপং মঙ্গলং দাতুমায়াতি আগচ্ছতি কইব তমসি অন্ধকারে মগ্নানাং জনানাং সম্বন্ধে উদ্যন্ উদয়ং প্রাপুবন্ রবির্যথা জীবনোপায়াদিরূপং কুশলং দদাতি, অপ্লবানামর্থাৎ ঘোরস্রোতসি মগ্নানাং প্লবরহিতানাং উদ্যন্ প্লবস্তরণরূপ মঙ্গলমিব । তৃষিতানাং তৃষ্ণাযুক্তানাং উদ্যন্ স্বাদুমিষ্ট জলবর্ষী মেঘস্তৃষ্ণাক্ষয় পূর্ব্বক তৃপ্তিরূপং মঙ্গলমিব । নিধনানাং দরিদ্রাণাং উদ্যন্ নিধিস্তদ্দুঃখনাশনপূর্ব্বক মহাসুখরূপমিব । তীব্রদুঃখাময়ানাং তীব্রং ঘোরং দুঃখং যস্মাদেবম্ভূতআময়ো যেষাং তেষামুদ্যন্ ভিষক্‌উত্তম বৈদ্য ইব ইতি । যথা তত্তৎ কর্ম্মসু তং তং বিনা তেষাং তেষাং ন সিদ্ধিস্তথা ত্বং বিনা এষামস্মাকং ঘোর বিপৎত্রাণস্য ন সিদ্ধিরিতি তস্যা অভিপ্রায়ং বিভাব্যবাৎসল্যেন শ্রীকৃষ্ণস্যাগমনমিতি দ্রৌপদ্যা তে তে দৃষ্টান্তিতা ইতি জ্ঞেয়ম্ । ৫১ ।

ননু সর্ব্বদেবতা পরিত্যাগেন সাধবঃ শ্রীকৃষ্ণমেব ভজন্তে স তান্ ভজতি ন বেত্যপেক্ষায়াং তস্যাপি তেষাং ভজনং বোধয়িতুং প্রকরণমারভতে । অথ ভক্তানাং

দ্রৌপদীর পরিত্রাণে তদ্বাক্য

দ্বৈতবনে পাণ্ডবগণ দুর্ব্বাসার শাপ ভয়ে মূর্চ্ছাপ্রাপ্ত হইলে অতিশয় ভীতা মহারাণী দ্রৌপদী মহাকাতরে দ্বারকাপতি শ্রীকৃষ্ণকে আবাহন করেন, তৎ ক্ষণাৎ শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া শ্রীদ্রৌপদী বলিলেন, এই শ্রীদ্রৌপদীর বাক্য শ্রীপাদ ব্যাসদেবের পদ্যে লিখিতেছেন- ভয়ঙ্কর অন্ধকার গ্রস্থ মানবের পক্ষে প্রকাশ শীল সূর্য্যের সমান, মহাসাগরে জলমগ্ন নৌকাবিহীন মানবগণের প্রাণ রক্ষক নৌকার তুল্য, নিদাঘ প্রতপ্ত তৃষিত ব্যক্তি গণের নিমিত্ত সুস্বাদু জলবর্ষী মেঘ সদৃশ, ধনহীন মানবগনের নিধি স্বরূপ, এবং তীব্রদুঃখপূর্ণ রোগ সকলের সদ্ বৈদ্য সদৃশ দ্বারকাপতি শ্রীকৃষ্ণচন্দ্র আমাদের পরমকুশল প্রদান করিবার নিমিত্ত আগমন করিতেছেন। ৫১।

শ্রীকৃষ্ণ ভক্তগণের মাহাত্ম্য

যাঁহারা সকল দেবতা পরিত্যাগ করতঃ শ্রীকৃষ্ণেরই ভজনা করেন, এবং

ব্যাসাম্বরীষ শুক শৌনক ভীষ্ম দাল্‌ভ্যান্ ।
রুক্মাঙ্গদোদ্ধব বিভীষণ ফাল্গুনাদীন্
পুণ্যানিমান্ পরমভাগবতান্ নমামি ।। ৫২ ।। বসন্ততিলকম্।

কস্যচিৎ

শ্রীবিষ্ণোঃ শ্রবণে পরীক্ষিদভবদ্বৈয়াসকিঃ কীর্ত্তনে
প্রহ্লাদঃ স্মরণে তদঙ্ঘ্রিভজনে লক্ষ্মীঃ পৃথুঃ পূজনে ।
অক্রূরস্ত্বভিবন্দনে কপিপতির্দাস্যেঽথ সখ্যেঽর্জ্জুনঃ
সর্ব্বস্বাত্মনিবেদনে বলিরভূৎ কৃষ্ণাপ্তিরেষাং পরম্ ।।৫৩ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

মাহাত্ম্যমিতি । ভক্তঃ খলু দ্বিধা ভবতি। ভজতে ভক্ত ইতি ব্যুৎপত্ত্যা সামান্যভজনবানেকঃ, নবলক্ষণয়া ভক্ত্যা বিশিষ্টোঽপরঃ উভাবত্র জ্ঞেয়ৌ । তত্র সামান্যানাং মাহাত্ম্যং শ্রীবৈষ্ণবস্য পদ্যেনাহ প্রহ্লাদেতি । তে তত্তন্নাম্না পুরাণেষু প্রসিদ্ধাঃ পুণ্যান্ অতিশয়োক্ত্যা পুণ্যস্বরূপান্ তেষাং প্রণত্যা পুণ্যমুৎপদ্যত ইতি ভাবঃ । নন্বত্র পদ্যে তেষাং প্রণামমাত্রমভিহিতং কথং প্রতিজ্ঞাতং মাহাত্ম্যমিতি সত্যং তেষাং, মহত্ত্বেনৈব প্রণামোঽভিহিতঃ নতু তত্র কারণান্তরমস্তি অতঃ সুতরাং মহত্ত্বং ফলিতমিতি জ্ঞেয়ম্ ।। ৫২।।

নব লক্ষণ ভক্তিবিশিষ্টানাং মাহাত্ম্যং কস্যচিৎ পদ্যেন লিখতি শ্রীবিষ্ণোরিতি। বৈয়াসকিঃ শুকঃ লক্ষ্মীরিতি জগল্লক্ষ্মীরিতি জ্ঞেয়া । বিশিষ্টাদ্বৈতবাদিনঃ শ্রীবৈষ্ণবাস্তু লক্ষ্মীপ্রভৃতীনাং নিত্যানামপি জীবত্বমাহুস্তন্মতেন বা লক্ষ্মীর্নির্দ্দিষ্টা । কপিপতিঃ কপিপ্রধানো হনুমান্ তস্যৈব দাস্যভক্তৌ মুখ্যত্বাৎ ভবান্ প্রভুরহং দাস ইতি তদ্বচনাচ্চ। এষাং পূর্ব্বোক্তানাং নবানাং পরমুৎকৃষ্টং যথাস্যাত্তথা কৃষ্ণাপ্তিঃ কৃষ্ণস্য প্রাপ্তিরভূদিতি শেষঃ তয়ৈব মহত্ত্বমিতি ধ্যেয়ম্ ।। ৫৩ ।।

শ্রীকৃষ্ণও তাঁহাদিগকে ভজনা করেন তাহা শ্রীবৈষ্ণবের পদ্যে লিখিতেছেন-প্রহ্লাদ, নারদ, মহর্ষিপরাশর, মহাত্মা পুণ্ডরীক, ভগবান ব্যাসদেব, মহারাজ অম্বরীষ, শুকদেব, মহর্ষি শৌনক, পিতামহভীষ্ম, দাল্‌ভ্য, মহারাজারুক্মাঙ্গদ, উদ্ধব, লঙ্কাপতি বিভীষণ, মহাবীর অর্জ্জুন এই সকল মহাপবিত্র পরম ভাগবত (শ্রীকৃষ্ণভক্ত) বৃন্দকে নমস্কার করি । ৫২ ।

নববিধা ভক্তির মধ্যে এক একটি ভক্তির আচরণেই শ্রীকৃষ্ণ প্রাপ্তি হয়, তাহা কোন অজ্ঞাত নামা কবির বাক্যে লিখিতেছেন-শ্রীবিষ্ণুর চরিত্র শ্রবণে পরম ভাগবত শ্রীপরিক্ষীৎ, লীলাকথা কীর্ত্তনে বৈয়াসকি শ্রীশুকদেব, ভক্তরাজশ্রীপ্রহ্লাদ

ঔৎকলস্য

তেভ্যো নমোঽস্তু ভববারিধিজীর্ণপঙ্ক-
সংমগ্নমোক্ষণবিচক্ষণপাদুকেভ্যঃ ।
কৃষ্ণেতিবর্ণযুগলশ্রবণেন যেষা-
মানন্দথুর্ভবতি নৃত্যতিরোমবৃন্দঃ ।। ৫৪ ।। বসন্ততিলকম্ ।

সর্ব্বানন্দস্য

হরিস্মৃত্যাহ্লাদস্তিমিতমনসো যস্য কৃতিনঃ

আধুনিকানামপি নাম শ্রবণমাত্রেণ সাত্বিকবিকারদর্শনাত্তেষাং তত্ত্বং ঔৎকলস্য পদ্যেন লিখতি তেভ্য ইতি। তেভ্যো ভক্তেভ্যো মে নমোঽস্তু কথম্ভূতেভ্যঃ ভব এব বারিধিস্তস্য যজ্জীর্ণং বৃদ্ধঃ পঙ্কং অবিদ্যাকার্য্যজাতং তস্মিন্ সম্মগ্নানাংজনানাং মোক্ষণে উদ্ধারণে বিচক্ষণা নিপুণাঃ পাদুকা যেষাং তে ইতি ফলিতার্থঃ, পাদুকা স্বনাম খ্যাতা পঙ্কস্য জীর্ণত্ব বিশেষণং নিমগ্নতায়া দার্ঢ্যায়েতি জ্ঞেয়ম্। যেষাং কৃষ্ণেতি বর্ণদ্বয় শ্রবণেন আনন্দথুরানন্দোভবতি রোমবৃন্দং রোমাণাং সমূহো নৃত্যতিচ ।। ৫৪ ।।

কেচিত্তু ধৌরেয় কশ্চিৎ কৈবল্য পরো মুমুক্ষু র্ভক্তানাং তাদৃগ্ভাবং দৃষ্ট্বা ভক্তিহীনমাত্মানং বহন্তীং ধরিত্রীং প্রতি সখেদমাহ তদর্থমেব সর্ব্বানন্দস্য পদ্যেন

স্মরণকরিয়া, শ্রীচরণ সেবনে শ্রীলক্ষ্মীদেবী, পূজনের দ্বারা আদিরাজ পৃথুমহারাজ, অভিবন্দনে শ্রীঅক্রূরজী, দাস্যভক্তি যোগে কপিপতি শ্রীহনুমান, সখ্যভাবে পাণ্ডু নন্দন অর্জ্জুন, আত্মাসহিত সর্ব্বস্ব নিবেদনে দৈত্যরাজ বলি প্রভৃতির সর্ব্বশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণচরণ প্রাপ্তি হইয়াছে, সুতরাং একপ্রকার ভক্তি যাজনেও শ্রীকৃষ্ণচরণ সেবা লাভ হয় । ৫৩।

ইদানীন্তন ভক্তগণেরও শ্রীকৃষ্ণনাম শ্রবণ মাত্রই সাত্তিক বিকার উৎপন্ন হয়, তাঁহাদের মহিমা উৎকলদেশীয় কোন কবির পদ্যে লিখিতেছেন- সংসার সাগরমধ্যে যে অতিশয় পুরাতন দুর্গন্ধযুক্ত অবিদ্যার কার্য্যাদি যে পঙ্ক আছে, সেই পঙ্কে নিমজ্জিত মানবগণের উদ্ধার বিষয়ে সাতিশয় বিচক্ষণ, এবং যাঁহাদের শ্রবণে " কৃষ্ণ " এই বর্ণ যুগল প্রবেশ মাত্রই আনন্দ উদ্ভব ও রোমাঞ্চ অর্থাৎ রোমাবলী নৃত্য করে সেই শ্রীকৃষ্ণভক্ত সকলকে নমস্কার করি । ৫৪ ।

সরোমাঃ কায়ো নয়নমপি সানন্দসলিলম্ ।
তমেবাচন্দ্রার্কং বহ পুরুষধৌরেয়মবনে
কিমন্যৈস্তৈর্ভারৈর্যমসদনগত্যাগতিপরৈঃ ? ।। ৫৫ ।। শিখরিণী।

লিখতি হরি স্মৃতেতি । হে অবনে ! পৌরুষধৌরেয়ং তমেব জনং আচন্দ্রার্কং বহ অন্যৈর্যমসদন গত্যা গতিপরৈর্ভারৈঃ কিমিত্যন্বয়ঃ । আচন্দ্রার্কং চন্দ্রার্কসীমং কল্পান্তমিত্যর্থঃ । ধৌরেয়ো ভারবাহঃ ধুর্ব্বহে ধূর্য্য ধৌরেয় ধুরীণাঃ স ধুরন্ধর ইত্যমরাৎ পুরুষস্য শ্রীকৃষ্ণস্য ধৌরেয়ং আজ্ঞারূপভারবাহকং ভক্তমিত্যর্থঃ । যদ্বা অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহমিতি শ্রীভগবদ্‌গীতাস্মরণাৎ পুরুষঃ শ্রীকৃষ্ণো ধৌরেয়ো যস্য তমিত্যনেনাস্য মহত্ত্বাতিশয়ো ব্যজ্যতে। শব্দস্য শ্রেষ্ঠার্থতামাহুঃ তন্মতে ঢৈয়ণ নদ্যাদেরিতি ভাবার্থে প্রত্যয়ো জ্ঞাতব্যঃ । ধূঃ স্ত্রী স্যাস্তার চিন্তয়োঃ । অগ্রে রথাদ্যগ্রভাগে ইতি শব্দরত্নাকরাৎ অগ্রবাচিত্বমপ্যস্তি অতোঽগ্র্যং শ্রেষ্ঠমিত্যর্থঃ । বহ ইতি বহেঃ প্রাপণার্থত্বেঽপি ধারণার্থে প্রয়োগ প্রাচুর্য্যাদত্র ধারণার্থতা বাচ্যা ধারয়েত্যর্থঃ । ভারৈরিতি অতিশয়োক্ত্যা ভারভূতৈরিত্যর্থঃ । তং কথম্ভূতং হরিস্মরণেন য আহ্লাদ আনন্দস্তেনস্তিমিতআর্দ্রং মনো যস্য তস্য কৃতিনঃ পুণ্যবতঃ । কৃতী বুধে যোগ্যাভিজ্ঞ পুণ্যবৎস্বিতি শব্দরত্নাকরাৎ, কায়ঃ শরীরো রোমাঞ্চৈর্যুক্তো ভবতি । নয়নং নেত্রমপিকারাৎ বদনমপি আনন্দসলিলেনানন্দজাতাশ্রুণা সহিতং ভবতীত্যর্থঃ যস্যেত্যেক বচনং তাদৃশস্য বৈরল্যবোধনার্থম্ ।। ৫৫ ।।

কোন ব্রহ্মনিষ্ঠ মুমুক্ষু মানব শ্রীকৃষ্ণভক্তের আনন্দ দর্শন করতঃ নিজেকে ভক্তিহীন পৃথিবীর ভারস্বরূপ ভাবিয়া পৃথিবীকে বলিতেছেন- হে পৃথিবীদেবি ! শ্রীহরি স্মরণ জনিত আনন্দ মহাসাগরে যে মহাত্মার মন নিমজ্জিত আছে, শরীর রোমাঞ্চ ভূষিত, আনন্দ সলিল পরিপূর্ণ লোচন, এই রূপ মানব শ্রেষ্ঠ পরমভাগবতকে যাবৎ কাল পর্য্যন্ত সূর্য্য ও চন্দ্র অবস্থান করিবেন তাবৎ কাল পর্য্যন্ত আপনি বহন করুন, অপর শ্রীকৃষ্ণচরণ বিমুখ নিত্য যমসদনে গমনাগমন পরায়ণ ব্যক্তিগণকে বহন করিবার প্রয়োজন কি ? ৫৫ ।

সর্ব্বজ্ঞস্য

ত্বদ্ভক্তঃ সরিতাঃ পতিং চুলুকবৎ খদ্যোতবদ্ভাস্করং
মেরুং পশ্যতি লোষ্টবৎ কিমপরং ভুমেঃ পতিং ভৃত্যবৎ ।
চিন্তারত্নচয়ং শিলাশকলবৎ কল্পদ্রুমং কাষ্ঠবৎ
সংসারং তৃণরাশিবৎ কিমপরং দেহং নিজং ভারবৎ ।। ৫৬ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

শ্রীমাধবসরস্বতীপাদানাম্

মীমাংসারজসা মলীমসদৃশাং তাবন্নধীরীশ্বরে

প্রৌঢ়িবাদেন তমেব সর্ব্বজ্ঞস্য পদ্যেন নির্দিশতি তদ্ভক্ত ইতি । আদ্যং কিমপরমিত্যস্য সর্ব্বত্রাম্বয়ঃ । সরিতাং পতিং সমুদ্রমন্যেষাং দুষ্পারমপি চুলুকবৎ গণ্ডূষমিব পশ্যতি। গণ্ড চুলুক ইত্যয়ং ঘন পঙ্কেন দ্বয়োস্তু গণ্ডূষে মাঘমজ্জনে ইতি শব্দরত্নাকরঃ । ভাস্করং সূর্য্যং খদ্যোতবৎ জ্যোতিরিঙ্গণমিব । মেরুং সুমেরুং লোষ্ট্রবৎ মৃৎপিণ্ডমিব ভুমেঃ পতিং দেশাধিপতিং ভৃত্যবৎ ভৃত্যমিব স্বাধীনং চিন্তারত্নচয়ং চিন্তামণিসমূহং শিলাখণ্ডমিব । কল্পদ্রুমং কাষ্ঠবৎ অকিঞ্চিৎ করং সংসারং তৃণরাশিবৎ তৃণসমূহমিব তুচ্ছং । কিমপরং বক্তব্যং নিজং দেহং ভারবৎ তুলা স্ত্রিয়াং পলশতং ভারঃ স্যাদ্বিংশতি স্তুলা ইতিভারমিব ধারণেন ক্লেশকরমিত্যর্থঃ । সমুদ্রাদিষ্বেবংবিধ দর্শনং কৃষ্ণভক্তস্য ব্যভিচারিভাবত্বান্ন দূষণাবহমিতি জ্ঞেয়ম্ ।৫৬।

ভক্তসঙ্গং বিনা ভগবত্তত্ত্ববিজ্ঞানং ন স্যাৎ তচ্চ বিনা মুক্তিসুখং ন সিদ্ধ্যতীতীমমর্থং শ্রীমাধবসরস্বতীনাং পদ্যেন নির্দ্দিশতি মীমাংসেতি । অত্র মীমাংসা

পুনঃ শ্রীভক্তগণের মহিমাতিশয় শ্রীসর্ব্বজ্ঞের পদ্যে বর্ণনা করিতেছেন- হে শ্রীগোবিন্দ ! আপনার অন্তরঙ্গ ভক্ত সরিৎ পতি সমুদ্রকে এক গণ্ডূষ জলের সমান মনে করেন, মহা জ্যোতিষ্ক সূর্য্যকে জোনাকীপোকার সমান, সুমেরু পর্ব্বতকে মাটি খণ্ডের সমান, অপর পৃথিবীর রাজাকে ভৃত্যের সমান, চিন্তামণি সমূহকে শিলাখণ্ডের ন্যায়, কল্প বৃক্ষকে সামান্য কাষ্ঠের সমান, এই বিশাল সংসারকে তৃণরাশির সমান, বিশেষ কি নিজের দেহকেও ভারের সমান অবলোকন করেন ।৫৬ ।

শ্রীকৃষ্ণভক্তের সঙ্গ বিনা শ্রীকৃষ্ণতত্ত্ববিজ্ঞান লাভ সর্ব্বথা অসম্ভব তাহা শ্রীমাধব সরস্বতীপাদেরপদ্যে লিখিতেছেন- শ্রীরঙ্গী শ্রীলক্ষ্মীদেবীর সহিতরঙ্গ যাঁহার

গর্ব্বোদর্ককুতর্ককর্কশধিয়াং দূরেঽপি বার্ত্তা হরেঃ।
জানন্তোঽপি ন জানতে শ্রুতিসুখং শ্রীরঙ্গিসঙ্গাদৃতে
সুস্বাদুং পরিবেষয়ন্ত্যপি রসং গুর্ব্বী ন দর্ব্বী স্পৃশেৎ ।। ৫৭ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

কর্ম্মকাণ্ডবোধিকা দর্শন বিশেষঃ সৈব রজঃ নেত্রমালিন্যকরী ধূলীবৎ জ্ঞানমালিন্যকরী তেন মলীমসী মলিনা দৃক্ চক্ষুরিব জ্ঞানং যেষাং তেষাং ধীর্বুদ্ধিরীশ্বরে তাবন্ন ভবতি তাবদ্বাক্যালঙ্কারে। গর্ব্ব উদর্কোঽধিকো যস্মাৎ স চাসৌ কুতর্কঃ কুৎসিত তর্কঃ কারণকার্য্যয়োরভেদ নির্দ্দেশাত্তজ্জনকম্ । কণাদ গৌতমশাস্ত্রং তেন কর্কশা কঠিনা ধীর্যেষাং কাণাদ নৈয়ায়িকানাং সম্বন্ধে হরের্বার্ত্তা অনুশীলনাদি দূরেঽপি, ন কদাপি নিকটবর্ত্তিনী ভবতি। তথা মুখমাদ্যে প্রধানে চেত্যমরাৎ শ্রুতির্মুখং প্রধানং যস্য তদ্বেদান্তাদি তজ্জানন্তো বেদান্তিনোঽপি । বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য ইত্যেবং তদর্থং ন জানতে অত্র হেতুমাহ শ্রীরঙ্গিসঙ্গাদৃতে ইতি ঋতেঽব্যয়ং বিনেত্যর্থঃ শ্রিয়া লক্ষ্ম্যা সহ রঙ্গো যস্য স ভগবান্ উপাস্য তয়াঽস্তীতি তদ্ভক্তস্তস্য সঙ্গং বিনা শ্রুত্যাদ্যনুশীলনস্য মুক্ত্যাস্বাদঃ ফলং তস্য সৎসঙ্গাদৃতে অপ্রাপ্তৌ দৃষ্টান্তমাহ সুস্বাদুমিতি গুর্ব্বী মহতী দর্ব্বী সুস্বাদুং রসং পরিবেশয়ন্ত্যপি তং রসং ন স্পৃশেৎ অর্থাৎ তদ্রসাস্বাদিকা ন ভবতি চৈতন্যাভাবাৎ দর্ব্বী হাতা ইতি লোকোক্তিঃ । অত্র ভক্ত সঙ্গশ্চৈতন্যবদেব জ্ঞেয়ঃ । তথাচ ভবাপবর্গো ভ্রমতো যদা ভবেজ্জনস্য তর্হ্যচ্যুত সৎসমাগমঃ । সৎসঙ্গমো যর্হি তদৈব সদগতৌ পরাবরেশে ত্বয়ি জায়তে মতিরিতি শ্রীদশমাৎ ।। ৫৭ ।।

সেই শ্রীরঙ্গী ভক্তগণের সঙ্গ কৃপা বিনা, কর্ম্মাদিপ্রতিপাদক জৈমিনি রচিত মীমাংসা দর্শন রূপ ধূলিতে যাহাদের চক্ষু মলিন তাহাদের বুদ্ধি ঈশ্বরে প্রবেশ করে না, গর্ব্ব প্রচুর কুতর্কে অতিশয় কর্কশ কঠিন বুদ্ধি যুক্ত নৈয়ায়িকগণের পক্ষে শ্রীহরিকথা অতিশয় দূরে অবস্থান করে, বৈদান্তিকপণ্ডিতগণ উপনিষৎ প্রভৃতির দ্বারা জানিয়াও জানিতে (অনুভব) করিতে পারেনা, যেমন উৎকৃষ্ট দর্ব্বী (হাতা) সুস্বাদু পায়সাদি মধুর রস পরিবেশন করিলেও তাহার রস আস্বাদন করিতে সমর্থ হয় না, সেই প্রকার । ৫৭ ।

কস্যচিৎ

জ্ঞানাবলম্বকাঃ কেচিৎ কেচিৎ কর্ম্মাবলম্বকাঃ ।
বয়ন্তু হরিদাসানাং পাদত্রাণাবলম্বকাঃ ।। ৫৮ ।। অনুষ্টুভ্ ।

"অথ ভক্তানাং দৈন্যোক্তিঃ"

সমাহর্ত্তুরেতানি

নামানি প্রণয়েন তে সুকৃতিনাং তন্বন্তি তুণ্ডোৎসবং
ধামানি প্রথয়ন্তি হন্ত জলদশ্যামানি নেত্রাঞ্জনম্ ।
সামানি শ্রুতিশষ্কুলীং মুরলিকাজাতান্যলঙ্কুর্ব্বতে
কামানির্বৃতচেতসামিহ বিভো নাশাপি নঃ শোভতে ।।৫৯ ।।

শার্দুলবিক্রীড়িতম্ ।

ভক্তানুগ্রহেণ কৃতার্থম্মন্যানামন্যত্রানভিরুচিং কস্যচিৎ পদ্যেন নির্দ্দিশতি জ্ঞানেতি তে তে সন্তি নাম সন্তিত্যর্থঃ । হরিদাসানাং পাদৈশ্চরণৈর্যৎ ত্রাণং সংসারসর্পেভ্যো রক্ষণং তদেবাবলম্বঃ সংশ্রয়ো যেষামিতি ।। ৫৮ ।।

তেষামিতি স্বেষামিত্যর্থঃ । তান্তু গ্রন্থকৃৎ স্বকীয় শ্লোকত্রয়েণ নির্দ্দিশতি তস্যৈব তস্যৈব তস্যৈবেত্যন্তৈঃ । বিভো হে কৃষ্ণ তে তব নামানি সুকৃতিনাং সুপুণ্যবতাং অর্থাৎ নিষ্কামিণাং প্রণয়েন প্রীত্যা তুণ্ডোৎসবং মুখাহ্লাদং তন্বন্তি, তেষাং পুনস্তেজলদ শ্যামানি মেঘবর্ণা ধামানি শ্রীমূর্ত্তয়ো নেত্রাঞ্জনং নেত্রয়ো রঞ্জনমিব শীতলতাং প্রথয়ন্তি অর্থাৎ সুখিনং কুর্ব্বন্তি । মুরলিকাজাতানি সামানি গীতানি শ্রুতিশষ্কুলীং কর্ণরন্ধ্রম্ । শষ্কুলী পিষ্টভেদে কর্ণরন্ধ্র ইতি শব্দরত্নাকরাৎ । অলং কুর্ব্বতে শোভয়ন্তি । ইহ অত্রাত্রাত্র কামানির্বৃত চেতসাং নঃ অস্মাকমাশবাঞ্ছাপি করণং ন শোভতে কিমুত তত্তৎ প্রাপ্ত্যা তুণ্ডোৎসবাদিমিতি ।। ৫৯ ।।

শ্রীকৃষ্ণভক্তের কৃপায় কৃতার্থ মানব জ্ঞানাদিবিষয়ে রুচি রাখেন না, তাহা অজ্ঞাতনামা কোন কবির পদ্যে লিখিতেছেন- কোন কোন বিবেকী মানব জ্ঞানের আশ্রয় গ্রহণ করিয়াছে, অপর ভক্তি হীন মনুষ্য কর্ম্ম কাণ্ডের অবলম্বন করিয়াছে, কিন্তু আমরা জ্ঞান কর্ম্মাদির আসক্তি পরিত্যাগ করতঃ কেবল মাত্র শ্রীকৃষ্ণভক্তগণের পাদুকামাত্র অবলম্বন করিয়াছি ।৫৮।

শ্রীকৃষ্ণভক্তগণের দৈন্যোক্তি

শ্রীকৃষ্ণভক্তগণের যে দৈন্যোক্তি তাহা শ্রীমদ্গ্রন্থকার প্রভুপাদ স্বরচিতপদ্যে

সংসারাম্ভসি সম্ভৃতভ্রমভরে গম্ভীরতাপত্রয়-
গ্রাহেণাভিগৃহীতমুগ্রগতিনা ক্রোশন্তমন্তর্ভয়াৎ।
দীপ্রেণাদ্য সুদর্শনেন বিবুধক্লান্তিচ্ছিদাকারিণা
চিন্তাসন্ততিরুদ্ধমুর হরে মচ্চিত্তদন্তীশ্বরম্ ।। ৬০ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

সংসারাম্ভসীতি। হে হরে! চিন্তাসন্ততিরুদ্ধং মচ্চিত্ত দন্তীশ্বরমুদ্ধরেত্যন্বয়ঃ। তং কথম্ভূতং সংসারাম্ভসি সংসার এবাম্ভো জলং তস্মিন্ অত্র কথম্ভূতে সম্ভৃতো ভ্রমভরো মোহাতিশয়ো যত্র তস্মিন্ গম্ভীরা যে তাপত্রয়া আধ্যাত্মিক অধিদৈবিকাধিভৌতিক রূপাঃ তে এব গ্রাহঃ কুম্ভীর উগ্রগতিনা তেনাপি গৃহীতং অন্তর্ভয়াৎ চিত্তস্য ভয়াৎ ক্রোশন্তং ত্বামাহ্বয়ন্তং অদ্য ইদানীমেব বিবুধানাং দেবানাং ক্লান্তেশ্ছিদাং গ্লানের্বিদারণং কর্ত্তুং শীলমস্য তেন দীপ্রেণ দীপ্তি শীলেন সুদর্শনেন নিজাস্ত্রেণ যদ্বা স্বস্য শোভন দর্শনেন চিন্তাসন্ততিরুদ্ধং চিন্তায়াঃ সন্ততিঃ পরম্পরা তয়া রুদ্ধমাবৃতং মচ্চিত্তমেব দন্তীশ্বরং হস্তিশ্রেষ্ঠং উদ্ধর কৃপয়েতি শেষঃ ।। ৬০।।

প্রতিপাদন করিতেছেন- হে ভগবন্! আপনার শ্রীকৃষ্ণ গোবিন্দ, শ্যামসুন্দর প্রভৃতি নাম সকল নিষ্কাম বৈষ্ণবগণের অতিশয় প্রীতির সহিত বদনের মহোৎসব বিস্তার করেন, আপনার নবীন জলধর বর্ণ শ্যাম অঙ্গকান্তি বৈষ্ণবগণের লোচনের অঞ্জন নয়নানন্দ বর্দ্ধন করেন, অপর বামলোচনা কর্ষণকারিমুরলী জাত সাম অর্থাৎ গীত সকল কর্ণরন্ধ্রকে সুশোভিত করেন, কিন্তু হে বিভো! নাম রূপ ও বংশী কাকলী দ্বারা সর্ব্বব্যাপক! আমাদের হৃদয় হইতে বিষয় বাসনা অপগত না হওয়ার জন্য পূর্ব্বোক্ত বৈষ্ণবগণের দশা আশা করাও শোভা পায় না, অন্যের কথা কি। ৫৯।

শ্রীপাদ গ্রন্থকার নিজেকে অতিশয় সংসারী ভাবিয়া শ্রীকৃষ্ণের নিকটে প্রার্থনা করিতেছেন- হে সর্ব্বতাপহারী শ্রীহরে! আমার চিত্তরূপ মত্ত রাজহস্তী ভয়ানক মোহরূপ জল আবর্ত্তিকা পরিপূর্ণ সংসার মহাসাগরে পতিত হইয়াছে, এবং তাপত্রয়আধিদৈবিকাধিভৌতিকাধ্যাত্মিক রূপ ভীষণ গতি যুক্ত কুম্ভীর কর্ত্তৃক সম্যক রূপে গৃহীত হইয়া মনে অতিশয় ভয় পাইয়া প্রাণান্ত চীৎকার করিতেছে, এবং নিজ প্রাণ রক্ষার জন্য চিন্তা সমূহদ্বারা অবরুদ্ধ হইয়াছে, অতএব হে দেব! আপনি দেবতাগণের সর্ব্বদুঃখ ছেদনকারী দেদীপ্যমান, নিজ চক্র সুদর্শনের দ্বারা উদ্ধার করুন, কিম্বা সম্পূর্ণ ভাবে দর্শন প্রদান করতঃ তাহাকে কৃপা করুন। ৬০।

বিবৃতবিবিধ বাধে ভ্রান্তিবেগাদগাধে
বলবতি ভবপূরে মজ্জতো মে বিদূরে ।
অশরণগণবন্ধো হা কৃপাকৌমুদীন্দো
সকৃদকৃত বিলম্বং দেহি হস্তাবলম্বম্ ।। ৬১ ।। মালিনী ।

পুনরপ্যতি কাতরেণ তাং লিখতি বিবৃতেতি । ভবপূরে ভবাব্ধৌ মজ্জতো মে অকৃতবিলম্বং যথাস্যাত্তথা সকৃদেকবারং হস্তাবলম্বং দেহীত্যন্বয়ঃ,ত্বমিতি শেষঃ । ত্বং কথম্ভূত হে অশরণগণবন্ধো অশরণগণা ন বিদ্যতে শরণং যেষাং অর্থান্মদ্বিধা-স্তেষাং গণাঃ সমূহাস্তেষাং বন্ধো তথা হে কৃপাকৌমুদীন্দো ইতি কৃপৈব কৌমুদী চন্দ্রিকা তস্যা ইন্দুস্তদবয়বীন্দুশ্চন্দ্রঃ হে কৃপাশ্রয় ইত্যর্থঃ কৃপায়াশ্চন্দ্রিকাভাবেন রূপণং ভবতাপশমনার্থং ভগবতশ্চন্দ্রত্বেন রূপণমাহ্লাদনায়েতি জ্ঞেয়ম্ । হা ইতি বিষাদ শোকবোধকং হা বিষাদ শুগর্ত্তিষ্বিত্যমরাৎ, ভবপূরে ইতি পূরো জলসমূহেনেতি শব্দরত্নাকরঃ ভব এব পূরোজলসমূহস্তাৎপর্য্যাৎ সমুদ্রস্তস্মিন্ তত্র কথম্ভূতে বিবৃতা বিস্তৃতা বাধা পীড়া যত্র তস্মিন্ কথং মগ্ন ইত্যপেক্ষায়াং হেতুং দর্শয়তি । ভ্রান্তি বেগাদগাধে ভ্রান্তির্ভ্রমোমোহ ইত্যর্থঃ তস্য বেগাৎ প্রবাহাৎ । বেগঃ প্রবাহ জবয়োরপীত্যমরঃ । মোহপ্রবাহেণ সীমারহিতেণ ইত্যর্থঃ । বলবতি স্থৌল্যযুক্তে কৈশ্চিদপি জেতুমশক্যে বা । বলং গন্ধরসে রূপে সামর্থ্যে স্থৌল্যসৈন্যয়োরিতি মেদিনীকারঃ । অবিদূরে ইতি সর্ব্বব্যাপকস্য তব নিকটে বর্ত্তমানস্য মে ইতি অতো হা শব্দঃ প্রযুক্তঃ । নম্বশরণেত্যাদি বিশেষণ দ্বয়েন তস্য তত্তদ্দানশীলত্বং ভবতু নাম দেহি হস্তাবলম্বমিতি কথমুক্তমেবম্ভূত সাহসো মহানুচিত এব । সত্যং মহাবিপদগ্রস্তস্য যোগ্যাযোগ্যত্ব বিচারো ন স্যাদেবেতি ভাবঃ ।। ৬১ ।।

শ্রীপাদ পুনঃ অতিশয় কাতর কণ্ঠে প্রার্থনা করিতেছেন- যাহাদের কোন আশ্রয় নাই, সেই আশ্রয়হীন মানবগণেব একমাত্র পরম বন্ধু ! যাহাতে নানা প্রকার বিঘ্ন বিস্তৃত আছে এবং ভ্রান্তি বেগ জন্য অগাধ এই প্রকার মহা বলবান সংসার সমুদ্রের মাঝে আমি নিমজ্জিতহইতেছি, আপনি সর্ব্ব ব্যাপকসুতরাং আমার অতিসন্নিকটেঅবস্থান করিতেছেন, হে অশরণগণবন্ধো! হা কৃপা কৌমুদী প্রদানকারি চন্দ্রমা । আপনি ক্ষণমাত্রও বিলম্ব না করিয়া একটি বার মাত্র আমাকে আপনার বরদ হস্তের অবলম্বন প্রদান করুন,আমি এক্ষণে মহাবিপদ গ্রস্ত হইয়াছি, আপনি বিনা উদ্ধার কর্ত্তা কেহ নাই ।৬১

শ্রীমদীশ্বরপুরীপাদানাম্

নৃত্যন্ বায়ুবিঘূর্ণিতৈঃ স্ববিটপৈর্গায়ন্নলীনাং রুতৈ-
র্মুঞ্চন্নশ্রু মরন্দবিন্দুভিরলং রোমাঞ্চবানঙ্কুরৈঃ ।
মাকন্দোঽপি মুকুন্দ মূর্চ্ছতি তব স্মৃত্যা নু বৃন্দাবনে
ব্রূহি প্রাণসমান চেতসি কথং নামাপি নায়াতি তে ।। ৬২।।

শার্দুলবিক্রীড়িতম্।

ভগবৎ স্মরণেন বৃন্দাবনস্থস্য স্থাবরস্যাপি সৌভাগ্যমভিনন্দ্য তদ্বিহীনমাত্মানং মত্বা দৈন্যোক্তিমাহ শ্রীমদীশ্বরপুরীপাদানাং পদ্যেন নৃত্যন্নিতি । নু ভো মুকুন্দ বৃন্দাবনে তব স্মৃত্যা মাকন্দ আম্রবৃক্ষোঽপি মূর্চ্ছতি প্রেমমোহং প্রাপ্নোতি কিমুতপ্রাণিবর্গঃ কিং কিং কৃত্বা অত্রাহ নৃত্যন্নিত্যাদি বায়ুবিঘূর্ণিতৈরান্দোলিতৈঃ স্ববিটপৈঃ শাখাবিস্তার পল্লবৈর্নৃত্যন্ সপুষ্পমধুলুব্ধানামলীনাং ভ্রমরাণাং রুতৈঃ শব্দৈর্গায়ন্ মরন্দো মকরন্দস্তস্য বিন্দুভিরশ্রু নেত্রজলং মুঞ্চন্ অঙ্কুরৈরভিনবপত্রৈরলমতিশয়ং রোমাঞ্চবান্ সন্নিতি, অত্র বায়ুবিঘূর্ণনাদয়ো লোকচ্ছলনায় ব্যাজা এব জ্ঞেয়াঃ । এবং সতি হে প্রাণসমান কৃষ্ণ ! ত্বং ব্রূহি মে চেতসি কথং তে নামাপি ন আয়াতি আগচ্ছতে কিমুত স্মরণং প্রাণঃ সমানঃ সাধুরুত্তমো যস্মাৎ হে তথাভূত । যদ্বা প্রাণেতি সমান চেতসীতি পদদ্বয়ম্ । প্রাণয়তি জীবয়তীতি প্রাণঃ । তে নাম্নশ্চেতস্যাগতিং বিনা মম জীবনং ন স্যাদিতি ভাবঃ । সমান একশ্চাসৌ চেতশ্চেতি তস্মিন্নেকান্ত চিত্তে ইত্যর্থঃ সমানশ্চ সমৈকয়োঃ । সাধৌ শরীরবায়ৌ নেতি শব্দ রত্নাকরঃ ।। ৬২ ।।

শ্রীকৃষ্ণস্মরণ হেতু বৃন্দাবনের স্থাবরজাতিরও মহা সৌভাগ্য হয়, "তাহাও আমার নাই", এই দৈন্যোক্তি শ্রীমদীশ্বরপুরীপাদের পদ্যে বলিতেছেন- হে শ্রীমুকুন্দ! এই বৃন্দাবনে আপনার স্মরণ হেতু বিশাল আম্রবৃক্ষও বায়ু বিঘুর্নিত শাখা সমূহ দ্বারা নৃত্য করিতেছে, মধুকর নিকর গুঞ্জন দ্বারা গান করিতেছে, মকরন্দবিন্দু ক্ষরণচ্ছলে আনন্দাশ্রু মোচন করিতেছে, নবীন অঙ্কুর প্রকাশ দ্বারা রোমাঞ্চ উদ্গত হইতেছে, কিন্তু হে মম প্রাণসম শ্রীকৃষ্ণ ! আমার কিপ্রকার দুর্ভাগ্য হায় ! আপনার নামটিও এই হৃদয়ে আসিতেছে না কেন ? ৬২ ।

এতৌ জগন্নাথসেনস্য

যা দ্রৌপদী পরিত্রাণে যা গজেন্দ্রস্য মোক্ষণে ।
ময্যার্ত্তে করুণামূর্ত্তে সা ত্বরা ক্ব গতা হরে ।। ৬৩।। অনুষ্টুভ্ ।
দীনবন্ধুরিতি নাম তে স্মরন্ যাদবেন্দ্র পতিতোঽহমুৎসহে ।
ভক্তবৎসলতয়া ত্বয়ি শ্রুতে মামকং হৃদয়মাশু কম্পতে ।।৬৪।।

রথোদ্ধতা।

ধনঞ্জয়স্য

স্তাবকাস্তব চতুর্মুখাদয়ো ভাবকাহি ভগবন্ ভবাদয়ঃ ।
সেবকাঃ শতমখাদয়ঃ সুরা বাসুদেব যদি কে তদা বয়ম্ ? ৬৫ ।।

রথোদ্ধতা ।

ভবসাগর মগ্নতয়া ব্যাকুলস্য জগন্নাথস্য দৈন্যোক্তিং পদ্যদ্বয়েনাহ যেতি সুগমম্ ।। ৬৩।।

হে যাদবেন্দ্র দীনবন্ধুরিতি তে নাম স্মরন্ সর্ব্বাপরাধেন পতিতোঽহমুৎসহে ময়ি ত্বৎ কৃপাভবেদিতি। অন্যমুখাৎ ভক্তবৎসলতয়া ত্বয়ি শ্রুতে সতি মামকং মদীয়ং হৃদয়মাশু কম্পতে যতো নাহং ভক্তঃ অতো ময়ি কৃপা ন ভবিতেতি ।। ৬৪ ।।

ভগবৎ কৃপায়ামনধিকারিতাং বিভাব্য দীনস্য ধনঞ্জয়স্যোক্তিমাহ স্তাবকা ইতি। শতমখঃ ইন্দ্রঃ । হে বাসুদেব যদি তে তে তে দেবপ্রবরাঃ স্তাবক ভাবক সেবকাস্তদা বয়ং কে কিং কূর্ম্ম কর্ত্তুং যোগ্যা নরাধমত্বাদিত্যর্থঃ ।। ৬৫ ।।

ভবসাগর নিমগ্ন নিজেকে মনে করিয়া মহাব্যাকুল শ্রীল জগন্নাথ পণ্ডিতের পদ্যে দৈন্যোক্তি বলিতেছেন- হে শ্রীহরে ! প্রিয়সখী দ্রৌপদীকে পরিত্রাণের সময় যে ত্বরা শীঘ্রতা, এবং গজেন্দ্রকে গ্রাহ হইতে মুক্ত করিবার জন্য যে শীঘ্রতা, হে করুণা মূর্ত্তে ! আমি ততোধিক আর্ত্ত সুতরাং আমাকে পরিত্রাণ করিবার সময় সেই ত্বরা কোথায় গেল ? ৬৩ ।

শ্রীজগন্নাথ পুনঃ বলিতেছেন- হে যাদবেন্দ্র ! আমি পতিত, আপনার " দীন বন্ধু" এই নাম শ্রবণ করিয়া আমার অবশ্যই উদ্ধার হইবে মনে করিয়া উৎসাহ বৃদ্ধি হইয়াছিল, কিন্তু যখন শুনিলাম আপনি "ভক্ত বৎসল " তখন আমার হৃদয় কম্পিত হইতেছে, কারণ আমি দীন, ভক্ত নহি, কোন দিন আপনার নাম কীর্ত্তনাদি ভজন করি না,সুতরাং আমার প্রতি আপনার কৃপা হইবে না । ৬৪ ।

কস্যাচিৎ

পরম কারুণিকো ন ভবৎপরঃ পরমশোচ্যতমো ন চ মৎপরঃ ।
ইতি বিচিন্ত্য হরে ময়ি পামরে যদুচিতং যদুনাথ তদাচর ।। ৬৬ ।।

দ্রুতবিলম্বিতম্ ।

কস্যাচিৎ

ভবোদ্ভবক্লেশকশাশতাহতঃ পরিভ্রমন্নিন্দ্রিয়কাপথান্তরে ।
নিয়ম্যতাং মাধব মে মনোহয় স্তদঙ্ঘ্রিশঙ্কৌ দৃঢভক্তিবন্ধনে ।।৬৭।।

বংশস্থবিলম্ ।

তামপি পুনঃ কস্যাচিৎ পদ্যেন লিখতি পরমেতি । পরমশোচ্যতম ইতি পরম শোকবিষয় মহা শ্রেষ্ঠঃ যদুনাথেতি সম্বোধনং অন্যৎ সুগমম্ ।। ৬৬ ।।

মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োরিত্যনুস্মৃত্য পরম চঞ্চলস্য তস্য নিগ্রহায় দৈন্যোক্তিমাহ ভবোদ্ভবেতি । হে মাধব ! দৃঢ ভক্তিবন্ধনে ত্বদঙ্ঘ্রিশঙ্কৌ মেমনোহয়ো নিয়ম্যতামিত্যন্বয়ঃ । ত্বদাঙ্ঘ্রিশ্চরণমেব শঙ্কুঃ কীলস্তস্মিন্ । তত্র কথম্ভুতে দৃঢং ভক্ত্যা বন্ধনং যত্র তস্মিন্ মনসো হয়ত্বেন রূপণমদম্যত্বাভি প্রায়েণ । নিয়ম্যতামিতি অন্যত্র গতিনিগ্রহ পূর্ব্বকং তত্র বদ্ধা রক্ষ্যতাম্ । নম্বয়ং স্বেচ্ছাচারী সর্ব্বত্র ভ্রাম্যতু নাম কিমিতি বন্ধক্লেশেন দয়ালুনা ময়া স্থীয়তাং তত্রাহ পরিভ্রমন্নিন্দ্রিয়কাপথান্তরে ইতি । বিষয় বিষয়িণোরভেদাদিন্দ্রিয়াণি ইন্দ্রিয়বিষয়াণি । কাপথঃ কুৎসিতঃ পন্থাঃ তস্যান্তরে মধ্যেপরি ভ্রমন্ পরিশ্রমং প্রাপ্নুবন্ সন্ ভবোদ্ভব

শ্রীকৃষ্ণের কৃপায় নিজেকে অযোগ্য ভাবিয়া শ্রীধনঞ্জয়ের দৈন্য পূর্ণ পদ্য লিখিতেছেন- হে ভগবন্ ! চতুর্ম্মুখ ব্রহ্মাপ্রভৃতি যদি আপনার স্তুতি করিয়া থাকেন, শঙ্কর প্রভৃতি যোগীশ্বর গণ যদি আপনার মহিমাদির চিন্তার কারক হয়েন, অপর একশত অশ্বমেধ যাগকারী দেবরাজ ইন্দ্র প্রভৃতি দেবগণ যদি আপনার আদেশপালক সেবক হয়েন, হে বাসুদেব ! আমাদের সমান নরাধম আপনার কে ? । ৬৫ ।

ভক্তের অযোগ্যতাই কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে সর্ব্বতাপহারি শ্রীহরে ! আপনার তুল্য পরম করুণাময় আর ত্রিজগতে কেহ নাই, এবং আমা হইতে পরম শোচ্যতম মানব কেহ ত্রিভুবনে আর নাই, হে যদুনাথ ! এই প্রকার বিচার ও নিশ্চয় করিয়া এই পামর নরাধমের প্রতি আপনার যাহা করা উচিৎ হয় তাহাই আচরণ করুন । ৬৬ ।

শ্রীশঙ্করস্য

ন ধ্যাতোঽসি ন কীর্ত্তিতোঽসি ন মনাগারাধিতোঽসি প্রভো
নো জন্মান্তরগোচরে তব পদাম্ভোজে চ ভক্তিঃ কৃতা ।
তেনাহং বহুদুঃখভাজনতয়া প্রাপ্তো দশামীদৃশীং
ত্বং কারুণ্যনিধে বিধেহি করুণাং শ্রীকৃষ্ণ দীনে ময়ি ।। ৬৮ ।।

শার্দূলবিক্রীড়িতম্।

ক্লেশ কশাশতাহতঃ ভবো জন্মতস্মাদুদ্ভব উৎপত্তির্যেষাং তে ক্লেশা এব কশা অশ্বতাড়নী তস্যাঃ শতেন শম্পরিমাণেন আহতোঽতোমহা দুঃখভাক্ । অয়ম্ভাবঃ তত্তাদৃশ দুঃখেন মমাপি মহা দুঃখং ভবতি তস্যাশ্রয়ত্বাৎ অতঃ স্বদাসত্বেন মাং বিভাব্য কৃপয়া তং নিয়ম্য মন আদৃশ জন্ম প্রণাশয়েতি দৈন্যোক্তিঃ ।। ৬৭ ।।

শ্রীভগবদ্ভজনাভাবঃ দুঃখপ্রাপ্তি হেতুরিতি শ্রীশঙ্করস্য পদ্যেন নির্দ্দিশতি ন ধ্যাতোঽসীতি। হে কৃষ্ণ তেন হেতুনা বহু দুঃখভাজনতয়া উপলক্ষিতাং ঈদৃশীং পরম শোচ্যাং দশাং প্রাপ্তোঽহমতস্ত্বাং শরণং গতোঽস্মি হে কারুণ্যনিধে দীনে ময়ি করুণাং বিধেহীত্যর্থঃ। তেনেতি যত এতজ্জন্মনি ত্বং ন ধ্যাতশ্চিন্তিতোঽসি ন কীর্ত্তিতোঽসি ন মনাগল্পং যথাস্যাদারাধিতঃ পূজিতোঽপি নো জন্মান্তরগোচরে তব পাদাম্ভোজে ভক্তিঃ কৃতা নো জন্মান্তরস্য জন্মভেদস্য গোচরঃ প্রত্যক্ষো যস্মাত্তস্মিন্

মানবের মনই বন্ধন এবং মুক্তির কারণ সুতরাং এই চঞ্চল মনকে নিগ্রহ করিবার জন্য কোন অজ্ঞাত নামা কবির পদ্যে শ্রীকৃষ্ণের নিকটে প্রার্থনা করিতেছেন- হে করুণাময় ! আমার মনোরূপ অদম্য অশ্ব ইন্দ্রিয় অর্থাৎ ইন্দ্রিয় ভোগ্যরূপাদিবিষয় স্বরূপ অতিশয় কুৎসিতপথের মধ্যে বারম্বার ভ্রমণ করিতে করিতে সংসার হইতে উৎপন্ন রোগ শোক জরা মরণাদি যে ক্লেশ সমূহ তাহা দ্বারা কশার ন্যায় (অশ্বতাড়নীরজ্জু) শতপ্রকারে নির্ম্মম ভাবে আহত হইতেছে, অতএব হে শ্রীমাধব! আমার দুর্দান্ত মনো ঘোটককে আপনার শ্রীচরণরূপ শঙ্কুতে (অশ্ববন্ধন কারী গোঁজ) সুদৃঢ় ভক্তি রূপরজ্জু দ্বারা বন্ধন করুন, যাহাতে কুপথে গমন করিয়া কশাঘাত ভোগ করিতে না হয় ।৬৭ ।

শ্রীকৃষ্ণভজনের অভাবই সংসার দুঃখ প্রাপ্তির মুখ্য কারণ তাহা শ্রীশঙ্করের পদ্যে নির্দ্দেশ করিতেছেন- হে প্রভো ! আমি দেবদুর্লভ এই মানবদেহ পাইয়া আপনার রূপ ধ্যান করি নাই, আপনার পরম পাবন নাম কীর্ত্তন করি নাই, এবং আপনার অভয় শ্রীচরণারবিন্দ সামান্যও আরাধনা করি নাই, এমন কি অন্য কোন জন্মেও

কস্যাচিৎ

শরণমসি হরে প্রভো মুরারে জয় মধুসূদন বাসুদেব বিষ্ণো
নিরবধি কলুষৌঘকারিণং মাং গতিরহিতং জগদীশ রক্ষ রক্ষ।। ৬৯।।

পুষ্পিতাগ্রা ।

পদাম্ভোজে নো নিষেধার্থে সর্ব্বত্র ময়েত্যধ্যাহার্য্যম্ । হে প্রভো ! ইতি পরম পূজ্যস্য তব ধ্যানাদিরবশ্যং কার্য্যস্তদকরণ প্রত্যবায়েন মম দুঃখ ভাজনতেতি ব্যজ্যতে । কারুণ্যনিধে ইতি হে করুণা সমুদ্র সম্প্রতি তং তং দোষং স্ব স্বভাবেন পরিহৃত্য ময়ি করুণাং বিধেহি তয়ৈব বহু ক্লেশদায়িনীং স্বদাসীং মায়াং নিবারয়েতি দৈন্যোক্তিঃ ।। ৬৮ ।।

পাপিষ্মন্যত্বেন গতিরহিত তয়া কশ্চিদ্দৈন্যোক্ত্যা শ্রীভগবন্তং প্রার্থয়তে তাং কস্যাচিৎ পদ্যেন লিখতি শরণমিতি । হে মধুসূদন ! হে বাসুদেব ! হে বিষ্ণো ! ত্বং জয় সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তস্ব অত্রাপোৎকর্ষে মদ্বিধানাং ত্রাণমেব হেতুরিতি ধ্বনিস্তদভাবে তদভাব ইত্যনুধ্বনিঃ । সম্বোধন ত্রয়েণ তদ্যোগ্যতা তস্য সূচিতা । জয়ি বৈশিষ্ট্যেন মম পূজ্যত্বাদহং নতোস্মীতি ব্যজ্যতে । ননু কিমিতি মাং নমস্করোষি তত্রাহ হে প্রভো! হরে ! মুরারে! অপি ত্বং শরণং ভবেতি শেষঃ তত্রাপি সম্বোধন ত্রয়েণ শরণযোগ্যতাপিসূচিতা । ননু কিমপেক্ষয়া মাং শরণং প্রার্থয়সে তত্রাহ হে জগদীশ! নিরবধি নিরন্তরং কলুষৌকারিণং পাপসমূহ কারিণং অতএব গতি রহিতং মাং রক্ষ রক্ষ স্বভক্তিং দত্বা মাং পালয় । স এব পাপ সমূহো রাক্ষসো ভূত্বা অদ্য মাং গ্রসিতুমুদ্যত ইতি ভয়াৎ ত্বরায়াং দ্বিত্বম্ ।। ৬৯ ।।

আপনার শ্রীপদাম্ভোজে অল্পও ভক্তি বা সেবা করি নাই, হে করুণা সাগর ! আপনার স্মরণাদি না করার কারণেই আমি এই প্রকার বহু দুঃখের পাত্র হইয়া এইরূপ দশা প্রাপ্ত হইয়াছি, সুতরাং হে শ্রীকৃষ্ণ ! আমি অতিশয় দীন সংসার সাগর নিমগ্ন, আমার প্রতি করুণা বিধান করুন । ৬৮ ।

অজ্ঞাতনামা কোন কবি নিজেকে মহাপাপী মনে করিয়া শ্রীকৃষ্ণচরণে প্রার্থনা করিতেছেন- হে শ্রীহরে ! হে মুরারে ! হে প্রভো ! আপনি আমার একমাত্র আশ্রয়, হে শ্রীমুধুসূদন ! আপনার জয় হউক, হে শ্রীবাসুদেব ! হে শ্রীবিষ্ণো ! আমি নিরন্তব রাশি রাশি মহাপাপ করিতেছি, আমার আর কোন গতি নাই , হে শ্রীজগদীশ্বর ! আমাকে রক্ষা করুন । ৬৯ ।

দাক্ষিণাত্যস্য

দিনাদৌ মুরারে নিশাদৌ মুরারে দিনার্দ্ধে মুরারে নিশার্দ্ধে মুরারে
দিনান্তে মুরারে নিশান্তে মুরারে ত্বমেকো গতির্নস্ত্বমেকো গতির্নঃ ।। ৭০।।

ভুজঙ্গপ্রয়াতম্।

শ্রীশ্রীভগবতঃ

অয়ি নন্দতনূজ কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ ।
কৃপয়া তব পাদপঙ্কজ- স্থিতধূলীসদৃশং বিচিন্তয় ।। ৭১ ।।

বিয়োগিনী ।

দিনরাত্র্যোস্ত্রিকালেঽপি ত্বমস্মাকমেকো গতিরিতি দৈন্যোক্ত্যা কশ্চিৎ প্রার্থয়তে তাং দাক্ষিণাত্যস্যপদ্যেন লিখতিদিনাদাবিতি। হে মুরারে ! ইতিসম্বোধনং গতি ভবনযোগ্যত্বায় অত্র দ্বিত্বমপ্যবধারণে অন্যৎ সুগমম্ ।। ৭০ ।।

যথাকথঞ্চিদ্রূপেণ তচ্চরণ সম্বন্ধ প্রাপ্ত্যর্থ্যং দৈন্যেনাচেতনত্বমপি প্রার্থয়তে তৎ ভগবতঃ শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভোঃ পদ্যেন লিখতি অয়ীতি সানুনয় কোমল সম্বোধনে হে নন্দতনূজ ! ভবাম্বুধৌ বিষয়ে আশ্রয়ে পতিতং কিঙ্করং তদ্দাসং মাং কৃপয়া তব পাদপঙ্কজস্থিত ধূলীসদৃশং বিভাবয়েত্যন্বয়ঃ । বিষয় আশ্রয়ার্থঃ তথাচ বিষয়ো গৌড়াদিদেশে গোচরে চাশ্রয়ে পুমানিতি শব্দরত্নাকরঃ । বিষমে ইতি পাঠে পতিতং বিষয়েষ্বাসক্তমিত্যর্থঃ । পাদপঙ্কজে স্থিতা যা ধূলী রজঃ পরাগস্তস্যাঃ সদৃশং নিত্যলগ্নতয়া পরাগতুল্যতাং বিশেষেণ প্রাপয় ভূপ্রাপ্তাবিতি ধাতোস্তদেকনিষ্ঠং কুর্ব্বিতি ফলিতার্থঃ ।। ৭১ ।।

দিবা রাত্রি সর্ব্বক্ষণ শ্রীকৃষ্ণই আমার একমাত্র গতিএই প্রকার দীন বাক্যদ্বারা দাক্ষিণাত্য কোন কবির বাক্যে বলিতেছেন- হে মুরারে! প্রাতঃ কালে আপনার নাম কীর্ত্তন করিব, (হে মুরারে!) সন্ধ্যাকালে হে শ্রীমুরারে! দিনের মধ্যাহ্নে, রাত্রির মধ্যসময়ে, দিবসের শেষে, রাত্রির শেষকালে, হে শ্রীমুরারে! আপনার নাম কীর্ত্তন করিব, কারণ আপনি আমার এক মাত্র গতি, অন্য কেহ নহে । ৭০।

ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু ভক্তভাবে বিভাবিত হৃদয়ে শ্রীকৃষ্ণচরণে নিজ দৈন্য নিবেদন করিতেছেন- অয়ি শ্রীনন্দনন্দন ! আমি আপনার নিত্য সেবক , আমি পারহীন বিষম্ সংসার সাগরে নিপতিত হইয়াছি, আপনি কৃপা পূর্ব্বক আমাকে নিজ শ্রীচরণপদ্ম সংলগ্ন ধূলির সমান বিবেচনা করুন। ৭১।

"অথ ভক্তানাং নিষ্ঠা"

কস্যচিৎ

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো ন শূদ্রো
নো বা বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতি র্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ।। ৭২ ।। মন্দাক্রান্তা।

অথ ভক্তানাং মাহাত্ম্যে ভগবতি নিষ্ঠৈব হেতুরিতি তাং লিখতি অথ তেষাং নিষ্ঠেতি। স্বলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচর ইতি শ্রীভগবদ্বচনানুসারেণ প্রবর্ত্তমানঃ কশ্চিদন্যেন সাধুনা জাত্যাশ্রমধর্ম্মান্ পরিপৃষ্টঃ স্ববৃত্তান্তং দৈন্যেনাহ তৎ কস্যচিৎ পদ্যেন লিখতি নাহমিতি। নরপতিঃ ক্ষত্রিয়ঃ বর্ণী ব্রহ্মচর্য্যাশ্রমবান্ গৃহপতি গৃহস্থঃ বনস্থো বানপ্রস্থঃ যতিঃ সন্ন্যাসী এষাং মধ্যে কোঽপি নাহং কিন্তু প্রোদ্যন্ প্রকর্ষেণোদয়ং প্রাপ্নুবন্ যো নিখিল পরমানন্দঃ স এব পূর্ণামৃতাব্ধিঃ পরিপূর্ণ সুধাসাগরঃ সদোদিত সমস্ত পরমানন্দ পূর্ণরসসাগর ইত্যর্থঃ। তস্য গোপীভর্ত্তুঃ শ্রীকৃষ্ণস্য পদকমলয়ো র্যে দাসা স্তেষামপিযে দাসাস্তেভ্যস্তেষামিতি বা অনুহীনো দাসোঽস্তি নিকৃষ্টোঽহমিত্যর্থঃ অব্যয়ং ত্বনু। হীনে সহার্থে সাদৃশ্যে পশ্চাদর্থেচ লক্ষণে। ইত্থম্ভাবায়াম ভাগ বীপ্সা সন্নেষ্বনুক্রমে ইতি শব্দরত্নাকরঃ ।। ৭২ ।।

"শ্রীকৃষ্ণ ভক্তগণের নিষ্ঠা"

শ্রীভগবানে অনন্য নিষ্ঠার জন্যই ভক্তগণের এই প্রকার মহিমা, সুতরাং অজ্ঞাত নামা কোন কবির পদ্যে বর্ণাশ্রম পরিত্যাগ পূর্ব্বক বৈষ্ণবনিষ্ঠা নিরূপণ করিতেছেন- হে মানবগণ! আমি ব্রাহ্মণ নহি, নরপতি ক্ষত্রিয় নহি, বৈশ্য এবং শূদ্রও নহি, আমি ব্রহ্মচর্য্যাশ্রম পালনকারী ব্রহ্মচারী নহি, গৃহস্থ নহি, বানপ্রস্থাশ্রমী ও সন্ন্যাসীও নহি, কিন্তু আমার যথার্থ পরিচয় এই প্রকার-শ্রীবৃন্দাবনে পূর্ণরূপে প্রকাশিত নিখিল পরমানন্দ পরিপূর্ণ অমৃত সাগর স্বরূপ, শ্রীরাধা নাম্নী গোপীর প্রাণবল্লভ শ্রীশ্রীশ্যামসুন্দরের চরণ কমলের যে দাস তাহারও যিনি দাস তাঁহার অনুদাস হই। ৭২।

"শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যাণাম্"

ন বয়ং কবয়ো ন তার্কিকা ন চ বেদান্তনিতান্তপারগাঃ ।
ন চ বাদিনিবারকাঃপরং কপটাভীরকিশোরকিঙ্করাঃ ।।৭৩ ।।

বিয়োগিনী।

কস্যচিৎ

পরিবদতু জনো যথা তথায়ং ননু মুখরো ন বয়ং বিচারয়ামঃ ।

স্ববিদ্যা গৌরবং দৃষ্টা কেনচিদ্ভক্তেন পৃষ্টঃ সার্ব্বভৌম ভট্টাচার্য্যঃ শ্রীভগবতি স্বনিষ্ঠাং ভঙ্গ্যা যাং প্রাকাশয়ৎ তাং তৎপদ্যেনাহ ন বয়মিতি । কবয়ঃ কাব্যরচনা নিপুণাঃ তার্কিকাঃ তর্কবিদ্যাকুশলাঃ বেদান্ত নিতান্ত পারগাঃ বেদান্তস্য নিতান্ত পারমেকান্তপারং ভগবৎসাক্ষাৎকার সাধকতাং গচ্ছন্তীতি যে তে তথা যে ষড়দর্শননিষ্ঠাঃ স্ব স্ব মতং স্থাপয়িতু মন্যেষাং মতানি দূষয়ন্তি তে বাদিনঃ তেষাং স্ব স্ব মতস্থাপনে নিবারকাঃ তে বয়ং ন কিন্তু পরং কেবলং কপটাভীর কিশোরকিঙ্করা ইতি আভীরস্য গোপস্য তাৎপর্য্যাৎ শ্রীনন্দগোপস্য কিশোরঃ শিশুঃ, কপটানাং ছদ্মযুক্তানাং নৃপব্যাজাসুরাণাং শিশুপালাদীনামাভীরকিশোরঃ কপটাভীরকিশোরঃ । তেষাং সম্বন্ধে গোপশিশুত্বেনৈব প্রতীয়মানঃ নত্বয়মীশ্বর ইত্যেবং রূপেণেত্যর্থঃ । নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃত ইতি শ্রীভগবদগীতাতঃ কপটোঽস্ত্রী ছদ্মনিচ কপটধার্য্যপি ত্রিষ্বিতি। কিশোরো দশবর্ষোর্দ্ধমাপঞ্চদশবর্ষকে । সূর্য্যে হয়ে শিশৌ তৈলপর্ণ্যাং নায়ূনি তু ত্রিষ্বিতি চ শব্দরত্নাকরঃ । তস্য কিঙ্করাঃ সেবকাঃ ব্যাখ্যান্তরন্তু ন সঙ্গতং স্যাদিতি জ্ঞেয়ম্ ।। ৭৩ ।।

হে সাধো ! ভবদাচরণং পরমসাধু তথাপি বিদূষকাস্তন্নিন্দন্তি তৎশ্রুত্বাস্মাকং

নবদ্বীপে নব্যন্যায় শাস্ত্রের প্রবর্ত্তক পশ্চাৎ নীলাচলনিবাসী শ্রীপাদ বাসুদেব সার্ব্বভৌম ভট্টাচার্য্যকে কোন বৈষ্ণব তাঁহার পরিচয় জিজ্ঞাসা করিলে তিনি নিজের নিষ্ঠা বলিতেছেন, তাহা পদ্যে লিখিতেছেন-আমরা কাব্য রচনা নিপূণ কবি নহি, তর্কবিদ্যাপারঙ্গম তার্কিক নহি, অপর বেদান্ত শাস্ত্রে নিতান্ত পারগামী ব্রহ্মসাক্ষাৎকার যোগ্যও নহি, এবং যাহারা ষড়দর্শনে পাণ্ডিত্য লাভ করতঃ নিজ নিজ মত স্থাপনে ব্যগ্র তাহাদের নিবারণ কারী পণ্ডিত ও নহি, কিন্তু আমরা নানারূপ কপট করিয়া শ্রীরাধার সহিত ক্রীড়াকারী গোপরাজপুত্র শ্রীনন্দকিশোরের সেবক মাত্র হই । ৭৩।

কোন সজ্জন কোন শ্রীকৃষ্ণপ্রেমোন্মত্ত সাধুকে বলিলেন- হে সাধো!

হরিরসমদিরামদাতিমত্তা ভুবি বিলুঠাম নটাম নির্বিশাম ।। ৭৪ ।।

পুষ্পিতাগ্রা ।

শ্রীমদীশ্বরপুরীপাদানাম্

ধন্যানাং হৃদি ভাসতাং গিরিবরপ্রত্যগ্রকুঞ্জৌকসাং
সত্যানন্দরসং বিকারবিভবব্যাবর্ত্তমন্তর্মহঃ ।

মহাদুঃখং স্যাদতো রহস্যে এব ভবান্ তত্ত উদ্ধরতামিতি কেচিদ্বান্ধবাঃ কঞ্চিৎ সাধুং প্রতি ব্রুবন্তি তান্ প্রতি স যথা ব্রূতে তৎ কস্যচিৎ পদ্যেন লিখতিপরিবদন্ত্বিতি । ননু ভোঃ সাধো অয়ং মুখরোদুর্মুখোজনো যথা তথাস্মান্ পরিবদতিনিন্দতি চেৎ পরিবদতু পরিবাদং দদাতু তৎপরিবদনং বয়ং ন বিচারয়ামঃ ন্যায্যেঽস্মৎকৃত্যেঽয়মন্যায্যং বদত্যেবং রূপং তদ্বিচারণে ভগবতি চিত্ত শৈথিল্যাৎ । কিন্তু হরিরসমদিরা-মদাতিমত্তাঃ হরেঃ শ্রীকৃষ্ণস্য রসাঃ শৃঙ্গারাদয় স্তএব স্বাদুত্বাৎ মদিরা সাচ মদজনকত্বাৎ মদঃ অত্যন্তাতিশয়োক্ত্যা তদাস্বাদো ব্যজ্যতে তেনাতিমত্তা ইত্যর্থঃ । এবম্ভূতাঃ সন্তো ভুবি ভূমৌ বিলুঠাম লোঠনং করবাম নটাম নৃত্যং করবাম নির্বিশাম মূর্চ্ছাং প্রাপ্নুবাম নির্বেশ উপভোগে স্যাৎ মূর্চ্ছায়াং বেতনে পুমানিতি শব্দরত্নাকরঃ ।। ৭৪ ।।

কশ্চিন্নির্ভেদ ব্রহ্মজ্ঞানী কশ্চিদ্ভক্তশ্রেষ্ঠং ব্রূতে হে সাধো ! মৃদঙ্গ করতালাদি বাদ্য সংঘট্টে লোকসমাজে আদ্যরস গীতিং কথং গায়সে অস্মাকমিব শ্রবণ মননাদিকুরুতাং তং প্রতি স যথাহ তৎ শ্রীমদীশ্বরপুরীপাদানাং পদ্যেন লিখতি ধন্যানামিতি । গিরিবরপ্রত্যগ্র-কুঞ্জৌকসাং ধন্যানাং সুকৃতিনাং হৃদি অন্তর্মহঃ প্রত্যক্

আপনার আচরণ অতি সুন্দর তথাপি মূঢ়জন নিন্দা করে, তাহা শ্রবণ করিয়া আমাদের মনে মহা দুঃখ হয়, সুতরাং অপানি একান্তে প্রেম প্রকাশ করিবেন, এই বাক্য শ্রবণ করতঃ সাধুর নিষ্ঠা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে বলিতেছেন-এই অপ্রিয়বাদী মুখর মানব যাহা মনে আসে তাহা বলুক , যেখানে সেখানে নিন্দা করে করুক, কিন্তু আমরা তাহা বিচার করিব না, বা করিবার সময়ও নাই, কারণ আমরা শ্রীকৃষ্ণের ধীর ললিত স্বভাব জাত শৃঙ্গার রস রূপ মদিরা পানে অতিশয় প্রমত্ত হইয়াছি, সুতরাং পৃথিবীতে গড়াগড়ি দিব, উদ্দণ্ড নৃত্য করিব, আনন্দে মূর্চ্ছা প্রাপ্ত হইব, আমাদের কোন ভয় নাই ।৭৪।

কোন একজন নিরাকার ব্রহ্মজ্ঞানী শ্রীকৃষ্ণপ্রেমোন্মত্ত সঙ্কীর্ত্তনরত বৈষ্ণবকে বলিলেন-হে সাধো ! মৃদঙ্গ করতাল বাদ্য যুক্ত লোক কোলাহলের

অস্মাকং কিল বল্লবীরতিরসো বৃন্দাটবীলালসো
গোপঃ কোঽপি মহেন্দ্রনীলরুচিরশ্চিত্তে মুহুঃ ক্রীড়তু ।। ৭৫।
শার্দ্দূলবিক্রীড়িতম্।

শ্রীযাদবেন্দ্রপুরীপাদানাম্

রসংপ্রশংসন্তু কবিত্বনিষ্ঠা ব্রহ্মামৃতং বেদশিরোনিবিষ্টাঃ ।

চৈতন্যং ভাসতাং প্রত্যক্ষীভূয়তামিত্যন্বয়ঃ । গিরিবরঃ শ্রীশৈলাদিঃ তস্মিন্ প্রত্যগ্রমভিনবঃ শোধিতো বা কুঞ্জ ওকো ব্রহ্মাধ্যানযোগ্যনিবাসস্থানং যেষামিতি তেষাং তৎ কথম্ভূতং সত্যানন্দরসং নিত্যসুখরূপং পুনঃ কথম্ভূতং বিকারবিভবব্যাবর্ত্তং বিকারা অহঙ্কার তন্মাত্র ভূতাদয়ঃ তেষাং বিভবাদ্যৈশ্বর্য্যাৎ নানা রূপেণ ভানাৎ ব্যাবর্ত্তং তন্ন তন্নেতি নিষেধাবধিভূতং নির্ব্বিকারমিত্যর্থঃ । যদ্বা বিকারাস্ত এব বিভবা ঐশ্বর্য্যাণি যস্যাঃ প্রকৃতেঃ সা ব্যাবর্ত্ত্যা নিবর্ত্তিতা যস্মাৎ তৎ । কিল প্রসিদ্ধৌ অস্মাকং চিত্তে কোঽপি গোপো মুহুঃ ক্রীড়তু প্রার্থনায়াং লোট্। স কথম্ভূতঃ মহেন্দ্রনীল রুচিরঃ মহেন্দ্র ইন্দ্ররত্নস্তস্যযোনীলো নীলবর্ণস্তস্মাদ্রুচিরঃ সুন্দরঃ মহেন্দ্ররত্ন রুচির ইতি পাঠঃ সুগমঃ। পুনঃ কথম্ভূতঃ বল্লবী রতিরসঃ বল্লবীনাং সম্বন্ধে মূর্ত্তঃ শৃঙ্গার ইব । বল্লব্যো গোপ্যস্তাসাং রতিঃ প্রীতিঃ সা রস আস্বাদ্যো যস্য সঃ । তদর্থং বৃন্দাটবীলালসঃ বৃন্দাটব্যাং বৃন্দাবনে লালসোমহাকামো যস্য স ইতি ।। ৭৫ ।।

কেচিদ্বৈষ্ণবশ্রেষ্ঠাঃ স্বশিষ্যান্ ভগবন্নিষ্ঠাং শিক্ষয়তি তাং শ্রীযাদবেন্দ্রপুরীণাং পদ্যেন লিখতি রসমিতি । কবিত্বনিষ্ঠা আলঙ্কারিকা রসং শৃঙ্গারাদি দ্বাদশ রসং

মাঝে কামোদ্দীপক শৃঙ্গাররস যুক্ত গান গাহিতেছেন কেন ? আমাদের মত বেদান্ত শ্রবণ ও আমি ব্রহ্ম ইত্যাদি মনন করুন, তদুত্তরে শ্রীমদীশ্বরপুরীপাদের বাক্যে স্বনিষ্ঠা বলিতেছেন- মহান পর্বতরাজ শ্রীশৈলাদি পর্ব্বতের শোভাময় কুঞ্জে নিবাসকারী ভাগ্যবান পুরুষদিগের বিশুদ্ধহৃদয়ে বিকার ও ঐশ্বর্য্যাদি রহিত অন্তরের মহামহোৎসব স্বরূপ সত্য ও আনন্দ স্বরূপ নিরাকার ব্রহ্ম প্রকাশিত হউক , কিন্তু আমাদের হৃদয়ে নিশ্চিন্তভাবে ব্রজগোপীগণের রতিরস স্বরূপ বৃন্দাবন নিকুঞ্জবিলাসী ইন্দ্রনীলমনি কান্তিশালী কোন গোপকুমারবর নিরন্তর ক্রীড়া করুন । ৭৫ ।

কোন শ্রীকৃষ্ণের ভক্তশ্রেষ্ঠ নিজ শিষ্যগণকে শ্রীকৃষ্ণনিষ্ঠা শিক্ষা প্রদান

বয়ন্তু গুঞ্জাকলিতাবতংসং গৃহীতবংশং কমপি শ্রয়ামঃ ।। ৭৬ ।। উপজাতিঃ

কবিরত্নস্য

ধ্যানাতীতং কিমপি পরমং যে তু জানন্তি তত্ত্বং
তেষামাস্তাং হৃদয়কুহরে শুদ্ধচিম্মাত্র আত্মা ।
অস্মাকন্তু প্রকৃতিমধুরঃ স্মেরবক্ত্রারবিন্দো
মেঘশ্যামঃ কনকপরিধিঃ পঙ্কজাক্ষোঽয়মাত্মা ।। ৭৭।। মন্দাক্রান্তা।

প্রশংসন্তি কাব্যালোচনেন চতুর্বর্গ সিদ্ধেঃপ্রশংসন্তু নাম তথাচসাহিত্যদর্পণে ।ধর্ম্মার্থ কাম মোক্ষেষু বৈচক্ষণ্যং কলাসুচ । করোতি কীর্ত্তিং প্রীতিঞ্চ সাধুকাব্যনিষেবণং ইতি। তথা বেদশিরঃ শ্রুতিস্তস্মিন্নিবিষ্টাঃ শ্রুতিশাস্ত্রপারগা অমৃতমমৃতবদাস্বাদ্যং ব্রহ্ম প্রশংসন্তি-প্রশংসন্তু, বয়ন্তু গৃহীতবংশং কমপি প্রাকৃতিকাগোচরমপি অর্থাৎ শ্রীকৃষ্ণং শ্রয়ামঃ সেবামহে , বিশেষণাভ্যাং বিশেষ্যং নিগময়তি গুঞ্জা কলিতাবতংসং গৃহীতবংশমিতি। গুঞ্জাভিঃ কলিতোঽবতংসঃ শিরোভূষণং যস্য তং গৃহীতো বংশো বংশী যেন তঞ্চ।। ৭৬

তাং পুনঃ কবিরত্নস্য পদ্যেন নির্দ্দিশতি ধ্যানাতীতমিতি, যেতু বেদান্তিনো ধ্যানাতীতংপরমং কিমপি বাঙ্মনসোরগোচরং তত্ত্বং বস্তু জানন্তি তেষাং হৃদয় কুহরে হৃদয়াকাশে শুদ্ধ চিন্মাত্রং তত্ত্বং পদার্থ শোধিত তুরীয়মাত্মা আস্তাং সাক্ষাদ্ভাবেন তিষ্ঠতু। অস্মাকন্তু অয়ং ধ্যাননির্দ্দিষ্ট আত্মা অপ্রাকৃত সগুণং ব্রহ্মাস্তামিতি পূর্ব্বেণান্বয়ঃ। ধ্যাননির্দ্দিষ্টত্বং ত্বাহ মেঘশ্যাম ইতি কনকপরিধিরিতি কনকং সুবর্ণ খচিতং বস্ত্রং তৎ পরিধির্বেষ্টনমণ্ডলমিব পরিধিরধরোত্তরীয়ং যস্য সঃ পরিবেশস্তু পরিধিরুপসূর্য্যকে মণ্ডলে ইত্যমরাৎ । যদ্বা পরিপূর্ব্ব ধাত্রুধাতোর্ব্রত্রাদেরিরিতী প্রত্যয়ান্তঃ । তেন কনকখচিতং বস্ত্রং পরিধানং যস্য সঃ ।পঙ্কজবদক্ষি চক্ষুর্যস্য সঃ

করিতেছেন, তাহা শ্রীযাদবেন্দ্র পুরীপাদের পদ্যে বলিতেছেন- কবিত্বনিষ্ঠ আলঙ্কারিকগণ শৃঙ্গারাদি রসের প্রশংসা করুন, বেদশিরো ভাগ বেদান্তনিষ্ঠ ব্রহ্মজ্ঞানীগণ ব্রহ্মস্বরূপ অমৃতের প্রশংসা করুন, আমরা কিন্তু গুঞ্জাবতংসশোভিত চূড়া বংশীধারী শ্রীকৃষ্ণকে আশ্রয় করিব ।৭৬ ।

শ্রীকবিরত্নের পদ্যে পুনঃ তাহাই নিশ্চয় করিতেছেন- যে বৈদান্তিকগণ ধ্যানাতীত অবাঙ্মনসগোচর কোন এক অনির্ব্বচনীয় পরমতত্ত্ব জানেন, তাঁহাদের হৃদয়াকাশে শুদ্ধ চিন্মাত্র তত্ত্বং পদার্থ শোধিত তুরীয়াত্মা প্রকাশিত হউন, কিন্তু আমাদের হৃদয়ে স্বভাবতঃ মধুর মধুর রসের অধিদেবতা ঈষৎ হসিতযুক্ত বদন

তস্যৈব

জাতু প্রার্থয়তে ন পার্থিবপদং নৈন্দ্রে পদে মোদতে
সন্ধত্তে ন চ যোগসিদ্ধিষু ধিয়ং মোক্ষঞ্চ নাকাঙ্ক্ষতি।
কালিন্দীবনসীমনি স্থিরতড়িন্মেঘদ্যুতৌ কেবলং
শুদ্ধে ব্রহ্মণি বল্লবীভুজলতাবদ্ধে মনো ধাবতি।। ৭৮ ।।

শার্দুলবিক্রীড়িতম্

বক্ত্রমেবারবিন্দং পদ্মং বক্ত্রারবিন্দং স্মেরোমন্দহাস্যস্তদযুক্তং বক্ত্রারবিন্দং যস্য সঃ। অতএব প্রকৃত্যা স্বভাবেন মধুরঃ সৌম্যঃ ।। ৭৭ ।।

সহৃদয়ং প্রতি কশ্চিৎ সাধুঃ স্বনিষ্ঠাং ব্রূতে তাং তস্যৈব পদ্যেন লিখতি জাত্বিতি। জাত্বিতিপদং সর্ব্বত্র সম্বধ্যতে। মে মনঃ জাতু কদাপি পার্থিবপদং রাজ্যং ন প্রার্থয়তে। তথা ঐন্দ্রে পদে স্বর্গরাজ্যে নমোদতে তথা যোগ সিদ্ধিষু অণিমাদিষু ধিয়ং মতিমর্থাদিচ্ছাং ন সন্ধত্তে অনুসন্ধানং ন করোতি, কিম্বক্তব্যং মোক্ষং নচাকাঙ্ক্ষতি, কিন্তু কেবলং শুদ্ধে ব্রহ্মণি মনো ধাবতি মমেত্যধ্যাহার্য্যম্। শুদ্ধে ইত্যত্র শ্যামে ইতি পাঠান্তরমস্তি শ্যামবর্ণে ইত্যর্থঃ। তস্মিন্ কথম্ভূতে কালিন্দীবনসীমনি কালিন্দ্যা যমুনায়া বনং কালিন্দীবনং তস্য সীমনি ক্ষেত্রে সীমা ঘাটা সীময়োঃ স্ত্রী ক্ষেত্রে বৃদ্ধাণ্ডকোষয়োরিতি শব্দরত্নাকরঃ। তত্র বর্ত্তমানে স্থির তড়িন্মেঘদ্যুতৌ স্থিরা তড়িদ্বিদ্যুদযত্র সচাসৌ মেঘশ্চেতি তস্য দ্যুতিরিব দ্যুতির্যস্য তস্মিন্ পীতাম্বরাবৃত শ্যামবর্ণে পুনঃ কথম্ভূতে বল্লবীভুজলতাবদ্ধে বল্লবীনাং গোপীনাং ভুজা এব লতাঃ তাভির্বদ্ধে প্রেমালিঙ্গিতে এবম্ভূতেঽপি শুদ্ধব্রহ্ম ত্বং পরম বিচিত্রং অত স্তদাকৃষ্টং মনস্তত্র ধাবতীতি ।।৭৮ ।।

কমল, নবীন মেঘেব ন্যায় শ্যামবর্ণ পীতাম্বর ধারী প্রফুল্ল পদ্মদল লোচন এই আত্মা সর্ব্বদাই স্ফুর্ত্তিপ্রাপ্ত হইয়া অবস্থান করুন। ৭৭।

শ্রীকৃষ্ণচরণৈক নিষ্ঠ কোন বৈষ্ণব নিজ নিষ্ঠা শ্রীকবিরত্নের পদ্যে বলিতেছেন- আমার মন কখনও পৃথিবীর রাজপদ প্রার্থনা করে না, ইন্দ্রের স্বর্গরাজ্য পাইবার জন্যও আমোদ প্রকাশ করে না, এবং যোগসিদ্ধি বিষয়েও কোন অনুসন্ধান রাখে না, সর্ব্বজন কাম্য মুক্তিরও আকাঙখা করে না, কিন্তু কেবলমাত্র যমুনাতীরে অবস্থিত বন কুঞ্জাদি সীমায়স্থির বিদ্যুতে নবমেঘকান্তি স্বরূপ বল্লবী শ্রীরাধিকার ভুজলতানিবদ্ধ অর্থাৎ শ্রীরাধিকা আলিঙ্গিত শুদ্ধ পরব্রহ্মের প্রতি বিধাবিত হইতেছে। ৭৮।

শ্রীমাধবেন্দ্রপুরীপাদানাম্

সন্ধ্যাবন্দন ভদ্রমস্তু ভবতে ভোঃ স্নান তুভ্যং নমো
ভো দেবাঃ পিতরশ্চ তর্পনবিধৌ নাহং ক্ষমঃ ক্ষম্যতাম্ ।
যত্র ক্বাপি নিষদ্য যাদবকুলোত্তংসস্য কংসদ্বিষঃ
স্মারং স্মারমঘং হরামি তদলং মন্যে কিমন্যেন মে ।। ৭৯।।

শার্দুলবিক্রীড়িতম্

ভক্তিনিষ্ঠাপ্রৌঢ়িং শ্রীমাধবেন্দ্রপুরীপাদানাং পদ্যেন নির্দিশতি সন্ধ্যেতি । বন্দনং মুখে নতাবিতিশব্দরত্নাকরাৎ হে সন্ধ্যাবন্দন হে সন্ধ্যামুখ নিত্য কর্ম্ম ভবতঃ সকাশান্মম ভদ্রমস্তু ত্বদকরণেঽপি মা কুপ্যতাং প্রত্যুত কৃপয়া শ্রীকৃষ্ণ ভজননিষ্ঠায়াং মাং নিযুঙ্ক্ষ্বেত্যর্থঃ । যদ্বা ভবতো ভদ্রং শ্রৈষ্ঠ্যং মঙ্গলং বস্তু অন্যৈরাদরেণাচরণাৎ, যদ্বা বন্দন সন্ধ্যাঙ্গ সূর্য্য প্রণামঃ সন্ধ্যয়া সহ বন্দনেত্যর্থঃ । তথা ভোঃ স্নান তুভ্যং নমোঽস্তু স্নানকরণাশক্তয়ে মহ্যং মা কুপ্যতাং ভো দেবা ব্রহ্মাদয়ঃ পিতরশ্চাগ্নিস্বত্তাদয়ো যুষ্মভ্যং নমোঽস্তু ভবতাং তর্পণ বিধৌ হব্যকব্যাদিনা সন্তোষণ বিধৌ নাহং ক্ষমঃ সমর্থঃ । চতুঃষষ্টি ভক্ত্যঙ্গ সাধকস্য মমান্যকর্ম্ম করণে অবকাশাভাবাদতঃ ক্ষম্যতামকরণ জন্য প্রত্যবায়ো ন গৃহ্যতামিত্যর্থঃ । ননু ভোঃ সাধো ভগবদারাধনেন বয়ং সন্তুষ্টাঃ স্নাতস্তব কমপি দোষং ন গৃহ্নামঃ কিন্তু সর্ব্ব কর্ম্ম ত্যাগেন ভবতা সহ কেঽপি ন ব্যবহরন্তি তত্র বয়ং কিং কুর্ম্মস্তত্রাহ যত্রেত্যাদি যত্র ক্বাপি অহমমুকোঽমুকজাতিরিত্যাদি পরিচয় রহিতে স্থানে নিষদ্য নিবিশ্য যাদবকুলোত্তংসস্য কংসদ্বিষঃ স্মৃত্যর্থ ধাতুযোগে কর্ম্মণি ষষ্ঠী তং পুনঃ পুনঃ স্মৃত্বা স্মৃত্বা অঘং সর্ব্বপাপং সংসার দুঃখং বা হরামি তৎস্মরণমঙ্গলং পর্য্যাপ্তং মনো মে মমান্যেন কর্ম্মণা কিং ন কিঞ্চিদিত্যর্থঃ এতেন বান্ধবাদি যোগো ধ্বনিঃ স তু মদতিলঙ্ঘিত এবেত্যর্থঃ ।। ৭৯ ।

শ্রীকৃষ্ণভক্ত সন্ধ্যাবন্দনাদি নিত্যকৃত্য না করিলেও পাপাদি স্পর্শ করে না, তাহা শ্রীপাদমাধবেন্দ্র পুরীর পদ্যে নিশ্চয় করিতেছেন- হে সন্ধ্যাবন্দন ! আপনার মঙ্গল হউক, আমি আপনার সম্মান করিতে পারিব না, সুতরাং আপনি ক্রোধ করিবেন না, হে স্নান ! আপনাকে নমস্কার করি, হে দেবতাবৃন্দ ! হে পিতৃগণ ! আপনাদের নিমিত্ত জল তিলাদিদ্বারা তর্পণ করিতে আমার ক্ষমতা নাই, অতএব আপনারাও আমাকে ক্ষমা করিবেন, কারণ আমি যে কোন জাতি গোত্রাদি রহিত স্থানে অবস্থান করিয়া যাদব বংশের শিরোভূষণ কংসের প্রাণঘাতী শত্রু শ্রীকৃষ্ণকে

কস্যচিৎ

স্নানং ম্লানমভূৎ ক্রিয়া ন চ ক্রিয়া সন্ধ্যা চ বন্ধ্যা ভব
দ্বেদঃ খেদমবাপ শাস্ত্রপটলী সংপুটিতাস্তঃ স্ফুটা ।
ধর্ম্মো মর্ম্মহতো হ্যধর্ম্ম নিচয়ঃ প্রায়ঃ ক্ষয়ং প্রাপ্তবান্
চিত্তং চুম্বতি যাদবেন্দ্রচরণাম্ভোজে মমাহর্নিশম্ ।। ৮০।।

শার্দুলবিক্রীড়িতম্

ভক্তিনিষ্ঠত্বেন নিত্যাদীনাং ত্যাগং কার্য্যদ্বারা কস্যচিৎ পদ্যেন দর্শয়তি স্নানমিতি পামরস্যাধমস্য মম সম্বন্ধি স্নানং ম্লানমভূৎ যথাবিধ্যনাচরণাৎ ক্রিয়াদিষু বিভক্তি বিপরিণামাৎ অন্বয়ঃ কার্য্যঃ । তেনচক্রিয়া ক্রিয়া নাভূৎ । সন্ধ্যাচবন্ধ্যাভবৎ স্বস্যা অনাচরণ হেতুনা স্বফল প্রকাশনাভাবাৎ বেদঃ কর্ম্মমার্গঃ ক্লেদং মলিনতামবাপ । ভক্তিনিষ্ঠৈরনাদরণাৎ । তথৈব অন্য শাস্ত্র পটলী সংপুটিতোঽন্তর্মনো মধ্যে স্ফুটো ব্যক্তো যস্যাস্তথাভূৎ অভবৎ অকৃত যাজনত্বাৎ । তথা ধর্ম্মো মর্ম্মহতঃ স্বরূপেণ বিনষ্টোঽভবৎ অনুপাসনাৎ । তথৈব ধর্ম্ম সমূহঃ কর্ম্মাক্ষমং প্রাপ্তবান্ । স্বদেয় ক্লেশকর্ম্মণি অশক্তোঽভূৎ, ননু ভোঃ যদ্যেবং সর্ব্বং তৎ কথং চিন্তা তিষ্ঠতীত্যত আহ মম চিন্তা ইষ্টালাভানিষ্ট লাভাভ্যাং নির্ম্মিতং ধ্যানং ত্বং যাদবেন্দ্রস্য চরণাম্ভোজেঽনিশং নিরন্তরং সংবিশ নিশ্চল তয়া প্রবিশেত্যন্বয়ঃ ।। ৮০ ।।

পুনঃ পুনঃ স্মরণ করিয়া সন্ধ্যাস্নানাদি রহিত জন্য পাপরাশি নিবারণ করিব, সুতরাং সন্ধ্যা স্নানাদিতে আমার প্রয়োজন মনে করি না, কেবলমাত্র শ্রীকৃষ্ণের নামকীর্ত্তন মাত্রই করিব ।৭৯ ।

শ্রীকৃষ্ণভক্তি নিষ্ঠ ভক্তগণের স্নানসন্ধ্যা বন্দনাদিতে আসক্তি রাহিত্য অজ্ঞাত নামা কোন কবির পদ্যে লিখিতেছেন- আমার স্নানক্রিয়া মলিন হইয়া যাউক, সৎক্রিয়া সকল অসৎ ক্রিয়া হউক, সন্ধ্যা অকরণ হেতু স্বফল প্রদানে বন্ধ্যা হউক, বেদ সকল খেদ প্রাপ্ত হইয়া আমাকে পরিত্যাগ করুন, শাস্ত্র সকল আমার হৃদয়ে অবস্থান করুন, জ্ঞানাদি বিস্তার করিয়া বাহিরে নহে, ধর্ম্ম মর্ম্মাহত হইয়া বিনষ্ট হউন, অধর্ম্ম সমূহ সমূলে ক্ষয় প্রাপ্ত হইয়াছে, কারণ আমার চিত্ত শ্রীযাদবেন্দ্র চরণ কমলের মধু নিরন্তর লেহন করিতেছে ।৮০ ।

কস্যাচিৎ

দেবকীতনয়সেবকীভবন্ যো ভবানি স ভবানি কিং ততঃ ?
উৎপথে ক্বচন সৎপথেঽপি বা মানসং ব্রজতু দৈবদেশিতম্ ।। ৮১ ।।

রথোদ্ধতা

মাধবস্য

মুগ্ধং মাং নিগদন্তু নীতিনিপুণা ভ্রান্তং মুহুর্বৈদিকা
মন্দং বান্ধবসঞ্চয়া জড়ধিয়ং মুক্তাদরাঃ সোদরাঃ ।
উন্মত্তং ধনিনো বিবেকচতুরাঃ কামং মহাদাম্ভিকং
মোক্তুং ন ক্ষমতে মনাগপি মনো গোবিন্দপাদস্পৃহাম্ ।।৮২।।

শার্দুলবিক্রীড়িতম্

বা দৈবদেশিতং পূর্ব্ব কর্ম্মাধীনং মানসং চিত্তং ব্রজতি চেৎ ব্রজতু ততঃ কিমিতি পূর্ব্বেণান্বয়ঃ। জীবনস্য তস্মিন্ বিক্রীতত্বাৎ নিকৃষ্ট ভবনাদিতি তু দৈন্যেনোক্তং নতু স্বরূপতঃ ভক্ত্যা তদনুপযোগাৎ ।। ৮১ ।।

পুনরপি তস্য তাং মাধবস্যপদ্যেন লিখতিমুগ্ধমিতি। নীতিনিপুণাঃ শাস্ত্রাভিজ্ঞা মাং মুগ্ধং মূঢ়ং নিগদন্তি চেৎ নিগদন্তু বদন্তুনিগদন্ত্বিতি ক্রিয়া সর্ব্বত্র সম্বধ্যতে। বৈদিকাঃ কর্ম্ম নির্ব্বেদ জ্ঞান নিষ্ঠা ভ্রান্তং ভ্রমব্যাপ্তং বান্ধব সমূহা মন্দং নিকৃষ্টং সোদরাঃ সহোদর ভ্রাতরঃ মুক্তাদরাঃ স্নেহশূন্যাঃ মাংপ্রতি আদরং স্নেহং পরিত্যজ্য জড়ধিয়ং গার্হস্থ কার্য্যাক্ষমং ধনিন উন্মত্তং স্বাভিপ্রেতং ধনং প্রার্থয়স্বেত্যুক্তেঽপি তদগ্রহণাৎ ক্ষিপ্তং বিবেকচতুরা বস্তু স্বরূপ নিশ্চয় কুশলা বিবেকো মিথো ব্যাবৃত্ত্যা বস্তু স্বরূপ নিশ্চয়ে। প্রকৃতিপুরুষ জ্ঞানে পৃথগ্ভাব বিচারয়োরিতি শব্দরত্নাকরাৎ। কামং যথেচ্ছং মহাদাম্ভিকং মহাকাপটিকং তে সর্ব্বে নিগদন্তু নাম তথাপি মে মনঃ

আমি শ্রীদেবকীনন্দনের সেবক হইয়া উত্তম বা অধম যাহা হই না কেন তাহা হইব, পূর্ব্বজন্মের কর্ম্মফল দ্বারা প্রেরিত হইয়া আমার মন অসৎপথে বাসৎ পথে গমন করুক তাহাতে আমার কি ক্ষতি অথবা লাভ হইবে? ।৮১।

ভগবদ্বহির্ম্মুখ মানব যা ইচ্ছা হয় বলুক কিন্তু আমার নিষ্ঠা এই প্রকার, ঐ নিষ্ঠা শ্রীমাধবের পদ্যে লিখিতেছেন- নীতিশাস্ত্রনিপুণ পণ্ডিতগণ আমাকে মহামূঢ় বলেন বলুন তাহাতে আমার ক্ষতি কি ? বেদ প্রতিপাদিত কর্মনিষ্ঠ বৈদিকগণ বারম্বার ভ্রান্তমতি বলেন বলুন, বান্ধবগণ মন্দবুদ্ধি বলেন বলুন, সহোদর ভ্রাতা সকলে স্নেহমমতা শূন্য ও আদর পবিত্যাগ করতঃ জড় বুদ্ধি অর্থাৎ গৃহস্থ কার্য্যে

শ্রীরঘুপত্যুপাধ্যায়স্য

শ্যামমেব পরং রূপং পুরী মধুপুরী বরা ।

বয়ঃ কৈশোরকং ধ্যেয়মাদ্য এব পরো রসঃ ।। ৮৩ ।। অনুষ্টুভ্ ।

পুরুষোত্তমাচার্য্যস্য

পুরতঃ স্ফুরতু বিমুক্তিশ্চিরমিহ রাজ্যং করোতু বৈরাজ্যম্ ।

পশুপালবালকপতেঃ সেবামেবাভিবাঞ্ছামি ।। ৮৪ ।। আর্য্যা ।

মনাগপি ঈষৎ কালমপি গোবিন্দপাদস্পৃহাং মোক্তুং ন ক্ষমতে ইতি স্বাতন্ত্র্যং পরিহৃতং তেন চ চঞ্চলস্য মনসস্তদপি তুল্যা নিষ্ঠা পর্য্যাপ্তিস্তস্য চ মনো মোহনত্বঞ্চ ব্যজ্যতে ।। ৮২

ভগবন্নিষ্ঠায়ামপি অধিকারিভেদেন বৈশিষ্ট্যং রঘুপত্যুপাধ্যায়স্য পদ্যেন লিখতি শ্যামমেবেতি । বয় ইতি বয়সো বিবিধত্বেঽপি সর্ব্ব ভক্তিরসাশ্রয়ঃ কৈশোর ধর্ম্মী এবাত্র নিত্য নানা বিলাসবানিতি রসামৃতসিন্ধাবস্য মুখ্যত্ব বর্ণনাৎ । আদ্যো মধুরঃ ।।৮৩

পুরুষোত্তমাচার্য্যস্য পদ্যেন পুনস্তাং নিদিশতিপুরত ইতি, ইহ সংসারে নির্ব্বেদ জ্ঞানোপাসকস্য পুরতোঽগ্রে বিমুক্তিঃ সাযুজ্যং চিরং স্ফুরতি চেৎ স্ফুরতু । কর্ম্মী জনো রাজ্যং করোতু চেৎ করোতু হিরণ্যগর্ব্ভোপাসকো বৈরাজ্যং সত্যলোকাধিপত্যং করোতি চেৎ করোতু তত্র তত্র ন মমাকাঙ্ক্ষেতি, ননু তদা ভবান্ কিং প্রার্থয়তে তত্রাহ পশুপালবালকপতেঃ গোপসুতানাং পালকস্য কৃষ্ণস্যাহং সেবামেব বাঞ্ছামি নান্যৎ ।। ৮৪ ।।

অক্ষম বলিয়া তিরস্কার করেন করুন, ধনবান ব্যক্তিগণ আমাকে উন্মাদ বলেন তাহাতেও আমার কোন ক্ষতি নাই, অপর প্রকৃতি পুরুষাদি জ্ঞানে অভিজ্ঞ বিবেক চতুরব্যক্তিগণ আমাকে মহাকপটি বলিয়া ঘৃণা করেন করুন, তথাপি আমার মন অতি সামান্য ক্ষণমাত্রও অখিল রসামৃতমূর্ত্তি শ্রীগোবিন্দদেবের পাদপদ্মের সেবা বাসনা পরিত্যাগ করিতে সমর্থ হইবে না । ৮২ ।

অধিকারী ভেদে শ্রীকৃষ্ণনিষ্ঠাও বৈশিষ্ট্যভাব ধারণ করে, তাহা শ্রীরঘুপতি উপাধ্যায়ের পদ্যে বলিতেছেন- শ্রীভগবানের বহুরূপের মধ্যে নবীন নীরদ শ্যাম রূপই সর্ব্বশ্রেষ্ঠ উপাস্য, মুক্তিদায়িকা বহু পুরী ভগবানের লীলাক্ষেত্রের মধ্যে মথুরা পুরীই সর্ব্বশ্রেষ্ঠা, সুতরাং তাহার আশ্রয় গ্রহণই মানব মাত্রের কর্ত্তব্য, শ্রীকৃষ্ণের নানা প্রকার বয়ঃ ক্রমের মধ্যে ধর্ম্মী কৈশোর যাহাতে রাসাদি বিলাস হয় তাহাই ধ্যান করিবার যোগ্য এবং শান্তাদি মুখ্যপঞ্চরসের মধ্যে আদ্য শৃঙ্গার রসই সর্ব্বশ্রেষ্ঠ রস, সুতরাং শৃঙ্গাররসাশ্রয়ী ভক্তগণের আশ্রয় গ্রহণ করাই সাধকগণের কর্ত্তব্য । ৮৩ ।

শ্রীগর্ত্তকবীন্দ্রস্য

ক্ষৌণীপতিত্বমথ বৈকমকিঞ্চনত্বং নিত্যং দদাসি বহুমানমথাপমানম্ ।
বৈকুণ্ঠবাসমথ বা নরকে নিবাসং হা বাসুদেব মম নাস্তি গতিস্ত্বদন্যা ।।৮৫।।

বসন্ততিলকম্।

শ্রীকবিরাজমিশ্রস্য

দিশতু স্বারাজ্যং বা বিতরতু তাপত্রয়ং বাপি ।
সুখিতং দুঃখিতমপি মাং ন বিমুঞ্চতু কেশবঃ স্বামী ।। ৮৬ ।। উপগীতিআর্য্যা

শ্রীভগবন্তং প্রতি কশ্চিৎ স্বনিষ্ঠাং নিবেদয়তি তৎ গর্ত্তকবীন্দ্রস্য পদ্যেন লিখতি ক্ষৌণীতি ,হে বাসুদেব (হা বাসুদেবেতি পাঠঃ ক্বচিৎ দৃশ্যতে) মম সম্বন্ধে ক্ষৌণীপতিত্বং ভূমিরাজ্যং অথবা একমকিঞ্চনত্বং দারিদ্র্যমাত্রং দদাসি অথ বহুমানং নিত্যং দদাসি অপমানং বা তথা বৈকুণ্ঠবাসং অথবা নরকে বাসং তথাপি ত্বদন্যা গতি র্নাস্তি মমান্য সেব্যত্বাভাবাৎ ।। ৮৫ ।।

কবিরাজমিশ্রস্য পদ্যেন তাং লিখতি দিশত্বিতি । কেশবঃ স্বামী প্রভু র্মম স্বারাজ্যং স্বর্গাধিপত্যং দিশতু তাপত্রয়ং আধ্যাত্মিকাদিতাপত্রয়ং বাপি বিতরতু

পূর্ব্বোক্ত শ্রীকৃষ্ণনিষ্ঠাই শ্রীপুরুষোত্তমাচার্য্যের পদ্যে নির্দ্দেশ করিতেছেন- আমার সম্মুখে বিমুক্তি (মুক্তিদেবী) বহুক্ষণ পর্য্যন্ত প্রকাশিত হইয়া আমাকে গ্রহণ করিবার জন্য অবস্থান করুন, আমি কিন্তু তাঁহাকে অঙ্গীকার করিব না, অপর বৈরাজ্য অনিমাদি সিদ্ধিসকল আসিয়া আমার নিকটেউপস্থিত রাজ্য করিতে বলেন তথাপি আমি তাহা করিব না, অন্যে করে করুন, আমি কিন্তু ব্রজে যে সকল গোপালক ব্রজবাসকগণ আছেন তাঁহাদের যিনি রাজা অর্থাৎ রাখালরাজা শ্রীশ্যামসুন্দরদেবের প্রেমসেবাই বাঞ্ছা করি । ৮৪ ।

কোন একান্তী ভক্ত শ্রীকৃষ্ণের প্রতি নিজের নিষ্ঠা শ্রীগর্ত্তকবীন্দ্রের পদ্যে নিবেদন করিতেছেন-হে প্রভো ! আপনি আমাকে পৃথিবীর রাজ সিংহাসনের আধিপত্য প্রদান করুন, অথবা পূর্ণরূপে দরিদ্রতাই প্রদান করুন, নিত্যই সকলের নিকট অনেকপ্রকার সম্মান প্রদান করুন, অথবা নিদারুণ অপমান প্রাপ্তকরান, আপনি দিব্য বৈকুণ্ঠে বাস প্রদান করুন, অথবা যাতনা পূর্ণ নরকেই বাস দেন, হে শ্রীবাসুদেব! আপনি বিনা আমার আর কোন গতি নাই । ৮৫ ।

সর্ব্বপ্রকারে সকল অবস্থায় ভক্তের শ্রীকৃষ্ণনিষ্ঠা শ্রীকবিরাজ মিশ্রের পদ্যে

"অথ ভক্তানাং সৌৎসুক্যপ্রার্থনা"

শ্রীকরাচার্য্যাণাম্ -

নন্দনন্দনপদারবিন্দয়োঃ স্যন্দমানমকরন্দবিন্দবঃ ।
সিন্ধবঃ পরমসৌখ্যসম্পদাং নন্দয়ন্তু হৃদয়ং মমানিশম্ ।। ৮৭ ।।

রথোদ্ধতা ।

তেন তেনচ সুখিতং দুঃখিতমপি মাং ন বিমুঞ্চত্বিত্যর্থঃ। অয়ং ভাব তেনতেনচ মে কষ্টং ন কিন্তু কেশবেনপরিত্যক্তস্য সতো মম মহৎকষ্টমিত্যর্থঃ । যতঃ স স্বামীপ্রভুঃ স্বামিনা পরিত্যক্তায়াঃ সাধ্ব্যাঃ কিমপি গত্যন্তরং নাস্তি অথচ মহদ্দুঃখঞ্চতদ্বদিত্যর্থঃ ।৮৬।

ভক্তানামেব ভক্তিনিষ্ঠানন্তরং জাত ভাবত্বাত্তেষাং সৌৎসুক্য প্রার্থনাং লিখতি অথ তেষামেব সৌৎসুক্যপ্রার্থনেতি। লালসৌৎসুক্য তৃষ্ণাতিরেকযাচ্ঞাসুচদ্বয়োরিতি মেদিনীকরকোষাদত্র ঔৎসুক্যং লালসা তন্ময়ী প্রার্থনেত্যর্থঃ । ঔৎসুক্য লক্ষণঞ্চৈবং কালাক্ষমত্বমৌৎসুক্যমিষ্টেক্ষাপ্তি স্পৃহাদিভিরিতি কালাক্ষমত্বং কালাযাপনায়া-মসমর্থত্বমিতি । শ্রীকরাচার্য্যাণাং পদ্যেন তাং দর্শয়তি নন্দেতি । নন্দনন্দন পদারবিন্দাভ্যাং স্যন্দমান মকরন্দবিন্দবঃ । অর্থাৎ ভক্তিরসাঃ স্যন্দুক্ষরণে ইতিধাতোঃ মম হৃদয়মনিশং সন্ততং নন্দয়ন্তু তে কথম্ভূতাঃ পরমসৌখ্য সম্পদাং সিন্ধবঃ সমুদ্রাঃ সমুদ্র বৎ পরম সুখানাং আশ্রয়াঃ ।। ৮৭ ।।

নিশ্চয় করিতেছেন-হে শ্রীকেশব ! আপনি আমাকে স্বর্গলোকের আধিপত্য প্রদান করুন, অথবা তাপত্রয় আধ্যাত্মিক -আধিদৈবিক -আধিভৌতিক এই ত্রিতাপজ্বালা প্রদান করুন, এবং স্রক্ চন্দন বনিতাদি দ্বারা পরমসুখেই রাখুন,অথবা জরা ব্যাধিপীড়াদি দ্বারা ভয়ানক দুঃখেই রাখুন, তহাতে আমার কোনই দুঃখ নাই কিন্তু আমাকেত্যাগ করিবেন না যেহেতুআপনি আমার স্বামী,স্বামী কর্ত্তৃক ত্যক্তা সাধ্বীস্ত্রীর কোন গত্যন্তর নাই ইহা হইতেও ভয়ঙ্কর দুঃখে নিপতিত হয় । ৮৬ ।

"শ্রীকৃষ্ণভক্তগণের ঔৎসুক্য প্রার্থনা "

ভক্তগণের ভক্তিনিষ্ঠা হইতে জাত ঔৎসুক্য প্রার্থনা শ্রীকরাচার্য্যের পদ্যে লিখিতেছেন- শ্রীনন্দগোপরাজ নন্দনের পদারবিন্দ যুগল হইতে ক্ষরিত হইতেছে যে মকরন্দ বিন্দু তাহাপরমানন্দ সম্পদের মহাসাগর, সেই মহাসাগর সকল আমার হৃদয়কে দিবানিশি আনন্দিত করুন । ৮৭ ।

শ্রীরঘুপত্যুপাধ্যায়স্য

ইহ বৎসান্ সমচারয়দিহ নঃ স্বামী জগৌ বংশীম্ ।
ইতি সাস্রং গদতো মে যমুনাতীরে দিনং যায়াৎ ।। ৮৮ ।।

উপগীতি আর্য্যা

শ্রীগোবিন্দস্য

অনুশীলিত কুঞ্জবাটিকায়ং জঘনালম্বিতপীতশাটিকায়াম্ ।
মুরলীকলকূজিতে রতায়াং মম চেতোঽস্তু কদম্বদেবতায়াম্ ।।৮৯।।

ঔপচ্ছন্দসিকম্।

রঘুপত্যুপধ্যায়ো যথা কাঙ্ক্ষতাং তত্তৎ পদ্যেন লিখতি ইহেতি, ইহ স্থানে নোঽস্মাকং স্বামী কৃষ্ণঃ বৎসান্ সমচারয়ৎ । ইহ বংশীং জগৌ বাদয়ামাস ইতি সাস্রং নেত্র জল ক্ষরণ সহিতং যথাস্যাত্তথা গদতো মে যমুনাতীরে দিনং যায়াৎ গচ্ছেৎ প্রার্থনায়াং লিঙ্ ।। ৮৮ ।।

গোবিন্দস্য পদ্যেন তৎ প্রার্থনাং লিখতি অনুশীলিতেতি ,কদম্বদেবতায়াং কদম্ব বৃক্ষস্য দেবতেব সদাধিষ্ঠাত্র্যাং মম চেতোঽস্ত্বিত্যন্বয়ঃ । তস্যাং কথম্ভুতায়াং অনুশীলিত কুঞ্জবাটিকায়াং অনুশীলিতা ক্রীড়ার্থ পরিষেবিতা কুঞ্জ বাটিকা কুঞ্জগৃহো যয়েতি, তথা জঘনে স্ত্রীকট্যা অগ্রভাগে অলঙ্কৃতা পীতশাটিকা যস্যা স্তস্যাং । তথা মুরলী কলকূজিতে বংশীমধুরধ্বনৌরতায়াং তদ্বাদন ব্রতপরায়ামিতি ।। ৮৯ ।।

কোন এক ভক্তের কামনা শ্রীরঘুপতি উপাধ্যায়ের পদ্যে লিখিতেছেন- আমাদের স্বামী শ্রীকৃষ্ণচন্দ্র এই স্থানে ধেনুবৎসগণকে চারণ করিয়াছিলেন এই বংশী বটে বংশী বাদন করিয়াছিলেন । অশ্রুবিগলিত নয়নে এই প্রকার বলিতে বলিতে শ্রীযমুনা তীরে ভ্রমণ করতঃ দিন বিগত হউক ।৮৮ ।

শ্রীকৃষ্ণ দর্শন বিনা ক্ষণকাল যাপনে অসমর্থ ভক্তের প্রার্থনা শ্রীগোবিন্দের পদ্যে লিখিতেছেন -যিনি যমুনাতীরে নিকুঞ্জবাটিকায় রহঃ ক্রীড়ার জন্য ভ্রমণ করিতেছেন, যাঁহার জঘনদেশ পীতবসনে অলঙ্কৃত, যিনি শ্রীরাধার সঙ্কেত রূপ মুরলী বাদনে তৎপর , সেই কদম্ববন নিবাসী দেবতা শ্রীকৃষ্ণে আমার মন অবস্থান করুক ।৮৯।

শ্রীভবানন্দস্য

আরক্তদীর্ঘনয়নো নয়নাভিরামঃ কন্দর্পকোটিললিতং বপুরাদধানঃ ।
ভূয়াৎ স মেহদ্য হৃদয়াম্বুরুহাধিবর্ত্তী বৃন্দাটবীনগরনাগরচক্রবর্ত্তী।।৯০।।

বসন্ততিলকম্ ।

শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যাণাম্

লাবণ্যামৃতবন্যা মধুরিম লহরী পরীপাকঃ ।
কারুণ্যানাং হৃদয়ং কপটকিশোরঃ পরিস্ফুরতু ।। ৯১ ।।

উপগীতি আর্য্যা

ভবানন্দরায়ো যদাকাঙ্ক্ষতাং তৎপদ্যেন লিখতিআরক্তেতি। বৃন্দাটবী নগর নাগর চক্রবর্ত্তী সমেত্য অর্থান্মে মানসং সংগত্য হৃদয়াম্বুরুহাধিবর্ত্তী ভূয়াদিত্যন্বয়। স কথম্ভূতঃ আরক্তে ঈষদ্রক্তে দীর্ঘে নয়নে যস্য সঃ । পুনঃ কথম্ভূতঃনয়নে অভিসর্ব্বতোভাবেন রময়তীতি সঃ । কন্দর্পকোটীভ্যো ললিতং রম্যং বপুঃ শরীরং দধানঃ । হৃদয়েতি হৃদয়ং বক্ষঃস্থলমেব অম্বুরুহং পদ্মং তত্র অধি আধিক্যেন বর্ত্তিতুং শীলমস্য সঃ বৃন্দাটবী বৃন্দাবনং সৈব নগরং শ্রীনন্দরাজপুরং তত্র যে নাগরা বিদগ্ধাস্তেষাং চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ ।। ৯০ ।।

সার্ব্বভৌমভট্টাচার্য্যা যৎপ্রার্থয়ন্তি তত্তেষাংপদ্যেন লিখতি লাবণ্যেতি। কারুণ্যং কৃপাবিষয় স্তেষাং হৃদয়ে কপটকিশোরঃ পরিস্ফুরত্বিত্যন্বয়ঃ । কপটেন ছলেন কিশোরঃ শিশু স্তস্য নিত্য নবকৈশোরত্বাৎ । শিশুত্বমেব কাপট্যং । স কথম্ভূতঃ লাবণ্যমেবামৃতবন্যা অমৃতপ্রবাহঃ মধুরিমা মধুরত্বং তস্য লহরী তরঙ্গস্তয়োঃ পরীপাকঃ পরিণতি রূপঃ ।। ৯১ ।।

শ্রীভবানন্দ রায় যাহা কামনা করেন তাহা পদ্যে প্রকাশ করিতেছেন- যাঁহার সুদীর্ঘ লোচন, ও প্রান্তভাগ ঈষৎ রক্তবর্ণ, যিনি নয়নদ্বয়ের মহানন্দদাতা, যিনি কোটি কোটিমদন অপেক্ষাও রমণীয় মূর্ত্তি ধারণ করিয়াছেন, সেই বৃন্দাকানন রূপ নগরের নাগর চক্রবর্ত্তী শ্রীশ্যামসুন্দর আজ আমার হৃদয় কমলের মধ্যবর্ত্তী হউন ।৯০।

শ্রীপাদ সার্ব্বভৌম ভট্টাচার্য্য যাহা প্রার্থনা করেন তাহা লিখিতেছেন- শ্রীকৃষ্ণের করুণার বিষয় যে বৈষ্ণববৃন্দ তাঁহাদের হৃদয়ে লাবণ্যামৃত বন্যার যে মাধুর্য্য পরিপূর্ণ লহরী তাহার পরীপাক স্বরূপ সেই কপট গোপকিশোর শ্রীকৃষ্ণ সর্ব্বতোভাবে স্ফুরিতহউন ।৯১ ।

তেষামেব

ভবন্তু তত্র জন্মানি যত্র তে মুরলীকলঃ।
কর্ণপেয়ত্বমায়াতি কিং মে নির্ব্বাণবার্ত্তয়া ।। ৯২ ।। অনুষ্টুভ্

কেষাঞ্চিৎ

আস্বাদ্যং প্রমদারদচ্ছমিব শ্রব্যং নবং জল্পিতং
বালায়া ইব দৃশ্যমুত্তমবধূলাবণ্যলক্ষ্মীরিব ।

বিবিধক্লেশোদ্ভব স্থানানি স্বীকৃত্যাপি ভগবন্মুরলী গানং প্রার্থয়ন্তে ভক্তি রসিকাস্তত্তেষামেব পদ্যেন লিখতি ভবন্তিতি । তাৎপর্য্যাৎ হে ভগবন্ যত্র জন্মসু তে মুরলীকলঃ মুরলীমধুরস্বরঃ কর্ণপেয়ত্বং কর্ণাভ্যামাস্বাদ্যত্বং আয়াতি আগচ্ছতি তত্র মে জন্মানি ভবন্তু প্রার্থনায়াং লোট্ । অন্যেষাং বাঞ্ছিতা নির্ব্বাণ মুক্তির্মে ন প্রার্থ্যা ইত্যাহ কিং মে ইতি ।। ৯২ ।।

কেচিৎ সখ্যরসভক্তাস্তন্মহাপ্রসাদাদিষু সলালসঃ শ্রীকৃষ্ণং প্রার্থয়ন্তি তৎ কেষাঞ্চিৎ পদ্যেন লিখতি আস্বাদ্যমিতি, হে কৃষ্ণ তে নৈবেদ্যং নিবেদিতান্নং চরিতং লীলারূপং সৌন্দর্য্যং নাম নন্দনন্দনেত্যাদি মে অনিশং নিরন্তরমেবমেবং ভবতু । রূপং স্বভাবে সৌন্দর্য্যে নানকে পশুশব্দয়োঃ । গ্রন্থাবৃত্তে নাটকাদাবাকার শ্লোকয়োরপীতি শব্দরত্নাকরঃ । তত্তৎ কিমিব তৎ ক্রমেণ বেদয়তি, নৈবেদ্যং প্রমদা উত্তমা রমণী তস্যা রদচ্ছদ ওষ্ঠ ইব স যথা কামুকেন লালসয়া স্বাদ্যো ভবতি তদিবাস্বাদ্যং, চরিতং বালায়া নব বধ্বা নবং জল্পিতং লজ্জাভরেণ মৃদু কথিতমিব শ্রাব্যং ভবতু । তদ্‌যথা তাদৃশেনাদরাৎ শ্রূয়তে । তথা রূপং উত্তম বধূলাবণ্য লক্ষ্মী উৎকৃষ্টয়া বধ্বা লাবণ্যং মুক্তাহারবচ্চারু চিক্কং তল্লক্ষণন্তু মুক্তাফলানাং

পুনঃ শ্রীপাদভট্টাচার্য্য যে প্রার্থনা করিয়াছেন তাহা লিখিতেছেন- হে শ্রীশ্যামসুন্দর! যে স্থানেই আপনার সর্ব্বজন মনোহর মুরলীর মধুর কলতান আমার কর্ণের পরম পানীয় বা আস্বাদনীয় হইবে, সেই স্থানেই আমার বারম্বার অথবা যে কোন শরীর ধারণ করিয়া জন্ম হউক। আমার নির্ব্বাণ অর্থাৎ মুক্তির কথায় প্রয়োজন কি ? ৯২ ।

কোন সখ্যরসান্তঃকরণ ভক্ত শ্রীকৃষ্ণের নিকটে প্রার্থনা করিতেছেন, তাহা কোন এক অজ্ঞাতনামা কবির পদ্যে বলিতেছেন-হে পরম বন্ধু শ্রীকৃষ্ণ ! তোমার নৈবেদ্য আমার সম্বন্ধে উত্তমা রমণীর অধরাসব আস্বাদনের ন্যায় আস্বাদ্য হউক, তোমার পবিত্রচরিত্র নবযুবতী রমণীর লজ্জাজড়িত কথার ন্যায় শ্রবণীয় হউক,

প্রোদ্‌ঘোষ্যং চিরবিপ্রযুক্তবনিতাসন্দেশবাণীব মে
নৈবেদ্যং চরিতঞ্চ রূপমনিশং শ্রীকৃষ্ণ নামাস্তু তে।। ৯৩ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

এতৌ শ্রীশ্রীভগবতঃ

নয়নং গলদশ্রুধারয়া বদনং গদ্‌গদরুদ্ধয়া গিরা ।
পুলকৈর্নিচিতং বপুঃ কদা তব নামগ্রহণে ভবিষ্যতি ।। ৯৪।। সুন্দরী।
ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং বা জগদীশ কাময়ে ।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্‌ভক্তিরহৈতুকী ত্বয়ি ।। ৯৫ ।। সুন্দরী

ছায়য়াস্তরলত্বমিবান্তরেত্যাদি পূর্ব্বমেবোক্তং তস্য লক্ষ্মীঃ শোভেব দৃশ্যং ভবতু সা তেনাদরেণ দৃশ্যত ইতি নাম । চিরবিপ্রযুক্তবনিতাসন্দেশ বাণীব চিরকালং ব্যাপ্য বিপ্রযুক্তা বিরহিণী যা বনিতা জনিতানুরাগা তস্যাঃ সম্বন্ধে সন্দেশ বাণী । তস্য নায়কস্য সম্বাদ ইব প্রোদ্‌ঘোষ্যং স্ত্রিয়া বিটানামিব সাধু বার্ত্তেতিশ্রীশুকবাক্যানুসারাৎ সা যথা নায়ক সন্দেশং পুনঃ পুনরাবৃত্ত্য প্রোদ্‌ঘুষ্যতি তথৈব মে নামেতি দৃষ্টান্ত চতুষ্টয়েন তত্র তত্রাত্মাসক্তির্ব্যজ্যতে ইতি ভাবঃ ।। ৯৩ ।।

অথ শ্রীভগবান্ শচীনন্দনঃ সৌৎসুক্য প্রার্থনাং স্বভক্তান্ শিক্ষয়িতুং স্বয়মেব পদ্য দ্বয়েন যামাহ তাং দর্শয়তি নয়নমিতি । হে ভগবন্ তব নাম গ্রহণে কালে কদা মে নয়নং গলদশ্রু ধারয়া উপলক্ষিতং ভবত্বিতথা বদনং গদগদ রুদ্ধয়া গিরা উপলক্ষিতং তথা বপুঃ শরীরং পুলকৈ রোমাঞ্চৈর্নিচিতং ব্যাপ্তং ভবিষ্যতীতি বদেতিপ্রার্থয়ামি ।। ৯৪ ।।

হে জগদীশ ! ধনাদিকমহং ন কাময়ে বাশব্দাশ্চার্থঃ মোক্ষাদিকমপি । ননু

তোমার রূপ আমার উত্তমভামিনীর লাবণ্য লক্ষ্মী আস্বাদনের সমান দর্শনীয় হউক, এবং হে প্রিয়তম ! তোমার নাম চিরকাল পতিবিরহিনী বনিতার পতিসন্দেশ বাক্যের ন্যায় আমার সর্ব্বদা কীর্ত্তনীয় হউক। ৯৩ ।

ভগবান শ্রীগৌরাঙ্গদেব নিজে প্রার্থনা করতঃ নিজ ভক্তগণকে শিক্ষা দিবার জন্য পদ্যে যাহা বলিয়াছেন তাহা শ্রীপাদ গ্রন্থকার লিখিতেছেন- হে শ্রীকৃষ্ণ ! আপনার নাম গ্রহণ করিলে কখন বা কতকালে নয়ন গলদম্বু ধারার দ্বারা শোভিত হইবে, গদ্ গদ্ রুদ্ধ বাক্যদ্বারা বদন পরিপূর্ণ হইবে এবং দেহ পুলকাবলী দ্বারা পরিপূর্ণ হইবে, তাহা আপনি কৃপা করতঃ বলুন ইহাই আমার প্রার্থনা । ৯৪ ।

গৌড়ীয়স্য

গোবর্দ্ধনপ্রস্থনবাম্বুবাহঃ কলিন্দকন্যানবনীলপদ্মম্ ।
বৃন্দাবনোদারতমালশাখীতাপত্রয়স্যাভিভবং করোতু ।। ৯৬ ।।

উপজাতিঃ ।

শ্রীমাধবেন্দ্রপুরীপাদানাম্

অনঙ্গরসচাতুরীচপলচারুনেত্রাঞ্চল
শ্চলম্মকরকুণ্ডলস্ফুরিতকান্তিগণ্ডস্থলঃ

তদা হে সাধো কিং কাময়সে বদ তদেব দদামীত্যত্রাহ মমেত্যাদি হে জগদীশ। সর্ব্বাদাভীষ্টদানসমর্থ ঈশ্বরে ত্বয়ি মম জন্মনি জন্মনি প্রতি জন্মনি অহৈতুকী ফলানুসন্ধান রহিতা ভক্তির্ভবতাৎ তোস্তাদ্বা শিবীতি তুণ্ডস্তাদাদেশঃ ।। ৯৫ ।।

কশ্চিদ্গৌড়ীয়ো ভক্তঃ স্বাভিমতপ্রার্থনাং বিধত্তে তাং তৎপদ্যেন লিখতি গোবর্দ্ধনেতি। এবম্ভূতো ভগবান্ মে তাপত্রয়স্যাভিভবংপরাজয়ং করোত্বিতি প্রার্থয়ামি স কথম্ভূতঃ গোবর্দ্ধনপ্রস্থনবাম্বুবাহঃ গোবর্দ্ধনাখ্য পর্ব্বতস্য প্রস্থ একদেশস্তস্মিন্ নবাম্বুবাহো নবমেঘঃ । তথা কলিন্দকন্যা যমুনা তস্যাং নব নীলপদ্মং তথা বৃন্দাবনে উদারো মনোহরস্তমালশাখী তমাল বৃক্ষঃ । তত্তৎ স্থানে ক্রীড়নেন তত্তচ্ছোভাপ্রকাশক তয়া বর্ত্তমান ইত্যর্থঃ । তথাচ তে চ তাপস্য নিবর্ত্তকা ভবন্তি শ্রীকৃষ্ণস্য তত্তদ্রূপেণ বর্ণনাৎ। আধ্যাত্মিকাদি তাপ শমকতা সুতরাং সিদ্ধেরেতি ধ্যেয়ম্ ।। ৯৬ ।।

শ্রীমাধবেন্দ্রপুরীপাদানাং পদ্যেন তদভিমতাং প্রার্থনাং লিখতি অনঙ্গেতি । মে মম মানসে সপদি শীঘ্রং স কোঽপিগোপালকঃ স্বার্থে কঃ প্রত্যয়ঃ তাৎপর্য্যাৎ

পুনঃ প্রার্থনা করিতেছেন-হে জগদীশ ! আমি আপনার নিকটে ধন গো ধান্যাদি কামনা করি না, জন দাস দাসী সেবকাদি মানব বাসনা করি না, রূপ গুণবতী সুন্দরী যুবতী রমণীও কামনা করি না, রীতি অলঙ্কার সুশোভিতা কবিতা (পাণ্ডিত্য) কামনা করি না। যদি বলেন হে ভক্ত ! তুমি কি চাও ? তদুত্তরে বলি হেপ্রভো ! আপনি সর্ব্বসমর্থ ঈশ্বর, আমার জন্মে জন্মে কেবল আপনাতেই অহৈতুকী ভক্তি হউকএই কামনা করি । ৯৫ ।

কোন গৌড় দেশবাসী ভক্ত নিজের অভিমত প্রার্থনা করেন তাঁহার পদ্যে লিখিতেছেন- গিরিরাজ শ্রীগোবর্দ্ধন পর্ব্বতের সানু প্রদেশের নবীন জলধর সদৃশ, কলিন্দ নন্দিনী যমুনার নীল সলিলে নবীন নীল শতদল সমান, বৃন্দাবনে সর্ব্বদাতা পরমোদার শ্যাম বর্ণ তমাল বৃক্ষ আমার ত্রিতাপ জ্বালা পরাজিত করুন । ৯৬ ।

ব্রজোল্লসিতনাগরীনিকররাসলাস্যোৎসুকঃ
স মে সপদি মানসে স্ফুরতু কোঽপি গোপালকঃ ।। ৯৭ ।। পৃথ্বী

"অথ ভক্তানামুৎকণ্ঠা"

শ্রীরঘুপত্যুপাধ্যায়স্য

শ্রুতয়ঃ পলালকল্পাঃ কিমিহ বয়ং সাম্প্রতং চিনুমঃ ।
অহ্রিয়ত পুরৈব নয়নৈরাভীরীভিঃ পরং ব্রহ্ম ।। ৯৮ ।। উপগীতিআর্য্যা

শ্রীকৃষ্ণঃ স্ফুরতু, স কথম্ভূতঃ অনঙ্গরস চাতুর্য্যা কামক্রীড়া নৈপুণ্যেন চপলং চঞ্চলং চারুরুচিরং শোভনং নেত্রয়োরঞ্চলং কটাক্ষো যস্য স ইত্যর্থঃ । পুনঃ কথম্ভূতঃ চলতী যে মকর কুণ্ডলে তাভ্যাং সকাশাৎ স্ফুরিতা কান্তির্যত্র এবম্ভূতে গণ্ডস্থলে যস্য স নীলমুকুরোপরিস্বর্ণ ভূষণান্দোলনে যাদৃশী শোভা ভবতিস তেন তদ্বচ্ছোভিত ইত্যর্থঃ । পুনঃ কথম্ভূতঃ ব্রজস্য মধ্যে যা উল্লসিতাঃ শ্রীকৃষ্ণসঙ্গেনাহ্লাদিতাঃ নাগর্য্য শ্রীরাধাপ্রভৃতয়ঃ তাসাং নিকরঃ সমূহস্তেন সহ রাসলাস্যে রাসলীলায়াং নর্ত্তনে উৎসুকস্তৎসাধনে উদ্যতঃ প্রযত্নবান্ উৎসুকস্ত্বিপ্সিতোদ্যতে ইতি শব্দরত্নাকরঃ ।। ৯৭ ।।

শ্রীভগবতি নিষ্ঠানন্তরং তৎ প্রাপ্তৌ সমুৎকণ্ঠা ভবতি অতস্তামাহ অথ তেষামুৎকণ্ঠেতি। সমুৎকণ্ঠা নিজাভীষ্টলাভায় গুরু লুব্ধতেতি লক্ষণাক্রান্তা জ্ঞেয়া । তত্র শ্রীরঘুপত্যুপাধ্যায়ঃ শ্রুতিকদম্বানুশীলনেনাপি শ্রীভগবন্তমপ্রাপ্য সমুৎকণ্ঠিতো যদাহ তত্তদ্বাক্যেন নির্দ্দিশতি শ্রুতয় ইতি । ইহ শ্রুতিষু বয়ং সাম্প্রতমধুনা কিং বস্তু চিনুমশ্চয়নং কুর্ম্মঃ । তৎ প্রতিপাদ্যংপরং ব্রহ্মপুরৈব দ্বাপরান্তে আভীরীভির্গোপীভি-নয়নৈরহ্রিয়ত হৃতোঽভূৎ । অতএব তাঃ শ্রুতয়ঃ পলালকল্পাঃ পলালং নিষ্ফল তৃণকাণ্ডং তৎ সদৃশাঃ পরম ব্রহ্মফল রহিতা ইত্যর্থঃ । গোপ্যাশ্রয়ং বিনা তদলাভার্দতি-শয়োক্তিরিয়ং জ্ঞাতব্যা ।। ৯৮ ।।

শ্রীলমাধবেন্দ্র পুরীপাদের অভীষ্ট প্রার্থনা তাঁহার পদ্যে লিখিতেছেন- যিনি অনঙ্গ রসের কামক্রীড়ার চাতুরী নিপুণতা বিশেষ, কন্দর্পরসাবেশে যাঁহার মনোহর নয়ন প্রান্ত চঞ্চল, মদনাবেশ হেতু দোদুল্যমান মকরাকৃতি কুণ্ডলের জ্যোতিদ্বারা নীলমনিকান্তি বিজয়ী গণ্ডস্থল অতিশয় কান্তিযুক্ত, ব্রজের মধ্যে শ্রীকৃষ্ণালিঙ্গনে উল্লসিতা শ্রীরাধাদিব্রজনাগরী নিকরের সহিত রাসনর্ত্তনে সমুৎসুক, সেই কোন শ্রীগোপাল আমার মনোমধ্যে শীঘ্রই স্ফুরিত হউন । ৯৭ ।

তস্যৈব

কং প্রতি কথয়িতুমীশে সম্প্রতি কো বা প্রতীতিমায়াতু ।
গোপতিতনয়াকুঞ্জে গোপবধূটীবিটং ব্রহ্ম ।। ৯৯ ।। আর্য্যা ।

তদেবার্থং কস্যচিৎ পদ্যেন লিখতি কং প্রতীতিকং জনং প্রতি কথয়িতুমহমীশে সমর্থো ভবামি অসম্ভবাৎ যদি প্রৌঢ়ি বলাৎ কথয়ামি তদা মৎপ্রতি কো বা জনঃ প্রতীতিমায়াতুপ্রাপ্নোতু অয়ং সত্যবাদী যথার্থং বদতীতি । সংপ্রতীতি পাঠে শ্রুতেঽপি কোবা জনঃ সত্যত্বে প্রতীতিঃ প্রাপ্নোতু তাদৃশ জন বৈরল্যাৎ ভোঃ সাধো কুত্র তদা তদ্ব্রহ্ম আস্তে বদেতি বিভাব্যাহ গোপতেস্তনয়ায়াঃ সূর্য্যস্য কন্যায়া যমুনায়াঃ কুঞ্জে লতাদি পিহিতোদরে স্থানে গোপানাং বধূটী অল্পা বধূর্বধূটী স্যাদিত্যমরাৎ । নব বধূস্তস্যা বিট উপপতিঃ সৎ ব্রহ্ম বর্ত্ততে ইতি পরমং বিচিত্রমিতি ।। ৯৯ ।।

"শ্রীকৃষ্ণভক্তগণের উৎকণ্ঠা"

ভক্তগণের শ্রীকৃষ্ণচরণে নিষ্ঠার পর তাঁহার সেবা প্রাপ্তির নিমিত্ত সাতিশয় উৎকণ্ঠা বৃদ্ধি হয় , সুতরাং শ্রীরঘুপতিউপাধ্যায় নিজ আরাধ্যদেবের সেবালাভের জন্য গুরুতর লোভবশতঃ যাহা বলিতেছেন তাহা পদ্যে লিখিতেছেন- আমি শ্রুতিসকল অনুশীলন করিয়া দেখিলাম তাহারা পলাল (শস্য রহিততৃণ খড়ের) সমান সারহীন সুতরাং শ্রুতিসকলে আর আমরা কি অন্বেষণ করিব, আমরা শুনিলাম বহুদিন পূর্ব্বেই ব্রজপুরের শ্রীরাধাদি আভীর রমণীগণ তাঁহাদের চঞ্চল নয়নদ্বারা শ্রুতির পরব্রহ্মাকে হরণ করিয়াছেন, অতএব তাঁহাদের কৃপায়ই ব্রহ্মলাভ হইবে অন্যথা নহে । ৯৮ ।

শ্রীব্রজললনাবৃন্দ পরব্রহ্মাকে হরণ করতঃ কোথায় লুকাইয়া রাখিয়াছেন তাহা অন্বেষণ ক্রমে শ্রীরঘুপতি উপাধ্যায় বলিতেছেন- হায় ! হায় ! কি আশ্চর্য্য, আমি কাহাকে এই কথা বলিতে সমর্থ হইব, আমার কথা কাহাকে বলিব সম্প্রতি বিশ্বাস করিবে, কারণ যাহা দেখিলাম তাহা সম্পূর্ণ বলারও অযোগ্য, প্রতীতিরও যোগ্য নহে, তাহা এই- উপনিষৎ প্রতিপাদিত পরব্রহ্ম সূর্য্যকন্যা যমুনার তীরে লতাদি নির্ম্মিত কুঞ্জগৃহে গোপকুলোদ্ভূতা প্রথমযৌবনা বধূ শ্রীমতীরাধিকার উপপতি স্বরূপে অবস্থান করিতেছেন । ৯৯ ।

শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যাণাম্

জ্ঞাতং কাণভুজং মতং পরিচিতৈরান্বীক্ষিকী শিক্ষিতা
মীমাংসা বিদিতৈব সাংখ্যসরণির্যোগে বিতীর্ণা মতিঃ ।
বেদান্তাঃ পরিশীলিতাঃ সরভসং কিন্তু স্ফুরন্মাধুরী-
ধারা কাচন নন্দসূনুমুরলী মচ্চিত্তমাকর্ষতি ।। ১০০ ।।

শার্দুলবিক্রীড়িতম্ ।

কশ্চিদ্ভক্তো ভাবাবেশেন বংশীধ্বনিং প্রত্যক্ষীকৃত্য তদ্বাদকং শ্রীকৃষ্ণং দ্রষ্টুমুৎকণ্ঠতে তৎ সার্ব্বভৌম ভট্টাচার্য্যাণাং পদ্যদ্বয়েন লিখতি জ্ঞাতমিতি । কাণভুজং কাণাদং কণাদমুনিরচিতং মতং জ্ঞাতম্ । আন্বীক্ষিকী তর্কবিদ্যা পরিচিতা বিজ্ঞাতা মীমাংসা কর্ম্মকাণ্ডীয়শিক্ষাবিশেষঃ সা শিক্ষিতা শ্রীগুরূপদেশেন গৃহীতা সাংখ্যসরণি সাংখ্যশাস্ত্রমার্গঃ প্রকৃতিপুরুষ বিবেকঃ বিদিতৈব যোগে যোগশাস্ত্রসাগরে মতির্বুদ্ধির্বিতীর্ণা বিপ্লুতাঃ বিশোষেণ মগ্নাভূৎ তৃ তরোঽভিভাবে প্লুত্যামিতি বোপদেবঃ । বেদান্তাঃ সরভসং গাঢ়ং পরিশীলিতাঃ পরি সর্ব্বতোভাবেন সমাধিং প্রাপিতঃ তথাপি কাচন অনির্বাচ্যা নন্দসূনুমুরলী মুরলীভবো ধ্বনির্মচ্চিত্তমাকর্ষতি সা কথভূতা স্ফুরন্তী স্ফুর্ত্তিং প্রাপুবতী মাধুরী ধারা যয়া সেতি, অয়ম্ভাবঃ ষড়দর্শনাভিজ্ঞস্য মম মতিস্তেষাং তেষাং মর্ম্মার্থে পূর্ব্বং নিবিষ্টা আসীৎ যদা ভাগ্যোদয়েন শ্রীকৃষ্ণ মুরলীং শুশ্রাব তদা সা তত্র বলাৎ বিতৃষ্ণামুৎপাদ্য স্বাত্মনি লালসাং জনয়তীতি কিমুত তদ্বাদকঃ সাক্ষাদ্ভুত ইতি তদ্দর্শনে সমুৎকণ্ঠা ।। ১০০ ।।

কোন এক রসিক ভক্ত ভাবাবেশে শ্রীকৃষ্ণের মুরলী ধ্বনি শ্রবণ করতঃ তদ্বাদক শ্রীকৃষ্ণকে প্রত্যক্ষ করিবার জন্য উৎকণ্ঠিত হইতেছেন, তাহা শ্রীমৎ সার্ব্বভৌম ভট্টাচার্য্যের পদ্যে লিখিতেছেন- আমি তণ্ডুলকণা ভোজনকারী মহর্ষি কণাদের ন্যায় দর্শনের মত জানিয়াছি, মহর্ষিগৌতম প্রণীত আন্বীক্ষিকী তর্কবিদ্যা তার্কিক গণের নিকটে শিক্ষা করিয়াছি, মীমাংসা মহর্ষি জৈমিনি রচিত কর্ম্ম বিচার শাস্ত্র সম্পূর্ণ জানিয়াছি, অপর মহর্ষি কপিল প্রণীত সাংখ্য দর্শন যাহাতে প্রকৃতিপুরুষের বিবেক হয় তাহাও অবগত হইয়াছি, মহর্ষি পতঞ্জলি প্রণীত যোগদর্শন আসন প্রাণায়ামাদি বিষয়ে বুদ্ধিপারগামিনী হইয়াছে, ভগবান শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব প্রণীত বেদান্ত দর্শন পরব্রহ্ম প্রতিপাদক শাস্ত্র উত্তম রূপে পরিশীলন করিয়াছি, তথাপি আমার চিত্ত ঐ সকল বিষয়ে আকৃষ্ট হয় নাই, কিন্তু প্রস্ফুরিত মাধুরী ধারাময়ী শ্রীনন্দনন্দনের মুরলী ধ্বনি বলপূর্ব্বক আমার চিত্তকে আকর্ষণ করিতেছে । ১০০ ।

তেষামেব

অমরীমুখসীধুমাধুরীণাং লহরী কাচন চাতুরী কলানাম্ ।
তরলীকুরুতে মনো মদীয়ং মুরলীনাদপরম্পরা মুরারেঃ ।। ১০১।।

ঔপচ্ছন্দসিকম্

কস্যচিৎ

অপহরতি মনো মে কোঽপ্যয়ং কৃষ্ণচৌরঃ
প্রণতদুরিতচৌরঃ পূতনাপ্রাণচৌরঃ।

মুরারেঃ শ্রীকৃষ্ণস্য মুরলীনাদপরম্পরা বংশীরাব সন্ততিঃ মদীয়ং মনস্তরলী কুরুতে অচঞ্চলং চঞ্চলং কুরুতে সা কথম্ভূতা কলানাং মধুরাব্যক্ত ধ্বনীনাং কাচন অনির্বচনীয়া চাতুরী নৈপুণ্যং সৈব লহরী তরঙ্গঃ তেষাং কথম্ভূতানাং অমরী মুখসীধুমাধুরীণাং অমরী দেবতারমণী তস্যা মুখসীধুর্মুখামৃতং তস্মান্মাধুরী যেষামিতি সুস্বাদ মাদকানামিতি যাবৎ যদ্বা মুখমাদ্যে প্রধানেচ ইত্যমরাৎ । শচী প্রভৃতীনাং যা ভোগ্যা সীধুরমৃতং তস্যা মাধুরীণাং লহরী যাং শ্রুত্বা শচ্যাদয়োঽমৃতে ঘৃণাং কুর্বন্তীতি ভাবঃ ।। ১০১ ।।

তস্য মুরল্যা মনোহরণাদিকং ন চিত্রং তদ্বাদকস্য চৌররাজত্বাদিত্যাহ কস্যচিৎ পদ্যেন অপহরতীতি । কোঽপি অলৌকিকো ঽপ্যয়ং কৃষ্ণরূপশ্চৌরঃ মে মনোঽন্তঃকরণবৃত্তিং অপহরতি। অয়মিতি মহোৎকণ্ঠয়া দৃষ্টত্ব মননাৎ । স কথম্ভূতঃ প্রণতানাং ভক্তানাং যানি দুরিতানি পাপানি তেষাং চৌরোঽপহারকঃ । তথা পূতনায়া রাক্ষস্যাঃ প্রাণস্য জীবস্য চৌরস্তথা বালগোপীজনানাং ব্রজকুমারীণাং কাত্যায়নীব্রতপরাণাং বলয় বসনয়োশ্চৌরঃ বলয়ো বালা ইতিপ্রসিদ্ধঃ । তথা

শ্রীপাদ ভট্টাচার্য্য পুনঃ শ্রীকৃষ্ণের মুরলীনাদের মাধুর্য্যাস্বাদনে উৎকণ্ঠা প্রকাশ করিতেছেন- অমরপুর বাসিনী ইন্দ্রাণী প্রভৃতি দেববধূগণের অধরাসবের মাধুরী সকলের তিরস্কারিনী শ্রীমুরারির চতুষষ্টী কলার মধ্যে কোন এক মুরলীনাদ পরম্পরা চাতুরী লহরী আমার মনকে অতিশয় চঞ্চল করিতেছেন । ১০১ ।

যাঁহার মুরলী নাদ সকলের মনপ্রান হরণ করে যে চোরচূড়ামনি তাহা কোন অজ্ঞাত কবির পদ্যে লিখিতেছেন- যিনি প্রণত ভক্তগণের সকল পাপ হরণ করেন, যিনি বালঘাতিনী পুতনা রাক্ষসীর প্রাণ হরণ কারী, কুমারী গোপীজন সকলের বলয় ও বসন হরণ কারী এবং যে সকল সজ্জন বৃন্দ তাঁহাকে দর্শন করিলে

বলয়বসনচৌরো বালগোপীজনানাং
নয়নহৃদয়চৌরঃ পশ্যতাং সজ্জনানাম্ ।। ১০২ ।। মালিনী ।

হরিদাসস্য

অলং ত্রিদিববার্ত্তয়া কিমিতি সার্ব্বভৌমশ্রিয়া
বিদূরতরবর্ত্তিনী ভবতু মোক্ষলক্ষ্মীরপি ।
কলিন্দগিরিনন্দিনীতটনিকুঞ্জপুঞ্জোদরে
মনো হরতি কেবলং নবতমালনীলং মহঃ ।। ১০৩ ।।পৃথ্বী

পশ্যতামর্থাদাত্মানং আলোকয়তাং সজ্জনানাং অনুকূলানাং নয়ন হৃদয়য়োশ্চৌরঃ। অতো মম নেত্র চিত্তয়োরপহরণাৎ। অন্যত্র কুত্রাপি মে রতির্ন ভূয়তে কেবলং তং দ্রষ্টুমিচ্ছামীত্যর্থঃ ।।১০২।।

হরিদাসো যদা ধ্যায়তি তত্তস্য পদ্যেন লিখতি অলমিতি কলিন্দগিরি নন্দিনীতট নিকুঞ্জপুঞ্জোদরে বর্ত্তমানং নব তমাল নীলং মহস্তেজঃ পরমতিশয়ং যথা স্যাত্তথা মনোহরতি অতোঽলমিত্যাদি । কলিন্দগিরিনন্দিনী যমুনা তস্যাস্তটে যো নিকুঞ্জপুঞ্জঃ কুঞ্জসমূহস্তস্যোদরে কুক্ষৌ শ্রীরাধাদিভিঃ সহ ক্রীড়ার্থং বর্ত্তমানমিতি শেষঃ । ত্রিদিব বার্ত্তয়েতি ত্রিদিবঃ স্বর্গস্তস্য বার্ত্তয়া বৃত্তান্তেনালং নিরর্থকং তথা সার্ব্বভৌম শ্রিয়া ভূম্যধিকারেণ কিং ন কিমপি । তথা নির্গুণে ব্রহ্মণি সমাধ্যভাবান্মুক্তিলক্ষ্মীর্মুক্তি সম্পত্তিরপিকারাৎ অন্যৎ প্রার্থনীয়মপি বিদূরতরবর্ত্তিনী ভবতি চেত্তবতু তয়াঽন্যে নচ নালমিতি ।। ১০৩ ।।

তাঁহাদের নয়ন ও হৃদয় হরণ কারী সেই কোন এক শ্যাম বর্ণ চোর শ্রীকৃষ্ণ আমার মন হঠতা পূর্ব্বক চুরি করিতেছেন । ১০২ ।

শ্রীকৃষ্ণ দর্শনের প্রবল উৎকণ্ঠায় কোন ভক্ত সর্ব্বস্ব পরিত্যাগ করিতেছেন শ্রীহরিদাসের পদ্যে তাহা লিখিতেছেন- যাগ যজ্ঞাদির দ্বারা স্বর্গলাভের কথার আর প্রয়োজন নাই, সুতরাং সার্ব্বভৌম অর্থাৎ সম্পূর্ণ পৃথিবীর আধিপত্য কি হইবে ? অপর মুক্তিলক্ষ্মী আমার অনেক দূরে অবস্থান করুক, তাহার আদৌ প্রয়োজন নাই, কলিন্দ পর্ব্বত নন্দিনী যমুনার তটবর্ত্তী যে কুঞ্জ সমূহ আছে তাহাদের অভ্যন্তরে নবীন তমালসদৃশ নীলবর্ণ জ্যোতি আছে সেই কেবল আমার মন হরণ করিতেছে । ১০৩।

সর্ব্ববিদ্যাবিনোদানাম্

অবলোকিতমনুমোদিত-মালিঙ্গিতমঙ্গনাভিরনুরাগৈঃ ।
অধিবৃন্দাবনকুঞ্জং মরকতপুঞ্জং নমস্যামঃ ।। ১০৪ ।। আর্য্যা ।

শ্রীমাধবেন্দ্রপুরীপাদানাম্

কদা দ্রক্ষ্যামি নন্দস্য বালকং নীপমালকম্ ।
পালকং সর্ব্বসত্ত্বানাং লসত্তিলকভালকম্ ।। ১০৫ ।। অনুষ্টুভ্ ।

সর্ব্ববিদ্যা বিনোদো হৃদি যদা ধ্যায়তি তত্তেষাং পদ্যেন লিখতি-অবলোকিতমিতি। অধি বৃন্দাবনকুঞ্জং বৃন্দাবনমধিকৃত্য বর্ত্তমানবয়মিত্যর্থঃ । যদ্বা বয়মধি বৃন্দাবনকুঞ্জং বৃন্দাবনস্থকুঞ্জং অধিকৃত্য বর্ত্তমানং মরকতপুঞ্জং ইন্দ্রনীলমণিরাশিংঅতিশয়োক্ত্যা তদ্বর্ণং শ্রীকৃষ্ণং নমস্যামঃ । অত্র কদেত্যধ্যাহার্য্যং অন্যথা উৎকণ্ঠা প্রতীত্যভাবঃ স্যাৎ । তৎ কথম্ভূতং অঙ্গনাভি রর্থাৎ গোপীভিরনুরাগৈর্হেতুভিরবলোকিতং দৃষ্টং অনুমোদিতং স্বেচ্ছাপূরণেঽভিমন্ত্রিতং আলিঙ্গিতং পরম প্রিয়তয়া আশ্লিষ্টঞ্চ ।১০৪।

তাং শ্রীমাধবেন্দ্রপুরী পাদানাং পদ্যেন লিখতি । কদেতি কদাহং নন্দস্য নন্দনং দ্রক্ষ্যামি তং কথম্ভূতং নীপমালকং নীপস্য কদম্বপুষ্পস্য মালা যস্য তম্ । পুনঃ কথম্ভূতং সর্ব্বসত্ত্বানাং সর্ব্ব প্রাণিনাং পালকং লসদ্দীপ্যমানং তিলকং যত্র এবম্ভূতো ভালো ললাটং যস্য তম্ ।। ১০৫ ।।

শ্রীপাদ সর্ব্ববিদ্যাবিনোদ যাহা ধ্যান করেন তাহা পদ্যে লিখিতেছেন- যাহাকে শ্রীরাধাদি ব্রজাঙ্গনা অনুরাগ ভরে অবলোকন করেন, নিজ বাসনা পুরণের নিমিত্ত অনুমোদন করেন, পরম প্রিয়তম রূপে আলিঙ্গন করেন, সেই বৃন্দাবনকে অধিকাব করিয়া রাখিয়াছে যে কুঞ্জগৃহ তাহার মধ্যবর্ত্তী মরকতপুঞ্জ কে (বর্ণ শ্রীশ্যামসুন্দর) নমস্কার করি । ১০৪ ।

শ্রীবৃন্দাবনীয় কুঞ্জে মরকতপুঞ্জ জ্যোতি কে ? তাহা শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর পদ্যে বলিতেছেন - যিনি নব প্রস্ফুটিত কদম্বপুষ্পের মালা ধারণ করিয়াছেন, যিনি সকল প্রাণীগণের পালন কর্ত্তা , যাঁহার ললাটে মনোরম তিলক শোভিত, সেইশ্রীনন্দগোপের বালক শ্রীকৃষ্ণকে কবে অবলোকন করিব । ১০৫ ।

সমাহর্ত্তুরেতৌ

কদাবৃন্দারণ্যে মিহিরদুহিতুঃ সঙ্গমহিতে
মুহুর্ভ্রামং ভ্রামং চরিতলহরীং গোকুলপতেঃ ।
লপন্নুচ্চৈরুচ্চৈর্নয়নপয়সাং বেণিভিরহং
করিষ্যে সোৎকণ্ঠো নিবিড়মুপসেকং বিটপিনাম্ ।। ১০৬ ।।

শিখরিণী।

দুরারোহে লক্ষ্মীবতি ভগবতীনামপি পদং
দধানা ধম্মিল্লে নটতি কঠিনে যোপনিষদাম্ ।

গ্রন্থকৃৎ শ্লোকদ্বয়েন স্বোৎকণ্ঠা লিখতি কদেতি । মিহিরদুহিতুঃ সূর্য্য কন্যায়া যমুনায়াঃ সঙ্গেন মহিতে পূজিতে পরম রুচিরে বৃন্দারণ্যে মুহুঃ পুনঃ পুনঃ ভ্রামং ভ্রামং ভ্রান্ত্বা ভ্রান্ত্বা গোকুলপতেস্তাৎপর্য্যাৎ শ্রীকৃষ্ণস্য চরিত লহরীং লীলা মহাতরঙ্গং উচ্চৈর্লপন্ বদন্ চরিতস্য লহরীত্বেন রূপণং তৎ সঙ্গেন তাপত্রয় শান্ত্যর্থমিতি জ্ঞেয়ম্। তথা উচ্চৈরধিকাভির্নয়ন পয়সাং বেণিভির্বেগৈরহং সোৎকণ্ঠং অধুনাপি শ্রীকৃষ্ণো মাং ন কৃপয়তীতি নয়ন জল পূরৈর্বিটপিনাং নিবিড়ং সান্দ্রমভিষেকং করিষ্যে। বেণির্বেণী কেশবন্ধ বিশেষে দেবতাড়কে জলবেগে নদীভেদে মেধ্যামিতি শব্দরত্নাকরঃ ।। ১০৬ ।।

কদা মধুরিপোঃ সা বংশীজন্মা রুতিঃ শব্দঃ অকস্মাৎ হঠাৎ কেন ভাগ্যোদয়েনাস্মাকং শ্রুতিশিখরং কর্ণছিদ্রাগ্রমারোক্ষ্যতীত্যন্বয়ঃ । সা কথম্ভূতা বংশ্যা জন্ম যস্যাঃ সা ধৃতো মধুরিমা মধুরত্বং যয়া সা পুনঃ কথম্ভূতা যা উপনিষদাং শ্রুতীনাং ভগবতীনাং , " উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিম্ । বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানি"ত্যুক্তেঃ ষড়্‌ভির্ভগৈর্বিশিষ্টানামপি কঠিনে পদংদাতুমক্ষমে ধম্মিল্লে বদ্ধকচে অর্থাৎ শিরো দেশস্থ মুকুটে পদং দধানা পদদান

শ্রীপাদ গ্রন্থ কার প্রভু নিজের উৎকণ্ঠা দুইটিপদ্যে প্রকাশ করিতেছেন- হায় ! আমি কখন সূর্য্যকন্যা শ্রীযমুনার সহিত পূজিত পরম রমনীয় শ্রীবৃন্দাবনে বারম্বার ভ্রমণ করতঃ গোকুল পতি শ্রীকৃষ্ণের লীলার মহাতরঙ্গ উচ্চস্বরে কীর্ত্তন করিয়া নয়ন বারি ধারায় বৃন্দাবনস্থ বৃক্ষসকলের উৎকণ্ঠা সহকারে সেচন করিব । ১০৬ ।

শ্রীপাদ গ্রন্থকার পুনঃ মুরলীনিনাদ শ্রবণের উৎকণ্ঠায় বলিতেছেন- অন্য সকলের দুরারোহ ভগবতী শ্রুতিগণের যে শোভাসম্পন্ন কঠোর কেশের খোঁপা

রুতির্বংশীজন্মা ধৃতমধুরিমা সা মধুরিপো-
রকস্মাদস্মাকং শ্রুতিশিখরমারোক্ষ্যতি কদা ।। ১০৭।।

শিখরিণী ।

কস্যচিৎ

উৎফুল্লতাপিঞ্ছমনোরমশ্রীর্মাতুঃ স্তনন্যস্তমুখারবিন্দঃ ।
সঞ্চালয়ন্ পাদসরোরুহাগ্রং কৃষ্ণঃ কদা যাস্যতি দৃক্পথং মে।।১০৮।।

ইন্দ্রবজ্রা ।

কস্যচিৎ

রোহিণীরমণমণ্ডলদ্যুতি দ্রোহিণীং বদনকান্তিসন্ততিম্ ।
কৃষ্ণ নূতনতমালকোমলাং কোহমলাং তব তনুঞ্চ বিস্মরেৎ ।।১০৯।।

রথোদ্ধতা

স্থানমিব তং তুচ্ছং কুর্ব্বতী নটতিনৃত্যং করোতীত্যর্থঃ । ধম্মিল্লে কথম্ভূতেদুরারোহে দুঃখেন আরোহো যস্য সর্ব্বাধিক্যাৎ পুনঃ কথম্ভূতে লক্ষ্মীবতিঐশ্বর্য্য বিশিষ্টে অনেন বংশীধ্বনের্মুক্তিশ্রেষ্ঠ পঞ্চমপুরুষার্থ প্রেমপর্য্যন্ত দাতৃত্বমুক্তমিতিধ্বনিতম্ ।। ১০৭।।

কস্যচিৎ পদ্যেন উৎকণ্ঠাবিশেষং লিখতি উৎফুল্লেতি কৃষ্ণঃ কদা মে মম দৃক্পথং নেত্রমার্গং যাস্যতি নেত্রগোচরী ভবতীতি । স কথম্ভূতঃ উৎফুল্লাৎ নির্দোষ শাখা পল্লব যুক্তাৎ তাপিঞ্ছাত্তমালাৎ মনোহরো রম্যা শ্রীঃ শোভা যস্য সঃ । পুনঃ কথম্ভূতঃ মাতুর্যশোদায়া স্তনে ন্যস্তং স্তন্যপানার্থং নিঃক্ষিপ্তং মুখারবিন্দং যেন সঃ। তৎকালেপি বাল্য ভাবদ্যোতনায় পাদসরোরুহাগ্রং মুখারবিন্দং যেন সঃ । তৎকালেহপি বাল্য ভাবদ্যোতনায় পাদসরোরুহাগ্রং চরণপদ্মাগ্রং সঞ্চালয়ন্ তত্তু স্তন্যপান কালে সুখিনো বালকস্য স্বভাবএব জ্ঞেয়ঃ ।। ১০৮ ।।

তাহাতে যে চরণ রাখিয়া নৃত্য করে, মধুরিপু শ্রীকৃষ্ণের বংশী হইতে সমুদ্ভূত মাধুর্য্যপূর্ণ সেই ধ্বনি কবে আমাদের কর্ণবিবরে অকস্মাৎ আরোহণ করিবে । ১০৭।

অপর কোন বাৎসল্য ভাবাবিষ্ট ভক্তের প্রার্থনা পদ্যে লিখিতেছেন- শাখাপল্লবাদি দ্বারা প্রফুল্লিত তরুণ তমালের সমান মনোরম কান্তি, যিনি জননী যশোমতীর স্তনে স্তন্য পানের নিমিত্ত বদনারবিন্দ বিন্যস্ত করিয়া শ্রীচরণের অগ্রভাগ সামান্য রূপে সঞ্চালন করিতেছেন, সেই শ্রীযশোদাস্তনন্ধয় কৃষ্ণ কবে আমার লোচন পথের গোচর হইবেন । ১০৮ ।

শ্রীসার্ব্বভৌমভট্টস্য

বর্হাপীড়ং মৌলৌ বিভ্রদ্বংশীনাদানাতন্বন্
নানাকল্পশ্রীসম্পন্নো গোপস্ত্রীভিঃ সম্বীতঃ।
নেত্রানন্দং কুর্ব্বন্ কৃষ্ণ ত্বং চেদস্মান্ বীক্ষেথাঃ
সর্ব্বে কামাঃ সম্পদ্যেরন্নস্মাকং হৃদ্যাসীনাঃ ।। ১১০ ।। লীলাখেলঃ

কশ্চিৎ শ্রীকৃষ্ণমুদ্দিস্য নিজোৎকণ্ঠাং নিবেদয়তি তত্তৎ পদ্যেন লিখতি রোহিণীতি। হে কৃষ্ণ কো জন স্তব ত্বাং তনুং শরীরঞ্চ বিস্মরেদিত্যন্বয়ঃ স্মৃত্যর্থস্য চেতি কর্ম্মণি ষষ্ঠী তনুং কথম্ভূতাং রোহিণীরমণস্য চন্দ্রস্য মণ্ডলং চাকচিক্যযুক্ত সুধাময়ং তস্য যা দ্যুতিঃ কান্তিঃ তস্যাদ্রোহিণীধিক্কারিণীবদনকান্তির্মুখশোভায়াঃ সন্ততিঃ শ্রেণিপরম্পরা যস্যা স্তাং পুনঃ কথম্ভূতাং নূতন তমালাৎ কোমলাং অনেন শ্যামলতা ব্যজ্যতে তত্রাপ্যমলাং দোষরহিতাম্ ।। ১০৯

শ্রীকৃষ্ণ মুদ্দিশ্যাকাঙ্ক্ষা বিশেষং কশ্চিন্নিবেদয়তি তৎ সার্ব্বভৌম ভট্টস্য পদ্যেন লিখতি বর্হাপীড়মিতি। হে কৃষ্ণ এবম্ভূতশ্চেদযদি অস্মাকং নেত্রানন্দং কুর্ব্বন্ অস্মান্ বীক্ষেথাঃ পশ্যেস্তদাস্মাকং হৃদ্যাসীনাঃ হৃদিস্থাঃ সর্ব্বে কামাঃ সাক্ষাৎ মনোভিলষিত সেবনাদয়ঃ সম্পদ্যেরন্ সিদ্ধা ভবিষ্যন্তীত্যর্থঃ। কথম্ভূতঃ সন্ মৌলৌ মস্তকে বর্হাপীড়ং ময়ূরপিচ্ছা রচিতচূড়াং বিভ্রৎ ধারয়ন্ অথচ বংশীনাদান্ আতন্বন্ বংশীং রণয়ন্ তথা নানা বিধৈরাকল্পৈর্গুঞ্জাদি কৃত বেশৈর্যা শ্রীঃ শোভা তয়া সম্পন্নো যুক্তঃ সন্ গোপ স্ত্রীভিঃ শ্রীরাধাদিভিঃ সম্বীতো বেষ্টিতঃ ।। ১১০ ।।

শ্রীকৃষ্ণসৌন্দর্য্যাকৃষ্ট কোন অজ্ঞাত নামা কবির উৎকণ্ঠা বলিতেছেন- হে শ্রীকৃষ্ণ! আপনার রোহিণী রমণ পূর্ণচন্দ্রের পূর্ণমণ্ডলের দ্যুতি রোহিনী অর্থাৎ তিরস্করিণী বদন সুষমা এবং নবীন তরুণ তমাল হইতেও সুকোমল অমল অঙ্গ শোভা, কে বিস্মৃত হইবে ? ১০৯।

কোন ভক্তের শ্রীকৃষ্ণদর্শণের প্রবল উৎকণ্ঠা শ্রীসার্ব্বভৌম ভট্টের বাক্যে লিখিতেছেন- হে শ্রীকৃষ্ণ ! আপনি যদি মস্তকের চূড়ার উপরে মত্তময়ূর পুচ্ছ ধারণ পূর্ব্বক অধরে মুরলী ধারণ করিয়া তাহার ধ্বনি বিস্তার করিয়া ধাতু গুঞ্জা বনমালা প্রভৃতি নানাবিধ বন্য বেশে সজ্জিত হইয়া শ্রীরাধাদিগোপরমণীগণে পরিবৃত হইয়া নয়নের আনন্দ বর্দ্ধন করিতেকরিতেআমারদের প্রতিদৃষ্টিপাতকরেন, তাহা হইলেই আমাদের হৃদয়স্থিত সকল কামনাই পরিপূর্ণ হইবে। ১১০।

"অথ মোক্ষানাদরঃ"

শিরমৌলিনাম্

ভক্তিঃ সেবা ভগবতো মুক্তিস্তৎপদলঙ্ঘনম্ ।
কো মূঢো দাসতাং প্রাপ্য প্রাভবং পদমিচ্ছতি ।। ১১১।। অনুষ্টুভ্

শ্রীহনুমতঃ

ভববন্ধচ্ছিদে তস্যৈ স্পৃহয়ামি ন মুক্তয়ে ।
ভবান্ প্রভুরহং দাস ইতি যত্র বিলুপ্যতে ।। ১১২।। অনুষ্টুভ্ ।

ননু পরমবিজ্ঞা বিবেকিনস্তে শ্রীভগবদ্দর্শনাদৌ সমুৎসুকাশ্চেষ্টন্তে ইত্যুক্তং তন্ন সাম্প্রতং সাক্ষান্মুক্তের্বরণস্যৌচিত্যাৎ যতঃ শ্রুত্যাদৌ তস্যাএব সাধ্যত্বাদত স্তস্যা স্তুচ্ছতাং দর্শয়িতুমাহ অথ মোক্ষেহনাদর ইতি। তত্র শিরোমৌলীনাং পদ্যেন যুক্তি পূর্ব্বকং তদনাদরং লিখতি ভক্তিরিতি। ভগবতঃ সেবা আনুকুল্যেনপরিচর্য্যাদি ভক্তির্ভবতি, তৎপদ লঙ্ঘনং তস্যাঃ সেবায়াঃ পদস্য স্বরূপস্য লঙ্ঘনং অর্থাত্ত্যজনং মুক্তিঃ। উভয়োরেবং রূপত্বে সতি দাসতাং দাসভূতো হরেরেব নান্যস্যৈব কদাচনেতি বচনাৎ স্বভাব দাসতাং প্রাপ্য কো মূঢ়ো হিতাহিতানভিজ্ঞঃ প্রাভবং প্রভু সম্বন্ধিপদং স্বরূপং অর্থাৎ সাযুজ্যমিচ্ছতি য ইচ্ছতি স মূঢ় এব। দাসত্বেন প্রাপ্তিস্তু অদৃষ্টবদনাদি সিদ্ধৈব জ্ঞেয়া ।। ১১১ ।।

শ্রীমদ্ধনূমদ্বাক্যেন তং দ্রঢ়য়তি ভববন্ধেতি। তস্যৈ মুক্তয়ে তাং মুক্তিং অহং ন স্পৃহয়ামি কথম্ভূতায়ৈ ভবাৎ সাংসারিক ব্যাপারাদেৰ্যোবন্ধঃ জন্ম মৃত্যু পরম্পরা তস্য চ্ছিদে চ্ছেদনকর্ত্র্যৈ। ননু মুক্তিরত্যন্ত দুঃখোপরতি পূর্ব্বকাত্যন্ত সুখ প্রাপিকা ভবতি তস্যৈ কথং ন স্পৃহয়সি তত্রাহ যত্র মুক্তৌ ভবান্ ভগবান্ শ্রীরামঃ ত্বং প্রভুরহং

"শ্রীকৃষ্ণ ভক্তগণের মোক্ষে অনাদর"

যদি বলেন- ওহে ! আপনারা পরম বিবেকী তথাপি শ্রীভগবানের দর্শনের নিমিত্ত অতিশয় উৎকণ্ঠিতহইতেছেন কেন ? কারণ শ্রুতিশাস্ত্রে মুক্তিকেইপরমসাধ্য বলিয়া নিরূপণ করিয়াছেন, সুতরাং আপনারা তাহা গ্রহণ করিতেছেন না কেন ?তদুত্তরে ভক্তগণের মুক্তির প্রতি অনাদর শ্রীশিবমৌলির বাক্যে লিখিতেছেন- ভগবান শ্রীকৃষ্ণের আনুকুল্য পুর্ব্বক সেবার নাম ভক্তি, এবং ভক্তিস্বরূপ সেবা লঙ্ঘনের নাম মুক্তি, শ্রীকৃষ্ণের দাস্যপদ লাভকরিয়া এমন মূঢ় মানব কেআছে ? ঐ মুক্তিপদ লাভ করিবার জন্য ইচ্ছা করে ? ১১১ ।

কেষাঞ্চিৎ

হন্ত চিত্রীয়তে মিত্র স্মৃত্বা তান্ মম মানসম্ ।
বিবেকিনোঽপি যে কুর্য্যুস্তৃষ্ণামাত্যন্তিকে লয়ে ।। ১১৩ ।। অনুষ্টুভ্

কস্যচিৎ

কা ত্বং মুক্তিরুপাগতাস্মি ভবতী কস্মাদকস্মাদিহ
শ্রীকৃষ্ণস্মরণেন দেব ভবতো দাসীপদং প্রাপিতা ।

দাস ইতি ভেদো বিলুপ্যতেবিনষ্টো ভবতিঅতঃ ত্বৎ সেবনসুখাভাবাৎ স্বরূপপ্রণাশাচ্চ সা ত্যাজ্যৈবেতি তথাচ সালোক্য সার্ষ্টি সারূপ্য সামীপ্যৈকত্বমপ্যুত । দীয়মানং ন গৃহ্নন্তি বিনা মৎ সেবনং জনা ইতি শ্রীকপিলদেবোক্তেঃ । অত্রায়মভিসন্ধিঃ সালোক্যাদি চতুষ্টয়ং ভগবৎ সেবনং বিনা ভূতধ্বেত্তর্হি তে ন গৃহ্নন্তি একত্বন্তু ঈশ্বরে ব্রহ্মণি চ সাযুজ্যং তত্তু নিত্যং তদ্বিনা ভূতত্বান্ন গৃহ্নন্ত্যেবেত্যর্থঃ । তথাচ ভক্তিরসামৃতসিন্ধৌ সুখৈশ্বর্য্যোত্তরা সেয়ং প্রেম সেবোত্তরেত্যপি । সালোক্যাদি দ্বিধা তত্র নাদ্যা সেবাযুষাং মতেতি ।। ১১২ ।।

কেষাঞ্চিৎ পদ্যেন তত্রাক্ষেপেণানাদরং লিখতি হন্তেতি । হন্তেতি খেদোক্তৌ হে মৈত্র তান্ জনান্ স্মৃত্বা মম মানসং চিত্রীয়তে কিমিদমিতি আশ্চর্য্যং করোতি তান্ কানিতি তত্রাহ যে বিবেকিনঃ সারাসার বিবেচকা অপি আত্যন্তিকে লয়ে সাযুজ্য মুক্তৌ তৃষ্ণামিচ্ছাং কুর্য্যুরতঃ খেদবিষয়ান্ তানিতি ।। ১১৩ ।।

সাক্ষাদাগতাং মুক্তিং প্রতি কস্যচিদ্ভক্তস্যোক্ত্যা তদনাদরং স্পষ্টং নির্দিশতি কা ত্বামিতি। মুক্তিং প্রতি স আহ কাত্বমিতি সাহ মুক্তিরূপাহং উপ তব সমীপে আগতাস্মি পুনঃ স আহ কস্মাদ্ধেতোরকস্মাৎ অনাহূতৈব ইহ স্থানে ভবতী পূজ্যা

দাসভক্ত শ্রেষ্ঠ শ্রীহনুমানের পদ্যে তাহা দৃঢ় করিতেছেন- জন্ম মৃত্যুরূপ ভববন্ধন ছেদনের নিমিত্ত সেই প্রসিদ্ধা মুক্তির বাসনা আমি করি না, হে শ্রীরাম ! যে মুক্তি গ্রহণ করিলে আপনি আমার নিত্য সত্য প্রভু' এবং আমি নিত্য দাস, এই যথার্থ সত্য সম্বন্ধ বিলোপ হইয়া যায় । ১১২ ।

কোন এক অজ্ঞাত নামা কবির পদ্যে মুক্তিকামি-মানবকেও অনাদর করিতেছেন- অহো কি আশ্চার্য্য ! হে বন্ধো ! যে সকল বিবেকশীল মানব আছেন তাঁহারাও আত্যন্তিকলয় রূপ মুক্তির প্রতি অতিশয় বাসনা করেন, তাঁহাদের এই কামনা স্মরণ করিয়াও আমার মন সাতিশয় বিস্ময় যুক্ত হইতেছে । ১১৩ ।

দূরে তিষ্ঠ মনাগনাগসি কথং কুর্য্যাদনার্য্যং ময়ি
ত্বদ্গাদ্ধান্নিজ নামচন্দনরসালেপস্য লোপো ভবেৎ ।। ১১৪ ।।

শার্দুলবিক্রীড়িতম্

"অথ শ্রীভগবদ্ধর্ম্মতত্ত্বম্"

দাক্ষিণাত্যস্য

অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীর্গুরুষু নরমতির্বৈষ্ণবে জাতিবুদ্ধি-

ত্বমাগতা, সাহ হে দেব শ্রীভগবন্মূর্ত্ত্যা ক্রীড়নশীল অতো মৎ পূজ্যভবতা শ্রীকৃষ্ণস্মরণেন ভবতো দাসীপদং দাসীত্বং প্রাপিতা শ্রীভগবতা প্রযোজকেনেতি শেষঃ । স আহ দূরে ত্বং তিষ্ঠ কস্মাত্তদাহ মনাক্ ঈষদনাগসি ত্বয্যনপরাধিনি ময়ি কথং অন্যায্যং অন্যায়াচরণং ভবতী কুর্য্যাৎ অনার্য্যমিতি পাঠে গর্হিতমিত্যর্থঃ । অন্যায্যত্বং দর্শয়তি ত্বন্নাম্না নিজনাম্নঃ শ্রীভগবদ্দাসভিধ স্বনাম্নশ্চন্দন রসেন শ্রীভগবচ্চরণাদৌ য আলেপঃ লেখনং অমুকো ভক্ত ইতি তস্য লোপো ভবেৎ । মুক্তৌ সত্যাং দেহাভাবেন দেহোপাধিকৃত নাম বিনাশাদিতি ভাবঃ । অতো ময়ি ত্বন্নাম সম্বন্ধো মাভূদিতি বিনয়েন প্রার্থয়ামি ।। ১১৪ ।।

অত্র গ্রন্থে শ্রীকৃষ্ণ স্বরূপ তন্মহিমেত্যাদিষু অথ মোক্ষানাদর ইত্যন্তেষু বিবক্ষিতঃ ক্রমশ্চায়ম্ । তত্রাজাতভবান্ প্রতি শ্রীকৃষ্ণ তদ্ভজনয়োর্মাহাত্ম্য কীর্ত্তনং

শ্রীকৃষ্ণভক্ত সাক্ষাৎ মুক্তিকে সামনে দেখিয়া অনাদর করিতেছেন, তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- শ্রীকৃষ্ণভক্ত মুক্তিকে নিকটে দেখিয়া জিজ্ঞাসা করিলেন- হে দেবি ! আপনি কে ? মুক্তি বলিলেন- আমি মুক্তি, আপনার নিকটে আসিয়াছি, ভক্ত বিস্মিত ও সঙ্কুচিত হইয়া বলিলেন- আপনি হঠাৎ কোথা হইতে আসিলেন ? মুক্তি বলিলেন- আপনি যে শ্রীকৃষ্ণচন্দ্রের স্মরণ করেন, হে দেব ! সেই স্মরণই আমাকে আপনার দাসী বা সেবিকা পদ প্রাপ্ত করাইয়াছে, ভক্ত কহিলেন- আমি আপনার সামান্যও অপরাধ করি নাই, তথাপি আমার প্রতি কুটিল আচরণ করিতেছেন কেন ? আপনি দূরে থাকুন, কারণ আমার যে "শ্রীকৃষ্ণদাস" এই নাম আছে তাহা সুগন্ধি চন্দন রসের সমান শীতল ও সদানন্দপ্রদ, আপনার নাম গ্রহণমাত্রই তাহা বিলুপ্ত হইবে । ১১৪ ।

শ্রীভগবদ্ধর্ম্ম তত্ত্ব বর্ণন

ভগবত্তত্ত্বজ্ঞান বিনা ভগবত্তোষণী ভক্তি সিদ্ধ হয় না, এই অভিপ্রায়ে

বিষ্ণোর্বা বৈষ্ণবানাং কলিমলমথনে পাদতীর্থেঽম্বুবুদ্ধিঃ ।
শ্রীবিষ্ণোর্নাম্নি মন্ত্রে সকলকলুষহে শব্দসামান্যবুদ্ধি-

প্রসঙ্গাৎ প্রেমসৌভাগ্য কীর্ত্তনঞ্চ। অনন্তর মন্তঃকরণ শুদ্ধেঃ পরমাদিকারণস্য ভগবন্নাম মাহাত্ম্য কীর্ত্তনম্ । নাম কীর্ত্তনপ্রকার শিক্ষা চ অনন্তরং তস্য কীর্ত্তনোপদেশঃ । ততঃ শ্রীকৃষ্ণ কথামাহাত্ম্য কীর্ত্তনম্ । ততঃ শ্রবণ কীর্ত্তনাভ্যাং শুদ্ধান্তঃ করণান্ প্রতি ভগবদ্ধ্যানোপদেশঃ । ততঃ শ্রীকৃষ্ণস্য ভক্তবাৎসল্য কীর্ত্তনম্ । ততো ভক্তানাং সঙ্গকারণং তেষাং মাহাত্ম্যকীর্ত্তনঞ্চ। ততো ভগবতি বিজ্ঞপ্ত্যুদেশঃ । এবং সর্ব্বতো অনর্থ নিবৃত্তাবেব নিষ্ঠা ভবেদিত্যভিপ্রায়েণ নিষ্ঠা কীর্ত্তনম্ । সত্যামেব নিষ্ঠায়ামনন্তরং ভগবতি রুচির্জায়তে তদনন্তরং অদাসক্তিশ্চ। ততো ভাবশ্চজায়তে। জাত ভাবানামেব লালসোৎপদ্যতে । ইত্যভিপ্রেত্য সর্ব্বানন্তরং সৌৎসুক্য প্রার্থনা কীর্ত্তনং । লালসায়াং জাতায়াং মোক্ষানাদরঃ । সুতরাং ঘটেত ইতি । তথাচ ভক্তিরসামৃতসিন্ধৌ । আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া । ততোঽনর্থ নিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ। অথাসক্তিস্ততোভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতীতি । ভক্তিনির্ধূতদোষাণাং প্রসন্নোজ্জ্বলচেতসাং শ্রীভাগবত ভক্তানাং রসিকাসঙ্গরঙ্গিণাম্। জীবনীভূতগোবিন্দপাদভক্তি সুখশ্রিয়াং প্রেমান্তরঙ্গ ভূতানি কৃত্যান্যেবানুতিষ্ঠতাম্। ভক্তানাং হৃদি ভাজন্তী সংস্কার যুগলোজ্জ্বলা । রতিরানন্দরূপৈব নীয়মানাতু রস্যতামিতি চ । অত্রাপি বিশেষ জিজ্ঞাসায়াং ভক্তিসন্দর্ভো দৃশ্যঃ ।। শ্রীভগবদ্ধর্ম্মতত্ত্বজ্ঞানং বিনা শ্রীভগবৎ সন্তোষিকা ভক্তির্নসিদ্ধ্যতীত্যভিপ্রেত্যাহ অথ শ্রীভগবদ্ধর্ম্মতত্ত্বমিতি । তত্র দাক্ষিণাত্যস্য পদ্যেন নিষেধ মুখেন তদ্দর্শয়তি অর্চ্চ্যে ইতি । অর্চ্চ্যে অর্চ্চনীয়ে বিষ্ণৌ শালগ্রামে শ্রীমূর্ত্তৌ বা শিলাধীঃ প্রস্তর বুদ্ধিঃ । শিলেতি মণিরত্নাদীনামুপলক্ষণম্ । অর্চ্চায়া অষ্টাবিধত্ব শ্রবণাৎ। গুরুষ্বিতি গৌরবে বহুবচনম্। দীক্ষাগুরৌ নরমতিঃ মনুষ্য বুদ্ধিঃ । যদ্বা শিক্ষাগুরূণামপি শ্রীনারদাদীনামবতারত্বাত্তেষু সামান্য মনুষ্যবুদ্ধি রতো বহুবচনং বহুত্ব বোধকমিতি। বষ্ণবৈর্বিষ্ণুমন্ত্রদীক্ষাং কৃত্বা তৎ সেবন পরে জনে জাতিবুদ্ধিঃ । পূর্ব্বকালেঽয়ং

নিষেধমুখে কোন দাক্ষিনাত্য ভক্তেরপদ্যে ভগবদ্ধর্ম্ম তত্ত্ব বর্ণন করিতেছেন । যাহার অর্চ্চনীয় শ্রীবিষ্ণুবিগ্রহে বা শালগ্রামে শিলা বুদ্ধি অর্থাৎ ইহা শিলা দারু মনি ধাতু ইত্যাদিদ্বারা নির্ম্মিতমাত্র এই রূপ বুদ্ধি, ভগবানের কৃপামূর্ত্তি শ্রীগুরুদেবে সামান্য মানব বুদ্ধি, ইনি শুদ্রকুলে জাত, ইনি ব্রাহ্মণকুলে জাত এইপ্রকার বৈষ্ণবে জাতি বুদ্ধি, বিষ্ণু অথবা বৈষ্ণবগণের কলিমলহারী পাদ তীর্থ অর্থাৎ পদধৌত

বিষ্ণৌ সর্ব্বেশ্বরেশে তদিতরসমধীর্যস্য বা নারকী সঃ ।। ১১৫ ।। স্রগ্ধরা

আগমস্য

হত্যাং হন্তি যদঙ্ঘ্রিসঙ্গতুলসী স্তেয়ঞ্চ তোয়ং পদে
নৈবেদ্যং বহুমদ্যপানদুরিতং গুর্ব্বঙ্গনাসঙ্গজম্ ।

হীনজাতিরাস অতোঽস্মাকং ন পূজ্য ইতি বুদ্ধিঃ। তথাচ শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা । বীক্ষতে জাতি সামান্যাৎ স যাতি নরকং ধ্রুবমিতীতিহাসসমুচ্চায়াৎ । বিষ্ণোর্বৈষ্ণবানাং বা পাদতীর্থে চরণপ্রক্ষালনজলে জলসামান্য বুদ্ধিঃ তদর্থং সামান্য জলাৎ বিশেষমাহ । কলিমলমথনে কলিমল বিনাশকে। শ্রীবিষ্ণোর্নাম্নি শ্রীকৃষ্ণ রামাদৌ মন্ত্রে অষ্টাক্ষরাদৌ ঘটপটেত্যাদিবৎ শব্দ সামান্য বুদ্ধিঃ নতু তৎ স্বরূপ বুদ্ধিঃ। শব্দ সামানাদসাধারণতামাহ সকল কলুষহে সমস্ত পাপ হন্তরি কৃষ্ণে যশোদানন্দনে তদিতর সমধীস্তস্মাদিতরে ভিন্না ব্রহ্ম শিবাদয়ঃ তৈঃ সহ তুল্য বুদ্ধিঃ। তথাচ যেতু নারায়ণং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ । সমত্বেনৈব জানন্তি তেঽপি পাষণ্ডিনো মতা ইতিপদ্মপুরাণাৎ । তেভ্যো বিশেষমাহ সর্ব্বেশ্বরে ইতি সর্ব্বেষাং ব্রহ্মাগুবর্ত্তিনাং দেবাদীনামীশ্বরে প্রভৌ কৃষ্ণ ইতি । তদবতারাণাং শ্রীনৃসিংহরামাদীনামুপলক্ষণং বিষ্ণোরিতি ক্বচিৎ পাঠঃ । তথাহি যস্যৈবমেবং বুদ্ধির্ভবতি স নরো নারকী নরকভোগী ভবতীত্যর্থঃ । অতঃ স্বহিতাভিলাষী জনঃ অর্চ্চাদৌ শিলাবুদ্ধ্যাদিকং ন কুর্য্যাদিতি ফলিতার্থঃ ।। ১১৫ ।।

আগম বাক্যেন বিধিমুখেন তন্নির্দিশতি হত্যামিতি । এষ কোঽপ্যসাধারণঃ শালগ্রাম শিলা নৃসিংহ মহিমা শালাগ্রামশিলারূপস্য শ্রীকৃষ্ণস্য মহিমা মহত্ত্বং লোকোত্তরোলোকাতীতঃ । তং দর্শয়তি যদিতি যদব্যয়ং ষষ্ঠ্যর্থঃ অস্য সর্ব্বত্রৈবান্বয়ঃ কার্য্যঃ । যস্যাঙ্ঘ্রিসঙ্গতুলসী যচ্চরণার্পিততুলসী হত্যাং ব্রাহ্মণাদি হত্যাং হত্যাজনিত পাপং হন্তি । হত্যায়া হননাসম্ভবাজ্জনিতপাপে লক্ষণা, যস্যাঃ পদে শ্রীচরণে তোয়ং

জলে জল সামান্য বুদ্ধি, শ্রীবিষ্ণুর সকল পাপ হারী রাম কৃষ্ণাদিনাম ও অষ্টাদক্ষরাদি মন্ত্রে শব্দসামান্যবুদ্ধি, তথা সর্ব্বেশ্বরেশ্বর শ্রীকৃষ্ণের সহিত তদীয় দাসভূত ব্রহ্মা শিবাদির সহিত সমান বুদ্ধি, তিনি নারকী অর্থাৎ নরকে গমন করে । ১১৫ ।

মানবের পাঁচ প্রকার কর্মে পাঁচপ্রকার মহাপাপ হয়, ব্রহ্মহত্যা, স্বর্ণচুরি, মদ্যপান, গুরুপত্নী গমন, এবং এই কর্ম্মকারি মানবগণের সহিত সঙ্গ করা, শ্রীশালগ্রাম রূপী শ্রীকৃষ্ণ এই সকল পাপাদি হরণ করেন, তাহা আগম

শ্রীশাধীনমতিঃ স্থিতির্হরিজনৈস্তৎসঙ্গজং কিল্বিষং
শালগ্রামশিলানৃসিংহমহিমা কোহপ্যেষ লোকোত্তরঃ ।। ১১৬।।

শার্দুলবিক্রীড়িতম্

"অথ নৈবেদ্যার্পণে বিজ্ঞপ্তিঃ"

শ্রীরামানুজস্য

দ্বিজস্ত্রীণাং ভক্তে মৃদুনি বিদুরান্নে ব্রজগবাং
দধিক্ষীরে সখ্যুঃ স্ফুটচিপিটমুষ্টৌ মুররিপো ।

পদসংসর্গি তোয়ং চরণোদকং স্তেয়ং চৌর্য্যং দোষাধিক্যাৎ সুবর্ণচৌর্য্য জনিত পাপঞ্চ হন্তি । যস্যা নৈবেদ্যং মহাপ্রসাদঃ বহু অসকৃৎ মদ্যপানেন জাতং দুরিতংপাপং হন্তি শ্রীশঃ স এব তস্যাধীনা আয়ত্তা তত্রৈব প্রসক্তা মতিঃ বুদ্ধিঃ গুর্ব্বঙ্গনাসঙ্গজং গুরুস্ত্রী গমনজং প্রকরণাৎ তৎ কৃতপাপং হন্তি হরিঃ স এব তস্য জনৈর্বৈষ্ণবৈঃ সহস্থিতির্বাসস্তৎ সঙ্গজং কৃতবত্তজ্জন সঙ্গস্যাপি পাপ জনকত্বাৎ । তেষাং মহাপাতকিনাং সঙ্গজং কিল্বিষং পাতকং হন্তি । অতএব লোকাতীতঃ শালগ্রামশিলেতি শ্রীমূর্ত্তীনামুপলক্ষণম্ । তথাহি যদি দৈবাত্তদা পততি তদা তত্তৎসেবনেনৈব তেষাং তেষাং নাশঃ স্যাৎ মহিম বলেন কদাপি তত্তন্ন কুর্য্যাৎ তথাত্বে নামাপরাধাপত্তেঃ । সাবধানেন শ্রীচরণার্পিত তুলস্যাদীনাং সেবনং সদা কর্ত্তব্যমিতি ফলিতার্থঃ ।। ১১৬ ।।

শ্রীভগবদ্ধর্ম্মতত্ত্ব মধ্যে প্রসজ্জিতস্য নৈবেদ্যস্য সমর্পণে বিজ্ঞাপনমাহ অথেতি। শ্রীরামানুজাখ্যঃ কশ্চিৎ ভক্তো ভক্ত্যা ভগবন্তং সবিনয়ং বিজ্ঞাপয়তি তল্লিখতি । দ্বিজস্ত্রীণামিতি হে মুররিপো কৃষ্ণ তত্র তত্র যথা তে তবামোদঃ সুখবিশেষ

বাক্যে দেখাইতেছেন- যাঁহার শ্রীচরণ সঙ্গতা তুলসীপত্র ভক্ষণ করিলে ব্রহ্মহত্যা জনিতপাপ বিনষ্ট করেন,শ্রীচরণযুগল বিধৌত জল পান করিলে স্বর্ণচুরিজাতপাপ বিনাশ করেন, যাঁহাকেনিবেদিতঅন্নপানাদি প্রসাদ ভোজন করিলে বহুকাল মদ্যপান জাত মহাপাপ বিদূরিত হয়, এবং শ্রীকৃষ্ণচরণে অধীনা অর্থাৎ একাগ্রতা প্রাপ্তা বুদ্ধি বা মতি গুরুপত্নীগমন জন্য মহাপাপ ক্ষয় করে, অপর শ্রীকৃষ্ণভক্তগণের সহিত সঙ্গ করিলে ঐ চারপ্রকার পাপাচরণ কারির সঙ্গজাত মহাপাপ সম্পূর্ণ ক্ষয় হয়, অতএব শালগ্রাম শিলাস্বরূপ শ্রীনৃসিংহ দেবের কোন অনির্বচনীয় লোকোত্তর মহা মহিমা এই জগতে আছে । ১১৬ ।

যশোদায়াঃ স্তন্যে ব্রজযুবতিদত্তে মধুনি তে
যথাসীদামোদস্তময়মুপহারেঽপি কুরুতাম্ ।। ১১৭ ।। শিখরিণী
কস্যচিৎ
যা প্রীতির্বিদুরার্পিতে মুররিপো কুন্ত্যর্পিতে যাদৃশী
যা গোবর্দ্ধনমূর্দ্ধ্নি যা চ পৃথুকে স্তন্যে যশোদার্পিতে।

আসীৎ তথামন্দদত্তে উপহারে উপঢৌকন দ্রব্যে অয়ং ধ্যানোদ্দিষ্টো ভবান্ তমামোদং করুতাং প্রার্থনায়াং লোট্ । তত্রেতি কথম্ভূতো দ্বিজস্ত্রীণাং যাজ্ঞিক ব্রাহ্মণীনাং ভক্তে চতুর্বিধান্নে তথা মৃদুন্যন্নে বিদুরদত্তান্নে তথা ব্রজগবাং ব্রজাশ্রিত গবাং দধ্নি ক্ষীরে চ তথা সখ্যুঃ শ্রীদামাখ্য ব্রাহ্মণস্য স্ফুট চিপিট মুষ্টৌ স্ফুটা ভিক্ষালব্ধত্বাৎ স্ফুটিতা ভগ্নাঃ যদ্বা স্বাদুদ্রব্যান্তর রহিতাঃ কেবলা যে চিপিটাঃ সহজেন ন রম্যা স্তেষাং মুষ্টৌ ,তথা যশোদায়া মাতুস্তন্যে স্তনক্ষীরে তথা ব্রজযুবতীভিঃ শ্রীরাধাদিভির্দত্তেমধুনি মধুরসা স্বাদ্যে যৎকিঞ্চিদ্বস্তুনীতি তথাচ কেবলং ভক্ত্যা তস্য সন্তোষো ভবতি । নতূপচার বৈশিষ্ট্যেনেতি দ্যোতিতম্ ।। ১১৭ ।।

বিজ্ঞপ্তিভেদং কস্যচিৎ শ্লোকে.ন লিখতি যেতীত্যাদি । হে মুররিপো অত্রাপ্যন্নে তাং প্রীতিমর্পয়েত্যন্বয়ঃ । সা কথম্ভূতা বিদুরার্পিতেঽন্নে যা প্রীতি রভূদিতি সর্ব্বত্রেবাধ্যাহার্য্যং, তথা কুন্ত্যা যুধিষ্ঠিরমাত্রা অর্পিতেঽন্নে যাদৃশী তথা গোবর্দ্ধনস্য মুর্দ্ধ্নি শিরোদেশে ফল মুলাদি রূপান্নে অর্থাৎ গোবর্দ্ধনেন দত্তে যা প্রীতিঃ যাচ যশোদার্পিতে পৃথুকে স্থুলে প্রচুরে স্তন্যে যা বা শ্রীরামরূপস্য তব ভারদ্বাজেতি স্বার্থে টন্ ভরদ্বাজেন মুনিনা সমর্পিতেঽন্নে তথা শবরিকয়া শবর কন্যয়া দত্তেঽন্নে

"শ্রীকৃষ্ণকে নৈবেদ্যার্পণে বিজ্ঞপ্তি "

শ্রীভাগবদ্ধর্ম্ম মধ্যে শ্রীকৃষ্ণকে নৈবেদ্য সমর্পণে সবিনয় বিজ্ঞাপন শ্রীরামানুজ নামা কোন ভক্ত লিখিতেছেন- হে মুররিপু শ্রীকৃষ্ণ । যজ্ঞনিষ্ঠ ব্রাহ্মণগণের পত্নী সকলের প্রদত্ত চতুর্বিধ অন্নে, মহাত্মা বিদুরের পরম কোমল অন্নে, নন্দ ব্রজে অবস্থিত পদ্মগন্ধিনী গাভীবৃন্দের দুগ্ধে ও দধিঘৃতাদি বস্তুতে, পরমদরিদ্র ব্রাহ্মণ প্রিয়সখা শ্রীদামার স্বাদ রহিত চিপিটকমুষ্টিতে, ব্রজেশ্বরী জননী যশোমতীর স্তনদুগ্ধে, শ্রীমতীরাধাদি ব্রজদেবীগণের প্রদত্ত আনন্দদায়ক বস্তু সকলে আপনার যে প্রকার অতিশয় আমোদ হইয়াছিল, সেই প্রকার আমোদ আমার প্রদত্ত এই সামান্য উপহারে ও প্রকাশ করুন । ১১৭ ।

ভারদ্বাজসমর্পিতে শবরিকাদত্তেঽধরে যোষিতাং
যা বা তে মুনিভাবিনীবিনিহিতেঽন্নেঽত্রাপি তামর্পয় ।। ১১৮।।

শার্দূলবিক্রীড়িতম্

সমাহর্ত্তুঃ

ক্ষীরে শ্যামলয়ার্পিতে কমলয়া বিশ্রাণিতে ফাণিতে
দত্তে লড্ডুনি ভদ্রয়া মধুরসে সোমাভয়া লম্ভিতে।

পুনঃ শ্রীকৃষ্ণরূপস্যাহ যোষিতাং ব্রজস্ত্রীণাং অধরে অধরামৃতে তথা মুনীনাং যাজ্ঞিকব্রাহ্মণানাং যা ভাবিন্যঃ স্ত্রিয়ঃ তাভির্বিনিহিতে সমীপানীতে দত্তেঽন্নে যা বা প্রীতিরভূদিতি । অত্র শ্রীরামরূপস্য প্রীত্যুল্লেখনং বিপ্রর্ষি চণ্ডালান্নং যো ভক্ত্যার্পিতয়োরবিশেষ জ্ঞাপনার্থং তচ্চ খলু স্বার্পিতান্নস্য যোগ্যাযোগ্য পরিহারার্থমিতি জ্ঞেয়ম্ ।। ১১৮ ।।

পূর্ব্ব শ্লোকেন সামান্যাং প্রীতিং প্রার্থ্য স্বভাবনাং প্রীতিং প্রার্থয়তে ক্ষীরে ইতি শ্যামলেত্যাদি গোপী বিশেষাণাং সংজ্ঞা । অর্পিতং দত্তং ফাণিতং গুড় বিকারঃ ফেণি বাতাসা ইতি প্রসিদ্ধং, বিশ্রাণিতে দত্তে সোমাভা চন্দ্রাবলী, ভক্তিরসামৃতসিন্ধু টীকায়াং শ্রীজীবপাদৈস্তথা ব্যাখ্যানাৎ তথা লম্ভিতে তয়া প্রাপিতে ডুলভষ

শ্রীভগবানকে নৈবেদ্যাদি নিবেদন করতঃ তৎ গ্রহণে শ্রীকৃষ্ণের প্রতি ভক্তেরসোৎকণ্ঠা প্রার্থনা কোন অজ্ঞাত নানা ভক্তের পদ্যে উদ্ধৃত করিতেছেন মহাত্মাবিদুরের অর্পিত শাক অন্নে আপনার যে প্রকার প্রীতি উপন্ন হয় এবং শ্রীকুন্তীদেবীর নিবেদিত বস্তুতে, শ্রীগোবর্দ্ধনপূজাকালে ব্রজ বাসীদিগের দ্বারা সমর্পিত বিবিধ ব্যঞ্জনাদিতে, তব সখা সুদামাবিপ্রের চিপিটক কণাতে, মাতা যশোদার অর্পিত স্নেহক্ষরিত স্তন্যদুগ্ধে, শ্রীভরদ্বাজ মুনির দ্বারা নিবেদিত ছাপ্পান্ন ভোগে- শবরীর অর্পিত বদরিকা ফলে ব্রজযুবতীগণের অধরামৃতপানে, মথুরার যাজ্ঞিকপত্নী দিগের দ্বারা সমর্পিত চতুর্ব্বিধ অন্নে যে প্রকার আপনার প্রীতি উৎপন্ন হইয়াছিল, সেই প্রকার প্রীতিপূর্ব্বক আমার প্রদত্ত নৈবেদ্য গ্রহণ করুণ । ১১৮ ।

পূর্ব্বে সামান্য রূপে প্রার্থনা করিয়া শ্রীপাদ গ্রন্থকার বিশেষভাবে প্রার্থনা করিতেছেন- হে শ্রীগোবিন্দ ! শ্রীশ্যামলা প্রদত্ত ক্ষীরে আপনার যে প্রকার তুষ্টি হয়, শ্রীকমলাগোপিকার বাতাসা ভোজনে, শ্রীভদ্রাগোপীর প্রদত্ত লাড্ডুতে, শ্রীচন্দ্রাবলী যুথেশ্বরী প্রদত্ত সুমধুর পুষ্পরসাদি পান করিয়া আপনার যে আনন্দ ও

তৃপ্তি তুষ্টির্যা ভবতস্ততঃ শতগুণাং রাধানিদেশান্ময়া
ন্যস্তেঽস্মিন্ পুরতস্ত্বমর্পয় হরে রম্যোপহারে রতিম্।।১১৯।।

শার্দুলবিক্রীড়িতম্

"অথ শ্রীমথুরা মহিমা"

কস্যচিৎ

হে মাতর্মথুরে ত্বমেব নিয়তং ধন্যাসি ভূমীতলে
নির্ব্যাজং নতয়ঃ শতং সবিধয়স্তুভ্যং সদা সন্তু নঃ ।

প্রাপ্তাবিতি ধাতোঃ। হে হরে । তত্র তত্র ভবতো যা তুষ্টিঃ প্রীতিরভূত্তস্যাঃ সকাশাৎ শতগুণাং রতিংপ্রীতিং অস্মিন্ পুরতোঽগ্রে ময়া ন্যস্তে নিক্ষিপ্তে রম্যোপহারে মনোরম ভোজ্য দ্রব্যে ত্বং অর্পয় । ননু পরম প্রেয়সীভির্মচ্ছক্তিত্বান্মদভিন্নাভিস্তাভির্দত্তেভ্যঃ সকাশাৎ ত্বদ্দত্তে কথং শত গুণা প্রীতিঃ স্যাৎ পরমা যোগ্যৈষা অত্রাহ রাধায়া নিদেশাদাজ্ঞায়া হেতোর্ময়েতি অন্যথা রাধাজ্ঞা হেলনং স্যাদিতি তত্তু ন ভবদভীষ্টম্। অতো মদ্দত্তে উপহারেঽবশ্যং রতির্ভবত্যেবেতি বিজ্ঞাপনম্ ।। ১১৯ ।।

তাদৃশস্য শ্রীভগবতঃ সুখবিলাসাশ্রয়ত্বাৎ শ্রীমথুরামহিমানং লিখতি অথেতি যস্মিন্ শ্রুতেঽজাতরতীনামপি তন্মণ্ডলমাশ্রয়িতুং মতির্ভবেদিত্যভিপ্রায়াৎ । তত্র কশ্চিদ্ভক্তো মথুরামুদ্দিশ্য স্তৌতি তৎ কস্যচিৎ পদ্যেন লিখতি হে মাতরিতি । হে মাতঃ! মথুরে! মাতৃবদপরাধসহনশীলে ভূমিতলে ত্বমেব নিয়তং সদা ধন্যাসি নান্যা পুরী অতস্তুভ্যং নোঽস্মাকং নির্ব্যাজং নিষ্কপটং যথাস্যাত্তথা শতং সবিধয়ঃ বিধি সহিতা অষ্টাঙ্গাদয়ো নতয়ঃ প্রণামাঃ সদা সন্ত্বিত্যন্বয়ঃ । ননু কুতোঽন্যাঃ পরিত্যজ্য মুহুর্মাং প্রণমসি মম কিং মহত্ত্বং দৃশ্যতে অত্রাহ স ত্বম্ভোজবিলোচনো ভগবান্ হরিরুৎকণ্ঠয়া জন্মাদিলীলাসুরবধাদিনা পরকীয়ারসাস্বাদনেষু অত্যন্ত লালসয়া যত্র

হইয়াছে, তাহা হইতে শতগুণ আমা কর্তৃক আপনার সমীপে সমুপস্থিত এই পরম মনোরম পানকলড্ডুকপায়সাদি ভোগ্য বস্তুতে প্রীতি বিধান করুন, কারণ এই সকল দ্রব্য শ্রীমতী রাধিকার আদেশানুসারে আমি আপনাকে সমর্পন করিয়াছি । ১১৯ ।

"শ্রীমথুরা মহিমা"

স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণচন্দ্রের সুখবিলাসের আশ্রয়হেতু শ্রীমথুরাপুরীর মহিমা বর্ণন করিতেছেন, যাহা শ্রবণ করিয়া সাধারণ মানবেরও তাঁহার আশ্রয়ে মতি হয়, সুতরাং কোন এক অজ্ঞাত নামা কবির পদ্যে শ্রীমথুরার স্তব করিতেছেন- হে

হিত্বা হন্ত নিতান্তমদ্ভুতগুণং বৈকুণ্ঠমুৎকণ্ঠয়া
ত্বয্যম্ভোজবিলোচনঃ স ভগবান্ যত্রাবতীর্ণো হরিঃ ।। ১২০।।

শার্দুলবিক্রীড়িতম্

কবিশেখরস্য

অত্রাসীৎ কিল নন্দসদ্ম শকটস্যাত্রাভবদ্‌ভঞ্জনং
বন্ধচ্ছেদকরোঽপি দামভিরভূদ্‌বদ্ধোঽত্র দামোদরঃ।

ত্বয়ি অবতীর্ণো বভূবেতি শেষঃ । কথং তত্রাহ হন্তেতি হর্ষে নিতান্তমদ্ভুতগুণং অদ্ভুতাশ্চিদ্বিলাসা গুণা যত্র তং বৈকুণ্ঠং ধামাস্য দ্বিবিধং প্রোক্তং মাথুরং দ্বার্ব্বতী তথা । মাথুরঞ্চ দ্বিধা প্রাহুর্গোকুলং পুরমেব চ । যত্তু গোলোক নামা স্যাত্তচ্চ গোকুলবৈভবম্ । ইতি ধামত্রয়ে কৃষ্ণো বিহরত্যেব সর্ব্বদেত্যনুসারাৎ । সামান্য বৈকুণ্ঠে শ্রীকৃষ্ণস্যাবস্থানাভাবেন তস্য ত্যজনাসম্ভবাচ্চাত্র বৈকুণ্ঠপদেন গোলোকাখ্যং ধামোচ্যতে তং হিত্বা প্রকাশান্তরেণেতি জ্ঞেয়ম্ । নন্বযোধ্যায়াং শ্রীরামোঽবতীর্ণোঽভূৎ সা কথং ন ধন্যেতি ন বাচ্যং অত্র স্বয়ং ভগবতোঽবতারাভাবাৎ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যুক্তেরতঃ সুষ্টূক্তং ত্বমেব ধন্যেতি ।। ১২০

কশ্চিদ্ভক্তঃ স্বাভিলাষ ব্যঞ্জনেন তন্মাহাত্ম্যং ব্যরচয়ত্তৎ কবিশেখরস্য পদ্যেন লিখতি অত্রাসীদিতি । কিলেতি বার্ত্তায়াং মথুরামণ্ডল মধ্যে অত্র স্থানে নন্দসদ্ম শ্রীব্রজরাজ গৃহমাসীৎ অত্র স্থানে শকটস্য শকটাসুরস্য ভঞ্জনমভবৎ । অত্র সর্ব্বেষাং জীবানাং বন্ধচ্ছেদকরোঽপি কৃষ্ণো মাত্রা দামভীরজ্জুভির্বদ্ধো দামোদরো দামোদর নামাভূৎ । ইত্থমেবম্ভূতা মাথুরবৃদ্ধবক্ত্রবিগলৎ পীযূষধারা মথুরানিবাসিনো যে বৃদ্ধা জনা স্তেষাং বক্ত্রেভ্যোবিগলন্ত্যঃ ক্ষরন্ত্যো যা অমৃত প্রবাহান্ অমৃতবদ্বাচঃ পিবন্

মাতঃ শ্রীমথুরে ! আপনি পৃথিবীতলে সর্ব্বদাই পরমধন্যা, অতএব আমাদের কপটাদিরহিত বিধিপূর্ব্বক শত শত সাষ্টাঙ্গ প্রণাম স্বীকার করুন, অহো কি আশ্চর্য্য! পরাকাষ্ঠা প্রাপ্ত অদ্ভুতগুণাবলী যুক্ত বৈকুণ্ঠধাম পরিত্যাগ করিয়া কমললোচন ভগবান শ্রীহরি অতিশয় উৎকণ্ঠা অর্থাৎ জন্মলীলা পুতনা বধাদি রাসাদিবিলাসের লালসায় আপনাতেই অবতীর্ণ হয়েন । ১২০ ।

শ্রীমথুরা মণ্ডল দর্শনের জন্য কোন ভক্তের প্রবলউৎকণ্ঠা শ্রীকবিশেখরের পদ্যে লিখিতেছেন- এই স্থানে ব্রজরাজ শ্রীনন্দগোপের গৃহছিল, এই স্থানে শ্রীকৃষ্ণ শকটভঞ্জন করিয়াছিলেন, যিনি সকল জীবের সংসার বন্ধন ছেদন করেন সেই

ইত্থং মাথুরবৃদ্ধবক্ত্র বিগলৎপীযূষধারাং পিব-
ন্নানন্দাশ্রুধরঃ কদা মধুপুরীং ধন্যশ্চরিষ্যাম্যহম্ ।। ১২১।।

শার্দুলবিক্রীড়িতম্ ।

কস্যচিৎ

যত্রাখিলাদিগুরুরম্বুজসম্ভবোঽপি
স্তম্বাত্মনা জনুরনুস্পৃহয়াম্বভূব ।
চক্রধ্বজাঙ্কুশলসৎপদরাজিরম্যা
সা রাজতেঽদ্য মথুরা হরিরাজধানী । ।১২২ ।।বসন্ততিলকম্।

কর্ণ রন্ধ্রাভ্যামাস্বাদয়ন্ আনন্দাশ্রুধরঃ প্রেমোদয়েনানন্দাৎ ক্ষরিতং যদশ্রু নেত্রজলং তদ্ধ্রিয়তে ইতি অদ্রাপঃ সন্ কদাহং ধন্যঃ সন্ মধুপুরীং চরিষ্যামি ভ্রমণং করিষ্যামীতি ভগবৎ ক্রীড়াভূম্যাস্তস্যাদর্শনাভাবেনাধন্যতা ব্যঞ্জনয়া মহত্ত্বং গম্যতে ।। ১২১ ।।

কশ্চিদ্ভক্তো মথুরায়া অসাধারণতাং স্মরন্ মাহাত্ম্যমবর্ণয়ৎ তদাহ যত্রেতি হরিরাজধানী শ্রীকৃষ্ণনগরী সা মথুরা অদ্যাপি রাজতেদীপ্তিংপ্রাপ্নোতি, কেন রাজতে তদাহ চক্র চিহ্ন ধ্বজ চিহ্নাঙ্কুশ চিহ্নৈর্লসন্তৌ যৌ পাদৌ অর্থাৎ তস্য হরে স্তয়ো রাজিঃ ইতস্ততো গমনেন যা পঙ্ক্তি স্তয়া রম্যা । প্রকারান্তরেণাহ যত্র মথুরায়াং অখিলস্য ব্রহ্মাণ্ডস্যাদিগুরুঃ পূজ্যঃ অম্বুজসম্ভবোঽপি ব্রহ্মাপি স্তম্বাত্মনা তদ্ভূরিভাগ্যমিহ জন্ম কিমপ্যটব্যাং যদেগাকুলেঽপি কতমাঙ্ঘ্রিরজোভিষেকমিতি শ্রীদশমস্কন্ধীয় তদ্বচনানুসারেণ স্তম্বাত্মনা তৃণাদিগুচ্ছ স্বরূপেণ জনুর্জ্জন্ম অনু লক্ষী কৃত্য স্পৃহয়াম্বভূব স্পৃহামকরোৎ ।। ১২২ ।।

শ্রীদামোদর জননী যশোদা কর্ত্তৃক স্বয়ং বন্ধন অঙ্গীকার করিয়াছিলেন, এই প্রকার মথুরা নগর নিবাসী বৃদ্ধ মানবগণের বদন হইতে বিগলিত অমৃতধারা পান করিয়া আনন্দাশ্রু ধারণকরতঃ ধন্য হইয়া কবে আমি শ্রীমথুরাপুরীতে পরিভ্রমণ করিব । ১২১ ।

কোন এক অজ্ঞাত নামা কবি শ্রীমথুরার মহিমা বিশেষ রূপে বর্ণনা করিতেছেন- যে শ্রীমথুরা মণ্ডলে নিখিল ব্রহ্মাণ্ডের আদিগুরু কমল সম্ভব ব্রহ্মাও তৃণ গুল্ম সমূহ মধ্যে জন্মগ্রহণের অভিলাষ করিয়াছিলেন সেই শ্রীকৃষ্ণের রাজধানী মথুরা এখনও ধ্বজ বজ্র অঙ্কুশ প্রভৃতি শ্রীকৃষ্ণের পদচিহ্ন দ্বারা পরমরমণীয় হইয়া সুশোভিত হইতেছেন । ১২২ ।

সমাহর্ত্তুঃ

বীজং মুক্তিতরোরনর্থপটলীনিস্তারকং তারকং
ধাম প্রেমরসস্য বাঞ্ছিতধুরাং সম্পাদকং পারকম্ ।
এতদ্যত্র নিবাসিনামুদয়তে চিচ্ছক্তিবৃত্তিদ্বয়ং
মথ্নাতু ব্যসনানি মাথুরপুরী সা বঃ শ্রিয়ং চ ক্রিয়াৎ । ।১২৩।।

শার্দুলবিক্রীড়িতম্।

তস্যৈব

বিতরতি মুরমর্দ্দনঃ প্রভুস্তে ন হি ভজমানজনায় যং কদাপি ।
বিতরসি বত ভক্তিযোগমেতং তব মথুরে ! মহিমা গিরামভূমিঃ ।। ১২৪ ।।

পুষ্পিতঅগ্রা

গ্রন্থকৃৎ শ্রীভগবৎ স্বরূপাভেদেন মথুরায়াস্তত্বং লিখতি বীজমিতি সা মাথুরপুরী মথুরা বোযুষ্মাকং ব্যসনানি দুঃখানি মথ্নাতু বিলোড়য়তু নাশয়তু প্রিয়ং সুখঞ্চক্রিয়াৎ করোত্বিত্যন্বয়ঃ । সা কথাভূতা যত্র নিবাসিনাং প্রাণিনাং এতচ্চিচ্ছক্তি বৃত্তিদ্বয়ং জ্ঞান বৃত্তিরূপং উদয়তে তদ্দ্বয়ত্বং বিবৃণোতি তারকং পারকমিতি । তারকাজ্জায়তে মুক্তিঃ প্রেম ভক্তিস্তু পারকাদিতি পাদ্মাৎ তত্র তারকত্বমাহ মুক্তি তরোর্বীজং বীজবদুৎপাদকং তৎ কুত ইত্যত আহ অনর্থ পটল্যা অনর্থ সমূহস্য নিস্তারকম্ । পারকত্বমাহ প্রেমরসস্য ধাম আশ্রয়ং যথা জলাশ্রয়ে জলাস্বাদো ভবতি তথা তদাশ্রয়ে সতি প্রেমাস্বাদ্যত ইতি তৎকুত ইত্যত আহ বাঞ্ছিতায়া ধুরাভাব অতিশয় ইতি যাবৎ । তস্যাঃ সম্পাদকং এবম্ভূতায়াঃ শক্তেঃ প্রকাশকত্বাৎ মহিমাতিশয়ো দর্শিতঃ ।। ১২৩ ।।

মথুরা প্রাপ্তি মাত্রেণ প্রেমভক্তিং প্রাপ্য গ্রন্থকৃত্তামুদ্দিশ্যাহ বিতরতীতি মথুরে হে মথুরে তে প্রভুর্মুরমর্দ্দনোদেব আত্মানং ভজমানায় জনায় যং ভক্তিযোগং কদাপি

সর্ব্বদাত্রী শ্রীমথুরা মহিমা শ্রীপাদ গ্রন্থকার নিজপদ্যে লিখিতেছেন- শ্রীমথুরা মুক্তি বৃক্ষের বীজ স্বরূপ, অনর্থ জন্ম মৃত্যুপরম্পরা অনর্থ সমূহের নিস্তারকারী তারকস্বরূপ সংসার হইতে মুক্তি প্রদায়ক, শ্রীকৃষ্ণসেবা বাঞ্ছাকারিগণের প্রেমরসের আশ্রয় এবং পারক সর্ব্ববাঞ্ছা পূর্ণকারী, এই চিৎ শক্তির বৃত্তি দুইটি যে স্থানে নিবাসকারি মানবগণের হৃদয়ে উদয় হয় , সেই শ্রীমথুরা পুরী আপনাদের সকল প্রকার দুঃখ বিনাশ করিয়া ভক্তি সম্পৎ বিধান করুন অর্থাৎ প্রদান করুন । ১২৩ ।

শ্রীগোবিন্দমিশ্রাণাম্

শ্রবণে মথুরা নয়নে মথুরাবদনে মথুরা হৃদয়ে মথুরা ।
পুরতো মথুরা পরতো মথুরামধুরা মধুরা মথুরা মথুরা ।।১২৫ ।।

তোটকম্।

নহি বিতরতি দদাতি । মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগমিত্যাদেঃ । বিমুক্তাখিল তর্ষৈর্যামুক্তৈরপি বিমৃগ্যতে । সা কৃষ্ণেনাতিগোপ্যাশু ভজদ্ভ্যোপি নদীয়তে ইত্যাদি শ্রবণাচ্চ। বতেতি হর্ষে এতং ভক্তিযোগং একরাত্র বাসেন ত্বং বিতরসি ন ভজনমপেক্ষসে । একরাত্র নিবাসেন হরৌ ভক্তিঃ প্রজায়তে ইতি স্মরণাৎ । অতস্তব মহিমা গিরাং বাচামভূমিরগোচরং স্থানাতীতং বা অতঃ কো বক্তুং শক্নুয়াদিতিভাবঃ ।১২৪ ।

জ্ঞানেন্দ্রিয়াদিভিঃ সেব্যত্বেন তত্ত্বং গোবিন্দমিশ্রাণাং পদ্যেনাহ শ্রবণে ইতি মথুরা মথুরাপুরী মম শ্রবণাদৌ অস্তিতিক্রিয়েত্যধ্যাহার্য্যা সা কথম্ভূতা মধুরা মনোহরা পুনঃকিম্ভূতা মধুর্মধুদৈত্য স্তেন রাঃ শব্দোনাম যস্যাঃ কৈগৈরৈ শব্দে ইতি ধাতোঃ মধুদৈত্যেন নির্ম্মাণাদিতি ভাবঃ । পুনঃ কথম্ভূতা আমধুরা অস্য শ্রীকৃষ্ণস্য আমো ভজনং তস্য ধুরা অতিশয়ো যস্যাঃ সা যদ্বা মধুরো মধুরভক্তি রসস্তস্যামোগতিঃপ্রাপ্তি স্তস্য ভারোঽতিশয়ো যয়া সা অমগতৌ ভজনে শব্দে ইতি বোপদেবঃ । আচার্য্যপাদাস্তু মধুনা বসন্তেন রামস্য রমণীয়তায়া ধুরাভারো যত্র সা । যদ্বা বসন্তস্য রামঃ ক্রীড়া তস্যা ভারো যত্র যদ্বা বসন্তরামস্য ধুরা ভারেণ মধুরা পুনঃ কিম্ভূতা নাস্তি মধুঃ অসুর বিশেষো যস্মাৎ স মধুসূদন স্তং রাতি দদাতীতি সা যদ্বা তং লাতি আদত্তে ধারয়তীতি যাবৎ তথা ভূতা যদ্বা মধুপদেনাতিশয়োক্ত্যা তদ্বন্মধুরং প্রেমোচ্যতে তৎ রাতি দদাতীতি অলং বিস্তরেণেতি ব্যাচক্রুঃ ।। ১২৫ ।।

শ্রীমথুরা প্রাপ্তিমাত্রই প্রেমভক্তি লাভ হয় তাহা শ্রীপাদ গ্রন্থকার নিজ পদ্যে বর্ণনা করিতেছেন- হে মথুরে ! আপনার প্রভু মুরমর্দন শ্রীকৃষ্ণ তাঁহার ভজনকারী ভক্তজনকে কদাপি প্রদান করেন না, অহো ! হে জননি ! আপনি সেই শ্রীকৃষ্ণ- বশীকারিনী প্রেমভক্তি একরাত্রি নিবাসকারী ভক্তকে প্রদান করেন, সুতরাং হে মথুরে ! আপনার মহিমা বাক্যের অগোচর, কেহই বর্ণনা করিতে সমর্থ হইবে না । ১২৪ ।

কর্ণাদি সকল ইন্দ্রিয়ের দ্বারা শ্রীমথুরা সেবনীয়া তাহা শ্রীগোবিন্দ মিশ্রপাদের পদ্যে লিখিতেছেন- শ্রবণদ্বয় আমার সর্ব্বদাই শ্রীমথুরার নাম শ্রবণ করুক, আমার

অথ শ্রীবৃন্দাটবীবন্দনম্

কস্যচিৎ

ত্বং ভজ হিরণ্যগর্ভং ত্বমপি হরং ত্বঞ্চ তৎপরং ব্রহ্ম।
বিনিহিতকৃষ্ণানন্দামহং তু বৃন্দাটবীং বন্দে ।। ১২৬ ।। আর্য্যা

"অথ শ্রীনন্দপ্রণামঃ"

শ্রীরঘুপত্যুপাধ্যায়স্য

শ্রুতিমপরে স্মৃতিমিতরে ভারতমন্যে ভজন্তু ভবভীতাঃ।
অহমিহ নন্দং বন্দে **যস্যালিন্দে পরং ব্রহ্ম ।। ১২৭ ।।** আর্য্যা।

শ্রীকৃষ্ণস্য বক্ষঃস্থান তুল্যায়া বৃন্দাটব্যাঃ প্রণামং কস্যচিৎ পদ্যেন লিখতি ত্বং ভজেতিহিরণ্যগর্ভং ব্রহ্মাণং ব্রহ্ম নির্দ্দেশং স্বরূপং পরশব্দ সম্বন্ধাৎ সগুণ ব্রহ্ম চ তেতে তত্তদ্ভজন্তু নাম। অহন্তু বৃন্দাটবীং বৃন্দাবনং বন্দে তদ্বন্দনমাত্রেণ যো ভবামি স ভবামীতি ভাবঃ। তাং কথম্ভূতাং বিনিহিতঃ কৃষ্ণস্যাপি আনন্দো যয়া তাং পূর্ণতমানন্দদাত্রীমিত্যর্থঃ ।। ১২৬ ।।

যস্য ভক্তি বলেন বশীকৃতে ভগবানপি গুরুং মত্বা সর্ব্বদা তৎ প্রাঙ্গণাদি বর্ত্তী বভূব সঃ শ্রীনন্দঃ সর্ব্বেষাং পূজনীয় ইত্যভিপ্রায়েণাহ অথ শ্রীনন্দপ্রণাম ইতি। শ্রীরঘুপত্যুপাধ্যায়স্য পদ্যেন তং লিখতি শ্রুতিমিতি। ইতরে বৈদিকাঃ শ্রুতিং বেদশিরো ভাগং ভজন্তি চেৎ ভজন্তু অপরে কর্ম্মিণঃ স্মৃতিং মন্বাদিপ্রণীতাং সংহিতাং ভজন্তি ভজন্তু অন্যে ভবভীতাঃ ভারতং মহাভারতং ভজন্তি চেৎ ভজন্তু অহন্তু ইহ

লোচন দুইটি সকল সময়ই শ্রীমথুরাকে দর্শন করুক, বদন আমার শ্রীমথুরার নাম সর্ব্বদা কীর্ত্তন করুক, অপার করুণাময়ী শ্রীমথুরা আমার হৃদয়ে সর্ব্বদাই স্ফুর্ত্তি প্রাপ্ত হউক, আমার অগ্রে শ্রীমথুরা পশ্চাতে শ্রীমথুরা পরম মধুময় শ্রীমথুরা শ্রীমথুরা শ্রীমথুরা শ্রীমথুরাই আমার জীবন সর্ব্বস্ব হউক। ১২৫।

শ্রীবৃন্দাবনের বন্দনা

শ্রীকৃষ্ণের রমণীয় কেলী কানন শ্রীবৃন্দাবনের প্রণাম কোন অজ্ঞাত কবির পদ্যে লিখিতেছেন- হে ভ্রাতঃ! তুমি হিরণ্যগর্ভ ব্রহ্মাকে ভজনা কর, অপর তুমি শঙ্করকে আরাধনা কর, এবং তুমিও পরম ব্রহ্মের ভজনা কর, আমি কিন্তু যে স্থানে শ্রীকৃষ্ণের আনন্দ সমর্পিত আছে সেই শ্রীবৃন্দাটবীকে বন্দনা করি, অথবা শ্রীকৃষ্ণের সেবানন্দ যে কাননে অর্পিত আছে সেই শ্রীবৃন্দাবনকে সর্ব্বদা বন্দনা করি। ১২৬।

সমাহর্ত্তুঃ

বন্ধু কারুণবসনং সুন্দরকূর্চ্চং মুকুন্দহৃতনয়নম্ ।
নন্দং তুন্দিলবপুষং চন্দনগৌরত্বিষং বন্দে ।।১২৮।। আর্য্যা ।

ভবভীহরণবিষয়ে নন্দং বন্দে যতো যস্যালিন্দে প্রাঙ্গণে পরং ব্রহ্ম শ্রীকৃষ্ণ আস্তে অয়ং ভাবঃ প্রণত্যা যদি শ্রীনন্দস্য কৃপা ভবতি তদা তদ্দাসঃ সন্ তং সাক্ষাৎ ভজিষ্যে ইতি ।।১২৭ ।।

গ্রন্থকৃৎ ধ্যান সাহিত্যেন তং প্রণমতি বন্ধুকেতি অহং নন্দং বন্দে তং কথম্ভূতং বন্ধুকারুণ বসনং বন্ধুকো বাঁদুলী পুষ্পং তদ্বদরুণং রক্তং বস্ত্রং যস্য তম্ । পুনঃ কথম্ভূতং সুন্দরকূর্চ্চং মনোরমং কূর্চ্চং ভ্রূ মধ্যস্থানং যস্য তম্ । মুকুন্দে শ্রীকৃষ্ণে কৃতে নয়নে যস্য তত্তু পোষণাদ্যর্থমিতি জ্ঞেয়ম্ । মুকুন্দ হৃন্নয়নমিতিপাঠে মুকুন্দে হৃৎ চিত্তং নয়নে চ যস্য তং তত্র পরমাবিষ্ট মিত্যর্থঃ । তথা তুন্দিলবপুষং স্থূলশরীরং চন্দনগৌরত্বিষং চন্দনবৎ গৌরবর্ণা ত্বিট্ কান্তির্যস্য তম্ ।। ১২৮ ।।

শ্রীশ্রীনন্দ মহারজের প্রণাম

যাঁহার ভক্তিবলে বশীভূত হইয়া স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ প্রাঙ্গনাদি স্থানে ক্রীড়া করিয়াছেন সেই শ্রীব্রজরাজনন্দ সকলের বন্দনীয় অতঃ শ্রীরঘুপতি উপাধ্যায়ের পদ্যে লিখিতেছেন- বৈদিকগণ বেদশিরোভাগ শ্রুতি অর্থাৎ শ্রুতিপ্রতিপাদিত বস্তুর ভজনা করুন, স্মার্ত্ত কর্ম্মিগণ মন্বাদি স্মৃতি নিশ্চিত বস্তুর ভজনা করুন, অপর ভবভয় নিবারণের জন্য শ্রীমহাভারতের আশ্রয় গ্রহণ করুন, কিন্তু আমি সংসারভয় নিবারণের জন্য যাঁহার গৃহপ্রাঙ্গনে পরমব্রহ্ম রিঙ্গনলীলা করিতেছেন সেই ব্রজরাজ শ্রীনন্দকে বন্দনা করি । ১২৭

শ্রীপাদ গ্রন্থকার ধ্যানের সহিত তাঁহাকে প্রণাম করিতেছেন- যাঁহার বসনের শোভা বান্ধুলি কুসুমের ন্যায় অরুণবর্ণ, ভ্রূদ্বয়ের মধ্যভাগ অতিশয় সুন্দর, লোচন দুইটি সর্ব্বদাই শ্রীকৃষ্ণকে দেখিতেছেন, যাঁহার অঙ্গকান্তি শ্বেতচন্দনের সমান গৌরবর্ণ, এবং স্থূল শরীর বিশিষ্ট ব্রজেশ্বর শ্রীনন্দ মহারাজকে বন্দনা করি । ১২৮।

"অথ শ্রীযশোদাবন্দনম্"

সমাহর্ত্তুঃ

অঙ্কগপঙ্কজনাভাং নব্যঘনাভাং বিচিত্ররুচিসিচয়াম্ ।
বিরচিতজগৎপ্রমোদাং মুহুর্যশোদাং নমস্যামি ।। ১২৯।। আর্য্যা ।

"অথ শ্রীকৃষ্ণশৈশবম্"

কস্যচিৎ

অতিলোহিতকরচরণং মঞ্জুলগোরোচনাতিলকম্ ।
হঠপরিবর্ত্তিতশকটং মুররিপুমুত্তানশায়িনং বন্দে।। ১৩০ ।।

উদ্‌গীতি আর্য্যা।

যস্যা ভক্তি বলেন জগদ্বন্ধমোচকোঽপি দাম্না বদ্ধোবভূব সৈব জগন্নমস্যেত্যভিপ্রেত্যাহ অথ শ্রীযশোদাবন্দনমিতি । রূপসাহিত্যেন তন্নমস্কারং গ্রহকৃৎ স্বপদ্যেনাহ অঙ্কগেতি। অহং মুহুঃ পুনঃ পুনর্যশোদাং নমস্যামি তাং কথম্ভূতাং অঙ্কগ পঙ্কজনাভাং অঙ্কং ক্রোড়ং গচ্চতীতি অঙ্কগঃ পঙ্কজনাভঃ শ্রীকৃষ্ণো যস্যা স্তাং নব্যঘনস্য নবমেঘস্যেবাভা কান্তি র্যস্যা স্তাং বিচিত্রা রুচিঃ কান্তির্যস্য এবম্ভূতং সিচয়ং বস্ত্রং যস্যা স্তাং পুনঃ কিম্ভূতাং বিরচিতঃ প্রকটিতো জগতঃ প্রমোদো যয়া তাম্ ।। ১২৯ ।।

বাৎসল্য রসাশ্রয়ালম্বন প্রসঙ্গে শ্রীকৃষ্ণস্য শৈশবাবস্থাবর্ণনং যুজ্যত ইত্যভিপ্রেত্যাহ অথেতি । কস্যচিৎ পদ্যেন তাং লিখতি অতীতি অহং মুররিপুং বন্দে তং কথম্ভূতং অতিলোহিতে অত্যন্ত রক্তবর্ণে করচরণে যস্য তম্ । পুনঃ কথম্ভূতং মঞ্জুলং গোরোচনাকৃতং তিলকং যস্য তম্ । হঠেন বলাৎ কারেণ পরিবর্ত্তিতং বৈপরীত্যং নীতং শকটং যেন তম্ ।। ১৩০ ।।

শ্রীযশোদার বন্দনা

যাঁহার ক্রোড়ে পঙ্কজনাভ শ্রীকৃষ্ণ সুশোভিত, যাঁহার অঙ্গকান্তি নবীন মেঘের ন্যায় শ্যামবর্ণ , যিনি মনোরম বিচিত্র বসন পরিধান করিয়াছেন, যিনি জগতের পরমপ্রমোদ সম্পাদন করিয়াছেন সেই শ্রীব্রজেন্দ্রপট্টমহিষী শ্রীকৃষ্ণজননী ব্রজেশ্বরী যশোদাকে বারম্বার নমস্কার করি, শ্রীপাদ গ্রন্থকার এই প্রকার শ্রীযশোদার বন্দনা করিতেছেন । ১২৯ ।

শ্রীমঙ্গলস্য

অর্দ্ধোন্মীলিতলোচনস্য পিবতঃ পর্য্যাপ্তমেকং স্তনং
সদ্যঃ প্রস্নুতদুগ্ধমপরং হস্তেন সম্মার্জতঃ ।
মাত্রা চাঙ্গুলিলালিতস্য বদনে স্মেরায়মাণে মুহু-
র্বিষ্ণোঃ ক্ষীরকণোরুধাম ধবলাদন্তদ্যুতিঃ পাতু বঃ ।। ১৩১ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

বাল্যাবেশাৎ প্রাকৃতজনবৎ তস্য শৈশবচেষ্টাং মঙ্গলস্য পদ্যেন নির্দিশতি অর্দ্ধোন্মীলিতেতি । মাত্রাঙ্গুলিলালিতস্য স্মেরায়মানে ঈষদ্ধাস্য যুক্তে বদনে বিষ্ণোর্দন্তদ্যুতি র্বো যুষ্মান্ মুহুঃ পাত্বিত্যন্বয়ঃ । সা কথম্ভূতা ক্ষীরকণায়া দুগ্ধবিন্দোর্যদুরুধাম অধিক প্রকাশ স্তস্মাৎ ধবলা শুক্লা বিষ্ণোঃ কথম্ভুতস্য পর্য্যাপ্তং তৃপ্তিজনকমেকং স্তনং পিবতঃ সতো অর্দ্ধোন্মীলিতে লোচনে যস্য বাল্যস্বভাবদ্যোতকস্যেত্যর্থঃ । পুনঃ কথম্ভুতস্য অপরং অপীতং স্তনং হস্তেন সংমার্জ্জতঃ অঙ্গুলীনাং চালনেন মুহুঃ স্পৃশতঃ । তৎ কথম্ভুতং সদ্যঃ অপর স্তনপান কালএব স্নেহেন প্রস্নুতং যদ্দুগ্ধং তেন দিগ্ধং লিপ্তং পুনঃ কথম্ভুতস্য মাত্রা কর্ত্র্যা প্রত্যঙ্গে অঙ্গুলীভির্লালিতস্য স্নেহেন প্রত্যঙ্গং পরিস্পৃষ্টস্য ইত্যর্থঃ ।। ১৩১ ।।

শ্রীকৃষ্ণের শৈশবলীলা

বাৎসল্যরসের আশ্রয়ালম্বন প্রসঙ্গে শ্রীকৃষ্ণের পরম মনোরম শৈশবলীলা কোন অজ্ঞাত নামা কবিরপদ্যে লিখিতেছেন- যাঁহার হস্ত ও চরণ অতিশয় রক্ত বর্ণ ও কোমল, ললাটে নব গোরচনা দ্বারা মনোরম তিলক সুশোভিত, যিনি প্রচুর বল প্রকাশী শকট নামক অসুরকেপদাঘাতে পরিবর্ত্তিত ও বিনাশ করিয়াছেন সেই উত্তানশয়নকারী মুররিপু শ্রীকৃষ্ণকে বন্দনা করি । ১৩০ ।

শ্রীকৃষ্ণের বাল্যাবেশে সাধারণ বালকের ন্যায় আচরণ শ্রীমঙ্গলের পদ্যে লিখিতেছেন- যিনি অর্দ্ধ নিমীলিত লোচনে জননী যশোদার একটি স্তন পান করিতেছেন, যাঁহার উদর পূর্ত্তির জন্য যথেষ্ট হইয়াছে, বাৎসল্যভাব বশতঃ অপর স্তন সদ্য নিঃসরিত দুগ্ধদ্বারা প্রলিপ্ত সেই দুগ্ধদ্বারালিপ্ত স্তনকে কেবল হস্তদ্বারা মার্জন করিতেছেন, জননী ব্রজেশ্বরী শ্রীগোপালকে অঙ্গুলিদ্বারা স্নেহভরে প্রত্যঙ্গে স্পর্শ করিলে পুলকভরে যাঁহার বদন মূহুর্মুহুঃ ঈষৎ হাস্য যুক্ত হওয়াতে শ্রীকৃষ্ণের মাতৃস্তন দুগ্ধের কণায় অতিশয় শ্বেতবর্ণ নবীন দন্তসকলের শুভ্রকান্তি আপনাদিগকে রক্ষা করুন । ১৩১ ।

শ্রীরঘুনাথদাসস্য

গোপেশ্বরীবদনফুৎকৃতিলোলনেত্রং জানুদ্বয়েন ধরণীমনু সঞ্চরন্তম্ ।
কঞ্চিন্নবস্মিতসুধামধুরাধরাভং বালং তমালদলনীলমহং ভজামি ।।১৩২।।

বসন্ততিলকম্

কবিসার্ব্বভৌমস্য

ক্বাননং ক্ব নয়নং ক্ব নাসিকা ক্ব শ্রুতিঃ ক্ব চ শিখেতি দেশিতঃ ।
তত্র তত্র নিহিতাঙ্গুলীদলো বল্লবীকুলমনন্দয়ৎ প্রভুঃ ।। ১৩৩ ।। রথোদ্ধতা ।

শ্রীরঘুনাথ দাসস্য পদ্যেন পুনস্তদাহ গোপীশ্বরীতি তমালদলনীলং বালমহং ভজামীত্যন্বয়ঃ । ভজামীতি তৎ সন্তোষ ফলার্থত্বাৎ কর্ত্রর্থক্রিয়া ফলার্থাভাবেন আত্মনে পদাভাবঃ । তং কথম্ভূতং গোপেশ্বর্য্যা যশোদয়া কর্ত্র্যা বদনে যা ফুৎ কৃতিঃ ফুৎকার স্তেন লোলে চঞ্চলে নেত্রে যস্য তম্ ।পুনঃ কথম্ভূতং কদা জানুদ্বয়েন ধরণীং পৃথিবীং অনু লক্ষীকৃত্য সঞ্চরন্তং গচ্ছন্তং পুনঃ কথম্ভূতং কিঞ্চিদ্‌যন্নবস্মিতং নবীন মন্দহাস্যং তদেব সুধা তয়া মধুরা মনোহরা অধরাভা ওষ্ঠকান্তির্যস্য তং নবস্মিতত্বস্তু তাং প্রতিপ্রতিক্ষণে নবনবায়মানত্বেন প্রতীয়মানত্বাদিতি জ্ঞেয়ম্ ।। ১৩২ ।।

চেষ্টাবিশেষেণ শৈশবং কবি সার্ব্বভৌমস্য পদ্যেন লিখতি কাননেতি । দেশিত আজ্ঞপ্তঃ সন্ প্রভুঃ শ্রীকৃষ্ণঃ তত্র তত্রাঙ্গে নিহিতং অঙ্গুলিদলং যেন স এবম্ভূতঃ সন্ বল্লবীকুলং গোপীসমূহমনন্দয়ৎ হর্ষয়ামাস ।। ১৩৩ ।।

রিঙ্গণ লীলায় চঞ্চল গোপালের প্রতি জননী যশোদার চেষ্টা শ্রীরঘুনাথ দাসগোস্বামিপাদের পদ্যে লিখিতেছেন -গোপেশ্বরী শ্রীমতী যশোদার বদন ফুৎকারে যাঁহার লোচনদ্বয় অতীব চঞ্চল হইয়াছে, যিনি জানুদ্বয় ও হস্তদ্বয় দ্বারা ভূমিতে সঞ্চরণ (হামাগুড়ি) লীলা করিতেছেন, যাঁহার বদন সামান্য নবীন হাস্য সুধার ধারায় সাতিশয় মধুব হইয়ছে, সেই নবীন তমাল সমূহ সদৃশ নীলকান্তি বালক শ্রীকৃষ্ণকে ভজনা করি । ১৩২ ।

শ্রীকৃষ্ণের চেষ্টা বিশেষ দ্বারা শৈশবলীলা শ্রীকবি সার্ব্বভৌমের পদ্যে লিখিতেছেন- কোন একদিন ব্রজগোপীবৃন্দ শ্রীকৃষ্ণকে দেখিতে আসিলে কৌতুক সহকারেমাতা যশোমতী গোপালকে জিজ্ঞাসা করিলেন-শ্রীমান্ গোপাল ! তোমার বদন কোথায় ? নয়ন কোথায় ? কোথায় তোমার সুন্দর নাসিকা ? গোপালের শ্রবণ কোথায় ? তোমার শিখা দেখাও কোথায় ? জননী এই প্রকার আদেশ

শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যাণাম্

ইদানীমঙ্গমক্ষালিরচিতং চানুলেপনম্ ।
ইদানীমেব তে কৃষ্ণ ধূলিধূসরিতং বপুঃ ।। ১৩৪ ।। অনুষ্টুভ্।

আগমস্য

পঞ্চ বর্ষমতিলোলমঙ্গনে ধাবমানমলকাকুলেক্ষণম্ ।
কিঙ্কিনী বলয় হার নূপুরৈ রঞ্জিতং নমত নন্দনন্দনম্ ।। ১৩৫ ।।

রথোদ্ধতা ।

শ্রীযশোদানুশাসনাশ্রিতং তৎ সার্ব্বভৌমভট্টাচার্য্যাণাং পদ্যেন লিখতি ইদানীমিতি । অক্ষালি ক্ষাল্ শৌচে ইতি ধাতোঃ কর্ম্মণি লুঙি সিদ্ধং ধূলিভির্ধূষরিতং ব্যাপ্তম্ ।। ১৩৪ ।।

উপাসনালম্বনত্বেন তৎ আগম বাক্যেন লিখতি পঞ্চবর্ষমিতি যূয়ং গোপাল বালকং নমতেত্যন্বয়ঃ । তং কথম্ভূতং পঞ্চবর্ষং পঞ্চবর্ষ পরিমিত বয়সং, পুনঃ কথম্ভূতং অতিদীপ্তং লাবণ্যেন জাজ্বল্যমানং অঙ্গনে অজিরে ধাবমানং বেগেন গচ্ছন্তং অলকৈশ্চূর্ণকুন্তলৈরাকুলে ঈক্ষণে নয়নে যস্য তং কিঙ্কিণ্যাদিভি রঞ্জিতং ম্রক্ষিতং ভূষিতমিত্যর্থঃ অঞ্জুম্রক্ষণকান্তি গতিম্বিতি ধাতোঃ । তত্র কিঙ্কিণী ক্ষুদ্র ঘণ্টিকা বলয়ো বালা ইতিপ্রসিদ্ধঃ হারঃ প্রসিদ্ধ এব ।। ১৩৫ ।।

করিলে প্রভুবর শ্রীকৃষ্ণ সেই সেই স্থানে কোমল অঙ্গুলিদল নিহিত স্থাপন করিয়া সমাগতা ব্রজগোপীগণকে আনন্দিত করিয়াছিলেন । ১৩৩ ।

ধূলিকেলী নিমগ্ন হৃদয় শ্রীকৃষ্ণের বর্ণনা শ্রীপাদ সার্ব্বভৌম ভট্টাচার্য্যের পদ্যে লিখিতেছেন- গৃহকর্ম্মেব্যগ্রা যশোমতী বলিলেন-হে চপলকৃষ্ণ ! এখনি তোমার অঙ্গ সুন্দর ভাবে প্রক্ষালন করতঃ গোরচনা চন্দনাদিদ্বারা অনুলেপন করিয়া দিলাম, কি আশ্চর্য্য ! এখনই তোমার স্বচ্ছ শরীর ধূলায় ধূসরিত হইল ? ১৩৪ ।

বাৎসল্য রস পোষক শ্রীকৃষ্ণের রূপমাধুরী আগমবাক্যে স্পষ্ট করিতেছেন- যাঁহার বয়সঃ পঞ্চবর্ষ পরিমিত, অতিশয় চঞ্চল, যিনি গৃহাঙ্গনে সর্ব্বদা বেগে ধাবিত হইতেছেন, যাঁহার লোচন ভ্রমর সদৃশ অলকা বলির দ্বারা ব্যাকুল যিনি কটিতেকিঙ্কিনী, হস্তে বলয়, বক্ষে হার চরণে নূপুরাদি অলঙ্কার বিভূষিত সেই শ্রীনন্দনন্দনকে তোমরা নমস্কার কর । ১৩৫ ।

অথ শৈশবেঽপি তারুণ্যম্

দিবাকরস্য

অধরমধরে কণ্ঠং কণ্ঠে স চাটুদৃশোর্দৃশা-
বলিকমলিকে কৃত্বা গোপীজনেন সসম্ভ্রমম্ ।
শিশুরিতি রুদন্ কৃষ্ণো বক্ষঃস্থলে নিহিতশ্চিরা-
ন্নিভৃতপুলকঃ স্মেরঃ পায়াৎ স্মরালসবিগ্রহঃ ।।১৩৬।।হরিণী

অথ যদযদ্ধিয়াথ উরুগায় বিভাবয়ন্তি তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায়েতিস্মরণাৎ কেচিৎ শৈশবেঽপি নবতারুণ্যং মন্যন্তে তান্ সুখয়িতুং স্বানভিপ্রেতমপি তল্লিখতি অথেতি। স্বানভিপ্রায়ত্বে হেতুস্তারুণ্যস্য শৈশবয়োর্মধ্যপাতিত্বেন নির্দেশো জ্ঞেয়ঃ। অতএব রসামৃতসিন্ধৌ বাল্যেঽপি নবতারুণ্য প্রাকট্যং শ্রূয়তে কচিৎ। তন্নাতিরসবাহিত্বান্নর সজ্ঞৈরুদাহৃতমিতি। কিঞ্চ তথাত্বে বাৎসল্য রসস্য কাপট্যময়তৈব স্যাৎ। বস্তুতো বাল্যভাবাভাবাৎ গুরুবর্গাগ্রে কাপট্যস্যানৌচিত্যাচ্চ। কিঞ্চশ্রীভাগবতাদ্যনুসারেণ ক্রমলীলা প্রকটনেনৈব রসপোষঃ স্যাৎ, ভজতে তাদৃশী ক্রীড়া যাঃ শ্রুত্বা তৎপরো ভবেদিতি ন্যায়াৎ। তস্য প্রপঞ্চলীলা প্রকটনে ভক্তানাং স্বপরত্বকরণমেব হেতুঃ। তচ্চ ক্রমলীলা শ্রবণাদিভির্ভবতি। অতো ভগবান্ ক্রমেণৈব তত্তৎপ্রকটয়তি, নহিপাচকঃ অন্নং পরিবেশ্য শাকদানানন্তরং পায়সং দত্বা সূপাদিকং পরিবেষয়তে ইতি অলমতি বিস্তরেণেতি। তদ্ভাবাক্রান্তস্য দিবাকরস্য পদ্যেন তদ্দর্শয়তি অধরমিতি। কেনচিৎ গোপীজনেন কৃষ্ণস্যাধরে স্বস্য অধরং কণ্ঠে কণ্ঠং চাটুপ্রিয় বাক্যং তেন সহ দৃশোর্দৃশৌ অলিকে কপোলে অলিকং কৃত্বা স সম্ভ্রমং

"শ্রীকৃষ্ণের শৈশবে তারুণ্য প্রকাশ"

শ্রীকৃষ্ণের শৈশব কালে তারুণ্যের প্রকাশ ভবিষ্যপুরাণাদি শাস্ত্রে শোনা যায়, তাহা নাতি রসবাহি বলিয়া রসিকাচার্য্যগণ কর্ত্তৃক উদাহৃত হয় নাই, তথাপি ভক্ত বিশেষের হৃদয়ে কদাচিৎ প্রকাশপায়, এই আশঙ্কায়া শ্রীদিবাকরের পদ্যে লিখিতেছেন-" এই গোপাল নিতান্ত শিশু " এই রূপ মনে করিয়া গোপীজনেরা নিজের অধরে শ্রীকৃষ্ণের অধর, কণ্ঠদেশে কণ্ঠ, প্রিয়বাক্যের সহিত নয়নে নয়ন, ললাটে ললাট সমর্পণ করিয়া সম্ভ্রম পূর্ব্বক বক্ষঃস্থলে স্থাপন করিলে যিনি বহুসময় পর্য্যন্ত গোপন ভাবে পুলক সহাস্য বদন কন্দর্পাবেশে আলস যুক্ত হইয়াছিলেন সেই শ্রীকৃষ্ণ আমাদের রক্ষা করুন। ১৩৬।

চন্দ্রাবলী সখীবচনম্

বনমালিনঃ-

ক্রমস্ত্বচ্চরিতং তবাভি জননীং ছদ্মাতিবালাকৃতে
ত্বং যাদৃগ্‌গিরিকন্দরেষু নয়নানন্দঃ কুরঙ্গীদৃশাম্ ।
ইত্যুক্তঃ পরিলেহ নচ্ছলতয়া ন্যস্তাঙ্গুলিঃ স্বাননে
গোপীভিঃ পুরতঃ পুনাতু জগতীমুত্তানসুপ্তো হরিঃ ।।১৩৭ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

সসম্মানং যদ্বা অন্তর্ভয়েন সত্বরং শিশুরিতি বদন্ বক্ষঃস্থলে চিরাৎ চিরকালং ব্যাপ্য নিহিতঃ কৃষ্ণঃ স্মরালসবিগ্রহঃ কন্দর্পেণাবশাঙ্গঃ সন্ পায়াৎ রক্ষতু । পুনঃ কথম্ভূতঃ সন্ নিভৃতৌ নিতরাং ধৃতৌ স্মের পুলকৌ যেন সঃ ।। ১৩৬ ।।

বনমালিনঃ পদ্যেন তচ্চপুনর্দর্শয়তি ক্রম ইতি । উত্তানসুপ্তো হরিঃ শ্রীকৃষ্ণঃ জগতীং ভুবনং পুনাত্বিত্যন্বয়ঃ । স কিম্ভূতঃ পুরতো মাতুরগ্রে সম্মুখে পরিহাস পরাভির্গোপীভিরিত্যেবং প্রকারেণোক্তঃ সন্ তৎ প্রকারো যথা হে ছদ্মাতিবালাকৃতেচ্ছলেন বালক মূর্ত্তি দর্শিন্ তব জননীমভিলক্ষীকৃত্য ত্বচ্চরিতং ক্রমঃ কথয়ামঃ। ননু ময়া কিমাচরিতং যৎ যূয়ং ব্রূথ অত্রাহ ত্বং গিরিকন্দরেষু গোবর্দ্ধন গুহাসু কুরঙ্গীদৃশাং মৃগীণাং নেত্রাণাং সম্বন্ধী যাদৃগ্নয়নানন্দ আসীঃ শ্লেষেণ মৃগীলোচনানাং অর্থাদ্গোপীনাং নয়নানি যাদৃগানন্দয়তীতি । তচ্ছ্রুত্বা শিশুত্ব দ্যোতনায় পরিলেহনচ্ছলতয়া চোষণচ্ছলেন স্বাননে ন্যস্তা নিক্ষিপ্তা অঙ্গুলির্যেন তথা ভূতো বভূবেতি তদ্রসিকানামতি শয়োক্তিরিয়মিতি জ্ঞেয়া ।। ১৩৭ ।।

শ্রীচন্দ্রাবলীর কোন সখীর বাক্য-

উত্তানশায়ী শ্রীকৃষ্ণকে দর্শন করিতে আসিয়া গোপীগণ শ্রীযশোমতীর নিকটে পরিহাস করিতেছেন- হে শ্যামল ! তুমি এখন উত্তান ভাবে শয়ন করতঃ অতিশয় বালকাকৃতি প্রকাশ করিতেছ, কিন্তু গোবর্দ্ধন পর্ব্বতের গুহা সকলে যে প্রকার হরিণনয়না গোপাঙ্গনাদিগের আনন্দ প্রদানকারী হও, তাহা তোমার জননী ব্রজেশ্বরীর নিকটে কীর্ত্তন করিতেছি” গোপীগণ এই কথা বলিলে যিনি চোষনের ছলে নিজবদনে অঙ্গুলী অর্পণ করিয়া ছিলেন সেই উত্তানশায়ী শ্রীহরি যশোদানন্দন সকল জগৎ পবিত্র করুন । ১৩৭ ।

শ্রীমুকুন্দভট্টাচার্য্যস্য

বনমালিনি পিতুরঙ্কে রচয়তি বাল্যোচিতং চরিতম্ ।
নবনবগোপবধূটী-স্মিতপরিপাটী পরিস্ফুরতি ।। ১৩৮ ।। উপগীতিআর্য্যা

সারঙ্গস্য

নীতং নবনবনীতং কিয়দিতি কৃষ্ণো যশোদয়া পৃষ্টঃ ।
ইয়দিতি গুরুজনসবিধে বিধৃত ধনিষ্ঠাপয়োধরঃ পায়াৎ ।। ১৩৯ ।। গীতিআর্য্যা

ব্যঙ্গার্থত্বেন তচ্চ বনমালিনঃ পদ্যেন লিখতি বনমালিনীতি । পিতুর্ব্রজরাজস্যাঙ্কে ক্রোড়ে বাল্যোচিতং চরিতং লুণ্ঠনাদি রচয়তি সতি নব নব গোপ বধূটীনাং নব নবাল্পবয়স্থানাং বধূনাং স্মিতপরিপাটী মন্দহাস্য শ্রেণী পরিস্ফুরতি রহস্যে এব যুবৈব তাদৃগ্ব্যবহরতি পিতুরঙ্কে শিশুরেবেতি মন্দহাস্য স্ফুরণমিতি ব্যজ্যতে ।। ১৩৮ ।।

সারঙ্গস্য পদ্যেন তল্লিখতি নীতমিতি, ধনিষ্ঠয়া নীতং তদ্ভোজনার্থং প্রাপিতং নব নবনীতং দৃষ্টা কিয়ৎ কিং পরিমাণং নবনীতমিতি যশোদয়া পৃষ্টঃ কৃষ্ণ ইয়ৎ ধনিষ্ঠাস্তনসদৃশমিতি গুরুজনা যশোদা রোহিণ্যাদয় স্তেষাং সবিধে নিকটে বিধৃতো বিশেষেণ মর্দ্দন রূপেণ ধৃতো ধনিষ্ঠায়াঃ পয়োধরো যেন সঃ তস্যাঃ পয়োধর বর্ণনমপি তাদৃগ্ভক্তানাং ভাব কল্পিতং জ্ঞেয়ং তদা তস্যাং তস্যাযোগ্যত্বাৎ বিশেষ জিজ্ঞাসা চেৎ বৈষ্ণবতোষণী দৃশ্যা ।। ১৩৯ ।।

ব্রজেশ্বর শ্রীনন্দের ক্রোড়ে শ্রীগোপালকে দেখিয়া কোন গোপী বলিতেছেন- ওহে চতুর ! তুমি পিতৃদেব ব্রজরাজ শ্রীনন্দের ক্রোড়ে বাল্যোচিত রোদন লুণ্ঠনাদি লীলা করিলেও নবযৌবনা গোপবধূটীর মৃদুমন্দ হাস্য নিপুণতা প্রকাশ পাইতেছে, অর্থাৎ গোপবধূটী দুকূলচোর শ্রীকৃষ্ণের পিতৃক্রোড়ে শিশুজনোচিত লীলা দেখিয়া নববধূর স্মিত হাস্য বদনশোভা বিস্তার করিয়াছিল । ১৩৮ ।

শ্রীযশোদা প্রভৃতি গুরুজনগণের নিকটে শৈশবে তারুণ্যলীলা শ্রীসারঙ্গের পদ্যে লিখিতেছেন- ধনিষ্ঠা নাম্নী শ্রীকৃষ্ণের পরিচারিকা শ্রীকৃষ্ণের ভোজনের নিমিত্ত নবনীত আনিলে শ্রীমতীযশোদা জিজ্ঞাসা করিলেন- হে গোপাল ! কিপরিমাণ নবীন নবনীত গ্রহণ করিয়াছ ? জননী কর্ত্তৃক এইপ্রকার জিজ্ঞাসিত হইলে শ্রীযশোদা রোহিনী প্রভৃতি গুরুজন সকাশে ধনিষ্ঠার স্তন ধারন করতঃ দেখাইয়া বলিলেন মাতঃ ! 'এইপরিমাণ নবনীত লইয়াছি' সেই শ্রীকৃষ্ণ আপনাদিগকে রক্ষা করুন ।১৩৯ ।

দীপকস্য

ক্বযাসি ননু চৌরিকে প্রমুদিতং স্ফুটং দৃশ্যতে
দ্বিতীয়মিহ মামকং বহসি কঞ্চুকে কন্দুকম্ ।
ত্যজেতি নবগোপিকাকুচযুগং নিমথ্নন্‌বলা
ল্লসৎপুলকমণ্ডলো জয়তি গোকুলে কেশবঃ ।। ১৪০।।পৃথ্বী

অথ গব্যহরণম্

কস্যচিৎ

দূরদৃষ্টনবনীতভাজনং জানুচংক্রমণজাতসম্ভ্রমম্ ।
মাতৃভীতিপরিবর্ত্তিতাননং কৈশবং কিমপি শৈশবং ভজে ।১৪১।

রথোদ্ধতা ।

তদপি দীপকস্য পদ্যেন লিখতি ক্ব যাসীতি । এবম্ভূতঃ কেশবো গোকুলে জয়তীত্যন্বয়ঃ। কথম্ভূতঃ ননু ভোঃ চৌরিকে প্রমুদিতং যথাস্যাত্তথা ক্বযাসি পলায়সে নন্বহং নাপরাধিনী অতঃ স্বেচ্ছয়া যামীতি চেৎ তত্রাহ ইহ কঞ্চুকে স্তনাচ্ছাদক বস্ত্রে মামকং দ্বিতীয়ং কন্দুকং স্ফুটং দৃশ্যতে অতো দণ্ডায়মানা তত্ত্যজেতি বলাৎ নবগোপিকায়াঃ কুচযুগং নিমথ্নন্ মর্দ্দয়ন্ তেন কামোদ্রেকাৎ লসৎ দীপ্যৎ পুলক মণ্ডলং রোমাঞ্চসমূহো যত্র স ইতি ।। ১৪০ ।।

প্রাকরণিক শৈশবে ক্রমলীলা প্রাপ্তং গব্যহরণমাহ অথেতি । কস্যচিৎ পদ্যদ্বয়েন তদাহ দূরেত্যাদি । কিমপি অনির্বাচ্যং কৈশবং কেশব সম্বন্ধি শৈশবং বাল্যাবস্থাং ভজে ইত্যন্বয়ঃ । তৎ কথম্ভূতং দূরদৃষ্ট নবনীতস্য ভাজনং পাত্রমুদ্দিশ্য

শ্রীকৃষ্ণ খেলিতে খেলিতে কোন নবগোপবধূকে দেখিয়া তাহার নিকটে গমন পূর্ব্বক সদর্পে বলিলেন- অয়ি চৌরিকে ! অতিশয় আনন্দ সহকারে কোথায় পলায়ন করিতেছে ? আমি স্পষ্টরূপে দেখিতেছি তুমি আমার দ্বিতীয় কন্দুকটি চুরি করিয়া নিজ বক্ষস্থ কঞ্চুকমধ্যে গোপন করিয়া রখিয়াছ, "তাহা তুমি সত্বর পরিত্যাগ কর " এই প্রকার বলিয়া কঞ্চুক অপসারণ করতঃ নবগোপিকার কুচযুগ বলপূর্ব্বকমর্দন করিয়া প্রোদ্দীপ্ত পুলকাবলী শোভিত শ্রীকেশব গোকুলে জয়যুক্ত হইতেছেন । ১৪০।

শ্রীকৃষ্ণের গব্য হরণ

শৈশব লীলার অন্তর্গত ক্রমপ্রাপ্ত শ্রীকৃষ্ণের গব্য হরণ লীলা কোন অজ্ঞাত

কেষাঞ্চিৎ

সংমুষ্ণন্নবনীতমন্তিকমণিস্তম্ভে স্ববিম্বোদ্‌গমং
দৃষ্ট্বা মুগ্ধতয়া কুমারমপরং সঞ্চিন্তয়ন্ শঙ্কয়া ।
মন্মিত্রং হি ভবান্ ময়াত্র ভবতো ভাগঃ সমঃ কল্পিতো
মা মাং সূচয় সূচয়েত্যনুনয়ন্ বালো হরিঃপাতু বঃ ।। ১৪২ ।।

শার্দূলবিক্রীড়িতম্।

জানুভ্যাং চংক্রমণে বক্রগমনে জাতঃ সম্ভ্রম ত্বরা যস্য তৎ । পুনঃ কিম্ভূতং নবনীত ভোজনে মাতা মাং তাড়য়িষ্যতীতি তস্য ভীত্যা ভয়েন পরিবর্ত্তিতং পশ্চান্নিহিতং আননং মুখং যস্য তৎ। অত্র শোণো বৎ শৈশব বিশিষ্টে কেশবে লক্ষণা জ্ঞেয়া শৈশবস্য ব্যাপারাসম্ভবাৎ যদ্বা উভয়ত্র সপ্তম্যন্যপদার্থ বহুব্রীহিণা সঙ্গমনীয়ম্ ।। ১৪১ ।।

অহো লীলাশক্তেরবিচিন্ত্যো মহাপ্রভাবঃ যেন সর্ব্বজ্ঞস্যাপি স্বয়ং ভগবতঃ পরম মুগ্ধতেতি বিশদয়ন্ কেষাঞ্চিৎ পদ্যেনাহ সংমুষ্ণন্নিতি । বালোহরির্বোযুষ্মান্ পাত্বিত্যন্বয়ঃ । স কথম্ভূতঃ নবনীতং সংমুষ্ণন্ চোরয়ন্ তস্য নিকটস্থ মণিস্তম্ভে স্ববিম্বোদগমং নিজমূর্ত্তিপ্রতিচ্ছবিং দৃষ্ট্বা বাল্য ভাবেন মুগ্ধতয়া তং অপরং কুমারং সংচিন্তয়ন্ অয়ং মাতরং বক্তীতি শঙ্কয়া এবং য আহ কিমাহ ভবান্ মন্মিত্রং হিতকারীঅতোঽত্র নবনীতে ভবতো ময়া সহ সমস্তুল্যোভাগঃ কল্পিতঃ । মা শব্দো নিষেধার্থঃ ন মাতরং প্রতি মাং সূচয় সূচয়েতি অনুনয়ন্ বিনয়ং কুর্ব্বন্নিতি ভয়েন ত্বরায়াং দ্বিত্বম্ ।। ১৪২ ।।

নামা কবির বাক্যে বর্ণনা করিতেছেন- শ্রীকৃষ্ণ দূর হইতে নবনীতপূর্ণ পাত্র দেখিয়া লোভবশতঃ হামাগুড়ি দিয়া অতিসত্বর গমন করিতেআরম্ভকরিলেন,পরে জননীর ভয়ে ভীত হইয়া পশ্চাতে বদন ফিরাইয়া তাঁহাকে দেখিতে লাগিলেন, এই প্রকার অপূর্ব্ব শৈশবলীলা মণ্ডিত শ্রীকেশবকে ভজনা করি । ১৪১ ।

লীলা শক্তির অবিচিন্ত্য মহাপ্রভাবে সর্ব্বজ্ঞ স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণের মুগ্ধোচিত বাল্যলীলা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- যশোদাকুমার শ্রীকৃষ্ণ শূন্যগৃহে নবনীতচুরি করিতেকরিতেনিকটস্থমনিস্তম্ভেনিজপ্রতিবিম্ব দেখিয়া গৃহমধ্যে কোন অন্য বালকমনে করিয়া মুগ্ধ ভাবে বলিলেন- ওহে বন্ধো ! তুমি আমার মিত্র আমি যে মাখন চুরি করিতেছি তাহাতে তোমার সমান ভাগ রহিয়াছে, "আমি

শ্রীভগবতঃ

দধিমথননিনাদৈস্ত্যক্তনিদ্রঃ প্রভাতে
নিভৃতপদমগারং বল্লবীনাং প্রবিষ্টঃ ।
মুখকমলসমীরৈরাশু নির্ব্বাপ্য দীপান্
কবলিত নবনীতঃ পাতু মাং বালকৃষ্ণঃ ।। ১৪৩।। মালিনী ।

শ্রীভগবতঃ

সব্যে পাণৌ নিয়মিতরবং কিঙ্কিণীদাম ধৃত্বা
কুব্জীভূয় প্রপদগতিভির্মন্দমন্দং বিহস্য ।

শ্রীভগবতঃ শচীনন্দনস্য পদ্যদ্বয়েন আবেশাম্বিতং তন্নির্দিশতি দধীতি বালকৃষ্ণো মাং পাত্বিত্যন্বয়ঃ । স কিম্ভূতঃ প্রভাতেঽত্র রাত্রিশেষে ইতি ব্যাখ্যেয়ং তদা দীপানাং বর্ণনাৎ দধিমথন নিনাদৈর্দধিমথন শব্দৈস্ত্যক্তনিদ্রো জাগরিতঃ সন্ চৌর্য্যেণ নবনীতাদি ভক্ষণার্থং নিভৃতপদং সংযতপদং যথাস্যাত্তথা বল্লবীনাং গোপীনামগারং গৃহং প্রবিষ্টো মুখকমল সমীরৈর্মুখ পদ্ম বায়ুভিরাশু শীঘ্রং দীপান্নির্বাপ্য নির্বাণং কৃত্বা কবলিতং ভুক্তং নবনীতং যেন সঃ ।। ১৪৩ ।।

হরিঃ শ্রীকৃষ্ণো জাতু কদাচিৎ মাতুঃ পশ্চাদ্দেশে স্থিতং হৈয়ঙ্গবীনং সদ্যো জাত গোদোহোদ্ভব ঘৃতং নবনীতং বা অহরৎ কিম্ভূত সন্ তত্রাহ সব্যে বামে পাণৌ বামহস্তে নিয়মিতো যন্ত্রিতো রবো ধ্বনির্যস্য যন্ত্রেতিক্রিয়া বিশেষণং বা তৎ কিঙ্কিণী

নবনীত চুরি করিতেছি” এই ব্যাপার জননীর নিকটে প্রকাশ করিও না, করিও না এই ভাবে যিনি নিজের প্রতিবিম্বকে বার বার অনুনয় করিতেছেন সেই ব্রজবাসীজন মনোহারী শ্রীকৃষ্ণ আপনাদিগকে রক্ষা করুন ।১৪২ ।

শ্রীযশোদানন্দনের গব্যহরণ লীলা শ্রীশচীনন্দন গৌরাঙ্গদেবের দুইটিপদ্যে লিখিতেছেন- যিনি প্রভাতে অর্থাৎ শেষরাত্রিতে গোপীগণের দধিমন্থনের ঘর্ ঘর ধ্বনিতে নিদ্রা পরিত্যাগ করিয়া নিঃশব্দপদ সঞ্চারে ব্রজগোপিকাগণের গৃহেপ্রবেশ করতঃ বদন কমলের বায়ুদ্বারা গৃহের প্রদীপ শীঘ্র নির্ব্বাপিত করিয়া চাতুর্য্য প্রকাশ করিয়া নবনীত ভক্ষণ করিয়াছিলেন সেই নবনীতচোর শ্রীবালকৃষ্ণ আমাকে রক্ষা করুন । ১৪৩ ।

কোন একদিন ব্রজেশ্বরী শ্রীমতী যশোদা দধি মন্থনের পরে সমাগতা গোপীগণের সহিত আলাপে নিমগ্না আছেন- সেই অবসরে শ্রীগোপালের মাখন

অক্ষ্ণোর্ভঙ্গ্যা বিহসিতমুখীর্বারয়ন্ সম্মুখীনা
মাতুঃ পশ্চাদহরত হরির্জাতু হৈয়ঙ্গবীনম্ ।। ১৪৪।। মন্দাক্রান্তা।

সমাহর্তুঃ-

পদন্যাসান্ দ্বারাঞ্চলভুবি বিধায় ত্রিচতুরান্
সমন্তাদালোলং নয়নযুগলং দিক্ষু বিকিরন্ ।
স্মিতং বিভ্রদ্ব্যক্তং দধিহরণলীলাচটুলধীঃ
সশঙ্কং গোপীনাং মধুরিপুরগারং প্রবিশতি ।। ১৪৫।। শিখরিণী ।

দাম ধৃত্বা কুব্জীভূয় চৌররীত্যনুসারেণানতশরীরঃ প্রপদগতিভিঃ পাদাগ্রেণ গমনৈরুপলক্ষিতঃ মন্দমন্দং বিহস্য তত্তু তাসাং মোহনায়ৈবেতি জ্ঞেয়ম্ । তত্তদ্ব্যাপারং দৃষ্ট্বা সংমুখীনাঃ সংমুখস্থিতা বিহসিতমুখ্যো যা গোপ্যস্তা অক্ষ্ণোর্নেত্রয়োর্ভঙ্গ্যা বারয়ন্ মাতরং মা বদতেতি বাল্যচাতুর্য্যং দ্যোতয়ন্নিতি ।। ১৪৪ ।।

গ্রন্থকৃৎ স্বয়মপি তদ্বর্ণয়তি পদন্যাসমিতি, মধুরিপুঃ সশঙ্কং শঙ্কা সহিতং যথাস্যাত্তথা গোপীনামগারং প্রবিশতীত্যন্বয়ঃ । কথম্ভূতঃ সন্ দধিহরণ লীলায়াং চটুলা চঞ্চলা ধী বুদ্ধি র্যস্য সঃ । তস্যাগারস্য দ্বারাঞ্চলভুবি দ্বার প্রদেশ ভূমৌ ত্রিচতুরান্ পাদন্যাসান্ বিধায় সমন্তাৎ সর্ব্বতো ভাবেন আলোলং চঞ্চলং নয়নযুগং দশসু দিক্ষু বিকিরন্ স্মিতং মন্দহাসবিশিষ্টং মুখং বিভ্রৎ সন্ শঙ্কায়ামপি স্মিতং মুখস্য তাদৃক্ স্বভাবাৎ । যদ্বা যদি কোঽপি পশ্যতি তদা তং হাস্যেন মোহয়ামীতি । হাসো জনোন্মাদকরীহ মায়েতি শ্রীভাগবতাৎ । তত্র শঙ্কাতু লজ্জা হেতুকেতি জ্ঞেয়া ।। ১৪৫ ।।

চুরি লীলা বর্ণন করিতেছে- জননীর পশ্চাতে স্থিত মাখন চুরির নিমিত্ত বামহস্তে কিঙ্কিণীর রজ্জু সাবধানে ধরিয়া যাহাতে শব্দ না হয় এই ভাবে শরীর সঙ্কুচিত করিয়া চরণের অগ্রভাগ দ্বারা নিঃশব্দে আসিয়া মৃদু মন্দ হাস্য তথা নয়ন সঞ্চালন ভঙ্গীতে সম্মুখস্থিতা স্মিত হাস্যমুখী গোপীগণকে নিবারণ অর্থাৎ তাঁহারা যেন জননীকে বলিয়া না দেন, তাহা লোচনের ইঙ্গিত দ্বারা জানাইয়া জননীর পশ্চাৎদিকে গমন করিয়া গোপীজনমনোহর শ্রীকৃষ্ণ নবনীত হরণ করিয়াছিলেন । ১৪৪ ।

শ্রীকৃষ্ণের নিজগৃহে মাখনচুরির বর্ণনা করতঃ গোপীগণের গৃহে মাখনচুরি লীলা গ্রন্থাকার স্বয়ং বর্ণনা করিতেছেন - দধিহরণ লীলায় চঞ্চল হৃদয় শ্রীকৃষ্ণ গোপীদিগের গৃহের দ্বারদেশের ভূমিতে তিন চারিপদ অগ্রসর হইয়া চতুর্দ্দিকে

কস্যচিৎ

মৃদ্নন্ ক্ষীরাদিচৌর্য্যান্মসৃণসুরভিণী সৃক্কণী পাণিঘর্ষৈ-
রাঘ্রায়াঘ্রায় হস্তং সপদি পরুষয়ন্ কিঙ্কিণীমেখলায়াম্ ।
বারং বারং বিশালে দিশি দিশি বিকিরঁল্লোচনে লোলতারে
মন্দং মন্দং জনন্যাঃ পরিসরময়তে কূটগোপালবালঃ ।। ১৪৬ ।।

স্রগ্ধরা

কস্যচিৎ পদ্যেন স চাতুর্য্যং তল্লিখতি মৃদ্নন্নিতি । ধূর্ত্ত গোপাল বালঃ কপটো গোপপুত্রো জনন্যাঃ পরিসরং নিকটস্থানং মন্দং মন্দময়তে গচ্ছতীত্যন্বয়ঃ, স কথম্ভূতঃ ক্ষীরাদি চৌর্য্যাদ্ধেতোমসৃণসুরভিণী কোমল সুগন্ধ বিশিষ্ট সৃক্কণী ওষ্ঠ প্রান্তভাগৌ পাণিঘর্ষৈঃ পাণিভ্যাং ঘর্ষা ঘর্ষণানি তৈর্মৃদ্নন্ মার্জ্জয়ন্ তদগন্ধোঽস্তি নবেতি হস্তং আঘ্রায়াঘ্রায় তত্রাপি গন্ধসদ্ভাবাৎ কিঙ্কিণী মেখলায়াং কিঙ্কিণী ক্ষুদ্র ঘণ্টিকা মেখলা অষ্ট যষ্টিকা ভূষণবিশেষঃ কিঙ্কিণী সহিতা মেখলা তস্যাং সপদি তৎক্ষণাৎ পরুষয়ন্ কঠিনী কুর্ব্বন্ লোক দর্শন ভয়াৎ দিশি দিশি বিশালে বিস্তৃতে লোচনে বিকিরন্ ভ্রাময়ন্ লোচনে কথম্ভূতে বিশালে সুন্দর তয়া পৃথুলে তথা ভয়েন লোলতারে লোলা চঞ্চলা তারা যত্র তে ।। ১৪৬ ।।

অতিশয় চঞ্চল লোচন যুগল নিক্ষেপ করিতে করিতে মৃদুমন্দ হাস্য সহকারে সঙ্কিতমনে গোপীগণের গৃহে প্রবেশ করিতেছেন । ১৪৫ ।

কোন একদিন চোর চূড়ামণি গোপাল নিজগৃহে মাখন চুরি করিয়া অন্বেষণ পরায়ণা জননীর নিকটে আগমন করিতেছেন, তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- ধূর্ত্তগোপাল মাখন চুরি করিয়া ভোজন সমাপন পূর্ব্বক জননী সমীপে আগমন করিতেছেন, মাখন ভোজনে সৃক্কণী অর্থাৎ ওষ্ঠদ্বয়ের প্রান্তভাগদ্বয় মসৃণ ও সুগন্ধযুক্ত হওয়ায় তাহা হস্তদ্বারা বারম্বার মার্জনা করিলেন , তাহাতে করদ্বয় সুগন্ধিযুক্ত হইল, তখন হস্তদ্বয় বহুবার ঘর্ষণ আঘ্রাণ গ্রহণ পূর্ব্বক তাহাতে গন্ধের স্থিতি আশঙ্কায় কটি স্থিত ক্ষুদ্র ঘণ্টিকার রজ্জুতে ঘর্ষণ করিয়া বিশাল চঞ্চল লোচনদ্বয় চতুর্দ্দিকে নিক্ষেপ করিতে করিতে ধীরে ধীরে জননীর নিকটে আগমন করিতেছেন ।১৪৬ ।

অথ হরেঃ স্বপ্নায়িতম্

ময়ূরস্য

শম্ভো স্বাগতমাস্যতামিত ইতো বামেন পদ্মোদ্ভব
ক্রৌঞ্চারে কুশলং সুখং সুরপতে বিত্তেশ নো দৃশ্যসে।
ইত্থং স্বপ্নগতস্য কৈটভরিপোঃ শ্রুত্বা জনন্যা গিরঃ
কিং কিং বালক জল্পসীত্যনুচিতং থূথূকৃতং পাতু বঃ।। ১৪৭।।

শার্দুলবিক্রীড়িতম্।

শৈশব প্রসঙ্গে স্বপ্নায়িতং লিখতি অথ হরেঃ স্বপ্নায়িতমিতি স্বপ্নবিশিষ্ট জনবদাচরিতম্। ময়ূরস্য পদ্যেন তল্লিখতি শম্ভো ইতি। জনন্যা যশোদায়াঃ থূথূৎকৃতং সুতবক্ষসি থূৎকারং বো যুষ্মান্ পাতু ইত্যন্বয়ঃ। জনন্যাঃ কথম্ভূতায়াঃ কৈটভরিপোঃ শ্রীকৃষ্ণস্য গিরঃ কথাঃ শ্রুত্বা হে বালক! কিং কিমনুচিতং জল্পসীতি ব্যগ্রায়া ইত্যর্থঃ। অতঃ কিং কিমিতি ভয়ে বীপ্সা তস্য কথম্ভূতস্য হে শম্ভো স্বাগতং তব সুখেনাগমনং ইত ইহ সপ্তম্যাস্তসি আস্যতাং উপবিশ্যতাং পদ্মোদ্ভব হে ব্রহ্মন্ স্বাগতং মম বামেন ইতইহ আস্যতাং ক্রৌঞ্চারে হে কার্ত্তিকেয় তে কুশলং সুরপতে হে ইন্দ্র তে সুখং বিত্তেশ হে কুবের ত্বং নো ওকারান্তোঽপি নো শব্দো নিষেধার্থঃ নো দৃশ্যসে কথমিতি শেষঃ। ইত্থং স্বপ্নগতস্য স্বপ্নাবস্থাং প্রাপ্তস্য ।। ১৪৭ ।।

"শ্রীকৃষ্ণের স্বপ্ন দর্শন"

শ্রীকৃষ্ণ জননী যশোমতীর সহিত শয়ন করিয়া যে স্বপ্ন দেখিয়াছিলেন তাহা শ্রীময়ূর কবির পদ্যে লিখিতেছেন- শ্রীকৃষ্ণ স্বপ্ন অবস্থায় বলিতেছেন হে শম্ভো! তোমার মঙ্গল ত? এস এই স্থানে উপবেশন কর, হে ব্রহ্মন্! এস! এস! এই শিবের বামদিকের আসন গ্রহণ কর, ওহে কার্ত্তিকেয়! তুমি কুশলে আছ ত? হে দেবরাজ ইন্দ্র! তুমি সুখে আছ ত? ওহে কুবের! তোমাকে অনেক দিন দেখিতে পাই না কেন হে? এই প্রকার স্বপ্নগত কৈটভরিপু শ্রীকৃষ্ণের কথা শ্রবণ করিয়া মাতা যশোমতী -এ কি! এ কি! বালক এইরূপ অনুচিত বাক্য বলিতেছে কেন? এই বলিয়া পুত্রের বক্ষস্থলে থূ থূ করিয়াছিলেন, শ্রীমতী যশোদার কৃষ্ণবক্ষে এই থূ থূ শব্দ তোমাদিগকে রক্ষা করুক। ১৪৭।

বসুদেবস্য

ধীরা ধরিত্রি ভব ভারমবেহি শান্তং নম্বেষ কংসহতকং বিনিপাতয়ামি ।
ইত্যদ্ভুতস্তিমিতগোপবধূশ্রুতানি স্বপ্নায়িতানি বসুদেবশিশোর্জয়ন্তি ।। ১৪৮।।

বসন্ততিলকম্

অথ পিত্রোর্বিস্মাপনশিক্ষণাদি

উমাপতিধরস্য

কালিন্দীপুলিনে ময়া ন ন ময়া শৈলোপশৈল্যে ন ন
ন্যগ্রোধস্য তলে ময়া ন ন ময়া রাধাপিতুঃ প্রাঙ্গণে ।

বসুদেবস্য পদ্যেন তল্লিখতি ধীরেতি । বসুদেব শিশোঃ বসুভিঃ রত্ন ধন স্বর্ণৈ র্দীব্যতীতি বসুদেবঃ যদ্বা বসুষু সাধুষু দীব্যতীতি যদ্বা বসুষু অষ্টবসুষু মধ্যে যো ভক্ত্যা দীব্যতি দ্রোণ নামা তদ্বিশিষ্ট স্তস্য শ্রীনন্দে প্রবেশাৎ । যদ্বা সত্বং বিশুদ্ধং বসুদেব শব্দিতমিতি স্মরণাত্তদ্বিশিষ্টো যো নন্দ স্তস্য শিশো র্বালকস্যেত্যর্থঃ, শূরপুত্রস্য বসুদেবস্য শ্রীকৃষ্ণস্য শৈশবাবস্থায়াং পুত্রতায়াং অপ্রকটনাৎ, তস্য স্বপ্নায়িতানি স্বপ্ন বাক্যানি জয়ন্তি তানি কথম্ভূতানি হে ধরিত্রি ভূমে ত্বং ধীরা স্থিরা ভব । ননু কংসেন পীড়নাৎ কথং ধৈর্য্যং প্রাপ্নোমি তত্রাহ ননু ভো এবোঽহং কংস হতকং রূপ নীচলোকং বিনিপাতয়ামি অতো ভারং শান্তমবৈহি অবগচ্ছ ইত্যদ্ভুতেনাশ্চর্য্য বাক্যেন স্তিমিতা আদ্রা যা গোপবধ্ব স্তাসাং শ্রুতানি শ্রবণ গোচরাণি ।। ১৪৮ ।।

শৈশব প্রসঙ্গে পিত্রাদীনাং কৃষ্ণেণ কর্ত্রা বিস্মাপনং তেভ্যঃ শিক্ষাদি চ রস পোষায় ভবতীত্যপেক্ষায়ামাহ অথেতি । তত্রোমাপতিধরস্য পদ্যেন বিস্মাপনমাহ

পুনঃ কবিবর শ্রীবসুদেবের পদ্যে লিখিতেছেন- শ্রীবসুদেবপুত্র ; বসুরত্ন স্বর্ণ ধনাদিরদ্বারা যিনি সুশোভিত তিনি, বা ক্রীড়া করেন তিনি বসুদেব, অথবা যিনি অষ্ট বসুর মধ্যে দ্রোণ, এই দ্রোণ শ্রীনন্দে প্রবেশ করা হেতু যিনি বসুদেব সেই বসুদেবপুত্র শ্রীকৃষ্ণ স্বপ্নে বলিতেছেন- “হে ধরণি ! তুমি স্থির হও, তোমার ভার প্রায় বিনষ্ট হইয়াছে জানিবে, অয়ি পৃথিবি ! পাপিষ্ঠ কংসকে ভয় করিও না, কারণ নীচাশয় কংশকে সত্বর বিনাশ করিব” ; এই রূপ শ্রীবসুদেব নন্দনের স্বপ্নগত আশ্চর্য্য বাক্য যাহা গোপবধূগণ শ্রবণ করিয়াছিলেন সেই বাক্যসকল জয়যুক্ত হউক ।১৪৮ ।

দৃষ্টঃ কৃষ্ণ ইতীরিতে সনিয়মং গোপৈর্যশোদাপতে-
র্বিস্মেরস্য পুরোঽসন্নিজগৃহান্নির্যন্ হরিঃ পাতু বঃ ।।১৪৯ ।।

শার্দূলবিক্রীড়িতম্।

কালিন্দীতি শ্রীকৃষ্ণস্য সখায়ো গোষ্ঠে শ্রীকৃষ্ণমদৃষ্ট্বা তস্মাৎ সত্বরং ব্রজরাজ নিকটমাগত্য পপ্রচ্ছুঃ শ্রীকৃষ্ণঃ কিং গৃহমাগতবান্ তদা স গৃহে নায়াতঃ কালিন্দী পুলিনাদৌ যূয়ং তং মার্গয়তেতিব্রজরাজেনোক্তে সতি তদা কশ্চিদাহ কালিন্দীপুলিনে ময়া কৃষ্ণো ন ন দৃষ্টঃ ত্বরায়াং নস্য দ্বিঃ । কশ্চিদাহ শৈলোপশৈল্যে গোবর্দ্ধনস্য নিকটস্থলে ন ন দৃষ্টঃ কশ্চিদাহ ময়া ন্যগ্রোধস্য বটবৃক্ষস্য ভাণ্ডীরস্য তলে ময়া ন ন দৃষ্টঃ কশ্চিদাহ রাধাপিতুর্বৃষভানোঃ প্রঙ্গণে ময়া ন ন দৃষ্টঃ ইতি গোপৈঃ কৃষ্ণসখিভিঃ সনিয়মং সশপথমীরিতে কথিতে সতি বিপদ্ভাবনয়া বিস্মেরস্য হাস রহিতস্য যশোদাপতেঃ শ্রীনন্দস্য পুরোঽগ্রে নিজ গৃহাৎ হসন্ সন্ নির্যন্ নির্গচ্ছন্ হরির্বোযুষ্মান্ পাতু রক্ষতু ।। ১৪৯ ।।

"শ্রীকৃষ্ণকর্ত্তৃক জনক জননী বিস্মাপন লীলা "

কোন এক দিন শ্রীকৃষ্ণ কোন গোপিকার গৃহে গমন করিলে ব্রজবাসীদেব শ্রীউমাপতি ধরের পদ্যে লিখিতেছেন- গোচারণ লীলায় সখাগণ শ্রীকৃষ্ণকে গোষ্ঠে না দেখিয়া অতি সত্ত্বর ব্রজরাজ শ্রীনন্দের নিকটে আসিয়া জিজ্ঞাসা করিলেন হে পিতঃ ! প্রাণসখা গোপাল গৃহে আসিয়াছে কি ? শ্রীব্রজরাজ বলিলেন- না, গোপাল গৃহে আসে নাই, তোমরা সত্ত্বর যমুনা পুলিনাদি নানা স্থানে অন্বেষণ কর, গোপবালকগণ বলিল- আমরা শপথ পূর্ব্বক বলিতেছি- আমি যমুনার পুলিনে অন্বেষণ করিয়াছি কিন্তু সখাকে পাইলাম না, আমি গোবর্দ্ধন পর্ব্বতে, আমি গ্রামের প্রান্তভাগে, আমি ভাণ্ডীরাদি বটবৃক্ষের তলে, আমি শ্রীরাধার পিতৃদেব শ্রীবৃষভানুর প্রাঙ্গণে অন্বেষন করিলাম কিন্তু কোথাও প্রাণসখা গোপালকে দেখিতে পাইলাম না, এইরূপ শপথ করিয়া গোপশিশুগণ বলিলে, পুত্রের বিপদ সম্ভাবনায় শ্রীমতী যশোদা পতি ব্রজরাজ শ্রীনন্দ অতিশয় বিস্ময় প্রকাশ করিতেছিলেন, সেই সময়ে যিনি পিতৃদেবের সন্নিকটে নিজগৃহ হইতে হঠাৎ বহির্গত হইলেন সেই শ্রীকৃষ্ণ তোমাদিগকে সর্ব্বদা রক্ষা করুন । ১৪৯ ।

অভিনন্দস্য

বৎস স্থাবরকন্দরেষু বিচরন্ দূরপ্রচারে গবাং
হিংস্রান্ বীক্ষ্য পুরঃ পুরাণপুরুষং নারায়ণং ধ্যাস্যসি ।
ইত্যুক্তস্য যশোদয়া মুররিপোরব্যাজ্জগন্তি স্ফুরদ্-
বিম্বোষ্ঠদ্বয়গাঢ়পীড়নবশাদব্যক্তভাবং স্মিতম্ ।। ১৫০ ।।

শার্দূলবিক্রীড়িতম্।

কস্যচিৎ

রামো নাম বভুব হুং তদবলা সীতেতি হুং তাংপিতু-
র্বাচা পঞ্চ বটীবনে নিবসতস্তস্যাহরদ্রাবণঃ ।

তাং শিক্ষামভিনন্দস্য পদ্যেন শিক্ষামাহ বৎসেতি । বৎস হে কৃষ্ণ গবাং দূরে প্রচারে সতি স্থাবর কন্দরেষু স্থাবরো বৃক্ষজাতি রর্থাদ্বনং কন্দরাঃ পর্ব্বত গুহাস্তেষ গবাং রক্ষণায় বিচরন্ পুরোহগ্রে হিংস্রান্ জন্তূন্ বীক্ষ্য পুরাণ পুরুষং নারায়ণং ধ্যাস্যসি চিন্তাং কুর্ব্বিতি প্রকারেণ যশোদয়া স্নেহেনোক্তস্য মুররিপোঃ স্ফুরদ্বিম্বোষ্ঠ দ্বয় গাঢ় পীড়ন বশাৎ হেতোরব্যক্ত ভাবস্মিতং ন ব্যক্তো ভাবঃ প্রকাশো যস্য তচ্চাদঃ স্মিতং মন্দহাস্যং চেতি স্মিতমিতি পুতনাদীনাং মারণং দৃষ্ট্বাপি স্নেহবশেন মচ্ছক্তিমনালোচ্য মাতামামেবমুপদিশতীত্যভিপ্রায়াৎ । তজ্জগন্তি ভুবনানি অব্যাৎ রক্ষতু ।। ১৫০ ।।

তত্রোপন্যাস শ্রবণং লিখতি রাম ইতি । উপন্যাসশ্রবণে শ্রোতুরভিনিবেশ দ্যোতকো হুং শব্দঃ রামো নাম বভূব হুমিত্যুক্তে সাহ তদবলা তৎ পত্নী সীতেতি এবং পরপরত্র পিতুর্দশরথস্য বাক্যাৎ পঞ্চবটী নাম বনে নিবসত স্তস্য রামস্য তাং

কোন একদিন গোচারণ গমন কালে শ্রীমতীযশোদা গোপালকেশিক্ষা প্রদান করিয়াছিলেন, তাহা শ্রীঅভিনন্দকবির পদ্যে লিখিতেছেন- জননী বলিলেন হে বৎস ! তুমি গাভীচারণ উ পলক্ষেবহুদূরে বন পর্ব্বত গুহা প্রভৃতিস্থানে বিচরণ সময়ে কোন ব্যাঘ্রাদি হিংস্রপশু দৃশ্য হইলে পুরাণপুরুষ "শ্রীনারায়ণকে ধ্যান করিও" ব্রজেশ্বরী যশোদা এই কথা বলিলে শ্রীকৃষ্ণ উচ্চহাস্য অবরোধ করালে বিম্ব সদৃশ ওষ্ঠদ্বয়ের নিপীড়ন জন্য অব্যক্ত ভাব সমন্বিত মৃদু মন্দ হাস্য জগৎকে রক্ষা করুন । ১৫০ ।

জননী যশোমতী শ্রীকৃষ্ণকে পুরাকাহিনী শ্রবণ করাইয়ছিলেন তাহা কোন অজ্ঞাতনামা কবির পদ্যে লিখিতেছেন-শ্রীযশোমতী বলিলেন- রে গোপাল !পূর্ব্বে

কৃষ্ণস্যেতিপুরাতনীং নিজকথামাকর্ণ্য মাত্রেরিতাং
সৌমিত্রে! ক্বধনুর্ধনুর্ধনুরিতি ব্যগ্রা গিরঃ পান্তু বঃ ।। ১৫১।।

শার্দুলবিক্রীড়িতম্।

সর্ব্বানন্দস্য

শ্যামোচ্চন্দ্রা স্বপিষি ন শিশো নৈতি মামম্ব নিদ্রা
নিদ্রাহেতোঃ শৃণু সুত কথাং কামপূর্ব্বাং বদস্ব ।

সীতাং রাবণো অহরৎ ইতিমাত্রা যশোদয়েরিতাং কথিতাং পুরাতনীং অবতারান্তরস্য নিজস্য কথামাকর্ণ্য শ্রুত্বা ক্রোধাবেশাৎ সৌমিত্রে হে লক্ষ্মণ ক্ব কুত্র মম ধনুর্ধনুরস্তীতি কৃষ্ণস্য ব্যগ্রা বাচো বো যুষ্মান্ পান্তু রক্ষন্তু ।। ১৫১ ।।

পুনঃ সর্ব্বানন্দস্য পদ্যেন তল্লিখতি শ্যামেতি তত্র যশোদাহ নু হে শিশো ত্বং উদধিকং যথাস্যাত্তথা গতা নিদ্রা যস্য এবম্ভূতো মাস্যা ন ভব মা শব্দো নিষেধার্থঃ স্বপিষি শয়নং কুরু শ্যামোচ্চন্দ্রা স্বপিষি নেতি কচিৎ পাঠো দৃশ্যতে তত্র শ্যামা রাত্রিঃ সা উদুদিতশ্চন্দ্রোযস্যা এবম্ভূতা বভূব এতেন কৃষ্ণপক্ষীয়া তৃতীয়া তিথিরবগম্যতে হে শিশো তথাপি ন যৎ স্বপিষি তন্মম মহদ্দুঃখং শ্রীকৃষ্ণ আহ অম্ব হে মাতঃ মাং নিদ্রা নৈতি নাগচ্ছতি কিং করোমি পুনঃ স আহ হে সুত নিদ্রাহেতোঃ কাম পূর্ব্বাং

রাম নামে একজন অযোধ্যার রাজা ছিলেন, শ্রীকৃষ্ণ বলিলে-হুঁ, জননী কহিলেন- তহার সীতা নামে পত্নী ছিল, শ্রীকৃষ্ণ বলিলেনহুঁ, যশোদা কহিলেন তিনি নিজ পিতা দশরথের বাক্যে চতুর্দ্দশ বৎসর বনবাস ক্রমে পঞ্চবটী বনে বাস করিতে ছিলেন, সেই কালে লঙ্কাপতি রাবণ রাম পত্নী সীতাকে হরণ করে। শ্রীকৃষ্ণ জননীযশোদা বর্ণিত নিজ পুরাতন রাম অবতারের কাহিনী শ্রবণ করিয়া- হে সৌমিত্র! হে লক্ষণ ! আমার ধনু কোথায় ? আমার ধনু কোথায় ? এই প্রকারে ব্যগ্র হইয়া যে বাক্য সকল প্রয়োগ করিয়াছিলেন শ্রীকৃষ্ণের সেই বাক্য সকল আপনাদিগকে রক্ষা করুন । ১৫১ ।

শ্রীনৃসিংহাবতারের কাহিনী শ্রবণ লীলা শ্রীসর্ব্বানন্দের পদ্যে বর্ণন করিতেছেন- জননী কহিলেন- বৎস গোপাল ! দেখ জ্যোৎস্নাময়ী রজনী কি সুন্দর, তথাপি তুমি নিদ্রা যাইতেছ না কেন ? শ্রীকৃষ্ণ কহিলেন- হে মাতঃ ! কোন প্রকারে আমার নিদ্রা আসিতেছেনা, শ্রীযশোদা বলিলেন- হে পুত্র ! নিদ্রার নিমিত্ত কোন অপূর্ব্ব কাহিনী বলিতেছি, শ্রবণ করা শ্রীকৃষ্ণ কহিলেন হে মাতঃ ! সত্বর

ব্যক্তঃ স্তম্ভান্নরহরিরভূদ্দানবং দারয়িষ্য-
ন্নিত্যুক্তস্য স্মিতমুদয়তে দেবকীনন্দনস্য ।। ১৫২।। মন্দাক্রান্তা ।

অথ গোরক্ষাদি-লীলা

যোগেশ্বরস্য-

দেবস্ত্বামেকজঙ্ঘাবলয়িতলগুড়ীমূর্দ্ধ্নি বিন্যস্তবাহু-
র্গায়ন্ গোযুদ্ধগীতীরুপরচিতশিরঃশেখরঃ প্রগ্রহেণ ।
দর্পস্ফূর্জন্মহোক্ষদ্বয়সমরকলাবদ্ধদীর্ঘানুবন্ধঃ
ক্রীড়াগোপালমূর্ত্তির্মুররিপুরবতাদাত্তগোরক্ষলীলঃ ।। ১৫৩।। স্রগ্ধরা

কথাং রম্যমুপন্যাসং শৃণু পুনঃ স আহ হে অম্ব তাং বদ ক্বচিৎ কুরুষ্বেতি পাঠো দৃশ্যতে তত্র পক্ষে কামপূর্ব্বামিত্যেকং পদং কথাং শৃণুতাঞ্চ কামপূর্ব্বাং কামো নিদ্রাপ্রাপ্তিঃ পূর্ব্বঃ প্রধানং যত্র তাং কুরুষ্ব নিদ্রার্থং শৃণ্বিত্যর্থঃ । তামাহ দানবং হিরণ্যকশিপুং দারয়িষ্যন্ বিদারয়িতুং স্তম্ভান্নরহরিঃ ব্যক্তংপ্রকটোহভূৎ ইতিমাত্রা উক্তে সতি অস্য দেবকীনন্দনস্য স্মিতং মন্দহাস্যমুদয়তে প্রকাশো ভবতি দ্বে নাম্নী নন্দভার্য্যায়া যশোদা দেবকীতিচেতি স্মরণাৎ দেবকীত্যত্র যশোদৈব বাচ্যা বসুদেব পত্ন্যা স্তস্যা ব্রজে অবস্থিত্যভাবৎ । শ্রীকৃষ্ণস্য বাল্যলীলা সুখাস্বাদাভাবাচ্চ ।১৫২।

এবং ক্রমেণ পৌগণ্ড প্রাপ্তে তত্র সঙ্গতাং গোরক্ষণাদিলীলাং লিখিতুং প্রক্রমতেঅথ গোরক্ষণাদি লীলেতি। তত্র যোগেশ্বরস্য পদ্যেন গোরক্ষণে বিনোদমাহ দেব ইতি ক্রীড়াগোপাল মূর্ত্তিঃ ক্রীড়য়তি ভক্তান্ সুখয়তীতি ক্রীড়া লীলা তদর্থং গোপাল রূপঃ । যদ্বা ক্রীড্যতে যয়া সা লীলাশক্তিস্তয়া গোপাল রূপঃ অতো নিত্যগোপালরূপত্বং স মুররিপুর্দেবস্ত্বামবতাৎ রক্ষতু ইত্যন্বয়ঃ । স কথম্ভূত আপ্তা গোরক্ষলীলা যেন সঃ তদ্ভাবত্বমাহ একজঙ্ঘায়াং বলয়িতা বক্রভাবেন সংযোজিতা যা লগুড়ী গোবশীকারী দণ্ডস্তস্যামূর্দ্ধ্নি শিরসি বিন্যস্তো বাহু র্যেন এবম্ভূতঃ সন্ গোযুদ্ধ গীতি র্গবাং যুদ্ধং সংগ্রামো যাভি স্তা গীতী র্গায়ন্ পুনঃ কথম্ভূতঃ প্রগ্রহো গবাদি যন্ত্রণ রজ্জুস্তেনোপরচিতো বেষ্টনমাল্যত্বেন কল্পিতঃ শিরসি শেখরশ্চূড়া

সেই কথা বলুন । জননী যশোমতী বলিলেন-পূর্ব্বে হিরণ্যকশিপু নামে এক ভয়ঙ্কর দানব ছিল, সেই দানবের বক্ষ বিদীর্ণ করিবার জন্য নরসিংহ ভগবান স্তম্ভ হইতে বহির্গত হইয়াছিলেন, জননী এই পুরাতন কাহিনী শ্রবণ করাইলে দেবকীনন্দন শ্রীকৃষ্ণের বদনে মৃদু মন্দ হাস্যের উদয় হইল ।১৫২ ।

শ্রীকেশবচ্ছত্রিণঃ-

যাবদ্‌গোপা মধুরমুরলীনাদমত্তা মুকুন্দং
মন্দস্পন্দৈরহহ সকলৈর্লোচনৈরাপিবন্তি ।।
গাবস্তাবন্মসৃণযবসগ্রাসলুব্ধা বিদূরং
যাতা গোবর্দ্ধনগিরিদরীদ্রোণিকাভ্যন্তরেষু ।। ১৫৪ ।। মন্দাক্রান্তা ।

যেন সঃ । পুনঃ কথম্ভূতঃ যুদ্ধগীতি শ্রবণেন দর্পৈঃ স্ফূর্জ্জতো র্মহোক্ষদ্বয়য়ো র্মহাবৃষয়োঃ সমর কলায়াং যুদ্ধপরিপাট্যাং আবদ্ধো দীর্ঘোঽতিশয়োঽনুবন্ধো যেন সঃ বিস্মৃতান্যকৃত্য ইত্যর্থঃ ।। ১৫৩।।

তত্র শ্রীকৃষ্ণস্য বেণুধ্বনিনা মোহিতানাং গোপানাং গবাঞ্চকৃত্যং শ্রীকেশব চ্ছত্রিণঃ পদ্যেন লিখতি যাবদিতি । মুকুন্দস্য মধুর মুরলীনাদেন মত্তাঃ পরমাবিষ্টতয়া বিস্মৃতান্য কৃত্যা গোপা যাবৎ কালং ব্যাপ্য মন্দস্পন্দৈ র্নিমেষ রহিতৈঃ সকলৈঃ সম্পূর্ণৈ র্নয়নৈরহহ হর্ষে মুকুন্দমাপিবন্তি অত্যাসক্ত্যা পশ্যন্তি তাবদগাবঃ গোবর্দ্ধনগিরিদরী দ্রোণিকাভ্যন্তরেষু গোবর্দ্ধন গুহাদেশ মধ্যেষু মসৃণ যবসগ্রাস লুব্ধাঃ কোমলতৃণগ্রাস লোভযুক্তাঃ সন্তঃ বিদূরং যাতা বভূবুরিতি শেষঃ ।। ১৫৪ ।।

"শ্রীকৃষ্ণের গোরক্ষণাদি লীলা বর্ণনা"

জন্মের পর হইতেপাঁচ বৎসর পর্য্যন্ত শৈশব, পর দশবৎসর পর্য্যন্ত পৌগণ্ড বয়স, শ্রীকৃষ্ণের শৈশব লীলা বর্ণনা করিয়া পৌগণ্ড বয়সে সঙ্গত গোচারণাদি লীলা শ্রীযোগেশ্বরের পদ্যে বর্ণন করিতেছেন- দেব-গোরক্ষণাদিক্রীড়া শীল শ্রীকৃষ্ণজঙ্ঘায় অর্থাৎ হাঁটু হইতে গোড়ালী পর্য্যন্ত দেহের অংশ, সেই স্থানে গোচারণের লগুড়ীটি বলয়াকারে, অর্থাৎ বামজঙ্ঘাটি লগুড়ীতে বক্রভাবে স্থাপন করিয়া সেই লগুড়ীর মস্তকেবাম বাহুটিবিন্যস্ত করতঃ যিনি গো যুদ্ধের গান করিতে করিতে গোবন্ধন রজ্জু দ্বারা স্বীয় মস্তকেমাল্য রচনা করিতেছেন, যুদ্ধের গান শ্রবণ করতঃ শ্রীকৃষ্ণের মহাবৃষভদ্বয় দর্প সহকারে ভীষণগর্জ্জন পূর্ব্বক যুদ্ধ করিতেছে, শ্রীকৃষ্ণ তাহাদের যুদ্ধ বিষয়ে অতিশয় আগ্রহ প্রকাশ করিতেছেন, সেই লীলাকারী মধুরিপুর গোচারণাদি ক্রীড়া বহুল গোপাল মূর্ত্তি তোমাকে রক্ষা করুন ।১৫৩ ।

শ্রীকৃষ্ণেব বেণুধ্বনি শ্রবণ করিয়া গোপবালক ও ধেনুগণের অবস্থা শ্রীকেশব ছত্রির পদ্যে লিখিতেছেন- গোবর্দ্ধন শিলায় বসিয়া শ্রীকৃষ্ণ মুরলী বাদন

অথ গোপীনাং প্রেমোৎকর্ষঃ

সর্ব্ববিদ্যাবিনোদানাম্-

ধৈর্য্যং মানপরিগ্রহেঽপি জঘনে যচ্চাংশুকালম্বনং
গোপীনাঞ্চ বিবেচনং নিধুবনারম্ভে রহোমার্গণম্ ।
সাধ্বীসচ্চরিতং বিলাসবিরতৌ পত্যুর্গৃহান্বেষণং
তত্তদ্গৌরবরক্ষণং মুররিপোর্বংশীরবাপেক্ষণম্ ।। ১৫৫ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

বাৎসল্য সখ্যরস পাত্রাণাং শ্রীকৃষ্ণে প্রেমাণং নির্দ্দেশ্য মধুর রস পাত্রাণাং ব্রজরামাণাং তত্র প্রেমাণং নির্দিশতি অথেতি । অত্র প্রেমপদেন স্নেহ মান প্রণয় রাগানুরাগ ভাবানাং গ্রহণং জ্ঞাতব্যম্ । অতঃ প্রেম বিলাসাঃ স্যুর্ভাবা স্নেহাদয়স্তু ষট্ । প্রায়ো ব্যবহ্রিয়ন্তেঽমী প্রেম শব্দেন সূরিভি রিত্যুজ্জ্বলনীলমণৌ তদনুগামিত্ববর্ণনাৎ। তং সর্ব্ববিদ্যাবিনোদ ভট্টাচার্য্যস্য পদ্যেন লিখতি ধৈর্য্যমিতি । গোপীনামিতিপদং সর্ব্বত্র যোজ্যং, তাসাং মানপরিগ্রহে শ্রীকৃষ্ণে মানরক্ষণে ধৈর্য্যং ধীরতা, জঘনে নিতম্বে রম্যাংশুকস্য মনোহরবস্ত্রস্যালম্বনং সংসর্গঃ । নিধুবনারম্ভে শ্রীকৃষ্ণেন সহ রতি ক্রীড়ায়াং বিবেচনং লোকা নিন্দিষ্যন্তীতি বিচারণং রহোমার্গণং কুলবধ্বো বয়ং কৃষ্ণদর্শনার্থং কথং রাজপথে বর্ত্তামহে রহস্যেঽবস্থানং যুজ্যত ইতি সাধ্বী সচ্চরিতং সাধ্বীধর্ম্মরক্ষণং এতদেব যৎ বিলাসবিরতৌ বিলাসঃ শ্রীকৃষ্ণেন সহালাপাদিঃ তস্য বিরতৌ বিরামার্থং বিরামে সতি বা পত্যুঃ পতিম্মন্যস্য গৃহান্বেষণং তত্তৎ গৌরব রক্ষণং ধৈর্য্য কুল ধর্ম্মাদি রক্ষণং যত্তৎ মুররিপোঃ শ্রীকৃষ্ণস্য বংশীরবাপেক্ষণং যাবৎ বংশীরবো ন জনিষ্যতে তাবৎ বংশীরবে শ্রুতে সতি ধৈর্য্যাদিকং কিমপি ন তিষ্ঠতীত্যর্থঃ অতঃ প্রেম পরাকাষ্ঠেতি জ্ঞেয়া ।। ১৫৫ ।।

করিতেছেন, সেই মুরলী নিনাদ শ্রবণ করতঃ গোপবালকগণ প্রমত্ত হইয়া নিমেষরহিত লোচন দ্বারা শ্রীকৃষ্ণের সৌন্দর্য্যামৃত পান করিতেছেন, ওহো আশ্চর্য্য! এই অবসরে গো সকল কোমল তৃণগ্রাসের লোভে প্রলুব্ধ হইয়া সুদূরবর্ত্তি গোবর্দ্ধন পর্ব্বতের গুহায় প্রবেশ করিল । ১৫৪ ।

"শ্রীগোপীগণের প্রেমোৎকর্ষ"

শ্রীকৃষ্ণের পৌগণ্ড শেষে কৈশোরের প্রারম্ভে শ্রীগোপীগণের প্রেমোৎকর্ষ

কস্যচিৎ

বিলোক্য কৃষ্ণং ব্রজবামনেত্রাঃ সর্ব্বেন্দ্রিয়াণাং নয়নত্বমেব ।
আকর্ণ্য তদ্বেণুনিনাদভঙ্গীমৈচ্ছন্ পুনস্তাঃ শ্রবণত্বমেব ।। ১৫৬ ।। উপজাতিঃ

অথ গোপীভিঃ সহ লীলা

শ্রীপুরুষোত্তমদেবস্য

কালিন্দীজলকেলিলোলতরুণীরাবীতচীনাংশুকা
নির্গত্যাঙ্গজলানি সারিতবতীরালোক্য সর্ব্বা দিশঃ ।

কস্যচিৎ পদ্যেন তং নির্দ্দিশতি বিলোক্যেতি । ব্রজবামনেত্রাঃ ব্রজজাতাঃ সুন্দর নয়না গোপ্যঃ কৃষ্ণং বিলোক্য সর্ব্বেন্দ্রিয়াণাং নাসা কর্ণেন্দ্রিয় প্রভৃতীনাং নয়নত্বমেবৈচ্ছন্ ইচ্ছাং চচক্রুঃ নেত্রদ্বয়েন দর্শনে তৃপ্ত্যভাবাৎ । তথা তস্য শ্রীকৃষ্ণস্য বেণুনিনাদ ভঙ্গীমাকর্ণ্য শ্রুত্বা পুনস্তাস্তেষাং শ্রবণত্বমেব কর্ণত্বমেবৈচ্ছন্ শ্রোত্রদ্বয়েন শ্রবণে তৃপ্ত্যভাবাৎ ইতি ভাবঃ ।। ১৫৬ ।।

গোপীনাং তত্র প্রেমোৎকর্ষং বর্ণয়ন্ তাভিঃ সহ তস্য পরিহাসং বর্ণয়তি অথেতি। পুরুষোত্তমস্য পদ্যেন তাং লিখতি । কালিন্দীতি এবম্ভূতস্য শৌরেঃ শ্রীকৃষ্ণস্য সাকূত বেণুধ্বনির্বিজয়তে ইত্যন্বয়ঃ । সাকূতেতি মন্নাদং শ্রুত্বা গোপ্যঃ

শ্রীসর্ব্ববিদ্যা বিনোদের পদ্যে লিখিতেছেন- মানিনী গোপিকাগণের মান পরিগ্রহণ বিষয়ে যে ধৈর্য্য, নিতম্ব প্রদেশের আচ্ছাদনের নিমিত্ত বস্ত্রাদি ধারণ, শ্রীকৃষ্ণের সহিত সম্ভোগের আরম্ভে সতীত্ব লোকনিন্দাদির বিবেচনা, শ্রীকৃষ্ণের দর্শনের নিমিত্ত নির্জ্জন স্থান, অন্বেষণ, সতী সাধ্বী পতীব্রতা রমণীগণের নিজ চরিত্র রক্ষা, অপর কৃষ্ণের সহিত আলাপাদি করিব না, সুতরাং পতিগৃহেই অবস্থান করিব, এই জন্য পতিগৃহ অন্বেষণ প্রভৃতি, এবং কুলমর্য্যাদা সতীধর্ম্ম ইত্যাদির রক্ষাদি করিবার জন্য যে ধৈর্য্য, তাহা যাবৎকাল পর্য্যন্ত শ্রীকৃষ্ণের মুরলী ধ্বনি কর্ণপথে প্রবেশ না করিত তাবৎকাল পর্য্যন্তই তাহাদের অপেক্ষা থাকিত । ১৫৫ ।

শ্রীকৃষ্ণদর্শনে গোপীগণের মনোভাব কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন-বামনয়না ব্রজসুন্দরীগণ শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া নাসিকা কর্ণাদি সকল ইন্দ্রিয়কে নয়ন রূপে পাইবার ইচ্ছা করিয়াছিলেন, পুনঃ শ্রীকৃষ্ণের বেণুনিনাদ কৌশল শ্রবণ করতঃ সকল ইন্দ্রিয়গণের শ্রবণত্ব বাসনা করিয়াছিলেন । ১৫৬ ।

তীরোপান্তমিলন্নিকুঞ্জভবনে গূঢ়ং চিরাৎপশ্যতঃ
শৌরেঃ সম্ভ্রময়ন্নিমা বিজয়তে সাকৃতবেণুধ্বনিঃ ।। ১৫৭ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

অথ তাসু কৃষ্ণস্য ভাবঃ

চিরঞ্জীবস্য

স্বেদাপ্লাবিতপাণিপদ্মমুকুলাৎপ্রক্রান্তকম্পোদয়াদ্-
বিস্রস্তামবিজানতো মুরলিকাং পাদারবিন্দোপরি ।

কৃষ্ণে অনুরাগিণ্যো ভবন্তিত্যভিপ্রায় সহিতস্য বেণোঃ শব্দ ইত্যর্থঃ, কথং বিজয়তে তত্রাহ ইমা গোপীঃ সংভ্রময়ন্ বস্ত্রপরিধানে ত্বরা বিশিষ্টাঃ কুর্ব্বন্ শৌরেঃ কথভূতস্য কালিন্দী জলকেলিলোলতরুণীঃ যমুনাজল খেলায়াং চঞ্চলা রমণীঃ আবীতচীনাংশুকা আবীতানি আ সম্যক্ নীতানি পরিত্যক্তানি চীনাংশুকানি যাভিস্তাঃ চীনো বস্ত্রবিশেষঃ ক্রীড়ানন্তরং নির্গত্য জলাদুত্থায় সর্ব্বাদিশোবিলোক্য নগ্নাঃ সত্যোঽঙ্গানাং গাত্রাণাং জলানি সারিতবতীঃ ক্ষয়ংপ্রাপয়তীঃ সৃ হিংসায়ামিতি ধাতোঃ প্রযোজকণিঙন্তস্য রূপং তাঃ পশ্যত কথভূত তয়া অত্রাহ তীরোপান্ত মিলন্নিকুঞ্জবনে যমুনাতীর সমীপস্থ কুঞ্জ গৃহে গূঢ়ং গুপ্তং যথাস্যাত্তথা আত্মানমপবার্য্যেত্যর্থঃ । চিরাৎ চিরকালং ব্যাপ্য বর্ত্তমানস্য অতো বেণুনাদশ্রাবণেন ত্বরাকরণাৎ পরিহাসো ব্যজ্যতে ।। ১৫৭ ।।

স্বস্মিন্ তাসাং ভাবং মনসি বিভাব্য শ্রীকৃষ্ণ স্তাস্বপি প্রেমানুবন্ধংপ্রকটয়ামাস অন্যথা রসাভাসাপত্তে রতঃ তং নির্দিশতি অথেতি । চিরঞ্জীবস্য পদ্যেন তং লিখতি

"শ্রীগোপীগণের সহিত শ্রীকৃষ্ণের লীলা"

গোপীগণের সহিত গোবিন্দের লীলা বিশেষ শ্রীপুরুষোত্তম দেবের পদ্যে লিখিতেছেন- কোন দিন ব্রজতরুণীগণ অতি সূক্ষ্ম বসন পরিধান করিয়া যমুনায় জলকেলি লীলায় চঞ্চল হইয়া স্নান সমাধান করতঃ জল হইতেউত্থিতহইয়া অনাবৃত অঙ্গে অঙ্গের জল সকল অপসারিত করিতেছিলেন, এই অবস্থায় শ্রীকৃষ্ণ যমুনাতীরের নিকুঞ্জ ভবনে লুকাইয়া বহু কাল পর্য্যন্ত দর্শন করিয়া গোপীগণের প্রতি আসক্তিযুক্ত হইয়া নিজঅভিপ্রায় অনুসারে মুরলী ধ্বনি করেন, যে ধ্বনি শ্রবণ করিয়া বিবসনা ব্রজতরুণীগণ অতিশয় সম্ভ্রম যুক্তা হয়, সেই সাকৃত মুরলী ধ্বনি জয় যুক্ত হউক। ১৫৭।

লীলাবল্গিত বল্লবীকবলিতস্বান্তস্য বৃন্দাবনে
জীয়াৎ কংসরিপোস্ত্রিভঙ্গবপুষঃ শূন্যোদয়া ফুৎকৃতিঃ।।১৫৮।।

শার্দুলবিক্রীড়িতম্।

অথ শ্রীকৃষ্ণস্য প্রথমদর্শনে শ্রীরাধাপ্রশ্নঃ

কস্যচিৎ

ভ্রূবল্লিতাণ্ডবকলামধুরাননশ্রীঃ
কঙ্কেল্লিকোরককরম্বিতকর্ণপূরঃ ।

স্বেদেতি। কংসরিপোর্বৃন্দাবনে শূন্যোদয়া ফুৎকারাধার বেণুরহিতে আকাশে উদয়ো যস্যাঃ সা ফুৎকৃতির্জীয়াদিত্যন্বয়ঃ । তস্য কথম্ভূতস্য গোপীদর্শনেন সাত্বিকবিকাব স্বেদেনাপ্লাবিতে সম্যগার্দ্রে যে পাণিপদ্ম মুকুলে হস্তপদ্মকোরকে তয়োঃ প্রক্রান্ত উদ্ভূটো যঃ কম্পস্তস্য উদয়স্তস্মাদ্ধেতোঃ পাদারবিন্দোপরি বিশ্রস্তাং ক্ষরিতামর্থাৎ পতিতাং মুরলিকাং অবিজানতঃ পাদপতনেঽপি তাং কথং ন জ্ঞাতবান্ তত্রাহ লীলায় বল্গিয়া নৃত্যবৎ গতি বিশিষ্টা যা বল্লব্যো গোপ্য স্তাভিঃ কবলিতং গ্রস্তং স্বান্তং চিত্তং যস্য তস্য পুনঃ কথম্ভূতস্য ত্রিভঙ্গবপুষস্তাসাং মোহনার্থং কৃতত্রিভঙ্গ শরীরস্য ।। ১৫৮ ।।

"গোপীগণের প্রতি শ্রীকৃষ্ণের ভাব"

শ্রীকৃষ্ণ নিজের প্রতি গোপিকাগণের ভাব অবলোকন করিয়া তাঁহাদের প্রতিনিজের ভাবপ্রকাশ করেন তাহা শ্রীচিরঞ্জীবের পদ্যে লিখিতেছেন- ব্রজতরুণীগণ যমুনায় স্নান সমাপ্ত করিয়া লীলা সহকারে নৃত্যতুল্য গমন বিশিষ্টা হইয়া গোষ্ঠে আগমন করিতেছেন, তাহা দর্শন করতঃ শ্রীশ্যামসুন্দর তাহাদিগকে নিজের অভিমুখী করিবাব নিমিত্ত ললিতত্রিভঙ্গ ভঙ্গিমায় বংশী ধ্বনি করেন, কিন্তু ব্রজতরুণীগণেব গতিবিলাসে শ্রীগোবিন্দের অন্তঃকরণ কবলিত হওয়ায় শরীরে কম্পের উদয় হয় এবং স্বেদ পূর্ণ হইয়া উঠে, সুতরাং স্বেদপ্লাবিত করকমল মুকুল হইতে অজ্ঞাত অবস্থায় মুরলিকা স্খলিত হইয়া চরণারবিন্দের উপরে পতিত হইয়াছে তাহা তিনি জানিতেপারেন নাই, কেবল ত্রিভঙ্গভঙ্গীতে মুরলীবাদন মুদ্রায় শূন্য হাতে ফুৎকার মাত্র করিতেছেন, সেই ত্রিভঙ্গভঙ্গ বিগ্রহ কংসবৈরী শ্রীকৃষ্ণের ফুৎকার জয় যুক্ত হউক। ১৫৮

কোঽয়ং নবীননিকষোপলতুল্যদেহো
বংশীরবেণ সখি মামবশীকরোতি ।। ১৫৯ ।। বসন্ততিলকম্

কিমুক্তং পুনরুচ্চ্যতামিতি বদন্তীং সখীং প্রতি

সর্ব্ববিদ্যাবিনোদানাম্

ইন্দীবরোদরসহোদরমেদুরশ্রী-
র্বাসোদ্রবৎকনকবৃন্দনিভং দধানঃ ।
আমুক্তমৌক্তিকমনোহরহারবক্ষাঃ
কোঽয়ং যুবা জগদনঙ্গময়ং করোতি ।। ১৬০ ।। বসন্ততিলকম্ ।

গোপীনাং শ্রীকৃষ্ণে প্রেমোৎকর্ষেঽপি তত্র শ্রীরাধায়া বৈশিষ্ট্যমস্তি তদ্দর্শয়িতুং প্রথমদর্শনে বৃত্তান্তমাহ অথেতি । সা স্বসখীং প্রতি যদাহ কস্যাচিৎ পদ্যেন তল্লিখতি । ভ্রূবল্লীতি তত্র সখীতি স্বাত্মনোঽপ্যধিকং প্রেম কুর্ব্বাণান্যোন্যমচ্ছলম্ । বিশ্রম্ভিনীব যা বেশাদিভিস্তুল্যা সখী মতেত্যুক্ত লক্ষণা । সখি হে ললিতে বংশী রবেণ যো মাং অবশী করোতি ন বিদ্যতে কিঞ্চিদপি বশং যস্যা স্তাদৃশী করোতি লঙ্ঘিতমর্য্যাদাং করোতীত্যর্থঃ । অভূত তদ্ভাবে চ্বিঃ । অয়ং কঃ বদেতি শেষঃ । ননু প্রিয়তমে বংশীবাদনমনেকাঃ কুর্ব্বন্তি বাদকস্য কিঞ্চিদ্বৈশিষ্ট্যং কথয়েতি বিভাব্যাহ । নবীন নিকষোপলেন নব স্বর্ণজাতিজ্ঞাপকশিলয়া তুল্যস্তৎ সজাতীয়ঃ কৃষ্ণবর্ণো দেহোযস্য সঃ তত্রাপি ভ্রূবল্ল্যা ভ্রূলতায়াস্তাণ্ডব কলাভির্নৃত্যি পরিপাটীভির্ম্মধুরা রম্যা আননে মুখে শ্রীঃ শোভা যস্য সঃ, পুনঃ কথম্ভূতঃ কঙ্কেল্লেরশোকস্য কোরকৈঃ করম্বিতো মিলিতঃ কর্ণপূরঃ কর্ণাবতংসো যস্য সঃ । তস্য ভ্রূলতা নর্ত্তনাদিকং সাধ্বীব্রত গর্ব্বধ্বংসনার্থমিতি ময়াবগম্যতে তথাপি তস্মিন্ মম স্নেহাতিশয়ো জায়তে অতঃ স কো ভবেৎ বদেতি তাৎপর্য্যার্থঃ ।। ১৫৯ ।।

"শ্রীকৃষ্ণের প্রথম দর্শনে শ্রীরাধার প্রশ্ন"

গোপীগণের মধ্যে শ্রীরাধার প্রেমোৎকর্ষের বৈশিষ্ট্য কোন একঅজ্ঞাতকবির পদ্যে বর্ণনা করিতেছেন- শ্রীরাধা কোন একদিন শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া নিজসখী ললিতাকে বলিতেছেন হে সখি ! ললিতে ! যাহার ভ্রূলতার চঞ্চল নৃত্যে বদনের শোভা অতিশয় মধুর, অশোক কুসুমের কলিকায় নির্ম্মিত কর্ণভূষণ ধারণকারী, এই যুবকটি কে গো ? যাহার অঙ্গ শোভা নিকষশিলা (কেষ্টিপ্রস্তর) সদৃশ, নবীন নীলমণি সমান, এই নবীন যুবা মুরলী ধ্বনি দ্বারা আমাকেব্যাকুল করিতেছে,।১৫৯।

"অথ সখ্যা উত্তরম্"

কস্যাচিৎ

অস্তি কোঽপি তিমিরস্তনন্ধয়ঃ কিঞ্চিদঞ্চিতপদং স গায়তি।
যন্মনাগপি নিশম্য কা বধূ- র্নাবধূতহৃদয়োপজায়তে ।। ১৬১ ।। রথোদ্ধতা।

সর্ব্ববিনোদানাং পদ্যেন তচ্চ নির্দ্দিশতি ইন্দীবরেতি যো যুবা পুরুষঃ জগৎ ভুবনং অনঙ্গময়ং কামপ্রচুরং করোতি কিমুত মাং অয়ং ক ইতি তেন সহ ক্রীড়ায়াং কস্যা লালসা ন ভবেদিতি ব্যঙ্গার্থঃ । স কিং রূপ ইত্যভি প্রেত্যাহ ইন্দীবরস্য নীলশুন্ধীতি প্রসিদ্ধ পুষ্পস্য যদুদরং মধ্যং তস্য সহোদরা সজাতীয়া মেদুরা স্নিগ্ধা শ্রীঃ শোভা যস্য সঃ পুনঃ কথম্ভূতঃ দ্রবৎ গলিতং কণক বৃন্দনিভং গলিত সুবর্ণ সমূহমিব বাসঃ সুপীত বস্ত্রং দধানঃ । আমুক্তং বদ্ধং মৌক্তিকমনোহর হারেণ বক্ষো যস্য সঃ ।। ১৬০ ।।

উৎকণ্ঠা বৃদ্ধয়ে সপ্রকাশং শ্রীকৃষ্ণং ন প্রকাশ্য ভঙ্গ্যা সখী উত্তরং যৎ দদাতি তত্তু কস্যাচিৎ পদ্যেন লিখতি অস্তীতি । তিমিরস্তনন্ধয়ঃ অন্ধকার পুত্রঃ অর্থাৎ কৃষ্ণমূর্ত্তিঃ কোঽপ্যস্তি স কিঞ্চিদঞ্চিত পদং সর্ব্বেষাং মনোহরত্বাৎ পূজিতগীতং গায়তি যদ্গীতং মনাগীষদপি নিশম্য শ্রুত্বা কা বধূরবধূত হৃদয়া কম্পিতহৃদয়া নোপজায়তে অতঃ সর্ব্বাসাং বধূনাং তত্র রতির্জায়তে ইতি ধ্বনিঃ ।। ১৬১ ।।

"কিকথা বলিলে পুনরায় বল ? এইপ্রকার জিজ্ঞাসা কারিণী সখীর প্রতি"

শ্রীকৃষ্ণকে প্রথম দর্শন করিয়া শ্রীরাধা নিজ সখীকে যাহা বলিতেছেন তাহা শ্রীসর্ব্ববিদ্যা বিনোদের পদ্যে বলিতেছেন- হে সখি ! যাহার নব প্রস্ফুটিত ইন্দীবর (নীলশুন্ধী) পুষ্পের অভ্যন্তর ভাগ তুল্য মনোহর সুনীল স্নিগ্ধ অঙ্গ কান্তি, যিনি বিগলিত সুবর্ণরাশি সদৃশ বসন (পীতাম্বর) পরিধান করিয়াছেন, যাহার পরিহিত মুক্তহারে বক্ষস্থল পরম মনোহর সেই এই যুবা কে হে ? এই যুবক আমাকে কেন, সমস্ত জগৎকে অনঙ্গময় করিতেছে । ১৬০ ।

"শ্রীরাধার প্রতি সখীর উত্তর"

শ্রীরাধার উৎকণ্ঠা বৃদ্ধির নিমিত্ত শ্রীকৃষ্ণকে গোপন করিয়া সখী যাহা বলিয়াছিলেন তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে সখি ! শ্রীরাধে! এই ব্রজমণ্ডলে কোন এক জন তিমিরবর্ণ বালক আছে, সেই বালক সকলের মনোহর পদগান করে, সেই গান যৎ সামান্যও শ্রবণ করিলে এমন কে কুলবধূ আছে যাহার হৃদয় কম্পিত না হয় । ১৬১।

অথ শ্রীরাধায়াঃ পূর্ব্বরাগঃ

শ্রীপুরুষোত্তমদেবস্য

মনোগতাং মন্মথবাণবাধা- মাবেদয়ন্তীব তনোর্বিকারৈঃ ।
দীনাননা বাচমুবাচ রাধা তদা তদালীজনসম্মুখে সা ।।১৬২ ।।

উপজাতিঃ

কবিচন্দ্রস্য

যদবধি যামুনকুঞ্জে ঘনরুচিরবলোকিতঃ কোঽপি ।
নলিনীদল ইব সলিলং তদবধি তরলায়তে চেতঃ ।। ১৬৩।।

উপগীতি আর্য্যা ।

কা বধূর্নাবধূত হৃদয়েতি শ্রুত্বা শ্রীরাধা সপ্রকাশং শ্রীকৃষ্ণে আসক্তিং বিবৃতবতী অত স্তস্যাঃ পূর্ব্বরাগং লিখতি অথেতি । পূর্ব্বরাগ লক্ষণং যথোজ্জ্বল নীলমণৌ । রতি র্যা সঙ্গমাৎ পূর্ব্বং দর্শনশ্রবণাদিজা । তয়োরুন্মীলতি প্রাজ্ঞৈঃ পূর্ব্বরাগঃ স উচ্যতে । তত্র শ্রীপুরুষোত্তমদেবস্য পদ্যেন তং নির্দ্দিশতি মনোগতামিতি। তদা তস্মিন্ কালে সা রাধা দীনাননা দুঃখিতবদনা সতী তদালীজনসম্মুখে তাসাং প্রসিদ্ধানামালীনাং ললিতাদীনাং সখীনাং সম্মুখে বাচং বক্ষ্যমাণামুবাচ, কথম্ভূতা সতী তদাহ তনোঃ শরীরস্য বিকারৈঃ সাত্ত্বিক স্তম্ভাদিভাবৈর্মনোগতাং মনসি লগ্নাং মন্মথবাণ বাধাং কৃষ্ণবিষয়াং কন্দর্পপীড়ামাবেদয়ন্তীব যাদৃগ্বিকারদর্শনেন মনঃপীড়া বোধ্যতে শরীরে তাদৃগ্বিকারা বভূবুরিতি ভাবঃ ।। ১৬২ ।।

কবিচন্দ্রস্য পদ্যেন বাচাপি তদুক্তিং লিখতি যদবধীতি । যৎ সময়মধিকৃত্য যামুনকুঞ্জে যমুনাসম্বন্ধিনি কুঞ্জে শ্যামকান্তিঃ কোঽপি অনিরূপণীয়োঽপি অবলোকিতো দৃষ্টস্তদবধি মে চেতো নলিনীদলে পদ্মপত্রে জলমিব তরলায়তে চঞ্চলং ভবতি কিং করোমি বদেত্যুপায়মিতি শেষঃ ।। ১৬৩ ।।

"শ্রীরাধার পূর্ব্বরাগ."

প্রিয় সখীর মুখে শ্রীকৃষ্ণের মধুরিমার কথা শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণের প্রতি শ্রীমতী রাধা আসক্তি প্রকাশ করিলে তাঁহার পূর্ব্বরাগ শ্রীপুরুষোত্তমদেবের পদ্যে লিখিতেছেন- শ্রীরাধা কম্প রোমাঞ্চাদি দেহ বিকারের দ্বারা হৃদয়গত শ্রীকৃষ্ণ বিষয়ক মন্মথশরের বাধা প্রকাশ করিয়া শ্রীললিতাদি সখীগণের নিকটে ম্লান বদনে অতিশয় দীনভাবে মনের কথা বলিতে লাগিলেন । ১৬২ ।

জয়ন্তস্য

অকস্মাদেকস্মিন্ পথি সখি ময়া যামুনতটং
ব্রজন্ত্যা দৃষ্টোঽয়ং নবজলধরশ্যামলতনুঃ ।
স দৃগ্‌ভঙ্গ্যা কিং বাকুরুত নহি জানে তত ইদং
মনো মে ব্যালোলং ক্বচন গৃহকৃত্যে ন লগতে ।। ১৬৪ ।। শিখরিণী ।

কস্যচিৎ

পুরো নীলজ্যোৎস্না তদনু মৃগনাভীপরিমল-
স্ততো লীলাবেণুক্বণিতমনু কাঞ্চীকলরবঃ ।

তত্রানুরাগং জয়ন্তস্য পদ্যেন লিখতি অকস্মাদিতি হে সখি একস্মিন্‌পথীত্যত্র প্রতিদিনমিতি চাধ্যাহার্য্যং যামুনতটং যমুনা সম্বন্ধিতীরং ব্রজন্ত্যা ময়া অকস্মাৎ হঠাৎ নবজলধর শ্যামলতনুরয়ং দৃষ্টঃ বুদ্ধিবৃত্তি সন্নিকৃষ্টত্বাদয়মিতি নির্দ্দেশঃ স কেবলং ময়া দৃষ্টো ন অপিতু স দৃগ্‌ভঙ্গ্যা চক্ষুশ্চালনেন কিম্বা মোহনাদি অকুরুত তন্নহি জানে ন জ্ঞাতুং শক্তাস্মি ততস্তদনন্তরং মে মনঃ ব্যালোলমতি-চঞ্চলং সৎ ক্বচন কস্মিন্ গৃহকৃত্যে ন বসতি কিং করোমীতি বদ ।। ১৬৪ ।।

শ্রীরাধা ম্লানমুখে সখীগণের নিকটে যাহা বলিলেন তাহা শ্রীকবিচন্দ্রের পদ্যে লিখিতেছেন- হে সখীগণ ! আমি যে সময় অবধি যমুনা তীরবর্ত্তী কুঞ্জে কোন এক নবীন মেঘকান্তি যুবাকে অবলোকন করিয়াছি, সেই সময় হইতেই যেমন পদ্মপত্রে জল চঞ্চল হয় আদৌ স্থির থাকে না, সেই প্রকার আমার মনও অতীব চঞ্চল হইতেছে, অর্থাৎ নবজলধর কান্তি যুবা আমায় চঞ্চল করিয়াছে সুতরাং তার দর্শনের উপায় বল । ১৬৩ ।

শ্রীরাধিকা অন্য কোন একদিনের ঘটনা সখীগণের নিকটে যাহা বলিলেন তাহা শ্রীজয়ন্তের পদ্যে বলিতেছেন- হে সখীগণ ! আমি কোন এক দিন যমুনার তীরদেশে গমন করিতেছিলাম হঠাৎ পথের মাঝে অতি নিকটে নবীন জলধরের সমান মনোরম কোন এক শ্যাম বর্ণ মূর্ত্তি আমার দৃষ্টি পথের পথিক হইল, তাহাকে আমি কেবল দেখিলাম না, সেই শ্যামলও চঞ্চল লোচন ভঙ্গি দ্বারা কি যে ইঙ্গিত করিল তাহা আমি বুঝিতে পারিলাম না, কিন্তু সেই দিন হইতেই আমার মন এমন চঞ্চল হইয়াছে যে, রন্ধনাদি কোন গৃহকাজে স্থির হইতেছে না বা লাগিতেছে না । ১৬৪ ।

ততো বিদ্যুদ্বল্লীবলয়িত-চমৎকার লহরী -
তরঙ্গাল্লাবণ্যং তদনু সহজানন্দ উদগাৎ ।। ১৬৫ ।। শিখরিণী

কস্যচিৎ

অদ্য সুন্দরি কলিন্দনন্দিনী- তীরকুঞ্জভুবি কেলিলম্পটঃ ।
বাদয়ন্ মুরলিকাং মুহুর্ম্মুহু- র্মাধবো হরতি মামকং মনঃ ।। ১৬৬ ।।

রথোদ্ধতা ।

হে সখি প্রিয়তমে স কিম্প্রকারেণ ত্বয়া দৃষ্টো বদেত্যভিপ্রেত্য সা যদবর্ণয়ৎ কস্যচিৎ পদ্যেন তদাহ পুর ইতি । উদগাদিতি সর্ব্বত্রান্বয়ঃ পুরোহগ্রে নীলজ্যোৎস্না উদগাদুদয়ং প্রাপ্তঃ তদনু তস্য পশ্চান্মৃগনাভ্যাঃ কস্তূর্য্যাঃ পরিমলঃ সুগন্ধ উদগাৎ তত স্তদনন্তরং লীলয়া শৃঙ্গার ভাবচেষ্টয়া বেণুরণিতং বেণোর্বাদনং যদ্বা লীলার্থং বেণুরণিতম্ । অনু অনন্তরং কাঞ্চ্যাঃ ক্ষুদ্রঘণ্ট্যাঃ কলরবো রম্য শব্দস্ততস্তদনন্তরং বিদ্যুদ্বল্ল্যা বিদ্যুল্লতয়া বলয়িতো বেষ্টিতো যশ্চমৎকার লহরী তরঙ্গ শ্চমৎকারাতিশয় স্তস্মাদ্ধেতোর্লাবণ্যং মুক্তাহার বচ্চাকচিক্যং এতেন পীতপট্টবসনং ব্যজ্যতে তদনুসহজানন্দং শ্রীকৃষ্ণমূর্ত্তিরুদগাদিতি ।। ১৬৫ ।।

সাক্ষাৎ শ্রীকৃষ্ণনামোদ্দিশ্য তত্র পূর্ব্বরাগং যমপ্রকটয়ত্তং কস্যচিৎ পদ্যেন লিখতি অদ্যেতি সুন্দরি হে সখি অদ্য কলিন্দনন্দিনীতীর কুঞ্জভুবি কেলিলম্পটঃ ক্রীড়াকামুকো মাধবোমুহু র্মুরলিকাং বাদয়ন্ মামকং মদীয়ং মনো হরতি অতো গৃহকৃত্যাদৌ তন্ন সজ্জ্যতে ইতি ।। ১৬৬ ।।

কুতূকিনী শ্রীললিতা জিজ্ঞাসা করিলেন-হে শ্রীরাধে ! এমন কি দেখিয়াছ ? যাহাতে তোমার মন গৃহকাজে লাগে না ? শ্রীরাধার উত্তর কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে সখি ! যমুনাতীরে ভ্রমণ কালে আমি মনোরম নীলবর্ণ জ্যোৎস্না দেখিলাম, তাহার পর মৃগনাভীর সুন্দর পরিমল, অনন্তর শৃঙ্গার ভাব ও চেষ্টা পূর্ণ মুরলীধ্বনি শুনিলাম, পরে সুন্দর কাঞ্চী অর্থাৎ ক্ষুদ্রঘুণ্টিকার সুমধুর রব, তাহার পর সৌদামিনী লতা বিজড়িত চমৎকারকারী লাবণ্যের তরঙ্গ, অনন্তর এক অনির্ব্বচনীয় সহজ আনন্দময় মূর্ত্তি আমার নিকটে প্রকট হইল, তাহা দর্শন করিয়া আমার মন চঞ্চল হইয়াছে । ১৬৫ ।

শ্রীরাধা সাক্ষাৎ শ্রীকৃষ্ণের নাম গ্রহণ পূর্ব্বক সখী ললিতাকে যাহা বলিলেন তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে সুন্দরীললিতে ! অদ্য আমি

কবিচন্দ্রস্য

যদবধি যমুনায়াস্তীরবানীরকুঞ্জে
মুররিপুপদলীলা লোচনাভ্যামলোকি।
তদবধি মম চিত্তং কুত্রচিৎ কার্য্যমাত্রে
ন হি লগতি মুহূর্ত্তং কিং বিধেয়ং ন জানে ।। ১৬৭ ।। মালিনী

সঞ্জয়কবিশেখরস্য

যদবধি যদুনন্দনাননেন্দুঃ সহচরি লোচনগোচরীবভূব ।
তদবধি মলয়ানিলেঽনলে বা সহজবিচারপরাঙ্মুখং মনো মে ।। ১৬৮।।
পুষ্পিতাগ্রা

কবিচন্দ্রস্য পদ্যেন পুনরপি তমাহ যদবধীতি । যং কালং প্রাপ্য যমুনায়াস্তীরবানীরকুঞ্জে নিত্যাপেক্ষত্বাৎ তীরস্য যমুনয়া সহ সম্বন্ধস্তেন যমুনা সম্বন্ধি তীরস্থ বেত্রকুঞ্জে মুররিপু পদলীলা মুররিপোঃ পদেন মহিম্না চরণেন বা সহ লীলা বিলাসো লোচনাভ্যামলোকি ময়া দৃষ্টা তদবধি মম চিত্তং ক্বাপি কার্য্যমাত্রে মুহূর্ত্তমপি নহি লগতি নিমগ্নো ন ভবতি ইতি মহদাশ্চর্য্যং কিং বিধেয়ং অধুনা কিং কর্ত্তব্যং তদহং ন জানে যদি ত্বং বেৎসি তদা কথয়েতি ব্যজ্যতে ।। ১৬৭ ।।

সঞ্জয় কবিশেখরস্য পদ্যেন পুনস্তং লিখতি যদিতি । হে সহচরি যদবধি যদুনন্দনস্য শ্রীকৃষ্ণস্যাননেন্দুর্মুখচন্দ্রো লোচন গোচরীবভূব নেত্রয়োরবিষয়ভূতোঽপি বিষয় আসীত্তদবধি মে মনঃ মলয়ানিলে অর্থাৎ সুশীতল সুগন্ধ বায়ৌ অনিলেঽগ্নৌ বা সহজবিচারপরাঙ্মুখং নিসর্গজাতবিবেচনাবিমুখং জাত মিতি শেষঃ । মলয় অনিলস্যাপি অগ্নিবদ্দাহনাৎ ।। ১৬৮ ।।

সূর্য্যনন্দিনী যমুনার তীরবর্ত্তী কুঞ্জভূমিতে ব্রজগোপী ক্রীড়া কামুক মাধবকে দেখিলাম, সে বারম্বার মোহন মুরলী বাদ্য করিয়া আমার মন হরণ করিতেছে, সুতরাং আমার চঞ্চল মন গৃহকার্য্যে যুক্ত হইতেছে না । ১৬৬ ।

শ্রীরাধা প্রকাশ্যভাবে শ্রীললিতাকে যাহা বলিলেন তাহা শ্রীকবিচন্দ্রের পদ্যে লিখিতেছেন- হে সখি ! আমি যে অবধি যমুনা তীরস্থ বেতসকুঞ্জে মধুরিপু শ্রীকৃষ্ণের পদলীলা অর্থাৎ অপূর্ব্ব পদচালনভঙ্গী লোচনদ্বয়ে অবলোকন করিয়াছি, সেই সময়হইতেআমার মন একমুহূর্ত্ত কোন স্থানে কোন কার্য্যমাত্রেই লাগিতেছে না,সখি হে ! এখন কিকরিব, তহা জানি না, যদি তুমি জান দয়া করিয়া আমাকেবল ত ! । ১৬৭

শরণস্য

অসমঞ্জসমসমঞ্জসমসমঞ্জসমেতদাপতিতম্ ।
বল্লবকুমারবুদ্ধ্যা হরি হরি হরিরীক্ষিতঃ কুতুকাৎ ।। ১৬৯ ।।

উপগীতি আর্য্যা

মুকুন্দভট্টাচার্য্যস্য

শুষ্যতি মুখমূরুযুগং পুষ্যতি জড়তাং প্রবেপতে হৃদয়ম্ ।
স্বিদ্যতি কপোলপালী সখি বনমালী কিমালোকি ।। ১৭০ ।। আর্য্যা।

শরণস্য পদ্যেন ব্যাজস্তুত্যা তং নির্দিশতি । অসমঞ্জসমিতি বীপ্সা অতিকাতরে অসমঞ্জসং ময্যনুপযুক্তং কিং তত্তদাহ বল্লবকুমার বুদ্ধ্যা গোপপতি বালক বুদ্ধ্যাপ্রিয়ত্বেন কুতুকাৎ কৌতুকাৎ হরিহরীতি খেদে হরিঃ শ্রীকৃষ্ণো বীক্ষিতো দৃষ্টঃ তেন চ মমৈতাদৃশী লাঞ্ছনেত্যসমঞ্জসম্ ।। ১৬৯ ।।

শ্রীরাধাং শ্রীকৃষ্ণেঽনুরাগবতীং দৃষ্ট্বা কাচিৎ সখী পৃচ্ছতি তৎ শ্রীমুকুন্দ ভট্টাচার্য্যস্য পদ্যেন লিখতি শুষ্যতীতি । হে সখি রাধে তে মুখং শুষ্যতি মলিনী ভবতি উরুযুগলং জড়তাং পুষ্যতি চলনে শক্তিহীনং ভবতি হৃদয়ং প্রবেপতে প্রকম্পিতং ভবতি কপোলপালী গণ্ডশ্রেণী স্বিদ্যতি ঘর্ম্মাক্তা ভবতি এতন্নানা সাত্ত্বিকবিকারবৃন্দং দৃশ্যতে তৎ কিং বনমালী ত্বয়ালোকি দৃষ্টোঽস্তি ।। ১৭০ ।।

শ্রীসঞ্জয় কবিশেখরের পদ্যে শ্রীরাধার পূর্ব্বরাগ স্পষ্টরূপে বর্ণনা করিতেছেন- হে সহচরি ! যে অবধি যদুনন্দন শ্রীকৃষ্ণের বদন চন্দ্রমা নয়ন পথের গোচর হইয়াছে সেই কাল হইতেই শীতল সুগন্ধ মলয় পবন এবং প্রজ্বলিত অনলে সুখ ও দুঃখের বিষয়ে বিচার করিতে আমার মন পরাঙ্মুখ হইয়াছে, অর্থাৎ মলয়ানিল আনন্দপ্রদ এবং অনল দাহকারী এই দুইটির সামান্য ভেদ ও অনুভব করিতে সমর্থ হইতেছে না । ১৬৮ ।

শ্রীরাধার পূর্ব্বরাগ শ্রীশরণের পদ্যে ব্যাজস্তুতির দ্বারা বর্ণন করিতেছেন- হে সখি ! আমি কি অনুচিত কার্য্য করিয়াছি, আমি কি অন্যায় কার্য্য করিয়াছি হায় ! আমার এ কি অসমঞ্জস উপস্থিত হইল, হরি ! হরি ! কৌতুক বশতঃ আমি কেন গোপরাজ শ্রীনন্দের রাজকুমার মনে করিয়া শ্রীকৃষ্ণকে দেখিয়াছিলাম । ১৬৯ ।

শ্রীমতী রাধাকে শ্রীকৃষ্ণে পূর্ণ অনুরাগিণী জানিয়া কোন সুচতুরা সখীর জিজ্ঞাসা শ্রীমুকুন্দ ভট্টাচার্য্যের পদ্যে লিখিতেছেন- হে সখি ! তোমার বদন শুষ্ক

সঞ্জয়কবিশেখরস্য

উপরি তমালতরোঃ সখি পরিণতশরদিন্দুমণ্ডলঃ কোঽপি।
তত্র চ মুরলীখুরলী কুলমর্য্যাদামধো নয়তি।। ১৭১ ।। আর্য্যা

কস্যাচিৎ

হন্ত কান্তমপি তং দিদৃক্ষতে মানসং মম ন সাধু যৎকৃতে।
ইন্দুরিন্দুমুখি মন্দমারুতশ্চন্দনঞ্চ বিতনোতি বেদনাম্ ।। ১৭২।।

রথোদ্ধতা

পুনঃ সঞ্জয় কবিশেখরস্য পদ্যেন ভঙ্গ্যা তৎপ্রত্যুক্তিং লিখতি উপরীতি। হে সখি তমালতরোরুপরি কোঽপি অনির্বাচ্যঃ পরিণত শরদিন্দু মণ্ডলো ব্যবচ্ছেদ রহিত শরচ্চন্দ্রো ময়া দৃষ্ট ইতি শেষঃ। তত্র চ তচ্চন্দ্র মণ্ডলে মুরলী খুরলী বংশ্যা বাদনাভাসঃ শ্রুতঃ সচ সাচ মম কুলমর্য্যাদামধো নয়তি ন্যক্করোতি। অত্র তমালতরুত্বেন শ্রীকৃষ্ণস্য শরীরং তাদৃশ চন্দ্রত্বেন বদনং পরিণত শব্দেন পূর্ণত্বং ব্যজ্যত ইতি জ্ঞেয়ম্ ।। ১৭১ ।।

কস্যাচিৎ পদ্যেন পুনস্তং লিখতি হন্তেতি। হন্তেতি হর্ষে ইন্দুমুখি হে সখি! মম মানসং চিত্তং তং কান্তমপি অপি শব্দ এবার্থে কান্তং কৃষ্ণমেব দিদৃক্ষতে দ্রষ্টুমিচ্ছতি নত্বন্যৎ যৎ কৃতে যন্নিমিত্তায় মানসং ন সাধু ন শিষ্টমস্তি। তথা ইন্দুশ্চন্দ্রঃ মন্দ মারুতো মলয়জ বায়ুশ্চন্দনঞ্চ বেদনাং পীড়াং বিতনোতি ত্বং করুণয়া তং সঙ্গময়েতি ব্যঙ্গার্থঃ ।। ১৭২ ।।

হইতেছে, উরূযুগল জড়তা পোষণ করিতেছে, অর্থাৎ গমনে অসমর্থা হইয়াছ, হৃদয় কম্পিত হইতেছে, কপোলদ্বয় ঘর্ম্মযুক্ত হইতেছে, এই সকল সাত্ত্বিক বিকার দেখিতেছি, সুতরাং তোমাকে জিজ্ঞাসা করিতেছি তুমি কি বনমালাধারী শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়াছ ? । ১৭০ ।

শ্রীরাধিকা ছলক্রমে সখীকে উত্তর প্রদান করিতেছেন তাহা শ্রীসঞ্জয় কবিশেখরের পদ্যে লিখিতেছেন- হে সহচরি ! আমি আজ যমুনা তটে নবীন তমাল তরুর উপরে শরৎ কালের শুদ্ধচন্দ্র মণ্ডল রূপে কলঙ্কাদি রহিত একটি চন্দ্র মণ্ডল দেখিলাম তিনি মোহন মুরলীর বাদন অভ্যাস করিতেছে (সেই বাদ্য আমি) সামান্য শ্রবণ করিয়াছি, সেই বাদ্যধ্বনি আমার কুলমর্য্যাদাকে অধঃপাত অর্থাৎ বিনষ্ট করিতেছে। ১৭১ ।

সর্ব্ববিদ্যাবিনোদানাম্

গুরুজনগঞ্জনমযশো গৃহপতিচরিতঞ্চ দারুণং কিমপি ।
বিস্মারয়তি সমস্তং শিব শিব মুরলী মুরারাতেঃ ।। ১৭৩ ।। আর্য্যা

তেষামেব

দ্রবিণং ভবনমপত্যং তাবন্মিত্রং তথাভিজাত্যঞ্চ ।
উপযমুনং বনমালী যাবন্নেত্রে ন নর্ত্তয়তি ।। ১৭৪ ।। আর্য্যা ।

সর্ব্ববিদ্যা বিনোদানাং পদ্যেন পুনস্তং লিখতি গুরুজনেতি । শ্রীকৃষ্ণগুণকীর্ত্তনপরায়াং ময়ি গুরুজানানাং শ্বশ্রূম্মন্যাদীনাং গঞ্জনং তিরস্কারং প্রাতীতিক পর পুরুষে তস্মিন্ননুরাগ দর্শনাদযশস্তেন তেন চ দারুণং ভয়ানকং কঠিনমসহ্যং বা কিমপি নৈকরূপং গৃহপতেঃ পতিম্মন্যস্য চরিতং এতদ্রূপং সমস্তমসহ্যং শিব শিব খেদে মুরারাতের্মুরলী বিস্মারয়তি শ্রীকৃষ্ণবংশীধ্বনৌ সতি তত্তৎ স্মৃতিপথে ন স্ফুরতীত্যর্থঃ। শ্রীকৃষ্ণে অনুরাগেণ তন্মুরল্যা ধ্বনেরুদ্দীপনত্বাৎ প্রকরণ সঙ্গতির্জ্ঞেয়া ।। ১৭৩ ।।

তেষামেব পদ্যেন পরমকাষ্ঠাপন্নং তং লিখতি দ্রবিণমিতি । যাবদ্বনমালী কৃষ্ণ উপযমুনং যমুনা সমীপে যাবৎ নেত্রে লোচনদ্বয়ং ন নর্ত্তয়তিনৃত্যবৎ কটাক্ষং ন প্রহিণোতি তাবৎ দ্রবিণাদিকমিত্যর্থঃ । তত্র দ্রবিণং ধনং আভিজাত্যং সৎ কুলজন্ম ।। ১৭৪ ।।

শ্রীকৃষ্ণদর্শন কামনায় শ্রীরাধার হৃদয় ব্যথা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে ইন্দুমুখি ! সখি ! অহো ! সেই প্রাণকান্তকে আমার মন দেখিতে ইচ্ছা করিতেছে, তাহাকে না দেখিয়া মন কোন প্রকারেই প্রসন্ন হইতেছে না, কিন্তু তার অভাবে পূর্ণচন্দ্র শীতল মন্দ পবন ও (সুগন্ধি সুশীতল) চন্দন হৃদয়ে বেদনা, বিস্তার করিতেছে । ১৭২ ।

যদি বল গুরুজনাদির তিরস্কার সহ্য করা তোমার সমান সতী রমণীর অনুচিত, তদুত্তরে শ্রীরাধিকার বাক্য শ্রীসর্ব্ববিদ্যাবিনোদের বাক্যে লিখিতেছেন- হে সখি! শ্বশুর-শাশুড়ী প্রভৃতি গুরুজন বৃন্দের তিরস্কার, ব্রজরমণীগণের সমাজে অপযশ, এবং ভয়ঙ্কর গৃহপতির যে কোন কঠিন ব্যবহার, শিব ! শিব !! হা কষ্ট ! মুররিপু শ্রীকৃষ্ণের মুরলী রব সকল বিস্মরণ করাইয়া দিতেছে । ১৭৩ ।

শ্রীরাধার পূর্ব্বরাগের পরাকাষ্ঠা পুনঃ শ্রীসর্ব্ববিদ্যাবিনোদের পদ্যে

কস্যচিৎ

তুষ্যন্তু মে ছিদ্রমবাপ্য শত্রবঃ, করোতু মে শাস্তিভরং গৃহেশ্বরঃ ।
মণিস্তু বক্ষোরুহমধ্যভূষণং মমাস্তু বৃন্দাবনকৃষ্ণচন্দ্রমাঃ ।।১৭৫।।

বংশস্থবিলম্ ।

কস্যচিৎ

স্বামী নিহন্তু বিহসন্তুপুরঃ সপত্ন্যো
ভর্ত্তুর্ভজন্তু গুরবঃ পিতরশ্চ লজ্জাম্ ।

কস্যচিৎ পদ্যেনানুরাগাতিশয়ং প্রকটয়তি তুষ্যন্ত্বিতি । মে মম ছিদ্রং কৃষ্ণানুরাগরূপং শত্রবো বিপক্ষা জনা অবাপ্য প্রাপ্য তুষ্যন্তি চেত্তুষ্যন্তু সুখী ভবন্তু, তথা গৃহেশ্বরঃ পতিম্মন্যো মে শাস্তিভরং দণ্ডাতিশয়ং করোতি চেৎ করোতু অত্র তত্রাপি মম ন খেদঃ কিন্তু মে সুখায় তু বৃন্দাবনকৃষ্ণচন্দ্রমা বক্ষোরুহয়ো স্তনয়োর্মধ্যস্থানস্য ভূষণং মণিরস্ত্বিতি তেনৈবাহং সুখী ভবামি তত্র ভবত্যা যদি সদুপায়ঃ কর্ত্তুং শক্যতে তদাশু ক্রিয়তামিতি ব্যঙ্গার্থঃ ।। ১৭৫ ।।

তস্যা বিচার নির্দ্ধারিতং তং কস্যচিৎ পদ্যেন লিখতি স্বামীতি । শ্রীকৃষ্ণে-হনুরাগবতীং মাং স্বামী স্বামিম্মন্যোনিহন্তি চেৎ নিহন্তু মারয়তু, তথা ভর্ত্তুঃ পোষকস্য

লিখিতেছেন- হে সখি ! আমার হৃদয়ে ধন উপার্জনের বাসনা সেই কাল পর্য্যন্তই পুষ্ট থাকে, সেইপর্য্যন্তই গৃহবাসে মন স্থির হয়, সন্তানপালন করার ইচ্ছা, মিত্রগণের সঙ্গে হাস্য পরিহাস, এবং সেই সময় পর্য্যন্তই নিজের কুলগৌরব রক্ষার হঠতা বর্ত্তমান থাকে, যে সময় পর্য্যন্ত যমুনা সমীপবর্ত্তী কদম্বকাননে বনমালা শোভিত শ্রীকৃষ্ণ নয়নদ্বয়কেনৃত্য না করায়, অর্থাৎ শ্রীকৃষ্ণের কটাক্ষবাণে বিদ্ধহইলে আমার কোন জ্ঞান থাকেনা । ১৭৪ ।

কোন অজ্ঞাতনামা কবিরপদ্যে শ্রীরাধার অনুরাগাতিশয় বর্ণনা করিতেছেন- হে সখি ! আমার অসতীত্বরূপ দোষ পাইয়া শত্রুগণ সন্তুষ্ট হয় হউক, আমার গৃহপতি আমার চরিত্র দেখিয়া যথেষ্ট কঠোর শাস্তি প্রদান করে করুক, তাহাতে কোন দুঃখ নাই, কিন্তু বৃন্দাবনের শ্রীকৃষ্ণচন্দ্রমা আমার হৃদয় বিভূষণ মণিস্বরূপ হইয়া অবস্থান করুক, ইহাই আমার পরম সুখ । ১৭৫

শ্রীকৃষ্ণানুরাগবতী শ্রীমতী রাধিকার মনের নিশ্চয় কোন অজ্ঞাতনামা কবির পদ্যে লিখিতেছেন- হে সখি ! গৃহে আমার স্বামী আমাকে ব্যভিচারিণী মনে

এতাবতা যদি কলঙ্কি কুলং তথাস্তু
রামানুজে মম তনোতু মনোঽনুরাগম্ ।।১৭৬ ।। বসন্ততিলকম্

পুষ্করাক্ষস্য

স্বামী কুপ্যতি কুপ্যতাং পরিজনা নিন্দন্তি নিন্দন্তু মা-
মন্যৎ কিং প্রথতামিয়ঞ্চ জগতী প্রৌঢ়ো মমোপদ্রবঃ ।

পুরোঽগ্রে সপত্ন্যঃ বিপক্ষস্ত্রিয়ো বিহসন্তি চেৎ বিহসন্তু, গুরবঃ শ্বশ্রূশ্মন্যাদয়ঃ পিতরো বা লজ্জাং ভজন্তি চেদ্ভজন্তু, এতাবতা শ্রীকৃষ্ণানুরাগেণ যদি কুলং কলঙ্কি কলঙ্কবিশিষ্টমস্তু ভবতু তথা তথাপি মম মনো রামানুজে রমণাৎ সর্ব্বেষামাহ্লাদনাৎ রামঃ আহ্লাদনং তমনুলক্ষীকৃত্য জাতঃ সর্ব্বান্ জনান্ সুখয়িতুং কিমুত মাং জাতে শ্রীকৃষ্ণেঽনুরাগং তনোতু বিস্তারয়ত্বিত্যর্থঃ । তদর্থং ময়া সর্ব্বত্যাগং কর্ত্তুং যুজ্যত ইতি ব্যঙ্গার্থঃ ।। ১৭৬।।

পুষ্করাক্ষস্য পদ্যেন তং নির্দ্দিশতি স্বামীতি । স্বামী পতিস্মন্যঃ অয়ঞ্চ জগতী প্রৌঢ়ো জগত্যাং ভুবনে প্রৌঢ়োঽতিশয় উপদ্রবঃ ননন্দাদি জনঃ মম সম্বন্ধে অন্যৎ কিং বিষভোজনাদিকং প্রথয়তি চেৎ প্রথতাং যুজাদিগণ পাঠাৎ লিঙভাবঃ বিস্তৃণুতামিত্যর্থঃ। যদ্বান্যৎ কিং তনুতামিয়ঞ্চ জগতী প্রৌঢ়ং মমোপদ্রবমিতি দ্বিতীয় পাদোরম্যঃ তথাত্বে অর্থ সুষ্টুতা স্যাৎ জগতীতি মঞ্চাঃ ক্রোশন্তীতি বৎ ভুবনস্থ সর্ব্বোজন ইত্যর্থঃ । ননু কিং সুখমপ্যস্তি যদপেক্ষয়া তত্তৎ সহসে তত্রাহ পুনরেতদেবাশাস্যং আশংসনীয়ং গুণ কীর্ত্তনাদিত্বপরি হার্য্যমেবাস্তি অতঃ পুনঃ শব্দঃ যদিদং চক্ষুশ্চিরং বর্দ্ধতাং যেন চক্ষুষা মুররিপোরিদং সৌন্দর্য্যস্য সারো যত্র

করিয়া যথেষ্ট প্রহার করে করুক, আমাকে প্রহার করিতে দেখিয়া সপত্নীগণ আমার সম্মুখে হাস্য করে করুক, অপর স্বামীর পিতামাতাদি গুরুজন, এবং আমার মাতা পিতা প্রভৃতিআমার আচরণে লজ্জিতহয়েন হউন, এবং শ্রীকৃষ্ণানুরাগ হেতু আমার নির্ম্মল কুল যদি কলঙ্কিত হয় হউক, তথাপি আমার মন রামানুজ শ্রীকৃষ্ণে সর্ব্বদা নবানুরাগ বিস্তার করুক । ১৭৬ ।

পুনঃ শ্রীমতীর দৃঢ় নিশ্চয় শ্রীপুষ্করাক্ষ কবির পদ্যে লিখিতেছেন- হে সখি ! আমার আচরণে আমার স্বামী যদি ক্রোধ করে তবে করুক, তাহাতে কোন ক্ষতি নাই, প্রতিবেশী জনগণ আমাকে নিন্দা করে করুক, আমার জন্য ননন্দাদি অন্য বিষপ্রয়োগাদি ভয়ঙ্কর গুরুতর উপদ্রব প্রয়োগ করে করুক, কিন্তু আমার হৃদয়ের

আশাস্যং পুনরেতদেব যদিদং চক্ষুশ্চিরং বর্দ্ধতাং
যেনেদং পরিপীয়তে মুররিপোঃ সৌন্দর্য্যসারং বপুঃ ।।১৭৭।।
শার্দুলবিক্রীড়িতম্।

কস্যচিৎ

কিং দুর্ম্মিলেন মম দূতি মনোরথেন
তাবন্তি হন্ত সুকৃতানি কয়া কৃতানি ।
এতাবদেব মম জন্মফলং মুরারি-
র্যন্নেত্রয়োঃ পথি বিভর্ত্তি গতাগতানি ।।১৭৮।। বসন্ততিলকম্ ।

তদ্বপুঃ শরীরং পরিপীয়তে অত্যাদরেণ দৃশ্যতে ইতি । অত্র যেনেতি পদং তৎ পদনিরপেক্ষ্যমেব যতঃ কাব্যপ্রকাশে উক্তং যচ্ছব্দস্তূত্তর বাক্যার্থ গতত্বেনোপাত্তঃ সামর্থ্যাৎ পূর্ব্ববাক্যার্থস্য তচ্ছব্দস্য উপাদানং নাপেক্ষত ইতি ।। ১৭৭ ।।

ননু ভবত্যা যদি শ্রীকৃষ্ণে এতাদৃগনুরাগো জাতস্তদা তৎ সঙ্গম সুখে প্রযত্নং কুরুতাং যত্নবতাং সর্ব্বে মনোরথাঃ সিদ্ধ্যেয়ুরিতি কয়াচিৎদূত্যা উক্তে সতি শ্রীরাধা যদাহ তৎ কস্যচিৎ পদ্যেন লিখতি কিমিতি । হে দূতি ! দুর্মিলেন দুঃখেনাপি মিলঃ সম্বন্ধী ভাবো যস্মাত্তেন শ্রীকৃষ্ণেন সহ বিহরিষ্যামীত্যেবং রূপেণ মনোরথেন কিং ন কিঞ্চিৎ প্রয়োজনং তস্যাঘটমানত্বাৎ । যতো যাবদ্ভিঃ সুকৃতৈর্মনোরথঃ সার্থো ভবেৎ হন্তেতি খেদে তাবন্তি সুকৃতানি পুণ্যানি কয়া রমণ্যা কৃতানি কিমুত ময়েতি মমত্বে তাবদেব জন্মফলং জন্মনো লাভঃ যন্নেত্রয়োঃ পথি মুরারিঃ শ্রীকৃষ্ণো গতাগতানি যাতায়াতানি বিভর্ত্তি পুষ্ণাতি তেনৈবাহং কৃতার্থা স্যামিতি খেদব্যঞ্জনং তৎ সঙ্গেন জন্ম সাফল্যং পরম দুর্ঘটমিতি ।। ১৭৮ ।।

এই মাত্র আশা- যে নয়নের দ্বারা মুররিপু শ্রীকৃষ্ণের সৌন্দর্য্যসার সর্ব্বস্ব বপু অতি আদর পূর্ব্বক দর্শন করিয়াছে সেই নয়ন ক্রমশঃ বর্দ্ধিত হউক, অর্থাৎ আমার লোচনদ্বয় শ্রীকৃষ্ণ সৌন্দর্য্যামৃতপান করিয়া নিজের সৌভাগ্য বর্দ্ধন করুক। ১৭৭।

শ্রীললিতা বলিলেন- সখি রাধে ! শ্রীকৃষ্ণে তোমার এই রূপ প্রবল অনুরাগ জাত হইয়াছে সুতরাং তাহার সঙ্গমসুখের নিমিত্ত চেষ্টা করিলে অবশ্যই মনোরথ সিদ্ধ হইবে, তদুত্তরে শ্রীরাধা যাহা উত্তর দিলেন তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে দূতি ! যে মনোরথের দ্বারা মিলন হয় না, সেই অতিশয় দুঃখপ্রদ মিলনের মনোরথে আমার কি প্রয়োজন সিদ্ধ হইবে ? হায় ! প্রিয়তমের

কস্যাচিৎ

তারাভিসারক চতুর্থনিশাশশাঙ্ক
কামাম্বুরাশিপরিবর্দ্ধন দেব তুভ্যম্ ।
অর্ঘ্যো নমো ভবতু মে সহ তেন যূনা
মিথ্যাপবাদবচসাপ্যভিমানসিদ্ধিঃ ।।১৭৯ ।। বসন্ততিলকম্ ।

শ্রীকৃষ্ণেন সহ মিলনাভাবেন তস্যাঃ খেদোক্তিং কস্যাচিৎ পদ্যেন লিখতি তারেতি হে চতুর্থী নিশাশশাঙ্ক চতুর্থনিশা চতুর্থরাত্রিস্তাৎপর্য্যাৎ ভাদ্রমাসীয় চতুর্থী তিথি স্তস্যামুদিতঃ শশাঙ্কশ্চন্দ্রঃ হে তথাভূত তুভ্যং অর্ঘ্যো নমোঽস্তু স্বাভীষ্ট ভাবোদ্দীপনার্থং তস্য বিশেষণদ্বয়মাহ হে তারাভিসারক তারা অশ্বিন্যাদয়স্তা অভিসর্ত্তুমভিগন্তুং শীলমস্য যদ্বা তারাণাং অভিসারঃ সম্ভোগার্থং গতি যর্ত্র হে তথাভূত সম্ভোগাভাবক্লেশস্তয়া বিদিত এবেতি ভাবঃ । তথা কামঃ কন্দর্প এবাম্বুরাশিঃ সমুদ্রস্তং পরি সর্ব্বতো ভাবেন বর্দ্ধয়তীতিঅতো মৎক্লেশহেতুস্ত্বমেবেতি ভাবঃ । ননু কিমর্থং মহ্যমর্ঘ্যদানং ক্রিয়তে তত্রাহ তেন প্রসিদ্ধেন যূনা কৃষ্ণেন সহ মিথ্যাপবাদবচসা মিথ্যা নিন্দিত বাচাপি শ্রীকৃষ্ণে রাধা আসক্তা বভূবেত্যাদি রূপয়া মে মমাভিমানসিদ্ধিঃ শ্রীকৃষ্ণপ্রেয়সীভূতাহমিতীচ্ছা সিদ্ধিঃ স্যাৎ । অয়ং ভাবঃ ভাদ্রীয় চতুর্থীদিনে কেচিদপি ত্বাং ন পশ্যন্তি দৈবাৎ দৃষ্টে ত্বয়ি কলঙ্কদোষ শান্ত্যর্তং মণি হরণাদি বৃত্তান্তাদি শৃণ্বন্তি ময়াতু রাগতো দৃষ্টা কলঙ্ক প্রাপ্তিসংকল্পপূর্ব্বকং অর্ঘ্য দানং ক্রিয়তে অতঃ কৈমুত্যেন স্বাভীষ্টকলঙ্কসিদ্ধির্ভূয়াদিতি ।। ১৭৯ ।।

মিলন সৌভাগ্য লাভ করিবে এই প্রকার সুকৃতি কোন রমণী করিয়াছে ? আমার তাদৃশ সৌভাগ্য কোথায় ? তথাপি আমি যে মুরারি শ্রীকৃষ্ণের গোচারণাদি সময়ে বনে গমনাগমন করায় তাহার দর্শন করিয়া নয়নদ্বয়ের সফলতা করি আমি তাহাতেই আমার জন্ম সফল মনে করিব । ১৭৮ ।

শ্রীকৃষ্ণের সহিত মিলনের অভাব হেতু শ্রীরাধার খেদোক্তি কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে তারাভিসারক ! হে চতুর্থ নিশা শশাঙ্ক ! অর্থাৎ ভাদ্রমাসের কৃষ্ণ পক্ষের চতুর্থী তিথির নষ্ট চন্দ্র ! হে কামাম্বুরাশি পরিবর্দ্ধন কারিন্ ! হে দেব চন্দ্র ! আমি তোমাকে নমস্কাররূপ অর্ঘ্য প্রদান করিতেছি, যেন সেই ব্রজের প্রসিদ্ধ যুবা পুরুষ শ্রীকৃষ্ণের সহিত মিথ্যা অপবাদ বাক্যের দ্বারাও আমার সম্বন্ধসিদ্ধি হয় অর্থাৎ ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের চতুর্থীতিথির চন্দ্রের নাম নষ্টচন্দ্র, তাহা দর্শনে মানবের বৃথা কলঙ্ক বা অপবাদ হয়, শ্রীরাধা সেই

সমাহর্ত্তু

সখি মম নিয়তিহতায়াস্তদ্দর্শনভাগ্যমস্তু বা মা বা ।
পুনরপি স বেণুনাদো যদি কর্ণপথে পতেত্তদেবালম্ ।। ১৮০ ।।

গীতি আর্য্যা

অথান্যচতুরসখীবিতর্কঃ

রাঙ্গস্য

সিদ্ধান্তয়তি ন কিঞ্চিদ্- ভ্রময়তি দৃশমেব কেবলং রাধা ।
তদবগতং সখি লগ্নং কদম্বতরুদেবতামরুতা ।। ১৮১ ।। আর্য্যা ।

পুনরপি তৎ খেদোক্তিং স্বয়ং গ্রন্থকৃল্লিখতি সখীতি হে সখি ! নিয়তিঃ প্রাক্তন শুভ কর্ম্ম তয়া হতায়া বঞ্চিতায়া মম তস্য পরম দুর্ল্লভস্য দর্শন ভাগ্যং দর্শন ভবিতব্যতা অস্তু বা মা বাস্তু তত্র ন মম খেদঃ । ননু তদা কিং প্রার্থ্যতে তত্রাহ পুনরপি স বেণুনাদো যদি কর্ণপথে পতেৎ বলাৎ কারেণ প্রবিশেৎ তদেবালং পর্য্যাপ্তং স্যাৎ । তৎ সঙ্গমাদি লালসাতু মনোরাজ্য সুখবৎ পরম দুর্ঘটনীয়েতি ভাবঃ ।। ১৮০ ।।

ললিতয়া সহ তস্যাঃ কথোপকথনং বর্ণয়িত্বা অন্যস্যাশ্চতুর সখ্যাস্তস্যাং বিতর্কং বর্ণয়তি অথেতি রাঙ্গস্য পদ্যেন তং লিখতি সিদ্ধান্তয়তীতি । হে সখি ! রাধা কস্যাঞ্চিৎ কথায়াং জিজ্ঞাসিতায়াং ন কিঞ্চিৎ সিদ্ধান্তয়তি উত্তরং ন দত্তে কেবলং দৃশং নয়নমেব ভ্রময়তি ঘূর্ণাং প্রাপয়তি তত্তস্মান্ময়াবগতং জ্ঞাতং কদম্বতরুদেবতামরুতা কর্ত্রা লগ্নং ভাবে ক্তঃ । কদম্বতরুদেবতা বায়ুর্লগ্নো বভূব দেবতাস্পর্শে সতি যথোন্মাদো জায়তে তথা দর্শনাৎ অত্র শ্রীকৃষ্ণস্য কদম্বতরু-দেবতাত্বেন তদ্বংশীরবস্য বায়ুতয়া চবর্ণনমন্য জন বঞ্চনার্থমিতি জ্ঞেয়ং ।১৮১ ।।

নষ্টচন্দ্রের নিকট প্রর্থানা করিতেছেন- হে চতুর্থীনিশা শশাঙ্ক ! তোমাকে নমস্কার করি, তুমি আমাকে অপবাদ কিম্বা কলঙ্ক প্রদান কর যেন আমাকে ব্রজে কৃষ্ণকলঙ্কিনী বলিয়া অপবাদ প্রদান করে । ১৭৯ ।

শ্রীরাধার অতিশয় খেদোক্তি শ্রীপাদ গ্রন্থকার স্বয়ং লিখিতেছেন- হে সখি ! ললিতে ! আমি অতিশয় ভাগ্যহীনা, আমার শ্রীকৃষ্ণ দর্শনের সৌভাগ্য হউকঅথবা নাই হউক, আমি প্রার্থনা করি পুনরায় সেই মনোহর বেণুনাদ যদি একবারও আমার কর্ণপথে প্রবেশ হয় তাহা হইলেই আমি যথেষ্ট সৌভাগ্য মনে করিব । ১৮০ ।

অথ রাধাং প্রতি সখী প্রশ্নঃ

তস্যৈব

কামং বপুঃ পুলকিতং নয়নে ধৃতাস্রে
বাচঃ সগদ্‌গদপদাঃ সখি কম্পি বক্ষঃ ।
জ্ঞাতং মুকুন্দমুরলীরবমাধুরী তে
চেতঃ সুধাংশুবদনে তরলীকরোতি ।। ১৮২ ।। বসন্ততিলকম্ ।

বিতর্কাপি দার্ঢ্যার্থং শ্রীরাধাং সা যজ্জিজ্ঞাসাঞ্চকার তাং লিখতি অথেতি তত্র রাঙ্গস্য পদ্যেনাহ কামমিতি । সখি ! হে রাধে ! তে বপুঃ শরীরং কামং যথেচ্ছং পুলকিতং রোমাঞ্চিতং নয়নে ধৃতাস্রে ধৃতং অস্রমশ্রুজলং যাভ্যাং তে বাচঃ সগদ্‌গদপদা গদ্‌গদোঽব্যক্ত কথনং তেন সহ পদানি বাক্যানি যাসু তাঃ, বক্ষো হৃদয়ং কম্পি কম্পনশীলং হে সুধাংশুবদনে ! অতোঽস্মাভির্জ্ঞাতিং তে চেতঃ কর্ম্ম মুকুন্দমুরলীরব মাধুরী কর্ত্রী তরলী করোতি, অচঞ্চলং চঞ্চলং করোতীতি অস্মাকমেতজ্‌জ্ঞানং সত্যং ন বেতি কথয়েতি ভাবঃ ।। ১৮২ ।।

"অন্য চতুরা সখীর বিতর্ক"

অন্য চতুরা সখীর সন্দেহ বাক্য শ্রীরাঙ্কের পদ্যে লিখিতেছেন- হে সখি ! ললিতে ! প্রাণসখী শ্রীরাধা শ্রীকৃষ্ণ দর্শন বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করিতেছে না, কেবল নয়নদ্বয় ভ্রমণ করাইতেছে মাত্র, সুতরাং আমার বোধ হয় কদম্ববৃক্ষনিবাসী দেবতার বায়ু শ্রীরাধার অঙ্গে সংলগ্ন হইয়াছে । ১৮১ ।

"শ্রীরাধার প্রতি কোন সখীর প্রশ্ন"

কোন সুচতুরা সখী শ্রীমতীরাধার শ্রীকৃষ্ণানুরাগ বুঝিতে পারিয়াও দৃঢ়ভাবে নিশ্চয় করিবার জন্য শ্রীরাঙ্কের পদ্যে লিখিতেছেন- হে সখি রাধে ! তোমার দেহ যথেষ্ট পুলকিত হইয়াছে, নয়নযুগল অশ্রুজল ধারণ করিয়াছে, তোমার বাক্যসকল গদ্‌গদ পদ যুক্ত হইয়াছে, বক্ষ স্থল বারম্বার কম্পিত হইতেছে, এই সকল লক্ষণ দেখিয়া আমার বোধহয় শ্রীমুকুন্দের মুরলীরব মাধুরী হে সুধাংশু বদনে ! তোমার চিত্তকে অতিশয় চঞ্চল করিয়াছে । ১৮২ ।

কস্যাচিৎ

গতং কুলবধূব্রতং বিদিতমেব তত্তদ্বচ-
স্তথাপি তরলাশয়ে ন বিরতাসি কো দুর্গ্রহঃ ।
করোমি সখি কিং শ্রুতে দনুজবৈরিবংশীরবে
মনাগপি মনো ন মে সুমুখি ধৈর্য্যমালম্বতে ।।১৮৩ ।।পৃথ্বী

কস্যাচিৎ

আস্তাং তাবদকীর্ত্তির্মে ত্বয়া তথ্যন্তু কথ্যতাম্ ।
চিত্তং কথমিবাসীত্তে হরিবংশীরব-শ্রুতৌ ।। ১৮৪।। অনুষ্টুভ্।

তস্যা অনুরাগ দার্ঢ্যজ্ঞানার্থং কাচিদ্বিয়োজ্যেষ্ঠা সখী ভর্ৎসনাবভাসক বাক্যেন যদপৃচ্ছৎ সাপি যদুত্তরং দদৌ তত্তৎ কস্যাচিৎ পদ্যেন লিখতি গতমিতি। তে কুলবধ্বা ব্রতং নিয়মোগতং ত্বয়া তত্তদ্বচস্তেষাং পত্যাদীনাং দুর্বাক্যংবিদিতমেব । হে তরলাশয়ে চঞ্চলচিত্তে তথাপি কৃষ্ণানুরাগাৎ ন বিরতাসি তব কোঽয়ং দুর্গ্রহো দুরাগ্রহঃ । এবম্ভূতং সখীবাক্যং শ্রুত্বা শ্রীরাধাহ-হে সখি ! অহং কিং করোমি রাগত স্তত্রাহং ন প্রবৃত্তা কিন্তু দনুজবৈরিণঃ শ্রীকৃষ্ণস্য বংশীরবে শ্রুতে সতি হে সুমুখি ! মে মনো মনাগীষদপি ধৈর্য্যং নালম্বতে অত এবাত্র মম কো দোষ ইতি বিবিচ্যতামিতি ব্যজ্যতে । দনুজ বৈরিণেত্যনেন মৎপতিশ্বশ্রূন্যাদিভ্যো ভয়ং তস্য নাস্ত্যতো বংশ্যা নাম্না মাং গায়ত ইতি জ্ঞাপিতম্ ।। ১৮৩ ।।

কস্যাচিৎ পদ্যেন পুনস্তদ্বাক্যস্যানুবাদং লিখতি আস্তামিতি । মে তাবদকীর্ত্তিঃ সকলমযশ আস্তাং ভবতি চেৎ ভবতু ত্বয়া সত্যং কথ্যতাং হরির্হরতি সর্ব্বেষাং

শ্রীরাধার শ্রীকৃষ্ণানুরাগ দৃঢ় করিবার জন্য কোন প্রখরা সখী ভৎর্সনাচ্ছলে যাহা বলিলেন তাহা কোন অজ্ঞাতনামা কবির পদ্যে লিখিতেছেন- হে চঞ্চলচিত্তে! রাধে ! পতিব্রতা কুলবধূগণের যে কুলব্রত তাহা তোমার বিনষ্ট হইয়াছে, যাহারা তোমাকে কুল কলঙ্কিনী বলিয়া তিরস্কার করে তাহাদের বাক্য বিশেষভাবে অবগত আছ, তথাপি কৃষ্ণানুরাগ হইতে বিরত হইতেছ না, ইহা তোমার কি প্রকার দুরাগ্রহ বল ত ? শ্রীরাধা বিনীত ভাবে উত্তর দিলেন- হে সখি ! আমি কি করিব, আমার কোন স্বাধীনতা নাই, হে সুমুখি! দনুজদমন শ্রীকৃষ্ণের বংশীধ্বনি অতি অল্পমাত্রও কর্ণদ্বারে শ্রবণ করিলে আমার মন যৎ কিঞ্চিৎ কালও ধৈর্য্য ধারণ করিতে সমর্থ হয় না ।১৮৩

গোবিন্দভট্টস্য

সত্যং জল্পসি দুঃসহাঃ খলগিরঃ সত্যং কুলং নির্ম্মলং
সত্যং নিষ্করুণোঽপ্যয়ং সহচরঃ সত্যং সুদূরে সরিৎ ।
তৎ সর্ব্বং সখি বিস্মরামি ঝটিতি শ্রোত্রাতিথির্জায়তে
চেদুন্মাদমুকুন্দমঞ্জুমুরলীনিস্বানরাগোদ্গতিঃ ।। ১৮৫ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

চিত্তানি তস্য বংশীরব শ্রুতৌ সত্যাং তে চিত্তং কথমিব ইব বাক্যালঙ্কারে কিম্প্রকারমাসীৎ তেন মম গুণো দোষো বা স্ফুটী ভবিষ্যতীতি ব্যঙ্গ্যার্থঃ ।। ১৮৪ ।।

শ্রীগোবিন্দভট্টস্য পদ্যেন পুনঃ দ্রঢ়য়তি, জল্পসীতিপদং সর্ব্বত্রান্বেতি খলঃ পরাপকার সূচকঃ তস্য বাচঃ সুদুঃসহাঃ নির্ম্মলং দোষ রহিতং অয়ং সহচরঃ কৃষ্ণো নিষ্করুণ এবম্ভূতং মমানুরাগং শ্রুত্বা মাং ন স্বীকরোতীতি অতঃ কৃপাশূন্যঃ । তদ্দর্শনার্থং জলানয়নছলমপি দুষ্করং যতো দূরে সরিৎ যমুনা, হে সখি ! চেদ্যদি উন্মাদ মুকুন্দ মঞ্জু মুরলী নিস্বানরাগোদ্গতিঃ শ্রোত্রাতিথির্জায়তে তদা তৎ সর্ব্বং ঝটিতি শীঘ্রং বিস্মরামীত্যন্বয়ঃ । শ্রোত্রয়োরতিথিরতিথিবদকস্মাদবতারঃ উন্মাদয়তীত্যুন্মাদঃ মঞ্জু রম্যং নিস্বানো ধ্বনিঃ রাগঃ স্বরালাপঃ উদ্গতিঃ প্রাদুর্ভাবঃ উন্মাদশ্চাসৌ মুকুন্দ মঞ্জুমুরলী নিস্বানরাগশ্চেতি উন্মাদজনক শ্রীকৃষ্ণরম্য মুরলীধ্বনিঃ রাগস্তস্য উদ্গতিরিত্যর্থঃ ।।১৮৫ ।।

কোন অজ্ঞাতনামা কবির পদ্যে শ্রীরাধার উত্তর বাক্য দৃঢ় করিতেছেন- হে সখি ! আমার অপযশ হয় হউক, তুমি তোমার মনের যথার্থ অনুভবটি বল দেখি, শ্রীকৃষ্ণের বংশীরব শ্রবণ করিয়া তোমার চিত্ত সেদিন কিপ্রকার হইয়াছিল ? ১৮৪ ।

শ্রীগোবিন্দ ভট্টের পদ্যে তাহাই নিশ্চয় করিতেছেন- হে সখি ! তুমি সত্যই বলিতেছ 'খলগণের কুবাক্য অতিশয় অসহ্য, আমার কুল অতিশয় নির্ম্মল ইহাও সত্য, অপর শ্রীকৃষ্ণও নিতান্ত করুণা বিহীন, ইহাও সত্য, জল আনয়নের ছলে তাহাকে দর্শন করিব তাহারও কোন ব্যবস্থা নাই, কারণ যমুনা নদীও অতিশয় দূরে রহিয়াছে সত্য, কিন্তু হে সুন্দরি ! কোন সময় যদি অকস্মাৎ উন্মাদকারী শ্রীমুকুন্দের মুরলীধ্বনির কলতান আমার কর্ণপথে প্রবেশ করে তাহা হইলে ঐ খলজনগঞ্জনা সকল আর স্মরণ থাকে না, সব বিস্মরণ হইয়া যায় । ১৮৫ ।

অথ শ্রীরাধাংপ্রতি সখীনর্ম্মাশ্বাসঃ

সর্ব্ববিদ্যাবিনোদানাম্

নিশা জলদসঙ্কুলাতিমিরগর্ভলীনং জগদ্-
বয়স্তব নবং নবং বপুরপূর্ব্বলীলাময়ম্ ।
অলং সুমুখি নিদ্রয়া ব্রজগৃহেঽপি নক্তঞ্চরী
কদম্ববনদেবতা নবতমালনীলদ্যুতিঃ।। ১৮৬ ।।পৃথ্বী ।

শ্রীরাধায়াস্তাদৃশীমুৎকণ্ঠাং শ্রুত্বা কারুণ্যোদয়াৎ তাংপ্রতিসখীনাং নর্ম্মাশ্বাসো জনিতস্তং লিখতি অথেতি। লক্ষণং যথা প্রেমলীলাবিহারাণাং সম্যগ্ বিস্তারিকা সখী। বিশ্রম্ভ রত্নপেটীচেত্যাদি । নর্ম্মকৌতুকং আশ্বাসো ভবিষ্যৎ শুভাশা কৌতুকেনাশ্বাসঃ। সর্ব্ববিদ্যাবিনোদানাং পদ্যেন তং লিখতি নিশেতি। হে সুমুখি! ইয়ং নিশা রাত্রির্জলদসঙ্কুলা মেঘব্যাপ্তা অতো জগৎ তিমিরগর্ভ লীনং, তিমিরমন্ধকারস্তস্য গর্ব্তে মধ্যেলীনং তব বয়ো নবংনবং নূতনং বপুঃ শরীরং অপূর্ব্ব লীলাময়ং রম্যলীলাবিশিষ্টং অতো দেশকালপাত্রবৈশিষ্ট্যাৎ তে গৃহে নিদ্রয়া শয়নেনালং ব্যর্থং কদম্ববনে নক্তঞ্চরী সতী ব্রজ গচ্ছ তত্র নব তমালস্যেব নীল চ্ছবিঃ কান্তির্যস্যাস্তাদৃশী কদম্ব বনদেবতাপ্যস্তি সা ত্বাং সুখয়তীতি, যদ্বা সা দেবতা নক্তঞ্চরী সতী ব্রজগৃহেঽপ্যাবিশতে ইতি শেষঃ। অত্র পক্ষেব্রজ গৃহ ইত্যেকং পদং তে নিদ্রয়া অলং সাতু ত্বদ্গৃহমাগম্য ত্বামাকর্ষিষ্যতীত্যতঃ খেদং মাকুর্ব্বিতি ধ্বন্যর্থঃ ।১৮৬।

"শ্রীরাধার প্রতি সখীদিগের কৌতুকপূর্ণ আশ্বাস"

শ্রীকৃষ্ণের প্রতি শ্রীমতী রাধার এইপ্রকার উৎকণ্ঠা দেখিয়া সখীগণের করুণার উদয় হেতু কৌতুকপূর্ণ আশ্বাস বাক্য শ্রীসর্ব্ববিদ্যাবিনোদের পদ্যে লিখিতেছেন- হে সুমধ্যমে ! এই রাত্রি ভয়ঙ্কর মেঘে পরিব্যাপ্ত হইয়াছে, সুতরাং সমস্ত জগৎ (জগৎ বাসি জনগণ) দারুণ অন্ধকার গর্ত্তে বিলীন হইয়াছে, অর্থাৎ কেহই তোমাকে দেখিতেপাইবে না, তোমার বয়ঃক্রমও নূতন, শরীরটিও নবীন সুষমাপূর্ণ অপূর্ব্ব রমণীয় লীলা বিশিষ্ট অতএব হে সুমুখি ! এই সময় গৃহে শয়ন করিয়া বৃথা কষ্ট কর কেন ? রাত্রি অভিসারিকা হইয়া কদম্বকুঞ্জে গমন কর, সেই কদম্বকুঞ্জে নবীন তমাল সদৃশ নীলকান্তি কোন দেবতা তোমাকে অতিশয় সুখ প্রদান করিবেন । ১৮৬ ।

অথ শ্রীকৃষ্ণংপ্রতি শ্রীরাধানুরাগকথনম্

কস্যচিৎ

ত্বামঞ্জনীয়তি ফলাসু বিলোকয়ন্তী
ত্বাং শৃন্বতী কুবলয়ীয়তি কর্ণপূরম্ ।
ত্বাং পূর্ণিমাবিধুমুখী হৃদি ভাবয়ন্তী
বক্ষোনিলীন নবনীলমণিং করোতি ।। ১৮৭ ।। বসন্ততিলকম্।

এবং প্রকারেণ শ্রীরাধামাশ্বাস্য শ্রীকৃষ্ণেন সহ সংঘটনায় তং প্রতি তস্যা অনুরাগং যমকথয়ৎ তং লেখিতুং প্রক্রমতে অথেতি । কস্যচিৎ পদ্যেন তং নির্দ্দিশতি ত্বাসিতি ।পূর্ণিমাবিধুমুখী । ফলাসু চিত্রপটীষু ত্বাং ত্বৎপ্রতিবিম্বং বিলোকয়ন্তী পশ্যান্তী ত্বামঞ্জনীয়তি অঞ্জনমিব ধার্য্যত্বে আচরতি তথা ত্বামস্মাকং মুখাৎ শ্রুত্বা কর্ণপূরে কর্ণে কুবলয়ীয়তি কুবলয়মিব আচরতি কুবলয়বৎ তদ্ধারণে আকাঙ্ক্ষা তস্যা জায়তে ইতি ভাবঃ । কর্ণপূরমিতি পাঠে কর্ণপূরং কর্ণাবতংসং যথাস্যাত্তথা ত্বাং কুবলয়ীয়তি কুবলয়মিব সদা ত্বাং ধারয়তীত্যর্থঃ । তথা ত্বাং হৃদি চিত্তে ভাবয়ন্তী চিন্তয়ন্তী বক্ষোনিলীন নবনীলমণিং ত্বাং করোতি বক্ষসি নিঃশেষেণ লীন আশ্লিষ্টশ্চাসৌ নবনীলমণি রিন্দ্রনীলমণিশ্চেতি তং নবীন নীলমণিধারণ ইব ত্বদ্ধারণ আকাঙ্ক্ষাং করো- তীত্যর্থঃ ।। ১৮৭ ।।

"শ্রীকৃষ্ণের প্রতি শ্রীরাধার অনুরাগ কথন"

সখীগণ এই প্রকারে শ্রীরাধাকে আশ্বস্ত করিয়া শ্রীকৃষ্ণের সহিত মিলন করাইবার নিমিত্ত তাঁহার প্রতি শ্রীরাধার অনুরাগ কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে শ্রীব্রজরাজ কুমার! পূর্ণিমাচন্দ্রবদনী সখী রাধা তোমার মূর্ত্তি চিত্রপটাদিতে অবলোকন করিয়া অঞ্জনের ন্যায় ব্যবহার করিতেছে, অর্থাৎ বার বার নয়নে ধারন করিতেছে, আমরা তোমার নাম উচ্চারণ করিলে তাহা নীলোৎপল কর্ণভূষণ সমান করিতেছে, অর্থাৎ তোমার নাম সর্ব্বদাই শ্রবণ করিতে ইচ্ছা করিতেছে, এবং তোমাকে হৃদয়ে চিন্তা করিয়া বক্ষঃস্থলে নবীন নীলমণির সমান আচরণ করিতেছে, অর্থাৎ তোমাকে সর্ব্বদাই বক্ষঃস্থলে দৃঢ়ভাবে ধারণ করিতে ইচ্ছা করিতেছে । ১৮৭ ।

হরিহরস্য

গৃহীতং তাম্বূলং পরিজনবচোভির্ন সুমুখী
স্মরত্যন্তঃশূন্যা মুরহর গতায়ামপি নিশি ।
তথৈবাস্তে হস্তঃ কলিতফণিবল্লীকিশলয়-
স্তথৈবাস্যং তস্যাঃ ক্রমুকফলফালীপরিচিতম্ ।। ১৮৮ ।।

শিখরিণী ।

কবিচন্দ্রস্যোক্তৌ

প্রেমপাবকলীঢ়াঙ্গী রাধা তব জগৎপতে ।
শয্যায়াঃ স্খলিতা ভূমৌ পুনস্ত্বাং গন্তুমক্ষমা ।। ১৮৯ ।। অনুষ্টুভ্

অনুরাগভরেণ ভ্রান্তিং হরিহরস্য পদ্যেন বর্ণয়তি গৃহীতমিতি । হে মুরহর ! সা সুমুখী রাধা পরিজনানামস্মাকং বচোভির্বহুত্বেনানেকশো বাচা গৃহীতং তাম্বূলং ন স্মরতি যতোঽন্তঃ শূন্যা স্মরণ হেতুনা চিত্তেন রহিতা তস্য তদ্গতত্বাদিতি ভাবঃ। নিশি রাত্রৌ গতায়ামপি হস্তস্তথৈবাস্তে তথাত্বং পরিচায়য়তি কলিতোধৃতঃ ফণিবল্ল্যাঃ পর্ণলতায়াঃ কিশলয়ং পত্রং যেন সঃ তস্যা আস্যং মুখং তথৈবাস্তে তথাত্বং পরিচায়য়তিক্রমুকো গুবাকস্তস্য ফলস্য যা ফালী বিদারিতাংশস্তয়া পরিচিতং পরিচয় বিশিষ্টং তদ্যুক্তমিত্যর্থঃ। অয়ম্ভাবঃ । তস্যা তাম্বূলে ভক্ষণে রীতিরিয়ং অগ্রে ক্রমুকফলফালীং মুখে দত্বা নাগবল্লী পত্রাণি মুখে ক্ষিপ্ত্বা চর্ব্বতি । অন্তঃ শূন্যত্বেন তয়োঃ স্মরণাভাবাৎ তদ্দ্বয়ং তথৈবাস্তে ইতি ।। ১৮৮ ।।

কবিচন্দ্রস্য শ্লোকদ্বয়েন তং লিখতি প্রেমেতি হে জগৎপতে ! ত্বৎ সেবার্থং পুনঃ পুনঃ ত্বৎ সমীপং গচ্ছন্তীতি জগন্তি ভক্তিবিশিষ্টানি জীবমাত্রাণি যানি তেষাং পতে পালক রাধা তব প্রেমপাবকলীঢ়াঙ্গী সতী শয্যায়াঃ সকাশাৎ ভূমৌ স্খলিতা

শ্রীরাধার শ্রীকৃষ্ণানুরাগভরে বিভ্রান্তি উৎপন্ন হইয়াছে তাহা শ্রীহরিহরের পদ্যে লিখিতেছেন- সখীগণ কহিলেন হে মোহন ! সুমুখী শ্রীমতীরাধা তোমাকে স্মরণ করতঃ অন্তঃ করণ শূন্য হইয়া পরিজন আমাদের বাক্যে কোনপ্রকারে তাম্বুল গ্রহণ করিয়াছিল, রজনীর অবসানে আমরা দেখিলাম তাহার হস্তে ঐ তাম্বুলবীটী সেই প্রকারই রহিয়াছে, এবং গুবাক (সুপারী) খণ্ড সংযুক্ত বদনও সেই প্রকার রহিয়াছে, অর্থাৎ অনুরাগিনী রাধা প্রথমে গুবাক খণ্ড মুখে দিয়া পরে নাগবল্লী পত্র (পান) মুখে দিয়া চর্ব্বণ করিতেন কিন্তু আজ সকল কাজ বিস্মরণ হইয়াছে । ১৮৮।

মুরহর সাহসগরিমা কথমিব বাচ্যঃ কুরঙ্গশাবাক্ষ্যাঃ
খেদার্ণবপতিতাপি প্রেমধুরাং তে সমুদ্বহতি ।। ১৯০ ।। আর্য্যা

গোবর্দ্ধনাচার্য্যস্য

গায়তি গীতে শংসতি বংশে বাদয়তি সা বিপঞ্চীষু ।
পাঠয়তি পঞ্জরশুকং তব সন্দেশাক্ষরং রাধা ।। ১৯১ ।। আর্য্যা ।

পতিতা সতী তাং শয্যাং পুনর্গন্তুং প্রাপ্তুমক্ষমা অসমর্থাভূৎ প্রেমৈবপাবকোঽগ্নি স্তেন লীঢানি আস্বাদিতানি অঙ্গানি যস্যাঃ সা প্রেমাগ্নি দগ্ধা ইত্যর্থঃ । অতো গন্তুমক্ষমেতি। জগৎপতিত্বাৎ তস্যা রক্ষণং তবোচিত মিতি ভাবঃ ।১৮৯ ।

হে মুরহর ! তস্যাঃ কুরঙ্গশাবাক্ষ্যাঃ কুরঙ্গোমৃগস্তস্য শাবাবালিকা তস্যা অক্ষিণী ইব অক্ষিণী যস্যাস্তস্যাঃ সাহসস্য দোষাদোষ বিবেচনা রাহিত্যেন বলাৎকার কৃতকার্য্যস্য গরিমা গুরুত্বং কথমিব ইব বাক্যালঙ্কারে কথং কেন প্রকারেণ বাচ্যঃ যেন কুলধর্ম্মত্যাগ পত্যাদি ভয়াদয়ো ন গণ্যন্তে তদাহ খেদার্ণবে ত্বৎসঙ্গাভাবেন গুর্ব্বাদি তাড়নেন বা উদ্বেগ সমুদ্রে পতিতাপি তে প্রেম ধুরাং প্রেমরূপভারং সমুদ্বহতি তত্রাত্মশ্লাঘতামাবিষ্করোতি নত্বশক্ততামিতি ভাবঃ ।। ১৯০ ।।

গোবর্দ্ধনাচার্য্যস্য পদ্যেন সাভিনিবেশং তং নির্দ্দিশতি গায়তীতি কস্মিংশ্চিজ্জনে ত্বদ্গুণ বিশিষ্টে গীতে গায়তি সতি গায়তি, বংশে ত্বাং শংসতি বংশ্যাং ত্বাং গায়ত্যাং সত্যাং সা বিপঞ্চীষু বীণাসু ত্বাং বাদয়তি তথা পঞ্জরশুকং পঞ্জরস্থ শুকপক্ষিণং তব সন্দেশাক্ষরং কৃষ্ণ এবমেবং গুণরূপ ইতি সংবাদশব্দং পাঠয়তি সর্ব্বথা সর্ব্বদা ত্বদ্গতচিত্তা বভূবেতি ফলিতার্থঃ ।। ১৯১ ।।

শ্রীকৃষ্ণানুরাগের পরাকাষ্ঠা শ্রীকবিচন্দ্রের দুইটি পদ্যে লিখিতেছেন- হে জগৎ পতে ! তোমার প্রেমপাবকে দগ্ধাঙ্গী শ্রীরাধা শয্যা হইতে ভূমিতে অবতরণ করিয়া দুর্ব্বলতা বশতঃ পুনরায় সেই শয্যায় গমন করিতে বা উঠিতে সক্ষম হইতেছে না ।১৮৯ ।

হে মুরনাশন ! বালহরিণলোচনা প্রাণসখী শ্রীরাধার সাহসের গুরুত্ব আর কি প্রকারে বলিব, কুলত্যাগাদি দোষ গণনা না করায় গুরুজনের তাড়না হেতু মহা উদ্বেগ সাগরে নিপতিত হইয়াও তোমার প্রেম ভার বহন করিতেছে, অর্থাৎ গুরুজনের শতগঞ্জনা সহন করিয়াও তোমার প্রতি অনুরাগের সামান্য হ্রাস হয় নাই। ১৯০ ।

শ্রীরাধাং প্রতি শ্রীকৃষ্ণানুরাগকথনম্

কস্যচিৎ

কেলীকলাসু কুশলা নগরে মুরারে-
রাভীরপঙ্কজদৃশঃ কতি বা ন সন্তি।
রাধে ত্বয়া মহদকারি তপো যদেষ
দামোদরস্ত্বয়ি পরং পরমানুরাগীঃ ।। ১৯২ ।। বসন্ততিলকম্

তাদৃশং শ্রীরাধানুরাগং শ্রুত্বা শ্রীকৃষ্ণস্য তত্রানুরাগো জাতঃ সতূদ্দীপন ভাব স্তং বিভাব্য সা দূতী সানন্দা শ্রীরাধা সমীপমাগত্য তাং প্রতি শ্রীকৃষ্ণানুরাগং যমবর্ণয়ৎ তং লিখতি অথেতি । সখীনাং তাদৃগ্ব্যাপারস্যৌচিত্যাৎ তথাচোজ্জ্বল নীলমণৌ । মিথঃ প্রেমগুণোৎকীর্ত্তিস্তয়োরাসক্তিকারিতা । অভিসারো দ্বয়োরেব সখ্যাঃ কৃষ্ণে সমর্পণম্। নায়িকা প্রাণসংরক্ষা প্রযত্নাদ্যাঃ সখীক্রিয়েতি ।। অত্র কস্যচিৎ পদ্যেন তং লিখতি কেলীতি। হে রধে ! অস্মিন্নগরে কেলীকলাসু রতিক্রিয়াসু নিপুণা দক্ষা আভীরপঙ্কজ দৃশঃ পদ্মনেত্রা গোপ্যো মুরারেঃ শ্রীকৃষ্ণস্য কতি বা ন সন্তি ন বিদ্যন্তে কিন্তু ত্বয়া মহান্তপোঽকারি কৃতমভূৎ যদযস্মাদেব দামোদরঃ কৃষ্ণঃ পরং কেবলং ত্বয়ি পরমানুরাগঃ পরমোঽনুরাগো যস্য এবম্ভূতো বভূবেতি শেষঃ যদি মন্যসে তদোভৌ সংঘটয়িষ্যামীতি ব্যঙ্গার্থঃ ।। ১৯২ ।।

শ্রীরাধার অভিনিবেশাতিশয় শ্রীগোবর্দ্ধনাচার্য্যের পদ্যে লিখিতেছেন- হে শ্যামসুন্দর ! শ্রীরাধা তোমার রূপ গুণাদি বর্ণিত শব্দ সকল গীতে গান করিতেছে, বংশীতে বাদন করিতেছে, বীণা সকলের দ্বারা বাদ্য করিতেছে, এবং পিঞ্জরস্থিত শুককে পাঠ করাইতেছে । ১৯১ ।

"শ্রীরাধার প্রতি শ্রীকৃষ্ণের অনুরাগ কথন"

চতুরাসখী শ্রীরাধার অনুরাগের কথাশ্রবণ করিয়া শ্রীকৃষ্ণের অনুরাগ হইয়াছে বুঝিয়া আনন্দ সহকারে শ্রীরাধার নিকটে আসিয়া শ্রীকৃষ্ণের অনুরাগ বর্ণন করিতেছেন, তাহাকোন অজ্ঞাত নামা পণ্ডিতের পদ্যে লিখিতেছেন- হে রাধে ! এই গোকুলনগরে শৃঙ্গারকেলিতেসুনিপুণা অনেকপঙ্কজনয়না গোপসীমন্তিনী আছে, কিন্তু হে সখি ! আমার মনে হয় তুমি কোন সুমহৎ তপস্যা করিয়াছ, যেহেতু ব্রজযুবরাজ শ্রীদামোদর কেবল মাত্র তোমাতেই অতিশয় অনুরাগী হইয়াছে। ১৯২

দৈত্যারিপণ্ডিতস্য

বৎসান্নচারয়তি বাদয়তে ন বেণু,
মামোদতে ন যমুনাবনমারুতেন ।
কুঞ্জে নিলীয় শিথিলং নমিতোত্তমাঙ্গ-
মন্তস্ত্বয়া শ্বসিতি সুন্দরি নন্দসূনুঃ ।। ১৯৩ ।। বসন্ততিলকম্ ।

রাঙ্গস্য

সর্ব্বাধিকঃ সকলকেলিকলাবিদগ্ধঃ
স্নিগ্ধঃ স এষ মুরশত্রুরনর্ঘ্যরূপঃ ।

দৈত্যারিপণ্ডিতস্য পদ্যেন তদনুরাগাতিশয়ং নির্দ্দিশতি বৎসানিতি । সুন্দরি হে রাধে! নন্দসূনুঃ অন্তর্মনসি ত্বয়া আক্রান্তঃ সন্ বৎসান্ ন চারয়তে কিমুত গাঃ । তস্য বৎসচারণন্তু ত্বৎ প্রাপ্তিচ্ছলমেব তেন ত্বৎ প্রাপ্ত্যভাবাদিতি ভাবঃ, তথা জগদ্ধর্ষকমপি বেণুং ন বাদয়তে তেন ত্বৎকর্ষণাভাবেন মননাৎ, তথা যমুনামারুতেন অর্থাৎ শৈত্যসৌগন্ধমান্দ্য যুক্তেন ন আমোদতে হর্ষং নপ্রাপ্নোতি সতু ত্বৎসঙ্গাভাবেন বিষায়তে ইতি ভাবঃ । এবঞ্চেৎ কথং তিষ্ঠতি তত্রাহ কুঞ্জে লতাদিপিহিতোদর স্থানে শিথিলং কর্য্যাক্ষমং যথাস্যাত্তথা নিলীয় প্রিয়নর্ম্ম সখীনামপি অগোচরীভুয় নমিতোত্তমাঙ্গং জানুদ্বয়মধ্যগতং উত্তমাঙ্গং শিরোযত্র তদ্‌যথাস্যাত্তথা কেবলং শ্বসিতি সুদীর্ঘ নিশ্বাসং ত্যজতীত্যর্থঃ । এবং তস্য ত্বয়ানুরাগ ইতি ধ্বনিঃ ।। ১৯৩ ।।

এবং শ্রীকৃষ্ণবিরহ শ্রবণেন তস্যাস্তদ্দর্শনে সমুৎকণ্ঠা জাতেতি বিভাব্য তামভিসারয়িতুং সখী যদাহ তৎ রাঙ্গস্য পদ্যেন লিখতি সর্ব্বেতি । ব্রজনাগরি হে পরম বিদগ্ধে রাধে ! যস্য বিরহেণ ত্বমেবম্ভূতাসি স এষ মুরমর্দ্দনঃ কৈরপি পরা

শ্রীরাধার প্রতি শ্রীগোকুলচন্দ্রমার পরমানুরাগ শ্রীদৈত্যারি পণ্ডিতের পদ্যে লিখিতেছেন- হে সুন্দরি ! শ্রীকৃষ্ণের হৃদয় তোমার দ্বারা এমন দৃঢ় ভাবে আক্রান্ত হইয়াছে যে বৃন্দাবনে গোবৎসচারণ করিতেছে না, পরমপ্রিয় বেণু আর বাজাইতেছে না, যমুনা তটে শীতল সুগন্ধ মন্দ পবনে আমোদ করিতেছেনা, অর্থাৎ সুখ পাইতেছেনা, কেবল মাত্র তোমার বদন চিন্তা করিয়া কুঞ্জের ভিতরে মস্তক অবনত করিয়া নিরন্তর দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতেছে । ১৯৩ ।

শ্রীকৃষ্ণের নিদারুণ দশা শ্রবণ করিয়া শ্রীরাধার কৃষ্ণদর্শনে উৎকণ্ঠাজাত হইয়াছে জানিয়া সখী শ্রীরাধাকে অভিসার করাইবার নিমিত্ত যাহা বলিলেন তাহা

ত্বাং যাচতে যদি ভজ ব্রজনাগরি ত্বং
সাধ্যং কিমন্যদধিকং ভুবনে ভবত্যাঃ ।। ১৯৪।। বসন্ততিলকম্

অথ শ্রীরাধাভিসারঃ

যাভিসারয়তেকান্তং স্বয়ম্বাভিসরত্যপি ।
সা জ্যোৎস্নী তামসীযানযোগ্যবেশাভিসারিকা ।।

ভবিতুমশক্য ত্বাং যাচতে যাচতে দ্বিকর্ম্মকত্বাৎ ত্বাং রতিমিতি সতু তব রত্যুপভোগে যোগ্য ইত্যাহ সর্ব্বাধিকঃ সর্ব্বৈর্গুণৈরধিক স্তথা সকল কেলি কলাসু বিদগ্ধো নিপুণঃ তথা আরুহ্য পরমাং কাষ্ঠাং প্রেমা চিদ্দীপদীপনঃ । হৃদয়ং দ্রাবয়ন্নেষ স্নেহ ইত্যভিধীয়তে ইত্যুক্ত লক্ষণেন স্নেহেন ত্বয়ি যুক্তঃ ন কেবলমেতাবৎ অনর্ঘ্যমমূল্যং রূপং অঙ্গসৌষ্ঠবং যস্য সঃ । অতঃ সর্ব্বাংশেন তব যোগ্যত্বাৎ স যথা ত্বাং যাচতে তথা তাং যদি তং ভজ তদা ভবত্যা ভুবনে কিংপুনর্ব্রজে এতস্মাদন্যৎ সাধ্যমস্তীতি চিত্তে নির্ধার্য্য যদুচিতং তৎ ক্রিয়তামিতি ।। ১৯৪ ।।

এবং তত্র জাতানুরাগায়াস্তাস্যাঃ প্রথমমভিসারিকাবস্থাং বক্তুং প্রকরণমারভতে অথ রাধাভিসার ইতি । সখ্যা কর্ত্র্যা রাধায়া অভিসারণমিত্যর্থঃ । নায়িকা খল্বষ্টবিধা ভবতি। তথাচ তত্রাভিসারিকা বাসসজ্জাচোৎকণ্ঠিতা তথা। বিপ্রলব্ধা খণ্ডিতা চ কলহান্তরিতাপিচ । প্রোষিত প্রেয়সীচৈব তথা স্বাধীনভর্ত্তৃকেতি। অভিসারিকা লক্ষণং যথোজ্জ্বলনীলমণৌ । যাভিসারয়তে কান্তং স্বয়ং বাভিসরত্যপি। সা জ্যোৎস্নী তামসী যানযোগ্যবেশাভিসারিকা । লজ্জয়া স্বাঙ্গলীনেব নিঃশব্দাখিলমণ্ডনা । কৃতাবগুণ্ঠা স্নিগ্ধৈক সখীযুক্তা প্রিয়ং ব্রজেদিতি ।।

শ্রীরাঙ্ক পণ্ডিতের পদ্যে লিখিতেছেন- হে ব্রজনাগরি । ধন মান কুলাদিতে যে জন সকলের অধিক, যে সর্ব্ব প্রকার কেলিকলায় সুনিপুণ, পরম স্নিগ্ধ, এবং অপূর্ব্ব রূপ সৌন্দর্য্য যুক্ত, সেই মুরদমন শ্রীকৃষ্ণ যদি তোমাকে যাচ্ঞা অর্থাৎ নিজের অভিপ্রায় প্রকাশ পূর্ব্বক প্রার্থনা করে, তবে তুমিও তাহাকে সেই প্রকারেই ভজনা কর , হে সুন্দরি! এই সর্ব্বগুণাধার শ্রীকৃষ্ণকে লাভ করা অপেক্ষা এই ভুবনে তোমার অধিকসাধ্য বস্তু কি আছে হে ? ১৯৪ ।

"শ্রীরাধার অভিসার"

নায়িকা আট প্রকারের হয়, অভিসারিকা, বাসকসজ্জা, উৎকণ্ঠিতা, খণ্ডিতা, বিপ্রলব্ধা, কলহান্তরিতা, প্রোষিতভর্ত্তৃকা, স্বাধীনভর্ত্তৃকা । তন্মধ্যে যে নায়িকা

মা জল্প সাহসিনি শারদচন্দ্রকান্তি-
দন্তাংশবস্তব তমাংসি সমাপয়ন্তি ।। ১৯৫।। বসন্ততিলকম্

অত্র প্রথমে লোকদৃষ্টিভয় নিবৃত্ত্যর্থং কৃষ্ণপক্ষীয়াভিসারণং যাণ্মাসিকস্য পদ্যেনাহ মন্দমিতি। অত্র পাঠক্রমাদর্থ ক্রমস্য বলবত্ত্বাদেবং ব্যাখ্যেয়ম্ । যথা নীলং বাসোবস্ত্রং পরিধেহি শুক্লবস্ত্রেণ প্রকাশন সম্ভবাৎ। চরণৌ মন্দং নিঃশব্দং নিধেহি অন্যথা পাদশব্দেন লোকৈর্জ্ঞাতাসীতিভাবঃ। নীলবস্ত্রাঞ্চলেন বলয়াবলিং করস্থমণি যুক্ত কঙ্কণাদিমাচ্ছাদয় অন্যথা তত্তেজসা তিমির নাশঃ স্যাৎ। এবং শিক্ষিতা গচ্ছন্তী কুত্র প্রাণনাথঃ কথয়েত্যুক্তা সখী সরোষমিবাহ হে সাহসিনি! ভয়রহিতে! মাজল্প ন বদ যতস্তব শারদ চন্দ্রকান্তদন্তাংশবঃ শরৎ কালীনচন্দ্রাৎ কমনীয়ানাং রম্যাণাং দন্তানাং কিরণাস্তমাংসি নিবিড়ান্ধকারান্ সমাপয়ন্তি বিনাশয়ন্তীত্যর্থঃ। তদা কথং যাস্যসীতি রোষহেতুঃ ।। ১৯৫ ।।

বিলাসের নিমিত্ত নিকুঞ্জে নিজকান্তকে অভিসার করায়, অথবা নিকুঞ্জেপ্রাণকান্তের নিকটে স্বয়ং গমন করেন, তিনি জ্যোৎস্নারাত্রি যোগ্য বেশভূষণে জ্যোৎস্না-ভিসারিকা, এবং অন্ধকার যোগ্য বেশভূষণে তামসাভিসারিকা হইয়া থাকেন।

শ্রীমতী রাধার প্রথমাভিসার কৃষ্ণপক্ষের অন্ধকার পূর্ণ রজনীতে হইয়াছিল, পুঞ্জীভূত লজ্জাশীলা শ্রীমতী লজ্জায় নিজাঙ্গ গোপন করিয়া নিঃশব্দ হইয়া অবগুণ্ঠনবতী হইয়া কোন একজন স্নিগ্ধা বিশ্বস্তা সখীর হাত ধরিয়া নিকুঞ্জে গমন করি, তাহা শ্রীষাণ্মাসিক কবির পদ্যে লিখিতেছেন- হে অভিসারিকে! রাধে! নীল বসন পরিধান কর, শুক্লবস্ত্রে প্রকাশ হইবে. নিঃশব্দে অতিধীরে চরণ চালন কর. যেন মঞ্জীর শব্দে কেহ জানিতে না পারে, হস্তের শঙ্খ বলয় অঞ্চল দ্বারা আচ্ছাদন কর, অন্যথা বলয়মণি সকল অন্ধকার বিনাশ করিবে, এই প্রকার শিক্ষা প্রদান করতঃ সখীসঙ্গে নিকুঞ্জপথে ত্বরা গমন করিতেছেন, ব্যগ্রতাহেতু শ্রীরাধা কহিলেন- হে সখি! প্রাণকান্ত কোথায় আছে বল ত ? এই কথা শুনিয়া রোষভরে সখী কহিল,- হে সাহসিনি! কথা কহিও না, কথা বলিলে তোমার শারদ চন্দ্রকান্তি বিনিন্দিত দন্তাবলীর কান্তি বা জ্যোৎস্না এই রাত্রির সকল অন্ধকার সমূলে বিনাশ করিবে। ১৯৫।

সর্ব্ববিদ্যাবিনোদানাম্

কিমুত্তীর্ণঃ পন্থাঃ কুপিতভুজগীভোগবিষমো
বিষোঢ়া ভূয়স্যঃ কিমিতি কুলপালিকটুগিরঃ ।
ইতি স্মারং স্মারং দরদলিতশীতদ্যুতিরুচৌ
সরোজাক্ষী শোণং দিশি নয়নকোণং বিকিরতি ।। ১৯৬ ।। শিখরিনী

কস্যচিৎ

চিত্রোৎকীর্ণাদপি বিষধরাদ্ভীতিভাজো রজন্যাং
কিম্বা ক্রমস্ত্বদভিসরণে সাহসং মাধবাস্যাঃ

কৃষ্ণপক্ষীয় ষষ্ঠ্যাং তস্যা লালসয়া গমনে চিন্তনাদি প্রকারং সর্ব্ববিদ্যা বিনোদানাং পদ্যেন লিখতি । কিমিতি স্বভাবেন কুপিতানাং ভুজগ জাতীনাং ভোগৈশরীরৈর্বিষমো দুর্গম্যঃ পন্থা ময়া কিং কথমুত্তীর্ণা ভবেৎ । যদ্যুত্তীর্ণা স্যাত্তথাপি কুলপালীনাং কুলবধূনাং ভূয়স্যোঽনেকাঃ কটুগিরঃ রাধাব্যভিচরিণ্য ভূদিত্যাদি রূপা বাচঃ কথং ময়া বিষোঢাঃ সহনীয়ঃ ইত্যেবং স্মৃত্বা স্মৃত্বা গচ্ছন্তী সরোজাক্ষী চন্দ্রদর্শনে সরোজানাং ক্রোধ সম্ভব মননাৎ তে ইব অক্ষিণী যস্যাঃ সা দিশি দিশি শোণং ক্রোধেনারুণং নয়নকোণং বিকিরতি । ননু দিশং প্রতি কস্মাৎ ক্রোধ স্তত্রাহ তস্মিন্ কথম্ভূতেদরদলিত শীতদ্যুতিরুচৌ সার্দ্ধযামোপরি দর ঈষৎ দলিতা বিদারিতা অর্থাৎ প্রকাশিত শীতদ্যুতেশ্চন্দ্রস্য রুচিঃ শোভাযস্য তস্যাং চন্দ্রোদয়ে সতি লোকা মাং পশ্যেয়ুরিতি ক্রোধ হেতুঃ ।। ১৯৬ ।।

শ্রীকৃষ্ণং সুখয়িতুং তন্নিকটং প্রাপ্তায়া রাধায়া দুঃশক্যং ব্যাপারং কস্যচিৎ পদ্যেন দর্শয়তি চিত্রেতি । মাধব ! হে বেণুগানবিদ্যাপতে ! তমিস্রায়াং

ময়ি সাক্ষাদ্ভুতে সতি অস্যা মান উত্তরোত্তরং বৃদ্ধিং প্রাপ্নোত্যতঃ কিয়দ্দূরং গত্বা দূতীং প্রেষয়ামীতি বিভাব্য স কাতরং ম্লানবদনে কৃষ্ণে নিষ্ক্রামতি সতি কৃষ্ণ প্রাণায়াস্তস্যাঃ মানশ্লথাবস্থাং বীক্ষ্য পুনরপি ললিতায়াঃ সখ্যা স্তাং প্রতি যৎ বাক্যং লপিতং তৎ স্বয়ং গ্রন্থ কৃল্লিখতিসাচীতি । হে সখি ! অমুমকৃতজ্ঞং নির্দয়ং সাচিকন্ধরং বক্রগ্রীবং যথাস্যাত্তথা কিং কিমর্থমীক্ষসে অনেনালং অতো যাতু যাতু বীপ্সাত্বনাদরে

কে ? অর্থাৎ তোমাতেঅনুরাগ না থাকার জন্য তাহারা পরম সুখিনী । হে প্রেমবতীর সুখ হরণকারি হরে ! যাহারা তোমার মহিমা জানে না তাহাদের প্রতি এই কৈতব কেন ? অর্থাৎ যে গোপললনাগণ নিজ পতির সহিত সুখিনী আছে তাহাদের প্রতি তোমার এই ধূর্ত্ততা কিছু ক্ষতি করিতে পারিবে না, হায় ! দুর্ভাগ্যের কথা যে আমি হত ভাগিনী কেবল মাত্র তোমাতেই একাগ্র হৃদয়া হইয়াছিলাম সেই জন্যই এখন তোমার প্রতি আমার যে প্রণয় তাহা আমার প্রাণের সহিত গমন করিবে, যদি তুমি আমার প্রাণ নির্গমন দর্শন করিবে তবে কিঞ্চিৎ কাল বিলম্ব কর । ২২৫

"শ্রীকৃষ্ণ গমন করিলে সখীর বাক্য"

শ্রীকৃষ্ণ মনে মনে চিন্তা করিলেন যদি আমি শ্রীমতীর নিকটে অবস্থান করি তবে প্রিয়ার মান উত্তরোত্তর বৃদ্ধিপাইবে, সুতরাং কিছু দূরে গমন করিয়া দূতী

"শ্রীকৃষ্ণস্য দূতী বাক্যম্"

রাঙ্গস্যৈতৌ

প্রেমাবগাহনকৃতে মানং মা কুরু চিরায় করভোরু ।
নাকর্ণি কিং নু মুগ্ধে জাতং পীযূষমন্থনে গরলম্ ।। ২২৭।। গীতিআর্য্যা।

অয়ং পূতনার্দনো বাল্যাবস্থায়ামপি ছলেন যঃ স্ত্রীবধ পরম সমর্থঃ কিমুত কৈশোরাবস্থায়ামিতি অতোঽস্মিন্ রতিঃ প্রাণনাশ হেতুর্ভবেদিতি ধ্বন্যর্থঃ । কিঞ্চ হি নিশ্চিতং বামরীতিষু বাহ্য প্রীতি প্রকাশনাসু চতুরাং নিপুণাং পামরীং প্রেমরীতিমূর্খাং স্ত্রিয়ং আরাধ্যাং পরমদেবতামিব সেবতাং সেবাং করোতু এষ তব শুদ্ধ প্রীতি রীতিং ন জানাত্যতো যাতু যাত্বিতি সম্বন্ধঃ ।। ২২৬ ।।

ততঃ কাতর্য্যেণাতি নির্বন্ধতঃ কৃষ্ণেণ প্রেরিতা বীরানাম্নী শ্রীকৃষ্ণদূতী মানং শ্লথয়িতুং সপ্রগল্ভং রাধাং প্রতি যদাহ তৎ রাঙ্কস্য পদ্যদ্বয়েন দর্শয়তি প্রেমেতি। হে করভোরু প্রেমাবগাহন কৃতে প্রেম্নোঽবগাহনং বিলোড়নমিয়ত্তা ময়ি কৃষ্ণস্য কিয়তী প্রীতিরীতি পরীক্ষণং তৎ কৃতে কৃতে শব্দো নিমিত্তার্থ স্তন্নিমিত্তায় চিরায় চিরকালং ব্যাপ্য মানং মা কুরু মানেঽপ্যতি নির্বন্ধো ন সুখায় স্যাৎ তত্র নিদর্শনং হে মুগ্ধে আয়তী দুঃখানভিজ্ঞে ত্বয়া কিং নাকর্ণি ন শ্রুতং পীযুষ মন্থনেঽপি যদ্গরলং বিষং জাতমিতি। অতো মানাগ্রহং ত্যক্ত্বা হিতোপদেশিন্যা মম বাক্যাৎ প্রিয়ং ভজস্বেত্যর্থঃ। ২২৭।

প্রেরণ করিব" এই প্রকার চিন্তা করিয়া ম্লান বদনে কুঞ্জ হইতে গমন করিলে মানিনী শ্রীরাধাকে দর্শন করিয়া মুখরাশ্রীললিতা যাহা বলিলেন তাহা শ্রীগ্রন্থকার স্বয়ং লিখিতেছেন- হে সখি ! তুমি গ্রীবা বক্র করিয়া বামদিকে কি দেখিতেছ ? ঐ অকৃতজ্ঞ নির্দয়কে দেখিও না, পূতনাঘাতী গমন করুক, গমন করুক, বাহ্য প্রীতিপ্রকট চতুরা শুদ্ধপ্রীতিরীতি মূর্খা পামরী কোন রমণীকে পরমদেবতার ন্যায় সেবা করুক ।২২৬।

"শ্রীকৃষ্ণদূতীর বাক্য"

অনন্তর সাতিশয় নির্বন্ধ করিয়া শ্রীকৃষ্ণ কর্ত্তৃক প্রেরিতা বীরা দূতী শ্রীরাধার মান দূর করিতে যে প্রগল্ভ বাক্য প্রয়োগ করেন তাহা শ্রীরাঙ্ক কবির পদ্যে লিখিতেছেন- হে করভোরু ! শ্রীকৃষ্ণের প্রেম মহাপারাবারে যদি অবগাহন করিতে ইচ্ছা কর তাহা হইলে চিরকাল ব্যাপিয়া মান করিও না, হে মুগ্ধে ! অমৃতের নিমিত্ত ক্ষীর সাগর মন্থন করিলেও গরল উঠিয়া ছিল, তাহা কি শ্রবণ কর নাই ? ২২৭ ।

বিধুমুখি বিমুখীভাবং ভাবিনি মদ্ভাষণে মা গাঃ ।
মূঢ়ে নিগমনিগূঢ়ঃ কতিপয় কল্যাণতো মিলতি ।। ২২৮ ।। উপগীতিআর্য্যা।

"অথ দূতীং প্রতি শ্রীরাধাবাক্যম্"

অঙ্গদস্য

অলমলমঘৃণস্য তস্য নাম্না পুনরপি সৈব কথা গতঃ স কালঃ ।
কথয় কথয় বা তথাপি দূতি প্রতিবচনং দ্বিষতোঽপি মাননীয়ম্ ।। ২২৯ ।।
পুষ্পিতাগ্রা ।

হে বিধুমুখি ! সর্ব্বজন সুখদায়িবদনে হে ভাবিনি ! কৃষ্ণানুরাগবতি মদ্ভাষণে বিমুখীভাবং হেয়বুদ্ধিং মাগাঃ । কারণং শৃণ্বিত্যাহ হে মূঢ়ে ! ন খলু গোপিকানন্দনো-ভবানখিল দেখিনা মন্তরাত্মদৃক্ । বিখনসার্থিতো বিশ্বগুপ্তয়ে সখ উদেয়িবান্ সাত্বতাং কুলে ইতি রাসলীলায়াং ভবতীভিরুক্তং মানমদমত্ত তয়া তজ্জ্ঞানরহিতে নিগম নিগূঢ়ঃ সঃ অন্তরাত্মদৃক্ কতিপয় কল্যাণতো বহু পুণ্য কর্ম্মাচরণেন মিলতীতি । শ্লেষেণ বিধুমুখি বিধুনোতি কর্কশ বাক্যেন প্রিয়তমমপি কম্পয়তীতি বিধুরেবং ভূতং মুখং যস্যা হে তাদৃশি ভাবিনীতি কলহাভিপ্রায় যুক্তে অতঃ সরোষং ত্বাং বদামীতি ভাবঃ ।। ২২৮ ।।

দূতী বাক্যং শ্রুত্বা কৃষ্ণং ভজিতুকামাপি হঠান্মানং ত্যক্তুমসমর্থা সতী শ্লেষ গর্ব্বের্ষ্যয়া তাং প্রতি রাধা যদাহ তদঙ্গদস্য পদ্যেন দর্শয়তি অলমলমিতি । হে দূতি ! অঘৃণস্য ঘোরান্ধকার রজন্যাং মাং বনং যাপয়িত্বা অন্যয়াসহ রমণেন মাং প্রতি নির্দয়স্য তস্য নাম্না অলমলং মম মান ভঞ্জনায় অলমতিশয়েনালং পর্য্যাপ্তং তস্য নামোচ্চারণেনাপি মানানপগমাৎ পুনরপি তস্য সৈব কথা গত রাত্রৌ ত্বদীয়ঃ শ্রীকৃষ্ণঃ কেন বিঘ্নেন ত্বন্নিকটং গন্তুমশক্ত ইত্যাদিরূপা ইয়ন্তু মান ভঞ্জনার্থং পিষ্টপেষণবৎ বিফলা । যস্মিন্ কালে মম নবমপর্য্যন্তা দশাভূৎ সোঽপি দুঃখদ আসীচ্চ স কালোঽপি গত ইদানীমহং পরম সুখিন্যস্মি অতো বিরম, অয়ে দ্বিষতোঽপি প্রতিবচনং সদৃশবচনং অর্থাদযোগ্য বাক্যং মাননীয়মিতি নীতিরস্তি

পুনঃ শ্রীরাঙ্কের পদ্যে বলিতেছেন- হে বিধুমুখি ! সর্ব্বসুখদায়ি বদনে ! হে ভামিনি! আমার কথায় হেয় ভাব অবলম্বন করিও না, হে মূঢ়ে ! তুমি জান কতিপয় কল্যাণ আচরণ করিলে বেদের নিগূঢ় বস্তু শ্রীব্রজরাজ কুমার মিলিত হয় বা পাওয়া যায় । ২২৮ ।

অথ কলহান্তরিতা,

(যা সখীনাং পুরঃ পাদপতিতং বল্লভং রুষা ।
নিরস্য পশ্চাত্তপতি কলহান্তরিতা হি সা ।।)

"তাং প্রতি দক্ষিণসখীবাক্যম্"

অমরোঃ

অনালোচ্য প্রেম্ণঃ পরিণতিমনাদৃত্য সুহৃদ-
স্ত্বয়াকান্তে মানঃ কিমিতি সরলে প্রেয়সি কৃতঃ ।

তত্রাহ বা শব্দঃ কটাক্ষে যদ্যপি তয়া মৎ প্রয়োজনং নাস্তি তথাপি কথয় কথয় পুনঃ পুন র্বদ শ্লেষেতু স্যুরেবত্তপুনর্বৈবেত্যবধারণ বাচকা ইত্যমরাৎ । যদ্যপ্যহং তৎ কথয়া প্রকটং মানং ত্যক্তুমসমর্থাস্মি তথাপি সাকল্যেন তাং কথাং কথয়ৈব সৈব মম জীবনহেতুতয়া অপরিহার্য্যেবেতি ভাবঃ। যতো দ্বিষতোঽপি যোগ্যবচনং মাননীয়ং আদরণীয়ং কিমুত পরম সুহৃদস্তবাতঃ কথয়ৈব ।। ২২৯

(চতুরা দূতী শ্লেষার্থমবগম্য তস্যাঃ কৃষ্ণেঽনুরাগং জ্ঞাত্বাতং সান্ত্বয়িতুং গতা শ্রীরাধাতু প্রাণনাথং শ্রীকৃষ্ণং নিরস্য তাপিতা বভূবেত্যতস্তস্যাঃ কলহান্তরিতাবস্থাং বক্তুং প্রকরণমারভতে অথ কলহান্তরিতেতি তল্লক্ষণং যথা । ।)

"দূতীর প্রতি শ্রীরাধার বাক্য"

দূতীর বাক্য শ্রবণ করিয়া হঠাৎ মান পরিত্যাগে অসমর্থা শ্রীমতী দূতীকে যাহা বলিলেন তাহা শ্রীঅঙ্গদ কবির পদ্যে লিখিতেছেন- হে দূতি ! ঘোর অন্ধকারে বনে আমাকে একাকী পরিত্যাগকারী নির্দ্দয়ের কথায় আর প্রয়োজন নাই, পুনরায় তাহার দুঃখের কথা শ্রবণ করিয়া কি হইবে ? সে কাল বিগত হইয়াছে, যে কালে তার কথাই আমার প্রাণ ছিল, তথাপি তাহার কথা বল বল, কারণ শত্রুর নিকট হইতেও প্রতি বচন বা যোগ্যবাক্য সম্মানের যোগ্য হয় । ২২৯ ।

"কলহান্তরিতা" (৬)

সুচতুরা দূতী শ্রীরাধার ভাব জানিয়া শ্রীকৃষ্ণকে প্রেরণ করিলে শ্রীমতীমানিনী তাঁহাকে পরিত্যাগ করতঃ পশ্চাৎ দুঃখিতা হইলেন অতএব তাঁহার কলহান্তরিতা অবস্থা বর্ণনা করিতেছেন—যে মানিনী নায়িকা নিজ সখীগনের নিকটে ক্রোধভরে পদপ্রান্তে নিপতিত প্রাণবল্লভকে পরিত্যাগ করিয়া পশ্চাৎ অতিশয় পরিতাপ অনুভব করে তাহার নাম কলহান্তরিতা নায়িকা।

সমাকৃষ্টা হ্যেতে বিরহদহনোদ্ভাস্বরশিখাঃ
স্বহস্তেনাঙ্গারাস্তদলমধুনারণ্যরুদিতৈঃ ।। ২৩০ ।। শিখরিণী ।

"অথ কর্কশসখীবাক্যম্"

সমাহর্তুঃ

মানবন্ধমভিতঃ শ্লথয়ন্তী গৌরবং ন খলু হারয় গৌরি ।
আর্জবং ন ভজতে দনুজারির্বঞ্চকে সরলতা ন হি সাধ্বী ।। ২৩১ ।। স্বাগতা

যা সখীনাং পুরঃ পাদপতিতং বল্লভং রুষা । নিরস্য পশ্চাৎ তপতি কলহান্তরিতা হি সেতি ।। মাননির্বন্ধে শ্লথে সতি প্রলাপাদি চেষ্টয়া উপতপ্যন্তীং তাং বীক্ষ্য কাচিৎ দক্ষিণা সখী তাং যদাহ তৎ অমরোঃ পদ্যেন বর্ণয়তি অনালোচ্যেতি । হে সরলে কৃষ্ণস্য বক্রস্বভাবানভিজ্ঞে তস্য প্রেম্নঃ পরিণতিমনালোচ্য তৎ পরীক্ষাং বিনৈব বহুবল্লভোপভোক্তরি কৃষ্ণে প্রীতিমকৃথাঃ তস্মাদবশ্যম্ভাবিন্যাং বঞ্চনায়াং মানাগ্রহো ন যুক্ত ইতি কথয়তীঃ সুহৃদো বিশাখাদীন্ অনাদৃত্য মম যো ভবেৎ স ভবতু তথাপি মানো বিধেয় এবেত্যুক্ত্বা প্রেয়সি যদ্দর্শনং বিনা যেন কেনাপি ক্ষণকালমপি তব সুখং নস্যাত্তত্র কিমিতি মানঃ কৃতঃ যদ্বা সরলে দক্ষিণনায়কে প্রেয়সীতি অত্র পক্ষে পরিণতিং স্বভাব কুটিলাং গতিমিত্যর্থঃ । বক্রস্বভাবতয়া তত্র মানোঽনুচিত এব হি যস্মান্মানং প্রাপ্য স্বদাহার্থমেতে অঙ্গারা অঙ্গারবদুত্তাপকাশ্চিন্তাদয়ঃ স্বহস্তেন সমাকৃষ্টাঃ তে কথম্ভূতা বিরহাগ্নিনা উদ্ভাস্বরাঃ সুদ্দীপ্তাঃ শিখা যেষাং তে যৈর্বিকট দাহো ভূত্তস্মাদধুনা অরণ্যরুদিতৈ র্বনরোদন বন্নিষ্ফলৈ রনুতাপাদিভি রলং ব্যর্থং সম্প্রতি তাঃ সুহৃদোঽপ্যুদাসীনা বভূবুরিতি ভাবঃ ।। ২৩০ ।।

মানে শ্লথে সতি তস্যা এব শ্রীকৃষ্ণোঽধীন ইতিন কথ্যতেঅতো মান স্থৈর্য্যার্থং বামপ্রখরা সখ্যুপদেশো যুক্ত ইত্যভিপ্রেত্যাহ অথ কর্কশ সখী বাক্যমিতি । তত্র

"শ্রীরাধারপ্রতিসরলাসখীর বাক্য"

হে সরলবুদ্ধিকে ! তুমি প্রেমের পরিণতি আলোচনা না করিয়া, এবং শ্রীললিতাদি প্রাণপ্রেষ্ঠসখীগণকে আদর না করতঃ অর্থাৎ তাহাদের নিষেধবাক্য শ্রবণ না করিয়া প্রাণকান্ত শ্রীকৃষ্ণে মান করিয়াছিলে কেন ? কারণ তুমি যখন স্বহস্তে বিরহাগ্নি জ্বালাইয়া তাহার ভীষণ শিখাযুক্ত অঙ্গারকে আলিঙ্গন করিয়াছ তখন আর অরণ্যরোদন করিলে কি হইবে ? ২৩০ ।

"অথ তাং প্রতি শ্রীরাধাবাক্যম্"

অমরোঃ

ভ্রূভঙ্গোঽগুণিতশ্চিরং নয়নয়োরভ্যস্তমামীলনং
রোদ্ধুং শিক্ষিতমাদরেণ হসিতং মৌনেঽভিযোগঃ কৃতঃ ।

তস্যা বাক্যং শ্রুত্বা তস্যৈ কুপিতেব ললিতা সদা মান গ্রহণ প্রযোজিকা তস্মানস্থৈর্য্যার্থং রাধাং প্রতি যদাহ তৎ সমাহর্ত্তানুবদতি মানেতি । গৌরি হে পরমসুন্দরি । মানবন্ধং মানাগ্রহং শ্লথয়ন্তী সতী গৌরবং সর্ব্ব নায়িকামুখ্যতাং অভিতো ন হারয় যত্নমকৃত্বা পরমদুর্লভ ধনগৌরবত্যাগেন কথং বর্ত্তসে ইতি ধ্বনিঃ। কিঞ্চ দনুজারির্বিষম স্বভাব তয়া প্রসিদ্ধ আর্জবং বঞ্চনারহিত প্রীতিং ন ভজতে অতো বঞ্চকেতস্মিন্ সরলতা সাধ্বী উচিতা হি নিশ্চিতং ন ভবেৎ । তদ্বশীকারায় মানাঙ্কুশ ধারণং সদা যুজ্যত ইতি ভাবঃ ।। ২৩১ ।।

শ্রীরাধাতু সখীপর বশতয়ৈব দুর্জয় মানাগ্রহং শিক্ষিত্বা আয়ত্যাবস্থাং স্মরন্তী তাং প্রতি যদাহ তদমরোঃ পদ্যেন লিখতি ভ্রূভঙ্গ ইতি । হে সখি । তস্য ভ্রূভঙ্গঃ ভ্রুবোশ্চালনং ময়া চিরমগুণিতো নাদৃতঃ যতো নয়নয়োরামীলনং মুদ্রণং ময়া চিরমভ্যস্তং অতস্তস্য দর্শনাভাবঃ । তথা আদরেণ সহ হসিতং রোদ্ধুং চিরং শিক্ষিতং যেন তস্যাশা বৃদ্ধিঃ স্যাৎ । মৌনেঽভিযোগোঽভিনিবেশশ্চিরং কৃতঃ । ধৈর্য্যং

"শ্রীরাধার প্রতি কর্কশ সখীর বাক্য"

সরলা সখীর বাক্য শ্রবণ করিয়া প্রখরা সখী শ্রীললিতা তাহার প্রতি কুপিতার ন্যায় যাহা বলিলেন তাহা শ্রীগ্রন্থকর্ত্তা স্বয়ং পদ্যে লিখিতেছেন- হে পরম সুন্দরি ! তুমি সর্ব্বতোভাবে মানের আগ্রহ পরিত্যাগ করিয়া নিজের গৌরব বা সর্ব্বগোপিকা শ্রেষ্ঠতা হারাইও না, কারণ শ্রীকৃষ্ণ সরলতা ভজন করিতেছেনা, সুতরাং সর্ব্বদা বঞ্চনাকারী শ্রীকৃষ্ণের প্রতি সরল ব্যবহার করা উত্তম নহে।২৩১

"সখীর প্রতি শ্রীরাধার বাক্য"

শ্রীরাধা সখীর পরবশা হইলেও নিজের মানরক্ষা করিবার নিমিত্ত যাহা বলিলেন তাহা শ্রীঅমরু কবির পদ্যে লিখিতেছেন- হে সখি ! আমি বহুদিন হইতেই ভ্রূভঙ্গগুনিত অর্থাৎ ক্রোধপূর্ব্বক ভ্রূযুগলে গুণপ্রদান করিতে শিক্ষা করিয়াছি, লোচন দুইটিকে নিমীলন করিতে অভ্যাস করিয়াছি, আদর পূর্ব্বক হাস্য রোধ করিতেও শিখিয়াছি, চিরকাল মৌন ধারণ করিতেও পারিব, চঞ্চল চিত্তকে ধৈর্য্য ধারণ

ধৈর্য্যং কর্ত্তুমপি স্থিরীকৃতমিদং চেতঃ কথঞ্চিন্ময়া
বদ্ধো মানপরিগ্রহে পরিকরঃ সিদ্ধিস্তু দৈবে স্থিতা ।। ২৩২ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

কস্যচিৎ

জানামি মৌনমলসাঙ্গি বচোবিভঙ্গী- র্ভঙ্গীশতং নয়নয়োরপি চাতুরীঞ্চ ।
আভীরনন্দনমুখাম্বুজসঙ্গশংসী বংশীরবো যদি ন মামবশীকরোতি ।। ২৩৩ ।।

বসন্ততিলকম্

কর্ত্তুমপীদং তত্র চঞ্চলং চিত্তং কথঞ্চিৎ প্রযত্নেন স্থিরীকৃতং যেন অত্রাসক্তিরভূৎ। এবং মানপরিগ্রহে সযত্ন শিক্ষায়াং পরিকরঃ ময়া বদ্ধঃ যথা মানবিচ্যুতি র্ন স্যাৎ সিদ্ধির্মান রক্ষণন্তু দৈবে অদৃষ্টে স্থিতা যদি মানভঙ্গঃ স্যাত্তদা ন মম কাপি শক্তিরিতি দৈবপদোল্লেখঃ ।। ২৩২।।

পুনস্তস্যাঃ কাতরবচনং কস্যচিৎ পদ্যেন বর্ণয়তি জানামীতি । অকৃশাঙ্গি হে স্বভাবসুন্দরদেহে ! ইতিসম্বোধনেন স্বস্যা স্তস্য বিরহেণ কৃশাঙ্গত্বং জ্ঞাপ্যতে। অহং মৌনং জানামি তেন পরিহাস বচন শতেঽপি কথিতে কথঞ্চিদক্ষরমপি নোচ্চারয়িতব্যং তেন বক্তুং শপথ দানে কৃতে সতি তং শঠং পরিজেতুং বচোবিভঙ্গী ভঙ্গী শতমপি জানামি তং বশীকর্ত্তুং বঞ্চয়িতুং বা নয়নয়োশ্চাতুরীঞ্চজানামি কিন্তু যদি বংশীরবো মাং ন বশীকরোতি তদৈব তত্তৎ সমর্থং স কথম্ভূতঃ আভীরনন্দনস্য শ্রীকৃষ্ণস্য মুখাম্বুজসঙ্গং শংসিতুং ব্যক্তীকর্ত্তুং শীলমস্য সঃ। অহং যথৈতস্যমুখাম্বুজং পিবামি তথা ভবত্য আগত্য পিবতেতি তদ্বিজ্ঞানং মাং মোহয়তীতি ভাবঃ ।২৩৩ ।

করাইব বলিয়া স্থীর করিয়াছি, এবং এই প্রকার অখণ্ড মান গ্রহণ বিষয়ে বদ্ধ পরিকর বা দৃঢ় প্রতিজ্ঞ হইয়াছি, কিন্তু সিদ্ধি বা অসিদ্ধি লাভ দৈবের অধীন বলিয়া জানি । ২৩২

শ্রীমতী রাধিকার পুনঃ কাতর বাক্য কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে অলসাঙ্গি ! সখি ! আমি মৌন ভাব ধারণ করিতে জানি, শতপরিহাস বাক্যেও একটিও অক্ষর উচ্চারণ করিব না, সেই ধূর্ত্তকে বঞ্চনা করিতে শত শত বাক্য ভঙ্গীও জানি, এবং তাহাকে বশীভূত করিতে নয়নের ভঙ্গীও আমার জানা আছে, এই সকল ব্যবহার করিতে আমি তখনই সমর্থ হইব , যদি শ্রীআভীর রাজনন্দনের বদন কমল সঙ্গ সূচক বংশী ধ্বনি আমাকে অবশ না করে ।২৩৩ ।

শ্রীমৎপ্রভুপাদানাম্

সত্যং শৃণোমি সখি নিত্যনবপ্রিয়োঽসৌ
গোপস্তথাপি হৃদয়ং মদনো দুনোতি।
যুক্ত্যাকথঞ্চ ন শমং গমিতেঽপি তস্মিন্
মাং তস্য কালমুরলী কবলীকরোতি।। ২৩৪ ।। বসন্ততিলকম্

কস্যচিৎ

ন জানে সম্মুখায়াতে প্রিয়াণি বদতি প্রিয়ে।
প্রযান্তি মম গাত্রাণি শ্রোত্রতাং কিমু নেত্রতাম্ ।।২৩৫ ।। অনুষ্টুভ।

বংশীরবস্য তদনুগতিকা যৎ ত্বং শ্রীমৎ সনাতনপাদানাং পদ্যেন দর্শয়তি সত্যমিতি। হে সখি! অসৌ গোপো গোপবালকঃ অকৃতজ্ঞ স্তত্রাপি নিত্যং নবা প্রিয়া নায়িকা যস্যেতি স ইতি যৎ ভবতীভ্যো মুখাৎ শৃণোমি তৎ সত্যং তথাপি মদয়তীতি মদনঃ তদ্বিষয়কঃ প্রেমা মে হৃদয়ং দুনোতি তাপয়তি। তথাপি যুক্ত্যা পূর্ব্ব দোষানুসন্ধান রূপয়া কথঞ্চন শমং তাপরাহিত্যং গমিতেপ্রাপিতেঽপি হৃদয়ে সতি তস্য কাল রূপা ধৈর্য্যাদি সংহার কর্ত্রী মুরলী মাং কবলীকরোতি অর্থাদবশীকরোতিকিং করোমি।প্রসিদ্ধেন কালেন গ্রস্তানাং যথা দুর্গতিস্তথা মমাপীতি ভাবঃ সমমিতি দন্ত্যাদি পাঠে সমতাং স্বভাবমিতি।। ২৩৪ ।।

হে সখি! তং প্রতি মানস্য বার্ত্তা দূরেঽস্তু মমাবস্থাং শৃণ্বিতি সখীং প্রতি যদাহ তৎ কস্যচিৎ পদ্যেন লিখতি ন জানে ইতি। প্রিয়ে! শ্রীকৃষ্ণে সম্মুখমায়াতেআগচ্ছতি

বংশীধ্বনি আমার সর্ব্বনাশ করিয়াছে "তাহা শ্রীমৎ সনাতনগোস্বামিপ্রভুর পদ্যে লিখিতেছেন- হে সখি! সেই গোপযুবা অকৃতজ্ঞ এবং নিত্যই নব নব প্রিয় তাহা আমি জানি, তথাপি মদন (তদ্বিষয়ক প্রেম) আমার হৃদয়কে তাপিত করিতেছে, কোন যুক্তি অর্থাৎ তাহার পূর্ব্বের দোষ স্মরণ করিয়া তাহার দ্বারা মদনকে শান্ত করিলেও সর্ব্বগ্রাসিনী কালরূপা মুরলীধ্বনি আমাকে আবার গ্রাস করিতেছে। ২৩৪।

শ্রীরাধা সখীকেবলিলেন হে সখি! আমার মানের কথা দূরে থাকুকআমার মনের অবস্থা শ্রবণ কর, এই ভাবে সখীরপ্রতি যাহা বলিল তাহা কোন একঅজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে দূতি! প্রিয়তম শ্রীশ্যামসুন্দর আমার সম্মুখে আসিলে এবং আমাকেসুখী করিবার নিমিত্ত প্রিয়বাক্য বলিলে আমার অঙ্গসকল

শরণস্য

মুরারিং পশ্যন্ত্যাঃ সখি সকলমঙ্গং ন নয়নং
কৃতং যচ্ছৃণ্বন্ত্যা হরিগুণগণং শ্রোত্রনিচিতম্ ।
সমং তেনালাপং সপদি রচয়ন্ত্যা মুখময়ং
বিধাতুর্নৈবায়ং ঘটনপরিপাটীমধুরিমা ।। ২৩৬ ।। শিখরিণী

সতি তথা মাং সুখয়িতুং প্রিয়াণি রম্যাণি বদতি সতি মম সর্ব্বাণি গাত্রাণি নেত্রতাং প্রযান্তি উ ভোঃ কিং শ্রোত্রতাং গচ্ছন্তীত্যহং ন জানে ইতি তস্য মোহকতা স্বভাবেন গাত্রাণামপি তত্রৈতাদৃশোঽনুরাগঃ কিমুত মমেতি ভাবঃ ।। ২৩৫ ।।

সখীং স্বস্যাঃ পরমাবিষ্টতাং যদাহ তৎ শরণস্য পদ্যেন বর্ণয়তি মুরারিমিতি । হে সখি! মুরারিং পশ্যন্ত্যা মদ্বিধায়া অনুরাগিন্যাঃ সকলমঙ্গং বিধাত্রা যন্নয়নং ন কৃতং তস্মাদয়ং বিধাতুর্ঘটন পরিপাটী মধুরিমা সৃজনকৌশলং নৈব । সংখ্যান্বিতৈঃ কৃতৈ র্বহুল নয়নৈরপি দর্শনেন ন তৃপ্তিঃ স্যাৎ কিমুত কৃতাভ্যাং দ্বাভ্যামিতি এবং সর্ব্বত্র যোজনা। শ্রোত্র নিচিতং শ্রোত্রেণ পূরিতং ব্যাপ্তং বা নিচিতং পূরিতং ব্যাপ্তঞ্চেতি হেমচন্দ্রঃ । সপদি তৎক্ষণে তেন হরিণা সমং সহ আলাপং রম্যকথাং রচয়ন্ত্যাঃ মুখময়ং মুখ প্রচুরং প্রাচুর্য্যার্থে ময়ট্ ।। ২৩৬ ।।

শ্রোত্রতা প্রাপ্ত হইবে কি ? নেত্রতা প্রাপ্ত হইবে তাহা জানি না, অর্থাৎ আমি প্রাণ কান্তকে দর্শন করিবে, অথবা তাহার বাক্য শ্রবণ করিবে, তাহা নিশ্চয় করিতে পারিতেছি না । ২৩৫ ।

শ্রীগোবিন্দের প্রতি নিজের পরমাবিষ্টতা সখীর প্রতি শ্রীশরণের পদ্যে লিখিতেছেন- হে সখি ! আমি যখন শ্রীমুরারিকে দুইটি মাত্র লোচনে দর্শন করি তখন বিধাতা আমার সকল অঙ্গকে নয়ন করিয়া দেন না কেন ? আমি যখন মনোহর শ্রীহরির গুণগাথা শ্রবণ করি তখন আমার অঙ্গ সকলকে কর্ণ করিয়া দেন না ? হে আলি ! আমি যখন প্রাণকান্তের সহিত রম্যকথার আলাপন করি সৃষ্টিকর্ত্তা বিধাতা তখন আমার সকল অঙ্গকে বদন করিয়া কেন তৎ ক্ষণাৎ নির্মাণ করেন না ? সুতরাং আমি মনে করি সৃষ্টিকর্ত্তা বিধাতার এই অঙ্গ সন্নিবেশ আমার সমান শ্রীকৃষ্ণানুরাগিণীর পক্ষে মাধুর্য্যপূর্ণ নহে, অর্থাৎ বিধি সৃষ্টি কার্য্যে নিপুণ নহেন । ২৩৬।

"অথ সখ্যাঃ সাভ্যসূয়বাক্যম্"

সমাহর্ত্তুঃ

ত্বমসি বিশুদ্ধা সরলে মুরলীবক্ত্রস্ত্রিধা বক্রঃ ।
ভঙ্গুরয়া খলু সুলভং তদুরঃ সখি বৈজয়ন্ত্যেব ।। ২৩৭ ।।

গীতি আর্য্যা

অথ ক্ষুভিতরাধিকোক্তিঃ

অমরোঃ

নিশ্বাসা বদনং দহন্তি হৃদয়ং নির্ম্মূলমুন্মথ্যতে
নিদ্রা নৈতি ন দৃশ্যতে প্রিয়মুখং রাত্রিন্দিবং রুদ্যতে ।

তস্যাস্তাদৃশ নিষ্কপট বাক্য শ্রবণে নান্তর্হর্ষিতা সত্যপি অসাধারণী চেষ্টা প্রকাশনেন প্রেমাসাধারণ্যং দর্শয়িতুং সখী সাভ্যসূয়ং সশ্লেষং যদাহ তৎ স্বয়ং গ্রন্থকৃৎ লিখতি । অথ সখ্যাঃ সাভ্যসূয়ং সশ্লেষং বাক্যং ত্বমসীতি । সরলে ! হে স্বভাবেন বক্র স্বভাব রহিতে ! ত্বং বিশুদ্ধা কায়িক বাচিক মানসিক কৈতব রহিতাপি মুরলী বক্ত্রঃ সপ্তচ্ছিদ্রযুক্ত তয়া দোষময়ী মুর্ত্তির্মুরলী প্রধানাঙ্গত্বেন খ্যাতে মুখে যস্য সহি ত্রিধা কায়িকাদিযু বক্রঃ অতো যুবয়োর্ধর্ম্ম বৈপরীত্যাৎ কথং প্রীতিঃ সমা স্যাৎ যেন ত্বং সুখিনী ভূয়া অতস্তস্মাৎ বিরম । শ্লেষার্থমাহ হে সখি ! তস্যোরো হৃদয়ং ভঙ্গুরয়া কুটিলস্বভাবয়া প্রেয়স্যা খলু নিশ্চিতং সুলভং ইব শব্দ উপমা ব্যঞ্জকো যথা বক্রয়া বৈজয়ন্ত্যা সুলভং অতো যদি ত্বং ভঙ্গুরা ভবিতুং সমর্থাসি তদা বৈজয়ন্তীব তদুরসি সদৈব ধার্য্যা স্যাদিতি ভাবঃ ।। ২৩৭ ।।

"সখীর অসূয়াপূর্ণ বাক্য"

শ্রীমতীর তাদৃশনিষ্কপট বাক্য শ্রবণ করিয়া সখী অসূয়ার সহিত যাহা বলিলেন তাহা শ্রীপাদ গ্রন্থাকার নিজ পদ্যে লিখিতেছেন- হে সরলে ! তুমি কায়িক বাচিক ও মানসিক ভাবে কৈতবরহিতা সুতরাং বিশুদ্ধা, আর সর্ব্বাঙ্গে ছিদ্রযুক্ত মুরলী বদনে চুম্বনকারী শ্রীকৃষ্ণ ত্রিভঙ্গ অর্থাৎ চরণ কটি গ্রীবায় বক্রতা যুক্ত, অতএব তোমাদের উভয়ের প্রেম হওয়া অসম্ভব, হে সখি ! বৈজয়ন্তীর সমান কুটিল স্বভাবা গোপিকারই ঐ কুটিলের বক্ষঃস্থল সুলভ অর্থাৎ তুমি কুটিল স্বভাবা হইলেই প্রিয়তমের হৃদয়ে সবর্বদা শোভা পাইবে । ২৩৭ ।

অঙ্গং শোষমুপৈতি পাদপতিতঃ প্রেয়াংস্তথোপেক্ষিতঃ
সখ্যঃ কং গুণমাকলয্য দয়িতে মানং বয়ং কারিতাঃ ।।২৩৮।।

শার্দুলবিক্রীড়িতম্।

সখ্যাস্তাদৃগ্বাক্যং শ্রুত্বা ভঙ্গুরতায়ামসমর্থা ক্ষোভেন সহ কাকু যত্র তদযথা স্যাৎ রাধা যদ্বাক্যমাহ তদ্দর্শয়তি অথেতি । তত্রামরোঃ পদ্যেনাসাধারণীং চেষ্টাং বর্ণয়তি নিশ্বাসা ইতি । হে সখ্যো যেন মিত্রাভাসরূপেণ মহা শত্রুণা মানেন মমৈতেঽপকারা জাতাস্তস্য কিং গুণং আকলয্য জ্ঞাত্বা দয়িতে প্রাণ নাথ এব যুষ্মাভি র্বয়ং মানং কারিতা ইত্যন্বয়ঃ। অপকারানাহ নিশ্বাসা ইত্যাদি নির্মূলং যথা স্যাত্তথা উদুচ্চৈর্মথ্যতে পরমবিকলমভূদিত্যর্থঃ, হা হা কিমন্যদ্বক্তব্যং প্রিয়স্য তস্য মুখং ময়া ন দৃশ্যসে অতো রাত্রিন্দিবং কেবলং ময়া রুদ্যতএব । অঙ্গং দেহঃ শোষং শুষ্কতামুপৈতি গচ্ছতি এতৈর্মম প্রাণ নাশো ভবেচ্চেদ্ভবতু তেন মে ন খেদঃ কিন্তু প্রেয়ান্ যস্মাদন্যঃ প্রীতিকর্ত্তা নাস্তি স তথা পাদ পতিতোঽপি ময়োপেক্ষিতোঽনাদৃতঃ যেন মম মরণে সত্যপি তাদৃগ্দুঃসহ কলঙ্কো জগতি জাগরিষ্যতীত্যতঃ কিং গুণমিতি সম্বন্ধঃ । অন্যৎ স্পষ্টম্ ।। ২৩৮ ।।

"ক্ষোভপ্রাপ্তা শ্রীরাধার বাক্য"

সখীর অসূয়া পূর্ণ বাক্য শ্রবণে শ্রীরাধা ক্ষোভের সহ কাকুতি ভরে যাহা বলিলেন তাহা শ্রীঅমরু কবির পদ্যে লিখিতেছেন- হে সখীগণ ! মহাশত্রু মান আমার অতিশয় অপকার করিয়াছে, হায়! তোমরা মানের কিগুণ দেখিয়াপ্রাণনাথের প্রতি মান গ্রহণ করাইয়াছ ? পরম শত্রু মান আমার কি অপকার করিয়াছে তাহা শ্রবণ কর, উত্তপ্ত নিঃশ্বাস আমার বদন দগ্ধ করিতেছে, হৃদয় সমূলে উৎপাটিত হইতেছে, লোচনে নিদ্রা আসিতেছে না, প্রাণপ্রিয় শ্রীগোবিন্দের বদন চাঁদ দেখিতে পাইতেছি না, তাহার বিরহে কেবল দিবা রাত্রি রোদন করিতেছি, আমার অঙ্গ সকল শুষ্ক হইতেছে, হায় ! এই দুর্জয় মান হেতু চরণে নিপতিত প্রাণকোটি প্রিয়তমকে ও উপেক্ষা করিয়াছি, আর কি অপকার করিতে অবশেষ আছে ? । ২৩৮ ।

মানজ্বরবিরহেণ ধ্যায়ন্তীং তাং প্রতি কস্যাশ্চিদ্‌বাক্যম্‌

কস্যচিৎ

আহারে বিরতিঃ সমস্তবিষয়গ্রামে নিবৃত্তিঃ পরা
নাসাগ্রে নয়নং যদেতদপরং যচ্চৈকতানং মনঃ ।
মৌনং চেদমিদঞ্চ শূন্যমখিলং যদ্‌বিশ্বমাভাতি তে
তদ্‌ব্রূয়াঃ সখি যোগিনী কিমসি ভোঃ কিংবা বিয়োগিন্যসি ।।২৩৯।।

শার্দুলবিক্রীড়িতম্‌।

তদনন্তরং বৃন্দানাম্নী সখী আগত্য মানজবিরহেণাবিষ্টাং পেশকারিকীট বিদ্ধতৈল পায়িবৎ শ্রীকৃষ্ণং ধ্যায়ন্তীং রাধাং বীক্ষ্য তাং প্রতি সকৌতুকং যদাহ তৎ কস্যচিৎ পদ্যেন দর্শয়তি আহারে ইতি। তে ইতিপদং সর্ব্বত্র বাক্যে যোজ্যং হে সখি! তে আহারে ভোজ্য দ্রব্যে বিরতি র্বিতৃষ্ণা জাতা তথা সমস্তানাং বিষয়াদীনাং স্রক্ চন্দনাদীনাং গ্রামে সমূহে পরা নিবৃত্তিশ্চ জাতা । তথা যদেতদপরং নাসাগ্রে নয়নং জাতং তচ্চ চিত্তস্থিরীকরণায় তথা যচ্চ একতানং ধ্যেয়ৈকনিষ্ঠং মনো বভূব । তথা ইদং মৌনং জাতং ময়াপি সহালাপাভাবাৎ কিমন্যদ্বক্তব্যং অখিলং সমগ্রং বিশ্বং যৎ শূন্যং তে আভাতি কুত্রাপ্যভিনিবেশাভাবাৎ তত্তস্মাৎ ব্রূয়াঃ কথয় ত্বং কিং যোগিনী ধ্যানাকৃষ্ট ধ্যেয়ত্বেন সংযোগং প্রাপ্তাসি, কিম্বা ধ্যেয়স্যাদর্শনাদ্বিয়োগিন্যসি উভয় ত্রাপীদৃশী চেষ্টা সম্ভবাৎ । অতঃ সন্দেহেন পৃচ্ছামি সত্যং কথয় অত্র ভোরিতি সম্বোধনং বাহ্যজ্ঞানার্থমিতি জ্ঞেয়ম্‌ ।। ২৩৯ ।।

"শ্রীরাধার মানজ্বরে চিন্তাবস্থায় সখীর বাক্য"

অনন্তর শ্রীবৃন্দাসখী আগমন করিয়া শ্রীকৃষ্ণধ্যানে নিমগ্না শ্রীরাধাকে দেখিয়া যাহা বলিলেন তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- হে সখি ! রাধে ! তোমার আহারে বিতৃষ্ণা জন্মিয়াছে, মাল্য চন্দনাদি বিষয় ভোগ হইতে নিবৃত্তি প্রাপ্ত হইয়াছ, নাসিকার অগ্রে লোচনদ্বয় স্থির করিয়াছ, তোমার মন ও একনিষ্ঠ **হইয়াছে,** অপর তুমি যে মৌনাবলম্বন করিয়াছ তাহাতে মনে হয় তোমার এই জগৎ সংসার শূন্যরূপে প্রতিভাত হইতেছে, অতএব হে সখি ! বল ত ? তুমি কি এখন যোগিনী হইয়াছ ? অথবা বিয়োগিনী হইয়াছ । ২৩৯ ।

অথ তাং প্রতি শ্রীরাধাবাক্যম্

কস্যচিৎ

সঙ্গমবিরহবিকল্পে বরমিহ বিরহো ন সঙ্গমস্তস্য ।
একঃ স এব সঙ্গে ত্রিভুবনমপি তন্ময়ং বিরহে ।। ২৪০।। আর্য্যা ।

"অথ শ্রীকৃষ্ণস্যবিরহঃ"

কস্যচিৎ

সঞ্জাতে বিরহে কয়াপি হৃদয়ে সন্ধানিতেচিন্তয়া
কালিন্দীতটবেতসীবনঘনচ্ছায়ানিষণ্ণাত্মনঃ ।

এবং সখ্যা উচ্চবাক্যেন ধ্যানভঙ্গং প্রাপ্তা হে সখি । ভবত্যা যদুট্টঙ্কিতং তৎ সত্যং কিন্তু বিয়োগাবস্থায়ামপি সংযোগিন্যস্মীতি তাং প্রতি যদকথয়ত্তৎ কস্যচিৎ পদ্যেনানুবর্ণয়তি সঙ্গমেতি । প্রিয়স্য ধ্যেয়স্য সঙ্গমঃ সংযোগো বিরহো বিয়োগ এতয়োর্ব্বরত্বস্য বিকল্পে ইহ ময়ি তস্য বিরহো বরমুৎকৃষ্টং ন সঙ্গমঃ প্রতিভাতি । যতঃ সঙ্গে সঙ্গমে স প্রিয় এক এব স্ফুরতি বিরহে ত্রিভুবনমপি তন্ময়ং প্রিয়ময়ং প্রিয়প্রচুরং স্ফুরতি । এবং স্থিতেঽপি কেবলং প্রিয়স্য সুখায় ময়া সঙ্গমঃ প্রার্থ্যতে দৈবাৎ তস্য বিঘটনে বিরহস্য নব নবত্বাৎ প্রিয় স্ফুরণমপি সদা ভবতীতি ভাবঃ । এবং ধ্বন্যর্থোবা সঙ্গম সুখানুভবাভাবেন বিরহো নপুষ্যতেসুধাপানাভাব বিরহবদত স্তদর্থমেব ময়াপি সং প্রার্থ্যতেইতি ।। ২৪০ ।।

এবং ন বিনা বিপ্রলম্ভেন সম্ভোগঃ পুষ্টিমাপ্নুয়াৎ কষায়িতে হি বস্ত্রাদৌ ভূয়ান্ রাগো বিবর্দ্ধতে ইতি ভরতমুনিমতানুসারেণ মিথুনয়ো রাগবর্দ্ধকস্য মানাখ্য চিন্তামণেনায়িকায়াং শ্রীরাধায়াং বৈভবং প্রাদর্শয়দ্‌যেন পরমপ্রেয়স্যা তদেকজীবনয়া

"সখীব প্রতি রাধার বাক্য"

সেই শ্রীবৃন্দাসখীর উচ্চবাক্যে শ্রীমতীর ধ্যান ভঙ্গ হইলে সখীকে যে বাক্য বলিলেন তাহা কোন অজ্ঞাত নামা কবির বাক্যে লিখিতেছেন- হেসখি । সঙ্গম ও বিরহ এই দুইটির যদিপরস্পর বিকল্প হয়, অর্থাৎ সঙ্গম প্রিয় ? অথবা বিরহ প্রিয়? তাহা হইলে আমি বলিব- প্রিয়তমের বিরহই প্রিয়, তাহার সঙ্গমে প্রয়োজন নাই, কারণ তাহার সঙ্গকালে কেবল তাহাকেই দেখিতেপাই মাত্র, কিন্তু তাহার বিরহে ত্রিভুবনকেই তন্ময় অর্থাৎ শ্রীকৃষ্ণময় অবলোকন করি । ২৪০ ।

পায়াসুঃ কলকণ্ঠকূজিতকলা গোপস্য কংসদ্বিষো
জিহ্বাবর্জ্জিততালুমূর্চ্ছিতমরুদ্বিস্ফারিতা গীতয়ঃ ।। ২৪১ ।

শার্দুলবিক্রীড়িতম্।।

প্রাণপ্রিয়তমোঽপি শ্রীকৃষ্ণ উপেক্ষিতঃ । সম্প্রতি রস নির্যাসাস্বাদার্থমবতারিণি রসিকচূড়ামণৌ নায়কে কৃষ্ণে বিপ্রলম্ভস্য বৈভবং দর্শয়তি অথ কৃষ্ণবিরহ ইতি। যং শ্রুত্বা রাধায়া রাগঃ পরাকাষ্ঠা ভূমিং প্রাপ্নুয়াৎ নচ বাচ্যং ব্রজরমাগণৈঃ প্রযত্নেন সেব্যমানস্যৈব তস্য তস্য বিরহো ন যুক্তঃ । যথা রাধা প্রিয়াবিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা । সর্ব্ব গোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভেতি বচনেন তস্যাঃ এব পরম মুখ্যত্বাৎ । অথ কস্যচিৎ পদ্যেন বিরহং বর্ণয়তি সংজাতে ইতি । কংসদ্বিষঃ কৃষ্ণস্য বিরহ চেষ্টাবোধিকা গীতয়ঃ পায়াসুরর্থাত্তচ্চেষ্টা শ্রোতারং পালয়ন্ত । কীদৃশস্য শ্রীরাধাদিভির্বিহার সাধনার্থং ব্রজরাজপুত্রত্বেঽপি গাঃ পাতীতি তস্য পুনঃ কীদৃশস্য কয়া প্রকরণাৎ রাধয়াপি সহ বিরহে জাতে যা চিন্তা তয়া সন্ধানিতে বদ্ধে চিন্তা যুক্তে হৃদয়ে সতি কালিন্দীতটে বেতসী বনস্য ঘনচ্ছায়ায়াং নিষণ্ণঃ নিঃশেষেণাবসাদং প্রাপ্ত আত্মা শরীরং যস্য বিরহতাপ শান্ত্যর্থং শীতল ভূমিশায়িন ইত্যর্থঃ । গীতয়ঃ কথম্ভূতা জিহ্বয়া বর্জ্জিতশ্চাসৌ তালুমূর্চ্ছিত মরুচ্চেতি তেন বিস্ফারিতাঃ প্রকাশিতাঃ তালৌ মূর্চ্ছিতো মূর্চ্ছনালাপং প্রাপ্তো যো মরুদ্বায়ুরিত্যর্থঃ । এতেন মুখমুদ্রণাভাবো গম্যতে তত্তু বিশেষ দশাবোধকম্ । পুনঃ কিম্ভূতাঃ কলকণ্ঠেন কোকিলেন কূজিতা কলা অংশো যাসাং তাঃ সুস্বরযুক্তাঃ তদনুকরণং উহুরিতি শব্দং কুর্ব্বন্তীত্যর্থঃ । যদ্বা কলকণ্ঠঃ কূজিতো যাভিরেবং ভূতাঃ কলা অংশো সুস্বরালাপ নৈপুণ্য যাসাং যাঃ শ্রুত্বা কোকিলঃ শব্দং চকারেত্যর্থঃ ।। ২৪১ ।।

"শ্রীকৃষ্ণের বিরহ"

শ্রীমতীরাধা মানচিন্তামনির সৌভাগ্যগর্ব্বে প্রাণনাথ শ্রীকৃষ্ণচন্দ্রকেও উপেক্ষা করিলেন, সম্প্রতি শৃঙ্গার রসনির্য্যাস আস্বাদনের নিমিত্ত রসিকচূড়ামণি শ্রীকৃষ্ণের বিপ্রলম্ভরসের বৈভব বিরহ কোন অজ্ঞাত নামা কবির পদ্যে বর্ণনা করিতেছেন- শ্রীরাধার বিরহ উপস্থিত হইলে পরে তাহার চিন্তা দ্বারা ব্যাকুলিত হৃদয়ে কংস নাশন শ্রীকৃষ্ণ কালিন্দী তটবর্ত্তী বেতসী বনের সঘন-চ্ছায়ায় শরীর শীতল কবিরার নিমিত্ত ভূমিতে শয়ন করিয়া মনোহর কণ্ঠ কূজিত, জিহ্বাবর্জ্জিত তালুমূর্চ্ছিত এবং বায়ুদ্বারা বিস্ফারিত গীত অর্থাৎ বেণু ধ্বনি পরম্পরা প্রকাশ করেন সেই গীতসকল শ্রোতাবর্গকে পালন করুন । ২৪১ ।

"অথ শ্রীকৃষ্ণানুনয়রাধাপ্রসাদনম্"

হরস্য

শিরশ্ছায়াং ক�ৃষ্ণঃ স্বয়মকৃতরাধাচরণয়ো-
র্ভুজাবল্লীচ্ছায়ামিয়মপি তদীয়প্রতিকৃতৌ ।
ইতিক্রীড়াকোপো নিভৃতমুভয়োয়প্যনুনয়-
প্রসাদৌ জীয়াস্তামপি গুরু-সমক্ষং স্থিতবতোঃ ।। ২৪২ ।। শিখরিণী ।

দূত্যাদি দ্বারা তস্যা মানভঞ্জনে ন জাতে সতি শ্রীকৃষ্ণঃ স্বয়ং প্রসাদনং চকারে ত্যাহাথেতি । তত্র কেনচিচ্ছলেন রাধায়া বাটীমাগম্য তস্যাঃ প্রসাদনার্থং যাং চেষ্টাং চকার তাং হরস্য পদ্যেন দর্শয়তি শির ইতি । কৃষ্ণো রাধাচরণয়োঃ শিরচ্ছায়াং প্রণামানুকরণং স্বয়ং স্বাতন্ত্র্যেণাকৃতঃ ইয়ং শ্রীরাধাপি তামযোগ্যাং মত্বা কুপিতেব সতী তদীয় প্রতিকৃতৌ তচ্ছিরশ্ছায়ায়াং ভুজাবল্লিচ্ছায়ামকৃত একভুজচ্ছায়য়া ত্দাবরণাসম্ভাবাৎ ভুজদ্বয়য়োশ্ছায়া ব্যজ্যতে অত্র ভুজয়োর্লতাত্বেন রূপণাৎ পত্র পুষ্প স্থানীয়েন ভূষণাদিনা চ্ছায়ায়াঃ স্থূলত্বমেব গম্যতে চ্ছায়াচ্ছলেনালিঙ্গি তবতীত্যর্থঃ । ক্রীড়ায়াং কোপঃ ক্রীড়া কোপস্তত্র কৃষ্ণস্য ক্রীড়া তয়া রাধায়াঃ কোপ ইত্যর্থঃ । ইতি প্রকারেণ নিভৃত মন্যৈরদৃষ্টং যথাস্যাত্তথা ক্রীড়াকোপে বর্ত্তমানয়োরুভয়োরপি অনুনয় প্রসাদৌ কৃষ্ণস্যানুনয়ো রাধায়া প্রসাদস্তৌ জীয়াস্তাং সর্ব্বান্ নায়কান্ ন্যক্কৃত্য বর্ত্ততাং জয়ে কারণতং দর্শয়ন্ তৌ বিশিনষ্টি তয়োঃ কথম্ভূতয়োর্গুরূণাং জটিলাদীনাং সমক্ষমগ্রেস্থিতবতোরপি ।। ২৪২ ।।

"শ্রীকৃষ্ণের অনুনয় ও শ্রীরাধার প্রসন্নতা"

যখন দুতী প্রভৃতির দ্বারা শ্রীরাধার মান ভঞ্জন হইল না, তখন শ্রীকৃষ্ণ স্বয়ং কোন ছলে শ্রীমতীর গৃহে গমন করতঃ তাঁহার প্রসন্নতার নিমিত্ত যাহা আচরণ করিলেন তাহা শ্রীহরের পদ্যে লিখিতেছেন- শ্রীকৃষ্ণ নিজেই শ্রীরাধার চরণদ্বয়ে মস্তকের ছায়া করিলেন, অর্থাৎ শ্রীরাধার চরণে মস্তক রাখিয়া প্রণাম করিলেন, শ্রীরাধিকাও তাহা অনুচিত মনে করিয়া যেন কোপ বশতঃ শ্রীকৃষ্ণের অঙ্গে ভুজলতা দ্বারা ছায়া করিলেন, অর্থাৎ আশীর্ব্বাদ ছলে আলিঙ্গন করিলেন এই প্রকার শাশুড়ী প্রভৃতি গুরু জনের সমক্ষে উপস্থিত উভয়ের ক্রীড়াকোপ অর্থাৎ শ্রীকৃষ্ণের অন্য নায়িকার সহিত ক্রীড়া, তাহার জন্য শ্রীমতীর কোপ এই উভয় নিবন্ধন উভয়ের গোপন অনুনয় ও গোপন প্রসন্নতা জয় যুক্ত হউক । ২৪২ ।

"অথ শ্রীকৃষ্ণং প্রতিশ্রীরাধাসখীবাক্যম্"

গোবর্দ্ধনাচার্য্যস্য

সা সর্ব্বথৈব রক্তা রাগং গুঞ্জেব ন তু মুখে বহতি।
বচনপটোস্তব রাগঃ কেবলমাস্যে শুকস্যেব ।।২৪৩ ।। আর্য্যা।

রুদ্রস্য

সুভগ ভবতা হৃদ্যেতস্যা জ্বলৎস্মরপাবকেঽ-
প্যভিনিবিশতা প্রেমাধিক্যং চিরাৎপ্রকটীকৃতম্ ।

এবং শ্রীকৃষ্ণো রাধায়াঃ প্রসন্নতামনুমন্য বনাভিসারায় তস্যাঃ সখীং যযাচে তত্র সখী যদকথয়ত্তদ্বর্ণয়তি কৃষ্ণমিতি। তত্র গোবর্দ্ধনাচার্য্যস্য পদ্যেন প্রেম গর্ভং ভর্ৎসনা বাক্যং তস্যা লিখতি সেতি। সা রমণীগণ মুখ্যা গোকুলে প্রসিদ্ধা রাধা সর্ব্বথৈব কায়বাঙ্মনো বৃত্তিভিস্ত্বয়ি রাগমনুরাগং বহতি নতু কেবলং মুখে মুখবৃত্ত্যা যথা রক্তা গুঞ্জা সর্ব্বাঙ্গেষু রাগং বহতীতি তস্যা মুখে কালিমাতু রক্তিম্ন ঔজ্জ্বল্যায় রাধায়া মানং তথৈব জ্ঞেয়ম্। বচনপটো ত্বং মমপ্রাণেশ্বরীত্যাদি মিথ্যাকথন দক্ষস্য তব রাগোঽনুকুলতা কেবলং মুখে নতু কায়াদি বৃত্তিষু যথা শুকস্য শুক পক্ষিণো রাগোরক্তিমা আস্যে মুখ এব নতু সর্ব্বাঙ্গে। শুকো যথা অন্যৈঃ শিক্ষিত স্তাদৃঙ্মুখেন প্রিয়বাক্যং বদতি তথা ত্বং কামেন শিক্ষিতো বদসীত্যর্থঃ। নতু তব স্বভাবঃ স ইতি ।।২৪৩ ।।

পুনস্তস্যাঃ সের্ষ্যং বাক্যং রুদ্রস্য পদ্যেন বর্ণয়তি সুভগেতি। সুভগ! হে সুন্দরকীর্ত্তে! সুপ্রযত্নবান্ তথাচ মেদিনী ভগং শ্রীযোনিবীর্য্যেচ্ছা জ্ঞান বৈরাগ্যকীর্ত্তিষু

"শ্রীকৃষ্ণের প্রতিশ্রীরাধাসখীবাক্য"

সখী পরস্পরের প্রসন্নতা অবগত হইয়া অভিসারের নিমিত্ত যাচনাক্রমে শ্রীকৃষ্ণকে প্রেমগর্ভ ভর্ৎসনা করেন তাহা শ্রীগোবর্দ্ধনাচার্য্যের পদ্যে লিখিতেছেন- হে শ্যাম! গোপীসিমন্তিনী মণি শ্রীরাধা সর্ব্বপ্রকারে তোমাতেরক্তা অর্থাৎ অনুরক্তা, গুঞ্জ ফলের সমান কেবল মাত্র মুখে রাগ বহন করে না, সে অন্তর বাহির মনে প্রাণে আচরণে কেবল তোমাতেই অনুরক্তা, ওহে মিথ্যা বচনদক্ষ! শ্রীরাধার প্রতি তোমার অনুরাগ শুকপক্ষির ন্যায় কেবল মাত্র মুখেই প্রকাশ কর অন্তরে নয়, শুকপাখির মুখটিই যেমন রক্ত অর্থাৎ রক্তবর্ণ, অন্য অঙ্গ নহে, সেইরূপ তুমি মুখেমাত্র শ্রীরাধার প্রতি অনুরক্ত, মনে অনুরাগ নাই। ২৪৩।

তব তু হৃদয়ে শীতেঽপ্যেবং সদৈব সুখাপ্তয়ে
মম সহচরী সা নিঃস্নেহা মনাগপি ন স্থিতা ।। ২৪৪ ।। হরিণী ।

"অথ দিনান্তরকেলি"

কস্যচিৎ

আগত্য প্রণিপাতসান্ত্বিতসখীদত্তান্তরে সাগসি
স্বৈরং কুর্ব্বতি তল্পপার্শ্বনিভৃতে ধূর্ত্তেঽঙ্গসংবাহনম্ ।

মাহাত্ম্যৈশ্বর্য্য যত্নেষ্বিতি । ত্বং এতস্যা রাধায়া হৃদি হৃদয়ে চিরাৎ তব শ্রবণ দর্শন কালমারভ্যেদানীন্তন্ কথম্ভূতে অভি সর্ব্বতো ভাবেন জ্বলন্ দাহং কুর্ব্বন্ স্মররূপঃ পাবকোঽগ্নি যস্মিন্ কালং ব্যাপ্য নিবিশতা ভবতা সতা তস্মিন্ হৃদি প্রেমাধিক্যং প্রকটীকৃতং তস্মিন্ তত্রাপি অভিনিবিশতেত্যেকপদ প্রয়োগে কর্ম্মতা স্যাদিতি জ্ঞেয়ম্ । তব বিড়ম্বনয়া তাপিতেঽপি হৃদি প্রেমাধিক্যং জাগর্ত্তি যেন তব স্মরণং কদাপি ন বিচ্ছিদ্যত ইতি ভাবঃ । সদৈব শীতে শীতলে তবতু হৃদয়ে সা তপ্তা মম সহচরী মনাক্ স্বল্পকালমপি ন স্থিতা যথা ত্বং স্মরণেন স্থিতোঽসি । অত্র হেতুঃ নির্গত স্তব স্নেহো যস্যাঃ সকাশাদিতি অত্র তব প্রীতির্নাস্তীতি ভাবঃ ।। ২৪৪ ।।

এষ মানো বহুদিন ব্যাপক আসীদত আহ দিনান্তর কেলীতি । অত্রান্য দিনেউপায়ান্তর নিবৃত্ত্যা পরম রসিকস্য তস্য কৃত্যং কস্যচিৎ পদ্যেন দর্শয়তি আগত্যেতি । তাৎপর্য্যাদনঙ্গমঞ্জর্য্যা ললিতায়া বা সখ্যা নিকটমাগত্য প্রণি পাতেন

সখীর ঈর্ষাপূর্ণ বাক্য শ্রীরুদ্রের পদ্যে লিখিতেছেন- হে সুভগ ! হে সুন্দরকীর্ত্তে! শ্রীরাধার প্রজ্জ্বলিত স্মরাগ্নিবিশিষ্ট হৃদয়ে প্রবেশ করিয়া চিরকাল ব্যাপিয়া প্রেমাধিক্য প্রকট করিয়াছ, কিন্তু তোমার শীতলহৃদয়েও আমার সখী তোমার সমান সর্ব্বদা সুখপ্রাপ্তির নিমিত্ত চেষ্টা করে, হায়! আমার নিঃস্নেহা সহচরী ক্ষণকালও অবস্থিতি করে না, অর্থাৎ শ্রীরাধার হৃদয়ে তুমি সর্ব্বদাই প্রবেশ করিয়াছ, কিন্তু তোমার হৃদয়ে শ্রীরাধা ক্ষণকালের জন্যও প্রবেশ করিতেপারে নাই । ২৪৪ ।

"দিনান্তরের কেলি"

কোন এক দিন মানিনীরাধার মানোপনোদনে অসমর্থ শ্রীকৃষ্ণের চেষ্টা কোনঅজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- শ্রীগোবিন্দ শ্রীমতীর মান নিরসনে অসমর্থ হইলে শ্রীমতী গৃহে গমন করতঃ শয়ন করিলেন, শ্রীকৃষ্ণ প্রণিপাতাদি দ্বারা শ্রীললিতা সখীকে সান্ত্বনা করায় সখী তাঁহাকে অবকাশ প্রদান করিলে পরে

জ্ঞাত্বা স্পর্শবশাত্তয়া কিল সখীভ্রান্ত্যেব বক্ষঃ শনৈঃ
খিন্নাসীত্যভিধায় মীলিতদৃশা সানন্দমারোপিতম্ ।। ২৪৫।। শার্দুলবিক্রীড়িতম্।

কস্যচিদিমৌ

বস্তুতস্তু গুরু-ভীতয়া তয়া ব্যঞ্জিতে কপটমানকুট্মলে ।
পেশলপ্রিয়সখীদৃশা হরি- র্বোধিতস্তটলতা গৃহং যযৌ ।। ২৪৬ ।। রথোদ্ধতা ।

সাত্ত্বিতয়া সখ্যা দত্তমন্তরমবকাশো যস্মৈ তাদৃশে তত্র কারণং সাগসি রাধায়াং কৃতাপরাধে সতি গত্বা তত্র বিলাপ সাত্ত্বিতসখীদত্তান্তরে ইতিপাঠোরন্যোঽকষ্টার্থত্বাৎ। তত স্তল্পস্য শয্যায়াঃ পার্শ্বে নিভৃতে গুপ্তে তিষ্ঠতি সতি তত্যোধূর্ত্তে বঞ্চনাচতুরে অঙ্গ সম্বাহনং স্বৈরং স্বেচ্ছাচারেণ কুর্ব্বতি সতি তাদৃশস্য স্পর্শস্য বশাৎ কিল নিশ্চিতং তং জ্ঞাত্বা তয়া সখী ভ্রান্ত্যা সখী ভ্রমেণৈব যথা হে সখি ! কৃষ্ণবঞ্চিতত্বাৎ খিন্নাসীত্যভিধায় মীলিত দৃশৈব সানন্দং যথৈব ভবতি তথাশনৈর্মন্দং মন্দং বক্ষো হৃদয়ং আরোপিতং অর্থাত্তেন তদাচ্ছাদিতঃ কৃষ্ণো বক্ষস্যারোপিতইত্যর্থঃ । ২৪৫।

অত্রেদং বোধ্যং অসহ্য দুঃখ স্বীকারাৎ কৃষ্ণস্য সুখ করিতেতি রাধায়া ধর্ম্ম শ্রবণাৎ রাধায়ামেব কৃষ্ণস্য সুপ্রসিদ্ধানুকূলতা । তদালোকে কদাপ্যস্য নান্যা সঙ্গঃ স্মৃতিং ব্রজেদিত্যনেন তত্র শ্রীকৃষ্ণস্য প্রীতি শ্রবণাচ্চ তস্য যদ্যপি কৃষ্ণস্য সন্তাপকোমানো ন ভবিতুমর্হতি তথাপি লীলাশক্ত্যভিভূতায়া ললিতাদি প্রেরিতায়াশ্চ তস্যা মানঃ কদা কদোদেতি নতু তস্যাঃ স্বেচ্ছয়েতি ।

শ্রীকৃষ্ণ রমনীর বেশ ধারণ করিয়া নিজেকে অপরাধীর মত দেখাইয়া শ্রীরাধার শয্যার নিকটে গমন পূর্ব্বক গোপন ভাবে তাঁহার অঙ্গসম্বাহন করিতে আরম্ভ করিলেন। মুদ্রিত নয়না শ্রীরাধা স্পর্শদ্বারা শ্রীকৃষ্ণকে জানিতে পারিয়া সখীভ্রমে কহিলেন- হে প্রাণসখি! তুমি কৃষ্ণ বিরহে অতিশয় অবসাদ প্রাপ্ত হইয়াছ" এই কথা বলিয়া ধীরে ধীরে আনন্দ সহকারে মুদ্রিত লোচনে প্রাণনাথকে বক্ষঃ স্থলে আরোপণ করিলেন, অর্থাৎ প্রগাঢ় আলিঙ্গন পাশে বদ্ধ করিলেন । ২৪৫ ।

"অন্য দিবসের কেলি"

প্রকারান্তরে কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- শ্রীরাধা বাস্তবিক গুরু ভয়ে অর্থাৎ মানশিক্ষাদাত্রী ললিতাদি সখীদের ভয়ে ভীতা হইয়া দিবাভিসারে ঈষৎ কপটমান প্রকাশ করিলে মানবিষয়ে নিপুণা সখী শ্রীললিতার নয়ন ভঙ্গীতে শ্রীকৃষ্ণ সকল অবগতহইয়া যামুন তটবর্ত্তী মাধবীলতা কুঞ্জে গমন করিলেন ।২৪৬।

মাধবো মধুরমাধবীলতামণ্ডপে পটুরটন্মধুব্রতে।
সংজগৌ শ্রবণচারু গোপিকামানমীনবড়িশেন বেণুনা ।। ২৪৭।।

রথোদ্ধতা।

অথ পুষ্পচ্ছলেন শ্রীকৃষ্ণমন্বেষয়ন্তীং শ্রীরাধাং প্রতি কস্যাশ্চিদুক্তিঃ

সর্ব্ববিদ্যাবিনোদানাম্

পন্থাঃ ক্ষেমময়োঽস্তু তে পরিহর প্রত্যূহসম্ভাবনা-
মেতন্মাত্রমধারি সুন্দরি ময়া নেত্রপ্রণালীপথে।

তত্রাদ্যস্তত্তদ্রসপূর্ত্তি পর্য্যন্তমবতিষ্ঠতে তত্র ভক্তানাং সুখোদয় এব হেতুঃ, দ্বিতীয়ঃ প্রিয়সখীদ্বারা শ্রীকৃষ্ণস্য তাপশ্রবণে সতি সঙ্কোচতেইতিঅতো দিনান্তরে সখীশিক্ষয়া মানোৎপত্তৌ সখীমুখাৎ শ্রীকৃষ্ণস্যানুতাপং শ্রুত্বা তন্মানস্য সঙ্কোচং দৃষ্ট্বা তয়া সহ কুঞ্জে কৃষ্ণং সঙ্গময়িতুং বৃন্দাসখ্যাঃ কৃত্যং কস্যচিৎ পদ্যেন লিখতি বস্তুতস্ত্বিতি। বস্তুতো গুরুভ্যঃ শিক্ষাকারিভ্যো ললিতাদিভ্যো ভীতয়া তয়া রাধয়া ব্যঞ্জিতে কপটমান কুট্মলে কুট্মলবদ্বিকাশ রহিতে নতু স্বেচ্ছয়া কৃতে ইতি জ্ঞাতে সতি পেশলপ্রিয়সখীদৃশা নিপুণায়াঃ প্রিয়সখ্যা নেত্রভঙ্গ্যা বোধিতোঽর্থাৎ প্রেরিতো হরিস্তটলতা গৃহং যমুনায়া স্তটস্থ মাধবী লতা চতুঃ শালাখ্যং গৃহং যযাবিত্যন্বয়ঃ ।। ২৪৬।।

তদ্গৃহ গমনানন্তরং শ্রীকৃষ্ণস্য কৃত্যং কস্যচিৎ পদ্যেন দর্শয়তি মাধব ইতি। মায়া ব্রজলক্ষ্ম্যা রাধায়া ধবঃ প্রীতিকর্ত্তা মধুরমাধবীলতা মণ্ডপে স্থিত্বা শ্রবণ চারু কর্ণরম্যং যথাস্যাত্তথা বেণুনা বেণুরবেণ সংজগৌ যেন সা আকৃষ্টা বভূবেতি। তস্মিন্ কথম্ভূতেপটবো গাননিপুনা রটন্তঃ শব্দং কুর্ব্বতো মধুব্রতা ভ্রমরা যত্র পরম রমণীয়ে বেণুরবেন কথম্ভূতেন গোপিকানাং সর্ব্বাসাং কিমুত কৃষ্ণং দ্রষ্টুং ব্যাকুলায়া রাধায়া মানরূপস্য মীনস্য মৎস্যস্য বড়িশেন বড়িশ বদাকর্ষণেন যেন বিদ্ধো মানমীনঃ শ্রীকৃষ্ণস্য বশী ভবতি তত্র স্বপরাক্রমং ত্যজতীতি ভাবঃ ।। ২৪৭।।

মাধবীকুঞ্জে গমনের পর শ্রীকৃষ্ণ যাহা করিলেন তাহা অজ্ঞাত নামা কোন কবির পদ্যে লিখিতেছেন- চঞ্চল ভ্রমরগুঞ্জিত সুমধুর মাধবী মণ্ডপে সুচতুর শ্রীমাধব ভ্রমণ করিতে করিতে কর্ণ রসায়ণ গোপিকা বিশেষতঃ শ্রীরাধার মান রূপ মৎস্যের বড়িশ সদৃশ বেণুদ্বারা গান করিয়াছিলেন। ২৪৭।

নীরে নীলসরোজমুজ্জ্বলগুণং তীরে তমালাঙ্কুরঃ
কুঞ্জে কোঽপি কলিন্দশৈলদুহিতুঃ পুংস্কোকিলঃ খেলতি ।।২৪৮।।

শার্দুলবিক্রীড়িতম্।

"অথ তত্র যমুনাতীরে গতয়া শ্রীরাধয়া সহ হরেঃ সংকথা"

বাসবস্য

কা ত্বং মাধবদূতিকা বদসি কিং মানং জহীহি প্রিয়ে
ধূর্ত্তঃ সোঽন্যমনা মনাগপি সখি ত্বয্যাদরং নোজ্ঝতি।

তাদৃগ্বেণুরব শ্রবণেন মানে বিগতেঽপি প্রিয় পরিহার লজ্জয়া সহসা তন্নিকটং গন্তুং রাধায়াশ্চেষ্টাং বর্ণয়িতুং প্রকরণমারভতে। তত্র তাং প্রতি কস্যাঃ সখ্যা মানজয় বাক্যং সর্ব্ববিদ্যাবিনোদানাং পদ্যেন লিখতি পন্থা ইতি। হে সুন্দরি। তেতব সম্বন্ধেঽয়ং পন্থাঃ ক্ষেমময়োঽস্তু প্রার্থনায়াং লোট্ ঈশ্বরানুকূল্যেন শুভপ্রচুরো ভবতু। অতঃ প্রত্যূহস্য বিঘ্নস্য সম্ভাবনাং পরিহর। ননু কুত্র কুত্র পশ্বাদিভয়মস্তি দুরাগ্রহা জনাশ্চ সন্তি তত্রাহ ময়া নেত্রপ্রণালী পথে এতন্মাত্রং অধারি জ্ঞাতং নান্যৎ তং পরিচায়য়তি। কলিন্দশৈল দুহিতুর্যমুনায়াঃ সম্বন্ধিনি কুঞ্জে কোঽপ্যসাধারণঃ পুংস্কোকিলঃ সুরম্যত্বাদি গুণত্বেন পুরুষশ্রেষ্ঠঃ খেলতি কুঞ্জস্য সর্ব্বত্র ক্রীড়তীতি। তমন্যং মত্বা রাধায়াং স্থগিতায়াং সত্যাং ভঙ্গ্যা তং নির্দ্ধারয়তি যমুনায়া নীরে জলে উজ্জ্বল গুণং নীল পদ্মমিব তীরে তমালাঙ্কুরঃ নবতমাল ইব। যদি তেন সহ তব ক্রীড়া বাঞ্ছা তদা শীঘ্রং গচ্ছেতি শ্লেষার্থঃ ।।২৪৮।।

"পুষ্পচয়ন ছলে শ্রীকৃষ্ণকেঅন্বেষণ কারিণী শ্রীরাধার প্রতি কোন সখীর বাক্য"

মানবিনাশী বেণুরব শ্রবণে শ্রীরাধার মান বিগতহইলেও প্রিয়তমেরপরিহার লজ্জা হেতু সহসা শ্রীকৃষ্ণের নিকটে শ্রীরাধার গমনচেষ্টা বর্ণনের নিমিত্ত শ্রীসর্ব্ববিদ্যাবিনোদের পদ্যে লিখিতেছেন- হে সুন্দরি ! তোমার অভিসার সম্বন্ধীয় পথ কল্যাণময় হউক, কোন প্রকার বিঘ্ন সম্ভাবনার আশঙ্কা পরিত্যাগকর, কারণ আমি এই মাত্র লোচন পথে অবগত হইয়াছি যে কলিন্দকন্যা যমুনার তীর সম্বন্ধী কুঞ্জে নীল শতদলের উজ্জ্বল নীলবর্ণ নবীন তমালাঙ্কুর সদৃশ কোন এক পুরুষ কোকিল ক্রীড়া করিতেছে। ২৪৮ ।

ইত্যন্যোঽন্যকথারসৈঃ প্রমুদিতাং রাধাং সখীবেশবা-
ন্নীত্বা কুঞ্জগৃহং প্রকাশিততনুঃ স্মেরো হরিঃ পাতু বঃ ।। ২৪৯ ।।

শার্দুলবিক্রীড়িতম্

ততঃ একাকিনীং যমুনাতীরমাগতামাত্মানমন্বেষ্যন্তীমিব রাধামালক্ষ্যৎ অস্যা মানো গতো নবেতি সন্দিহ্য দূতীবেশং ধারয়তো হরে রাধয়া সহ যৎ কথোপকথনং বভূব তদ্বাসবস্য পদ্যেন দর্শয়তি কাত্বামিতি । তত্র রাধা পৃচ্ছতি কাত্বমিতি হরিরাহ মাধবদূতিকেতি সা পৃচ্ছতি কিং বিবক্ষুরিহা গতাসি হরিরাহ প্রিয়ে কৃষ্ণে মানং জহীহি ত্যজ সাহ স ধূর্ত্তঃ শঠঃ অন্যাসুনায়িকাসু মনো যস্য তথা ভূতোঽহতো মানং ন ত্যজামি হরিরাহ হে সখি ! দৈবাত্তাদৃশেঽপি চেৎ কৃষ্ণস্ত্বয়ি মনাক্ ঈষদপি আদরং নোজ্ঝতি ন ত্যজতি ইতি প্রকারেণ অন্যোন্য কথারসৈঃ পরস্পর কথা সরসৈঃ প্রমুদিতাং রাধাং সখীবেষবান্ হরিঃ কুঞ্জগৃহং নীত্বা প্রাপয্য প্রকাশিতা তনুর্নিজ মূর্ত্তির্যেন স বো যুস্মান্ পাতু । মধুরভক্তিরসবিঘাতেভ্যো রক্ষতু । স কথম্ভূতঃ মাননিদ্রোত্থিতাং সংহৃষ্টাং প্রিয়াং প্রাপ্য স্মেরো মন্দহাস্য বিশিষ্টঃ ।। ২৪৯ ।।

"যমুনাতীর বর্ত্তিনী শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণের কথোপকথন"

শ্রীকৃষ্ণ যমুনাতীরে একাকিনী শ্রীরাধাকে ভ্রমণ করিতে দেখিয়া ভাবিলেন- মনে হয় প্রিয়া আমাকেই অন্বেষণ করিতেছে সুতরাং শ্রীমতীর মান শান্ত হইয়াছে কি না তাহা পরীক্ষা করিয়া দেখিব" এই প্রকার ভাবিয়া দূতীবেশ ধারণ পূর্ব্বক, শ্রীরাধার সহিত যে কথোপকথন করিয়াছিলেন তাহা শ্রীবাসব নামা কবির পদ্যে লিখিতেছেন- দূতীকে শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন- হে সখি ! তুমি কে হে ! রমণীরূপী শ্রীকৃষ্ণ কহিলেন— আমি শ্রীমাধবের দূতিকা,
শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন— দূতি ! তুমি কি বলিতেছ ?
শ্রীকৃষ্ণ কহিলেন- হে রাধে প্রিয় ব্যক্তির প্রতি যে মান করিয়াছ অহা পরিত্যাগ কর ।
শ্রীরাধা কহিলেন- সে প্রিয়জন অতিশয় ধূর্ত্ত তাহার মন অন্য গোপীর প্রতি আসক্ত,
শ্রীকৃষ্ণ কহিলেন- হে সখি ! সেই ধূর্ত্ত অন্যের প্রতি আসক্ত হইলেও তোমার প্রতি আদর (আসক্তি) সামান্যমাত্রও পরিত্যাগ করে নাই । এই প্রকার পরস্পর কথোপকথন রসে আনন্দিতা শ্রীরাধাকে লইয়া কুঞ্জগৃহে প্রবেশ পূর্ব্বক সখীবেশ ধারী শ্রীকৃষ্ণ নিজ মূর্ত্তি প্রকাশ করতঃ মনোরম হাস্য কারী শ্রীকৃষ্ণ তোমাদিগকে রক্ষা করুন । ২৪৯ ।

কস্যচিৎ

বসন্তঃ সন্নদ্ধো বিপিনমজনং ত্বং চ তরুণী
স্ফুরৎকামাবেশে বয়সি বয়মপ্যাহিতপদাঃ ।
ব্রজ ত্বং বা রাধে ক্ষণমথ বিলম্বস্ব যদি বা
স্ফুটং জাতস্তাবচ্চতুরবচনানামবসরঃ ।। ২৫০ ।। শিখরিণী ।

"অথ তত্র শ্রীরাধাবাক্যম্"

কস্যচিৎ

স্বামী মুগ্ধতরো বনং ঘনমিদং বালাহমেকাকিনী
ক্ষৌণীমাবৃণুতে তমালমলিনচ্ছায়াতমঃসন্ততিঃ ।

তত্র প্রসন্নয়া তয়া প্রিয়য়া সহ রন্তুং সলালসঃ কৃষ্ণো যদাহ তৎ কস্যচিৎ পদ্যেন দর্শয়তি বসন্ত ইতি । শরদৃতুং জেতুং সন্নদ্ধঃ সপরিকর আবির্ভূত ইত্যর্থঃ । এতদ্বিজনং জনরহিতং ত্বঞ্চ তরুণী নবযুবতিঃ বয়মপি স্ফুরন্ কামস্যাবেশো যত্র অত্র বয়সি আহিতপদা আহিতং পদং স্থিতির্যেষাং তে পদং ব্যবসিতি ত্রাণ স্থান লক্ষ্ম্যঙ্ঘ্রি বস্তুষ্বিত্যমরাৎ । অতঃ কাল দেশ পাত্র বৈশিষ্ট্য প্রাপ্তে রাবয়ো রমণমেবোচিতং স্যাৎ। হে রাধে ! যদি ত্বং তন্ন মন্যসে তদা গৃহং গচ্ছ বা ক্ষণং বিলম্বস্ব বা তথাপি চতুরাঃ যাঃ পদ্মা প্রভৃতয়ঃ স্তাসাং বচনানামবসরো জাতাএব স্যাৎ অতো যথার্থ কলঙ্কাৎ মিথ্যা কলঙ্কো দুঃসহ ইতি বিবিচ্য যথেচ্ছসি তথা কুর্ব্বিতি ধ্বন্যর্থঃ ।। ২৫০ ।।

শ্রীকৃষ্ণস্যৌদাসীন্যং বাক্যং শ্রুত্বা অন্তঃ খিন্নায়া ব্রজং প্রতি গচ্ছন্ত্যা রাধায়াঃ কৃষ্ণঃ পন্থানং রুরোধ তদা সা ব্যপদেশ বাক্যেন তং যদাহ তৎ কস্যচিৎ পদ্যেন দর্শয়তি স্বামীতি । হে সুন্দর ! স্বামী মুগ্ধতর একাকিন্যা মম বনাগমনেঽপি শঙ্কা

নিকুঞ্জে প্রবেশ করিয়া শ্রীরাধার সহিত বিলাসাভিলাসী শ্রীকৃষ্ণ যাহা বলিল তাহা কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন শ্রীকৃষ্ণ বলিলেন- হে প্রিয়ে ! সুশোভিত বসন্তকাল উপস্থিত হইয়াছে, এইবন অতিনির্জ্জন, তুমিও নবতরুনী, আমিও স্ফূর্ত্তিশীল কামদেবের অধিকৃত বয়সে পদার্পণ করিয়াছি, সুতরাং হে শ্রীমতি রাধে ! চই তুমি স্বগৃহে গমন কর, কারণ তুমি যদি এই জন হীন নিকুঞ্জে আমার সহিত ক্ষণ কাল বিলম্ব কর তাহা হইলে স্পষ্টরূপেই সুচতুর পদ্মা প্রভৃতি বিপক্ষগণের কানাকানি বাক্য সকলের অবকাশ প্রাপ্ত করাইবে । ২৫০ ।

তন্মে সুন্দর কৃষ্ণ মুঞ্চ সহসা বর্ত্মেতি রাধাগিরঃ
শ্রুত্বা তাং পরিরভ্য মন্মথকলাসক্তো হরিঃ পাতু বঃ ।। ২৫১ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

অথ স্বাধীনভর্ত্তৃকা

(যস্যাঃ প্রেমভরাক্রান্তঃ প্রিয়ঃ পার্শ্বং ন মুঞ্চতি ।
বিচিত্রবিভ্রমাসক্তা সা স্যাৎ স্বাধীনভর্ত্তৃকা ।।)

রহিতঃ ইদং বনং ঘনং নিবিড়ং অত্র সূর্য্যপ্রকাশো ন বিদ্যতে । অহং বালা নব বয়স্কা তত্রাপ্যেকাকিনী তত্রাপি তমালস্য কৃষ্ণচ্ছায়য়া জনিতা তমঃ সন্ততি রন্ধকার সমূহঃ ক্ষৌণীং ভূমিমাবৃণুতে নিকটস্থস্যাপি বস্তুনো দৃষ্ট্যভাবাৎ অতো হে কৃষ্ণ ! কর্ম্মণাপি মলিন সাধ্ব্যা মম বর্ত্মপন্থানং সহসা অবিলম্বেন মুঞ্চ অহং ব্রজং যামীতি। শ্লেষেতু হে চিত্তাকর্ষক কপট মার্গং মুঞ্চস্বাভীষ্টসিদ্ধিং সাধয়েতি রাধায়াঃ সাকূতানি বাক্যানি শ্রুত্বা তাং পরিরভ্যালিঙ্গ্য মন্মথকলাসু সুরত ব্যাপার কৌতুকেষু আসক্তঃ সন্ বো যুষ্মান্ পায়াৎ । স কথম্ভূতো হরিঃ রাধায়াঃ সর্ব্ব দুঃখহরণশীলঃ ।। ২৫১ ।।

শ্রীরাধায়া মানকারণমেতদন্যাভিঃ সহ বিহারেণ প্রাণপ্রিয়তমস্য নিজ সঙ্গ সদৃশ সুখাভাব মননং যতঃ মানস্য স্নেহগর্ভপ্রণয় পরিণামত্বাৎ পরম রসজ্ঞঃ শ্রীকৃষ্ণস্তু কার্য্যানুমানেন তন্মানস্য তদ্ধেতুতাং বিভাব্য তস্যাধীনো ভবতীতি যুজ্যতে ।

"এই স্থানে শ্রীরাধার বাক্য"

শ্রীকৃষ্ণের উদাসপূর্ণ বাক্য শ্রবণ করিয়া খিন্ন হৃদয়া শ্রীরাধা গৃহ গমনে উদ্যতা হইলে শ্রীকৃষ্ণ তাঁহার পথ অবরোধ করিলে শ্রীরাধা যাহা বলিলেন তাহা অজ্ঞাত নামা কোন কবির পদ্যে লিখিতেছেন- হে সুন্দর! আমার স্বামী অতিশয় মুগ্ধ, আমি একাকিনী বনে আসিলেও কোন প্রকার শঙ্কা করে না, এই বন প্রদেশও নিবিড় ছায়া পূর্ণ, আমিও নব বালা, তাহাতে সঙ্গরহিতা একাকিনী, অধিকন্তু সঘন তমাল বৃক্ষের মলিন ছায়ারূপ অন্ধকার সমূহ পৃথিবীকে আবৃত করিয়াছে, অতএব হে সুন্দর ! হে কৃষ্ণ ! আমার গমন পথ শীঘ্র পরিত্যাগ কর" শ্রীরাধার এইরূপ সাকূত বাক্য শ্রবণ করিয়া শ্রীরাধা বিরহ দুঃখহারী শ্রীহরি শ্রীমতীকে আলিঙ্গন করেন সেই শ্রীরাধালিঙ্গিত বিগ্রহ শ্রীকৃষ্ণ তোমাদিগকে রক্ষা করুন । ২৫১ ।

কস্যাচিৎ

মকরীবিরচনভঙ্গ্যা রাধাকুচকলসমর্দ্দনব্যসনী ।
ঋজুমপি রেখাং লুম্পন্ বল্লববেশো হরির্জয়তি ।। ২৫২।। আর্য্যা ।

অতস্তস্যাঃ স্বাধীন ভর্ত্তৃকাবস্থাং দর্শয়িতু মাহাথ স্বাধীনভর্ত্তৃকেতি । স্বস্যা অধীনঃ সর্ব্বতো বশীভূতো ভর্ত্তা যস্যাঃ সা তল্লক্ষণং যথা স্বায়ত্তাসন্নদয়িতা ভবেৎ স্বাধীন ভর্তৃকা । সলিলারণ্য বিক্রীড়া কুসুমাবচয়াদি কৃদিতি । কস্যাচিৎ পদ্যেন তাং সংক্ষেপতো দর্শয়তি মকরীতি । সম্ভোগানন্তরং বক্ষস্থলে মকার্য্যা বিরচনে ভঙ্গ্যা চ্ছলেন রাধায়াঃ কুচকলস যো মর্দ্দনে ব্যসনং বিশেষেণ যদসনং গ্রহ্ আগ্রহ অস গতি কান্তি প্রযত্নেস্বিতিধাতোঃ । তদ্বিশিষ্ট স্তত্র সলালস ইত্যর্থঃ স হরিঃ ঋজুমবক্রামপি রোখাং বক্রাভূদিত্যুক্ত্বা তাং লুম্পন্ জয়তীত্যন্বয়ঃ । স কিম্ভুতঃ বল্লবং গোপজাতিং বিশতি নিত্যতয়া প্রবিশত ইতি গোপাত্মজ ইত্যর্থঃ ।। ২৫২।।

"স্বাধীন ভর্ত্তৃকা" (৭)

শ্রীকৃষ্ণ শ্রীরাধার সহিত বিলাস করিয়া যে সুখ পান সেই প্রকার অন্য নায়িকার সহিত পান না, তথাপি প্রাণনাথ তাহাদের সহিত বিলাস করে" এই কারণে শ্রীরাধার মান হয়, এই মান স্নেহগর্ভ প্রণয় হওয়ার জন্য রসজ্ঞ শ্রীকৃষ্ণ শ্রীমতীর অধীন হয়েন, সুতরাং শ্রীরাধার স্বাধীন ভর্ত্তৃকা হওয়া স্বাভাবিক, তাহা এই প্রকার- যে নায়িকার সাতিশয় প্রেমভরে আক্রান্ত হৃদয় হইয়া প্রিয়তম নায়ক তাহার পার্শ্ব পরিত্যাগ করে না, এবং যে নায়িকা বিচিত্রবিলাসাসক্তা তাহাকে স্বাধীন ভর্ত্তৃকা বলে ।

শ্রীরাধার স্বাধীন ভর্ত্তৃকা স্বভাব কোন অজ্ঞাত নামা কবির পদ্যে লিখিতেছেন- সম্ভোগের পর নিকুঞ্জে শ্রীরাধার বেশরচনাকারী শ্রীকৃষ্ণ শ্রীরাধার কুচকলসে মকরী রচনা অর্থাৎ মৃগমদ কুঙ্কুম চন্দনাদি লেপ দ্বারা কুচকলসে মকরাকৃতি চিত্রাঙ্কন করিবার ভঙ্গিতে শ্রীরাধার কুচযুগল মর্দ্দনে অতিশয় আগ্রহশালী হইয়া সরল রেখাকেও বক্র বলিয়া বারম্বার লোপ ও অঙ্কনকারী গোপরূপী শ্রীকৃষ্ণ জয় যুক্ত হউন । ২৫২ ।

ক্রীড়ানন্তরং শ্রীকৃষ্ণস্য স্বপ্নায়িতম্

শুভাঙ্কস্য

এতে লক্ষ্মণ জানকীবিরহিণং মাং খেদয়ন্ত্যম্বুদা
মর্ম্মাণীব চ ঘট্টয়স্ত্যলমমী ক্রূরাঃ কদম্বানিলাঃ ।
ইত্থং ব্যাহৃতপূর্ব্বজন্মবিরহো যো রাধয়া বীক্ষিতঃ
সের্ষ্যং শঙ্কিতয়া স বঃ সুখয়তু স্বপ্নায়মানো হরিঃ ।। ২৫৩।।

শার্দুলবিক্রীড়িতম্।

রাধাং সজ্জয়িত্বা পুনঃ কামবিশিষ্টো বিজহার। তদনন্তরং তয়া সহ কৃত শয়ানস্য কৃষ্ণস্য স্বপ্নায়িতং জাতং তৎ শুভাঙ্কস্য পদ্যেন বিবৃণোতি এতে ইতি । হে লক্ষ্মণ এতে অম্বুদা নবমেঘা জানকীবিরহিণং মাং খেদয়ন্তি । অমী ক্রূরা দুঃসহাঃ কদম্বানিলা মম মর্ম্মানি মর্ম্মস্থানানি অলমতিশয়ং ঘট্টয়ন্তি বিলোড়য়ন্তীব । ইত্থং প্রকারেণ ব্যাহৃতঃ কথিতঃ পূর্ব্ব জন্মনো বিরহো যেন স বো যুষ্মান্ সুখয়তু । স কথম্ভূত স্তৎ শ্রুতবত্যা রাধয়া নিত্য গোপজাতি বয়ং মানবো মৎ প্রাণনাথো মাং বঞ্চয়িত্বা কথং জানক্যামাসক্ত ইতি শঙ্কয়া তত্রাপি সের্ষ্যং জানকী লক্ষ্মী স্তস্যাং স্বপ্নেনাপ্যাসক্তি কথনং অমঙ্গলায় ভবতীতি তস্যাসহনং যথাস্যাত্তথা বীক্ষিতঃ । অত্রায়ং ভাবঃ শ্রীকৃষ্ণস্য শ্রীরামতা রূপৈশ্বর্য্য প্রকাশনেনাস্যা ভাবঃ সঙ্কোচোভবেন্নবেতি পরীক্ষা কারিণ্যা লীলা শক্ত্যা খলু তাদৃক্ স্বপ্নঃ প্রকাশিতঃ কিন্তু মাধুর্য্যময্যাং তস্যাং সমুদ্রে সূর্য্য কান্তিমণিরিবাচ্ছা-দিতোবভূবেতি ।। ২৫৩ ।।

"ক্রীড়ারপর শ্রীকৃষ্ণের স্বপ্নদর্শন"

শ্রীকৃষ্ণ শ্রীমতীকে সুসজ্জিত করিয়া বিহার করিলেন, পরে তাঁহার সহিত শয়ন করতঃ যে স্বপ্ন দর্শন করিয়াছিলেন তাহা শ্রীশুভাঙ্কের পদ্যে লিখিতেছেন- হে লক্ষ্মণ ! এই নবীন মেঘ সকল আমাকে অতিশয় খেদান্বিত করিতেছে, কারণ আমি জানকীর বিরহে অভিভূত হইয়াছি, অপর ক্রূর কদম্ব বন সম্বন্ধী সুগন্ধপবন আমার মর্ম্মকে বিলোড়িত করিতেছে", স্বপ্নাবস্থায় এই প্রকার (পূর্ব্বজন্ম) শ্রীরাম অবতারের বিরহ কথা প্রকাশ করিলে শ্রীরাধা শঙ্কিত হইয়া ঈর্ষার সহিত, অর্থাৎ আমাকে বঞ্চিত করিয়া প্রাণকান্ত জানকী নাম্নী কোন রমণীর প্রতি নিশ্চয় আসক্ত আছে, এইরূপ ঈর্ষার সহিত যাঁহাকে অবলোকন করিয়াছিলেন সেই স্বপ্ন দর্শনকারী শ্রীকৃষ্ণ তোমাদিগের সুখ বিধান করুন । ২৫৩ ।

"অথ বংশীচৌর্য্যম্"

দৈত্যারিপণ্ডিতস্য

নীচৈর্ন্যাসাদথ চরণয়োর্নূপুরে মূকয়ন্তী
ধৃত্বা ধৃত্বা কনকবলয়ান্যুৎক্ষিপন্তী ভুজান্তে ।
মুদ্রামক্ষ্ণোশ্চকিত চকিতং শশ্বদালোকয়ন্তী
স্মিত্বা স্মিত্বা হরতি মুরলীমঙ্কতো মাধবস্য ।। ২৫৪ ।। মন্দাক্রান্তা ।

স্বায়ত্তাসন্নদয়িতায়াঃ রাধায়াঃ সহর্ষ্য বিলাসবিশেষং দর্শয়তি অথ বংশী চৌর্য্যমিতি। তবেয়ং বংশী মম কুলাদিকং সর্ব্বং নাশয়ামাসাতইমাং হৃত্বা যমুনাজলে নিক্ষিপামীতি রাধায়া বাগ্ ভয়াৎ বস্ত্রেণাচ্ছাদ্য বিহারালস্যেন নিদ্রাং প্রাপ শ্রীরাধাতু অবসরং প্রাপ্য মাধবস্যাঙ্কাৎ ক্রোড়াৎ মুরলীং জহারেতি দৈত্যারিপণ্ডিতস্য পদ্যেন লিখতি নীচৈরিতি। হরতীতি বর্ত্তমানপ্রয়োগস্তু কাব্যকর্ত্তুর্ভাবনয়া সাক্ষাৎ প্রতীতেঃ । হরণপ্রকারং বিষদয়তি চরণয়ো নীচৈ র্মন্দং যথাস্যাত্তথা নিক্ষেপে কৃতে সতি শব্দভয়ান্নূপুরে মূকয়ন্তী শব্দরাহিত্যং কুর্ব্বন্তী তথা করস্থ কনকবলয়ানি শব্দং কুর্ব্বতীতি বিভাব্য অন্যোকৈকং ধৃত্বা ধৃত্বা উৎ ঊর্দ্ধং যথাস্যাত্তথা ভুজান্তে বাহু মূলে ক্ষিপন্তী তথা কৃষ্ণস্যাক্ষোর্মুদ্রাময়ং নিদ্রাতি ন বেতি তয়োর্নিমেষণোন্মেষণ পরিপাটীশ্চকিতাদপি চকিতং যথাস্যাত্তথা শশ্বন্নিরন্তরমালোকয়ন্তী সত্যং নিদ্রাণোহয়মিতি দৃষ্ট্যা নির্দ্ধারয়ন্তী স্মিত্বা স্মিত্বেতি হরতীতি ।।২৫৪ ।।

"বংশী চোর্য্য"

পরমানন্দিতা শ্রীরাধার বিলাস বিশেষ বর্ণনা করিবার জন্য শ্রীদৈত্যারি পণ্ডিতের পদ্যে বংশী চুরি লীলা লিখিতেছেন- শ্রীরাধা মধ্যে মধ্যে বলিতেন-হে শ্যাম সুন্দর ! তোমার এই বংশী আমার কুলশীলাদি সকল বিনাশ করিয়াছে, সুতরাং এই দুষ্টাকে হরণ করিয়া যমুনার জলে নিক্ষেপ করিব" অতএব শ্রীকৃষ্ণ শ্রীরাধার ভয়ে বংশীকে বস্ত্রে আচ্ছাদন করিয়া হৃদয়ে ধারণ পূর্ব্বক শয়ন করিলে অবসর বুঝিয়া শ্রীমতী তাহা হরণ করিতেছেন- মুরলী হরণেচ্ছায় ধীরে ধীরে পাদদ্বয় নিক্ষেপ করিতেছেন যাহাতে নূপুর মূক হয়, অর্থাৎ সামান্যও শব্দ না করে, করের স্বর্ণবলয়া সকলকে ধারণ করিয়া হস্তের উর্দ্ধদেশ পর্য্যন্ত উত্তোলন করিলেন, এবং শ্রীকৃষ্ণের নয়ন মুদ্রা অর্থাৎ প্রাণবন্ধু ঘুমাইয়াছে কি না, তাহা চকিত নয়নে

"অথ তাং মুরলীং প্রতি শ্রীরাধাবাক্যম্"

শ্রীগোবিন্দমিশ্রাণাম্

অচ্ছিদ্রমস্তু হৃদয়ং পরিপূর্ণমস্তু
মৌখর্য্যমস্তু মিতমস্তু গুরুত্বমস্তু ।
কৃষ্ণপ্রিয়ে সখি দিশামি সদাশিষস্তে
যদ্‌বাসরে মুরলি মে করুণাং করোষি ।। ২৫৫।। বসন্ততিলকম্ ।

তাং হস্তয়োঃ কৃত্বা তাং প্রতি যদাহ তদ্গোবিন্দ মিশ্রাণাং পদ্যেন লিখতি অচ্ছিদ্রমিতি । হে সখি ! কৃষ্ণপ্রিয়ে মুরলি ! যদ্বাসরে মে মম করুণাং করোষি স্বরবেণ মাং না কর্ষসি তদ্দিনে সদাশিষস্তব সম্বন্ধে দিশামি দদামীত্যর্থঃ আশিষো বিষদয়তি তে অচ্ছিদ্রং দোষরাহিত্যমস্তু হৃদয়ং পরিপূর্ণমস্তু অর্থাৎ শ্রীকৃষ্ণমুখামৃতেন মৌখর্য্যং মুখরতা মিতং পরিমিতী ভাবোঽস্তু ত্বৎসদৃশী নান্যা ভবত্বিত্যর্থঃ । গুরুত্বং কৃষ্ণাদরণীয়ত্বেন পূজ্যত্বমস্তু শ্লেষেণ তব বৈপরীত্যাচরণে আশিষোঽপি বিপরীতা ভবিষ্যন্তীতি ভাবঃ ।। ২৫৫ ।।

বারম্বার অবলোকন করিতে করিতে, মৃদুমন্দ হাস্য করিতে করিতে শ্রীরাধা শ্রীমাধবের ক্রোড় হইতে মুরলী হরণ করেন । ২৫৪ ।

"মুরলীর প্রতি শ্রীরাধার বাক্য"

শ্রীরাধা শ্রীকৃষ্ণের বক্ষস্থল হইতে মুরলিকাকে নিজ হস্তে ধারণ করতঃ মৃদুস্বরে যাহা বলিলেন তাহা শ্রীপাদ গোবিন্দমিশ্রের পদ্যে লিখিতেছেন- হে সখি! মুরলি ! আমি তোমাকে আশীর্ব্বাদ করি, তোমার অচ্ছিদ্র হউক, অর্থাৎ তোমার চরিত্র নির্দ্দোষ হউক, তোমার হৃদয় শ্রীকৃষ্ণ মুখামৃতে পরিপূর্ণ হউক, তোমার মুখরতা পরিমিত হউক, অপর তোমার গুরুত্ব অর্থাৎ শ্রীকৃষ্ণের আদরণীয়া রূপে পূজ্যতা লাভ হউক, হে কৃষ্ণপ্রিয়ে সখি ! আমি তোমাকে সর্ব্বদা এই আশীর্ব্বাদ সকল করি, আর এই অশীর্ব্বাদ সকল আমি তখনই করিব যে দিন তুমি আমাকে দয়া করিবে অর্থাৎ যে দিন তুমি আমার নাম ধরিয়া যখন তখন ডাকিবে না ।২৫৫।

তেষামেব

শূন্যত্বং হৃদয়ে সলাঘবমিদং শুষ্কত্বমঙ্গেষু মে
মৌখর্য্যং ব্রজনাথনামকথনে দত্তং ভবত্যা নিজম্ ।
তৎ কিং নো মুরলি প্রযচ্ছসি পুনর্গোবিন্দবক্ত্রাসবং
যং পীত্বা ভুবনং বশে বিদধতী নির্লজ্জমুদ্গায়সি ।। ২৫৬ ।।

শার্দুলবিক্রীড়িতম্।

পুনশ্চ তস্যাং তস্যাঃ সলালসাক্ষেপং তেষাং পদ্যেন দর্শয়তি শূন্যেতি । ভবত্যা নিজং শূন্যত্বং মম হৃদয়ে দত্তং তথা নিজং সলাঘবং শুষ্কত্বমিদং মমাঙ্গেষু দত্তং ব্রজনাথস্য কৃষ্ণস্য নাম কথনে বিষয়ে নিজং মৌখর্য্যং মম দত্তং হে মুরলি এবং নিজং সর্ব্বস্বং মহ্যং ভবত্যা স্নেহেন দত্তং তত্তস্মাৎ পরকীয়ং গোবিন্দ বক্ত্র সারং কিং নো প্রযচ্ছসি ন দদাসি পরকীয়ে ধনে এতৎ কার্পণ্যং মহানুচিতম্ । ননু ভোঃ সখি ! দানং দাত্রিচ্ছয়া স্যাদিতি চেৎ সত্যং ন তৎ প্রযচ্ছ কিন্তু ভবতীদং বক্ত্রাসবং পীত্বা ভুবনং কিমুত মাং বশে বিদধতী লক্ষণার্থে শতৃ বিধাতুমিত্যর্থঃ। নির্লজ্জং পরম পুরুষমুখাসবপানে লজ্জা শূন্যং যথাস্যাত্তথা উৎ উচ্চং গায়সি ত্বং ধন্যাসীত্যাক্ষেপঃ ।। ২৫৬ ।।

মুরলীর সহিত পুনঃ কথোপকথন শ্রীপাদ গোবিন্দ মিশ্রের পদ্যে লিখিতেছেন- হে সখি ! মুরলিকে ! তোমার হৃদয়ের শূন্যতা আমার হৃদয়ে সমর্পণ করিয়াছ, অর্থাৎ শ্রীকৃষ্ণের বিরহে আমার হৃদয় সর্ব্বদাই শূন্য, তোমার অঙ্গ যে প্রকার শুষ্ক, সেই শুষ্কতাও আমাকেপ্রদান করিয়াছ, অর্থাৎ শ্রীকৃষ্ণ বিরহে আমার দেহ শুষ্ক হইয়াছে, এবং তুমি যেমন শ্রীব্রজনাথের নাম কীর্ত্তনে মুখর, সেই মুখরতাগুণও আমাকে দান করিয়াছ, সুতরাং সর্ব্বদাই শ্রীব্রজনবযুবরাজকৃষ্ণের নাম আমার মুখে বর্ত্তমান আছে, কিন্তু হে কঠোরে মরলি ! তুমি আমাকে সব বস্তুই প্রদান করিয়াছ তথাপি তুমি যে সর্ব্বদা প্রাণকান্তের অধর সুধা পান কর তাহা কেন দান কর নাই ? যে বদন সুধা পান করতঃ জগৎকে বশীভূত করিয়া লজ্জারহিত হইয়া উচ্চস্বরে শ্রীকৃষ্ণের নাম কীর্ত্তন করিতেছ ? শ্রীমতী মুরলীকে চুম্বন করিয়া কহিলেন- নির্লজ্জ পর পুরুষের বদন চুম্বন করিয়া তার আদেশে লজ্জাহীনা হইয়া সর্ব্বদাই আমার নাম উচ্চস্বরে কীর্ত্তন কর । ২৫৬ ।

"অথ সায়ং হরেব্রর্জাগমনম্"

কস্যচিৎ

মন্দ্রক্বাণিতবেণুরহ্নি শিথিলে ব্যাবর্ত্তয়ন্ গোকুলং
বর্হাপীড়কমুত্তমাঙ্গরচিতং গোধুলিধূম্রং দধৎ ।
ম্লায়ন্ত্যা বনমালয়া পরিগতঃ শ্রান্তোঽপি রম্যাকৃতি-
র্গোপস্ত্রীনয়নোৎসবো বিতরতু শ্রেয়াংসি বঃ কেশবঃ ।।২৫৭।।

শার্দুলবিক্রীড়িতম্ ।

